

भावन ३08:, Februity 1939. 4 annes per copy

আ গোষ্ঠবিহারী দের নৃতন বই আঞ্চলি—মূল্য ছয় আনা



ভাঁতের জিনিস ভৌকসই হয়

আটপৌরে ধৃতি, শাড়ি, সব রকমের জামার কাপড়, তোয়ালে, চাদর প্রভৃতি তাঁতে তৈরি।

0 0

- ১ জোড়া ১০ হাত×৪৭"ই ধৃতির দাম ২॥•
- ১ গব্দ বহরের জামার কাপড় দাম ॥• গব্দ



की वन रक छे । एका भ क बि र छ



न्यूडी

ফান্ধন--১৩৪৫

| বাংলার প্রগতিবাদী সাহিত্যিক ••• | | | ••• | 6.3 |
|---------------------------------|--------------|-------------------|-----|--------------|
| ধাত্রী দেবতা | ••• | ••• | ••• | 6 25 |
| রঙ্গলাল বন্দ্যোপাধ্যারের 'ব | াঙ্গালা কবিং | চাৰিবয়ক প্ৰবন্ধ' | ••• | 669 |
| শ্রীতারাশন্বর কন্যোপাধারে | ••• | ৬৭২ | | |
| পরিব্রাঞ্চকের ডারেরি | ••• | ••• | ••• | 498 |
| ভোলার স্থবিধা | ••• | •• | ••• | 612 |
| কেন আমি লেখক নহি | ••• | ••• | ••• | 4 b ; |
| রিক্শা | | ••• | *** | 625 |
| তুবড়ি ও ঝরণা | ••• | ••• | ••• | 424 |
| তরুণায়ন- | •••• | ••• | ••• | 425 |
| চিনাবাদাম | ••• | ••• | ••• | 90. |
| 'আনন্দমঠে' অনৈতিহাসিকতা ••• | | | ••• | 108 |
| নেতার উক্তি | ••• | ••• | ••• | 982 |
| প্ৰসঙ্গ কথা | ••• | ••• | ••• | 96. |
| ভূরোদর্শন | ••• | ••• | ••• | 900 |
| সংবাদ-সাহিত্য | ••• | ••• | ••• | 963 |

শনিবারের চিটির নির্মাবলী

- ১। শনিবারের চিঠির বাধিক চাদা ভাকমান্তলসহ ৩।• ভি-পিতে ৩।৶• ; বাগাসিক ১।৶•, ভি-পিতে ১৮ ব্রহ্মদেশে ৩।৶•, ভি-পিতে ৩।৶• ; ও ভারতের বাহিরে বার্ষিক ৪৶•। প্রতি সংখ্যা ।•, ডাকে ।১•।
- ২। শনিবারের চিঠির বর্ষ কার্ডিক হইতে গণনা করা হয়।
- ৩। নমুনার জন্ম সাড়ে চারি আনার স্ট্যাম্প পাঠাইতে হয়।
- ৪। গ্রাহকগণ চিঠি লিখিবার সময় গ্রাহক-নম্বরের উল্লেখ করিবেন।

- - वाधूनिक वाला भन्न--

প্রেমেন্দ্র বিশ্বাস সম্পাদিত

অচিন্ত্যকুমার সেনগুপ্ত #
অন্ধলাশস্কর রায়
তারাশস্কর বন্দ্যোপাধ্যায় #
প্রবোধঁকুমার সাফাল #
প্রেমেন্দ্র মিত্র #
বনফুল #
বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় #
বিভূতিভূষণ মুখোপাধ্যায়

বৃদ্ধদেব বস্তু *

মণীজ্ঞলাল বস্তু

মনোজ বস্তু *

মাণিক বল্দ্যাপাধ্যায় *

রবীজ্ঞনাথ মৈত্র

শিবরাম চক্রবর্তী

শৈলজানন্দ মুখোপাধ্যায় *

সরোজকুমার রায় চৌধুরী

শুধু মাত্র এই কোকদের বাছাই করা ছোট গল্পের সংকলন-গ্রন্থ এই প্রথম প্রকাশিত হ'লো—যা আজ পর্যান্ত হয় নি। এবং একখানি বইয়ে এতগুলি শ্রেষ্ঠ গল্পের একত্র সমাবেশ বড় একটা দেখা যায় না,—এই হিসেবে এ বই-ধানি অতুলনীয়। আধুনিক সাহিত্য সম্বন্ধে সম্পাদকের বিস্তৃতভাবে ও স্পষ্ট ভাষায় স্থচিন্তিত সমালোচনা এবং স্বতন্ত্রভাবে প্রত্যেক লেখকের জীবন ও সাহিত্যের সংক্ষিপ্ত পরিচয়ের সঙ্গে প্রত্যেকের একটি ক'রে ও তারকা-চিহ্নিতদের তু'টি ক'রে—মোট ছাব্বিশটি শ্রেষ্ঠ গল্প। স্থল্প প্রচ্ছদেপটে আট পেজি রয়েল স্মাইভরি কাগজে সাড়ে তিন শ পাতার ওপর ছাপা, স্বন্ধর বাধাই। দাম তিন টাকা।

প্রাপ্তিম্বান প্রগতি সাহিত্যভবন ৭০ কলেম্ব ষ্ট্রাট, কলিকাডা

षांधूनिक চिकिৎসা-বিজ্ঞানের মুতন গ্রন্থ

ভারতীয় ব্যাধি ও আধুনিক চিকিফ

ডাক্তার্ শ্রীপশুপতি ভট্টাচার্য্য ডি-টি-এম

রবীন্ত্রনাথ ও সার্ নীলরতন সরকার কর্তৃক প্রদীর্ঘ ভূমিকা-সম্বলিত

বাংলা ভাষায় লিখিত ডাকারি পুশুক অনেক আছে, আলকাল বাংলা ভাষায় বিজ্ঞাপুশুকও অনেক লেখা হইতেছে, কিন্তু এতাবং সম্পূৰ্ণ চিকিৎসা-বিজ্ঞান বলিতে বাহা বু
তাহা লইয়া বাংলা ভাষায় কোন পুশুক রচিত হয় নাই। সমগ্র আধুনিক চিকিৎসাশান্ত ব ভাষায় এই প্রথম লিখিত হইল। ইহাতে বাঙালী ডাক্তারের উপকার তো হইবেই, ছাওে
হইবে, এবং সাধারণেরও হইবে। যিনিই ইহা পড়িবেন, তিনিই রোগ সম্বন্ধে আপন মাতৃভা সব কথা জানিতে পারিবেন। ১০০ পুঠার পূর্ব, মূল্য ১ টাকা।

প্রাপ্তিস্থান **দি বুক কোম্পানি** কলেজ স্কোয়ার, কলিকাতা

গ্রন্থকারের নিকট

১৬নং বাগবাজার খ্রীট, কলিকাত

অভিনৰ সাহিত্য

ভাকের চিঠি

পত্রের ভিতর দিয়া গল্পের ধারা ও ভাবসম্পদের ধারা লইয়া এই নৃতন সাহিত্যের স্থ আজ্তকালকার একঘেরে উপস্থাস ও গল্প পড়িয়া পড়িয়া অনেকে ক্লান্ত, এখন নৃতন কিছু পড়ি চান। তাঁহারা এই বইখানি একবার পড়িয়া দেখুন। মূল্য ১, টাকা।

শ্রীপশুপতি ভট্টাচার্য্য প্রণীত

প্রকাশক শুরুদাস চট্টোপাধ্যায় এশু সক

े कुछन जितनां लाक व्लाहर वि

নং ২৮

স্পৃষ্ট এবং মধুর আওয়াজ, কলকজা।
স্থৃদৃঢ় এবং দীর্ঘকাল স্থায়ী। দেখিতে
মনোহর। গুণের তুলনায় মূল্য অতি
কম। সেনোলা স্পেশাল লাউড সাউণ্ড• বক্স সহ ৪২॥০।



বে-কোনো সম্রাস্ত রেকর্ড বিক্রেতার নিকট সেনোলার নৃতন রেকর্ডগুলি শুনিতে বিশেষ অমুরোধ করিতেছি। গানে যন্ত্র-সঙ্গাতে এবং কমিকরেকর্ডে সেনোলার আয়োজন কিরূপ সার্থক হইয়াছে তাহা রেকর্ডগুলি শুনিলেই বৃঝিতে পারিবেন।

সেনোলার পরবর্ত্তী আকর্ষণ– রাসুর বিস্থা


পল্লীবিবাহের নিখুঁত ছবি—'রাম্র বিয়া' সমাজ-জীবনের দলিল হিদাবে যেমন নাটক হিদাবেও তেমনি মূল্যবান— তথানি রেকর্ডে সম্পূর্ণ—আগামী ১লা মার্চ



খাঁটি সোনার প্লেট করা সেনোলা লং লাইফ নীড্ল

একটিতে দশটি ও এক বাক্সে হাজার সাইড বাজাইবেন ১০০ নীড্ল ॥০

(मतानाः : विकाज



রাকা

দাড়ি কামাইবার সাবান

স্থরভিত ও ফেনবহুল; কর্কশ চামড়াকে ক্ষের-কার্যের অমুকৃল করে।

বেঙ্গল ক্রেমিক্যাল

কলিকাভা ঃঃ বোদাই

স্থাপিত ১৯•২ ि মাত্র ঔষধ যাবতীয় জটিল ও সাধারণ রোগে আশ্চর্য্য ফলদায়ক।

পত্ৰ নিধ্ন—ইতলেক্ট্ৰে আমুর্কেকিক ফার্টে মার্কট, কলিকাতা

স্বদেশী মুগের স্মৃতি-পবিত্র

বাঙালীর সহযোগ ও সহাত্মভূতিতে বর্দ্ধিত ঙালীর নিজম সর্বশ্রেষ্ঠ কীমা-প্রতিষ্ঠান

হিন্দ্রস্থান কো-অপারেটিভ

ইন্সিওরেশ সোসাইটি; লিয়িটেড

নুতন বীমা (১৯৩৭-৩৮) ৩ কোটি টাকার উপর

| চল্তি বীমা… | \$8 | কোটি | ৬৽ | লক্ষ | টাকার | উপর |
|-----------------------|-----|------|----|------|-------|-----|
| মোট সংস্থান… | ₹ | ** | ۶٩ | ** | >> | " |
| ৰীমা ভহবিৰ⊷ | ર | ,, | ৬৭ | " | ** | " |
| मां वी त्ना ध… | > | " | ৬৽ | " | 99 | " |
| মোট আয়••• | | | 92 | " | ,, | " |

ৰোনাস-

(প্রতি বৎসর প্রতি হাজারে)

ट्यामी वीमाम्-->৮ व्याखीवन वीमाम्-->৫

হেড অফিস

কলিকাতা



ব্রাঞ্চ (वाचार, मालाक, विज्ञी, नारशंत्र, निक्ती, नांगभूत्र,

এক্রেন্সি:—ভারতের সর্বত্র ও ভারতের বাহিরে

শ্ৰীৰজেন্দ্ৰনাথ বন্দ্যোপাধ্যায় প্ৰণীত

वकीय नाग्रेगालाव रेजिराज

ডক্টর প্রীস্থালকুমার দে লিখিত ভূমিকা সম্বলিত [ব্লকাড়া ও ঢাক্চ বিশ্ববিদ্যালয়ের এম-এ পরীকার পাঠ্যরূপে নির্বাচিত]

১৭৯৫ খ্রীষ্টাব্দ হইতে ১৮৭৬ খ্রীষ্টাব্দ পর্যান্ত বাংলা দেশের সংধর ও সাধারণ নাট্যশালার ইতিহাস। বাংলা নাট্যসাহিত্যের স্কুলাত ও প্রতিষ্ঠার, বিবরণ্ড সমসাময়িক উপাদানের সাহায্যে ইহাতে নিপুণভাবে আলোচিত হইয়াছে।

মূল্য দেড় টাকা

(मनीय जागियक नात्व रेजिराज

প্রথম খণ্ড

বাংলা সাময়িক-পত্তের জন্মকাল ১৮১৮ হইতে ১৮৩৯ সন পর্যাস্থ প্রকাশিত সকল সাময়িক-পত্তের বিস্তৃত ইতিহাস ও রচনার নিদর্শন। মূল্য তুই টাকা

> ছুইখানি পুস্তক একত্র লইলে মাত্র আড়াই টাকায় পাইবেন।

ন্ত্ৰপ্ৰ পাৰ কৈশিং হাউস ২৫৷২ মোহনবাগান রো, ক্লিকাডা



३३म वर्षे र

कास्त्रन, ७७८८

িম সংখ্যা

বাংলার প্রগতিবাদী সাহিত্যিক

۵

ব্যক্তিমাত্রেই জানেন। ইহা লইয়া তৃঃখ করিবার কারণ থাকিলেও
তাহাতে লাভ নাই। দেহের পক্ষে পথ্যাভাব এবং মনের পক্ষেও নানা
কুপথ্যের প্রাচুর্য্যে এ মুগে যে সকল ব্যাধির প্রাতৃর্ভাব হইতেছে, তাহাতে
সাহিত্য মাথায় উঠিয়াছে, বুকের কাছে তাহার আর টিকিয়া থাকিবার
জো নাই। যাহারা, 'render unto Cæser what is Cæser's
'due — এই আশাসবাক্যে বাস্তবের সহিত রক্ষা করিয়াই রসের স্বর্গরাজ্যে
বাস করিবার আশা রাথেন, তাঁহারা হয়তো এখন সংখ্যায় আরও অয়;
এবং বোধ হয় সেই কারণেই, য়াহারা শিশ্লোদর ছাড়া আর কিছুই
মানিবে না, এবং যাহাদের সংখ্যা এ মুগে ক্রমেই বাড়িয়া চলিতেছে,
ভাহারা এই রসত্রক্ষের পূজারীদিগকে কেবলমাত্র ভোটের জোরে

পিষিয়া শেষ করিতে চায়। সত্য কোন্ পক্ষে, স্থায় কোন্ পক্ষে ধর্ম কোন্ পক্ষে আজিকার রাষ্ট্রনীতিতেও সে প্রশ্নের মীমাংসা ষে ভাবে হইয়া থাকে—অর্থাৎ, একমান্ধ দেখিবার বিষয় কোন্ পক্ষ সংখ্যায় বা জড়শক্তিতে প্রবল, তেমনই সাহিত্যের ক্ষেত্রেও রসিকের কথা গ্রাহ্মনয়; বাহারা সংখ্যায় অধিক সেই শিশ্লোদরপরায়ণ জনমগুলী রসের মেন্তন অর্থ করিবে, তাহাই পপ্তিত-মূর্থ রসিক-বেরসিক নির্বিশেষে সকলকে মানিয়া লইডে হইবে এবং ব্যাস-বাল্মীকি হইতে ক্ষমন্ববীন্দ্রনাথ পর্যান্ত—বৈদ-উপনিষদের ঋষি হইতে আধুনিক মন্ত্রন্ত্রী পর্যান্ত সকলকে বাতিল করিয়া দিয়া, 'প্রগতি' নামক একটি অনার্য্যান্ত কর্মকাকে বিশাল বংশদণ্ডে বাধিয়া, ভদ্রবেশী বর্ষরগণের অগ্রণী হইয়া, আধুনিক নগর-চজরের পণ্যবীথি প্রকম্পিত করিতে হইবে!

যুগধর্ম তাহাই বটে, এবং তজ্জ্জ্ তু:খ করিয়া লাভ নাই। জীবনের সহিত রসের যে আত্মিক সৃষ্ণ, তাহা একালে রক্ষা করা বড়ই তুরুই; এমন কি, রসিকজনের পক্ষে যেখানে-সেখানে সেই রস নিবেদন করিতে যাওয়াও নিরাপদ নহে। কিন্তু একটা বিষয় ভাবিয়া আশ্চর্য্য হইতে হয়; রসকে যাহারা স্বীকার করে না, তাহার সেই ধ্বংসাবশেষের ক্ষেত্রটিকে সম্পূর্ণ ত্যাগ করিয়া স্থানান্তরে শিবির-সন্নিবেশ করিতে তাহারা এতই অনিচ্ছুক কেন? গত তুই আড়াই হাজার বংসর ধরিয়া পৃথিবীর রসিক-সমাজ যে বস্তুকে যে নামে ও যে রূপে সাক্ষাৎ করিয়াছে স্পৃষ্টি করিয়াছে এবং উপভোগ করিয়াছে, তাহা যদি একালে একান্তই অচল হয়, তবে এই নৃতন দেশ ও কালের ক্ষেত্রে সম্পূর্ণ নৃতন রোমে একটা নৃতন বস্তুর প্রতিষ্ঠা করিলে তো আর কোনও বাদ-বিস্বাদের কারণ থাকে না। 'প্রগতি'র মতলব তাহা নয়, সেই সাহিত্যের বুকেরঃ উপরে বসিয়া, সেই রসেরই জাত মারিয়া, আপন মাহাত্ম্য ঘোষণা করিছে

হইবে, নতুবা ভূঁইফোঁড় হওয়ার একটা অস্থবিধা আছে। অতএব জোর গলায় ঘোষণা করা চাই যে, প্রগতি'ও রদেরই প্রগতি, রদ এতদিন বন্ধ অবস্থায় ছিল, আমরা তাহাকৈ every aspect of life জুড়িয়া—অর্থাৎ নালা-নর্দ্ধমা পর্যন্ত, মুক্তধারায় বহাইয়া দিয়াছি। যাহারা অতীতকালের অপ্রগতিজনিত মধুত্ব-পিপাসাকেই রসপিপাসা বলিয়া মনে করে, তাহারা শৈশব অতিক্রম করিয়া যৌবনে পদার্পণ করে নাই—চা থাইতে শেথে নাই। আড়াই হাজার বৎসরেও মাহুষের যে যৌবনলাক্ত ঘটে নাই, বিংশ শতান্ধীর একপার্দ পূর্ণ না হইতেই সেই যৌবন উপস্থিত হইয়াছে; এত যুগ এত জাতি ও এত বিভিন্ন ভঙ্গির কাব্য-সাহিত্যে যে রদের শাশ্বত ভিন্তি টলে নাই, আজু সহসা তাহার আয়ু ফুরাইয়াছে! যদি ফুরাইয়াই থাকে, তবে তাহা লইয়া এত লাফালাফি কেন প

পৃথিবী যে ঘুরিতেছে, সৌরমগুলের কেন্দ্রন্থলে স্থির হইয়া নাই, এই প্রগতিতত্ব তো বহুপূর্ব্বে আবিষ্কৃত ও ঘোষিত হইয়াছে। স্থির পরিণাম অপেক্ষা গতিই যে শ্রেষ্ঠতর, রূপের জড়-পরিসমাপ্তি অপেক্ষা ভাবের অনিয়ত চিং-প্রেরণাই যে মহত্তর, এইরূপ চিস্তা বা দার্শনিক মতবাদ তো বহুকাল প্রচলিত আছে। তথাপি এইরূপ মতবাদ সত্ত্বেও সেই প্রাচীন রসবাদ কাব্যে ও কলাশিল্পে আপন স্বাতন্ত্র্য রক্ষা করিয়া চিরদিন জড়-নিয়মের উর্দ্ধে আপন অধিকার অক্ষ্প্প রাথিয়াছে। আধুনিক প্রগতিবাদীর দল এমন কি নৃতন তত্ব আবিষ্কার করিয়াছে, এমন কোন্ অক্ষ্পুত্র/ সংজ্ঞান দিয়াছে, যাহার ফলে মাছ্যের আত্মা একেবারে বিশরীত দিকে মুখ ফ্রাইতে বাধ্য হইবে ?

আগল কথা, এই 'প্রগতি'র ধ্বজাধারীগণ এতদিন এই ভূমগুলেই জ্বল নামে পরিচিত ছিলেন; বিদগ্ধ রিসিক-স্মাজ্ঞ যেমন সকল দেশে

সকল কালেই ছিল ও আছে, এই পণ্ডিতমন্ত অসভ্য বর্ধরেরাও তেমনই সকল যুগে সকল সমাজে বিভামান ছিল। আজ যুগধর্মের স্থাোগে মানব-সভ্যতার এই অতিশয় সন্ধটময় তৃদ্ধিনে, ইহারা, এই রস-অধিকার-বঞ্চিত হরিজনেরা, জাতে উঠিবার জন্ম বিষম কোলাহল স্থাক্ষ করিয়াছে। যাহাদের রসবোধের অভাব জন্মগভ, রস কি বস্তু সেই চৈতন্তই যাহাদের নাই, তাহারাই আজ রসের অধিকার দাবি করিয়া সাহিত্যিক হইতে চায়। ইহারাই রস-ব্রন্ধের আন্ধা-সংস্থারকে পদাঘাত কুরিয়া আজ নিকে দিকে মানবান্ধার তুর্গতি, মানবজাতির স্থানি সাধনার পরমধনের অপচয়, যাহা কিছু স্থান্ধ ও মহৎ তাহারই ধূলিধ্সর পরিণাম জ্ঞানী ভক্ত ও রসিকের হৃদ্য বিদীর্ণ করিতেছে— এ হেন সময়ে, যাহারা পৃথিবীর আন্ধা-সমাজে কথনও প্রবেশ করিতে পারে নাই, সেই ইতর মান্থবেরা মহা স্থাোগ লাভ করিবে, ইহাই তো স্থাভাবিক।

₹

শেষাতি' শব্দির যাহা অর্থ, তাহা কাহারও অবিদিত নাই।
ইংরেজীতে progress বলিতে যাহা বুঝায়, তাহারই বিশেষ ও ব্যাপক
অর্থ বাংলায় প্রকাশ করিবার জন্ত রবীন্দ্রনাথ এই শব্দি নির্মাণ
করিয়াছিলেন। শব্দের মোহ ও মাহাম্ম্য কম নয়, তাই এই শব্দিকৈই
আশ্রেম করিয়া ক্রমশ ইহার অর্থগত বিদেশী ভাব আমাদের ইছ-বঞ্চসমাজের বড় কাজে লাগিয়াছে। সম্প্রতি ইহারা নিধিল-ভায়তীয়
প্রগতি-কোম্পানির সঙ্গে যুক্ত হইয়া তাঁহাদের এই উপবলীয় প্রগতিবাদকে
বঙ্গবাসীয় চক্ষে, প্রীতিপ্রদ না হউক, ভীতিপ্রদ করিবার চেটা

করিয়াছেন, তাঁহারা সাহিত্যে প্রগতিবাদ প্রচার করিয়াছেন। রাষ্ট্রে, সমাজে এবং জাতির জীবনঘটিত নানা সমুস্থায় প্রগতিতত্ত্বের অবকাশ আছে; এবং সেই সকল ব্যাপারে তাহার আলোচনা ও প্রচারমূলক গ্রন্থাজিকে প্রগতিবাদী সাহিত্য বলিতে কাহারও আপত্তি নাই; কারণ, ইংরেজীতেও literature শব্দটি অতিশয় ব্যাপক অর্থে ব্যবহৃত হয়, ব্যবসায়-বাণিজ্যসংক্রাস্ত বিবরণও literature আখ্যা পাইয়া থাকে। কিন্তু শাহিত্যের নামেই এই যে প্রগতির লাবি, ইয়া একপ্রকার সাহিত্যকেই অস্বীকার করা—ইয়ার মূলে আছে রসের বিরুদ্ধেবেরসিকের আক্রোশ। এই প্রগতিবাদ হইতে সাহিত্যের আদর্শকে সম্পূর্ণ স্বতম্ব রাখিবার জন্ম ইদানীস্তনকালে য়ুরোপীয় সাহিত্যাচার্য্যগণ কাব্যরসের ব্যাখ্যা ও বিশ্লেষণে বিশেষ যত্মবান হইয়াছেন। যায়ারা এইরপ প্রগতিবাদী তাহাদের সহিত সাহিত্যের কোনও সম্পর্কই নাই, বরং সম্পর্ক অস্বীকার করাই উভয় পক্ষে মঙ্গলকর। ওদেশে সে চেষ্টা যথেষ্টই হইতেছে; আমাদের দেশে এ কাজ করিবার কেহ নাই, তাই অপর পক্ষের অনাচার এত বৃদ্ধি পাইতেছে।

আমি পূর্ব্বে বলিয়াছি, এই প্রগতিবাদীর দল সাহিত্যের অর্থান্তর করিতে চায়, কিন্তু নামান্তর করিতে রাজি নহে। জীবনকে ইহারা যন্ত্ররপেই ভাবনা করে, যন্ত্রের কালোপযোগী পরিবর্ত্তন আছে, নৃতন অংশ যোজনা ও পুরাতন অক্ষমংস্কার অবশ্রন্তাবী। এবং যেহেত্ যন্ত্রের কিয়াও তুদক্ষরপ হইতে বাধ্য, অতএব দে বিষয়ে আপত্তির কোনও কারণ থাকিতে পারে না। সাহিত্যও সেই জীবন-যন্ত্রেরই একটা ক্রিয়াবিশেষ। মানব-সমাজের গতি-বৃদ্ধির সঙ্গে সঙ্গে এই জীবন-যন্ত্রও জটিলতার হইতেছে, সেই জটিলতাই তাহার গৌরব। অভাব যত বাড়িতেছে, ততই যন্ত্রও চক্রবহল হইয়া উঠিতেছে; এই সকল চক্রের মিলিত ঘর্ষরধ্বনি

্চক্রবৃদ্ধির হারে কালক্রমে বিশাল্ডর হইভেছে: সাহিত্যও তাই চক্রমুখরতায় পূর্ব্বাপেক্ষা উদ্ভরোত্তর ঘোরনাদী হইয়া উঠিতেছে। ইহাই সাহিত্যের প্রগতি, এই নাদের উগ্রতাই সাহিত্যের শ্রেষ্ঠতার প্রমাণ। সাহিত্যও সৃষ্টিধর্মী নয়, যন্ত্রধর্মী; ইহাতে কেবল যুগের গতিধর্মই আছে, কোনও শাশ্বত আদি-অন্তের স্থিতিধর্ম নাই। আমাদের দেশের প্রগতিবাদী যাঁহারা, তাঁহাদের মত এতথানি বিশ্লেষণ করিবার প্রয়োজনও নাই, কারণ সেই মত ফোনও মূলতত্ত্বে অপেক্ষা রাথে না। তথাপি যে তত্তকে তীহারা অতিশয় স্থলভ বিভায় কতকগুলি বাক্যের সাহায়্যে আয়ত্ত করিয়া, আপনাদের রিপুবিশেষকে চরিতার্থ করিতেছে, তাহার মূলে এইরূপ ধারণাই আছে। সাহিত্য স্ষ্টিধশ্মী অর্থাৎ প্রাণধন্মী, তাহা যে যন্ত্রধর্মী নয়, তাহার প্রমাণ কোনও উৎক্রপ্ত কবিকীত্তি এ পর্যাস্ত বাতিল হইয়া যায় নাই; বাতিল হওয়া দুরের কথা, দেই কাব্যের অন্তর্নিহিত রসরূপ কালে কালে নবনবোন্মেষিত হইয়া উঠে, সে রসের বিকাশধারার শেষ নাই। এ বিকাশ আর ঐ যান্ত্রিক বিবর্ত্তন এক নয়—যাহা একবার সত্যকার স্ষ্টেপদবী লাভ করিয়াছে. রসের জগতে তাহার আর মৃত্যু নাই, মৃত্যুনিজ্জিত মাত্র্যও তাহার প্রসাদে অমর হইয়া উঠে। অতএব সাহিত্যের প্রগতি বলিতে যদি ইহাই বুঝিতে হয় যে, এক কালের সাহিত্য অন্ত কালে অচল, যাহা অগ্রবর্ত্তী তাহাই পশ্চাংবর্ত্তী অপেক্ষা শ্রেষ্ঠতর, তবে তাহা প্রগতি হইতে পারে, কিন্তু কদাপি সাহিত্য নহে। যত প্রাচীন হউক, কোন কাবা যদ্ভি উৎকুট্ট হয়, তবে তাহার প্রকৃতি কিরূপ, সে সম্বন্ধে একজন শ্রেষ্ঠ কবি-রুসিকেব এই উক্তি রসিকসমাজকে আশস্ত করিবে-

All high poetry is infinite, it is as the first acorn, which contained all oaks potentially. Veil after veil may be withdrawn, and the inmost naked beauty of the meaning never exposed. A great poem is

a fountain for ever overflowing with the waters of wisdom and delight; and after one person and one age has exhausted its divine effluence which their peculiar relations enable them to share, another and yet another succeeds, and new relations are ever developed, the source of an unforeseen and an unconceived delight.

— কিন্তু প্রগতিবাদীরা, বিশেষত আমাদের দেশের ইহারা, এ কথা স্বীকার করিবেন না; তার কারণ, তাঁহাদের যাঁ সাহিত্য তাহাতে poetry-র বালাই নাই—high poetry আবার কি? ও দেশের নব্য সম্প্রদীয়ু এ সকল কথা নিত্য ভনিতেছে, এক শুনিয়া তাঁহার পাল্টা জ্বাব দিতে নিশ্চয়ই কিঞ্চিৎ অস্বস্থি বোধ করিতেছে। কারণ তাহারা আমাদের এই ধমুর্দ্ধরদের মত এতটা নিরন্ধশ নহে। ভাই যথন তাহারা শোনে—

I quite freely admit, that to a man hesitating between socialism and anarchy, or between polygamy and eugenics, or between overhead and underground connexions for tramways, The Tempest or Macbeth would have very little to say of any profit.

তথন তাহারা বোধ হয় কিছুক্ষণের জন্মও চুপ করিয়া থাকে।

.3

আমাদের প্রগতিওয়ালারা সেদিন সভা করিয়া, যে ভাষায় ও যে অর্থে, সাহিত্যের সদ্গতি নির্দ্ধেশ করিয়াছেন, তাহা শুনিলে ওদেশের গুরুভাইয়েরা লজ্জা পাইত, সন্দেহ নাই। রবীক্রনাথের দিন যে গত ক্রইবাঁছে, এবং এক্ষণে তাঁহাদের দিন আসিয়াছে, ইহা কি আর কাহাকেও ছাকিয়া বলিবার প্রয়োজন আছে? সেই জগ্গই তো দেশে যে কয়জন ভদ্র 'সাধু-সক্জন অবশিষ্ট আছে, তাহারা ঘটি-বাটি সামলাইতে অন্থির ইইয়া পড়িয়াছে। রাষ্ট্রীয় পরিষদে যেমন ক্রমাগতই মন্ত্রীমগুলের পদত্যাগ

এবং অধিকতর ত্ংসাহসী বিপ্লববাদী ব্যক্তিসংঘের মন্ত্রীপদলাভ রাজনৈতিক প্রগতির লকণ, তেমনই রবীপ্রনাথ প্রমুথ সাহিত্য-নায়ক-গণের পরাজয় ও এইরপ যাইখারীদের অভ্যুদ্ম সাহিত্যিক প্রগতির অকাট্য প্রমাণ। তুলনাটা আদৌ অসকত নয়; এই সকল বহুরাক্ষোট-সমল বীরগণ, আর কোনও কেত্রে তাদৃশ প্রতিষ্ঠা লাভের সম্ভাবনা নাই দেখিয়া, অগত্যা বাংলা দেশের নিবিকার ও নিজ্জীব সাহিত্য-সমাজে প্রতিপত্তি লাভের জন্ম হাক্ডাক করিতেছেন। উপরি-উদ্ধৃত উক্তির সেই profit-ই ইহাদের একমাত্র লক্ষ্য, সাহিত্যের দোহাই দিয়া কিছু profit করিয়া লুইবার জন্মই ইহারা এই অপেক্ষাকৃত নরম মাটিতে ক্তির আথড়া স্থাপন করিয়াছেন: সাহিত্য-হিসাবেই সাহিত্যের ভাবনা করিতে ইহারা অক্ষম; কিছু সাহিত্য বাহাদের ধর্ম ও সাধনার ধন, তাঁহাদের একজন এই শ্লেজদের সম্বন্ধে বড় ছংথে বলিয়াছেন—

It is an awful truth, that there neither is, nor can be, any genuine enjoyment of poetry among nineteen out of twenty of those persons who live or wish to live, in the broad light of the world—among those who either are, or are striving to make themselves, people of consideration in society. This is a truth, and an awful one, because to be incapable of a feeling of poetry, in my sense of the word, is to be without love of human nature and reverence of God.

—ইহাই উদ্ধৃত করিয়া একজন অপর মনীধী বলিতেছেন—'That is' an emphatic answer'।

কিছ ভনিবে কে? Love of human nature এবং reverence of God—মানব-প্রীতি ও ভগবস্তুক্তিকে যে কাব্যরস-রিসিকতার ভিত্তি-বলিয়া একজন কবি-ঋষি নির্দেশ করিয়াছেন, আধুনিক প্রগতির ধাপ্পাবাজি যাহাদের রিসিকতার চরম পরিণাম, তাহাদের অভিধানে সেই প্রেমভক্তির বিন্দুবিসর্গও নাই। Human nature বা humanity

বলিতে ইহারা প্রত্যেকেই স্ব স্থ চরিত্র, আত্মগত অভিমান বা অহংচর্চা, এবং শিশ্লোদরসাধন বৃদ্ধির্ভিই বোঝে। যত বড় বড় কথা তাহারা বলুক, এবং যত বড় পাণ্ডিত্য ও পৌকষই তাহাতে থাকুক, মূল বজব্য সেই একই, অর্থাৎ আমরা যাহা খুশি বলিব, যাহা খুশি করিব, এবং যাহা খুশি থাইব; এই 'যাহা-খুশি'কে 'আহা-মির' করাইতে না পারিয়াই তাহারা বাগিয়া কাঁদিয়া অনর্থ করিতেছে। নিজের নিদারণ অক্ষমতাও অভ্যারশ্ক্তাকেই গৌরবান্তিত করিতে হইবে, তাই, রবীক্রনাথের যুগ আর নাই—ইহাই চীৎকার করিয়া বলিবার সঙ্গেল সঙ্গেতছে না। ইহাতে যেমন অকালপকের মর্কটকাঠিক্ত আছে, তেমনই এক প্রকার করণরসের নাকিকারাও আছে। কিন্তু বিকাল-পক্ষ প্রবীন যিনি, গাহার পাণ্ডিত্য-দন্তের সীমা নাই, তাহার আক্ষালন ক্তিবাদী অক্ষদ-রায়দরবারকেও লজ্জা দিয়াছে। তাহার বাণীতে সত্যকার বীরত্ব আছে—

Croakers are not wanting to tell you—with sighing glances fixed on the past these men would tell you...

—এই 'tell you' যে কি, তাহা আর উদ্ধৃত করিলাম না, কারণ এই প্রবন্ধই তো তাহাই—কত বড় croakers আমরা! কিন্তু—

To these gloomy judgments I take the liberty respectfully to demur, and I claim that despite the wailings of these defeatists...the literature produced by lesser personalities today, is neither lacking in art, nor in any way, of the qualities that make high class literature. This literature, I claim, can, as pure works of art, hold its own against any literature in the rest of India, and perhaps of the world outside.

সৈই দাম আর চাম্! বাংলা সাহিত্যে ইহারা আর মরিল না, অমর হইয়াই রুঁহিল! কি ওজ্বিনী ভাষা, রসনার কি দিগস্তবিস্পী লেলিছতা। "I claim"—অবভাই। সেইটাই যে আসল কথা; কারণ, বাংলার এই প্রগতি-সাহিত্যের অনেকথানিই তিনি যে নিজের অংশে দাবি করেন! "High class literature" "pure works of art"—এ সব যে তাঁহার নিজেরই কীর্ত্তির জয়গান! এইরপ মনোর্ভি যাহাদের তাহাদেরই সম্বন্ধ ঋষি-কবির সেই উক্তি শ্বরণ করিতে হইবে—"those who either are, or are striving to make themselves, people of consideration in society"। ইহারা যে কন্মিনকালে কোন জয়ে সাহিত্যরসের ধার ধারে না, ইহাদের রুচিত সাহিত্য পড়িলে সে বিষয়ে কাহারও সন্দেই থাকিতে পারে? পণ্ডিতে হইয়াও এমন অপণ্ডিতের মত কথা বলে, ইহার কারণ কি? কারণ, যে দেশ ও যে সমাজ হইতে ইহারা সাহিত্যিক অভিযানে নিজ্ঞান্ত হইয়াছে, সে সমাজে রসবোধের বালাই, উৎক্ট সাহিত্যক্ষির প্রেরণা কোনও কালেই ছিল না; কবি সত্যেন্ধনাথ দত্তের সেই উক্তি যে বিষেষবিজ্ঞ্জিত নয়, তাহা যে অতিশয় সত্য, আজ এই প্রগতিসম্প্রদায়ের মনোভাব ও সাম্প্রদায়িক বৈশিষ্ট্য লক্ষ্য করিলে, সে বিষয়ে সন্দেহমাত্র থাকে না।

বাংলা দেশের প্রগতি-সাহিত্যের নেতা সাহিত্যের উপর প্রগতির শাসন প্রচার করিয়াছেন এই বলিয়া যে—

No writing deserves the name of literature unless it marks some progress beyond the literature of the past.

The name of literature! ইংরেজীর জোর কম নয়!
Name of literature-এর সংজ্ঞা দিন দিন যেরপ ব্যাপন হইয়ী
উঠিতেছে, তাহাতে আমরা তো ইহাই ব্ঝি যে, যে কোনও writing—
এমন কি কবিরাজী মোদকগুলির বিজ্ঞাপনও literature-নামের
দাবি করিতে পারে। তাহাই যদি না হইবে, তবে এই সিনিমর

প্রগতি-মহাশয় সাহিত্যের বিধানদাতা হইলেন কেমন করিয়া ? সে কোন্ সাহিত্য ? সেকালের কথা ছাড়িয়া দিই একালে পৃথিবীর সাহিত্যিক-সমাজে যাঁহারা সাহিত্যরস ও তাহার তত্ত্ব-আলোচনায় নিখিল রসিক-সমাজকে বিশ্বিত ও পুলকিত করিতেছেন, তাঁহাদেরও কেহ সাহিত্যের এমন সংজ্ঞা নির্দেশ করিতে সাহসী হন নাই; সেই জন্মই কি ব্যঞ্জিত. ক্ৰ, মৰ্মাহত ও পরিশেষে ক্ষিপ্ত হইয়া আমাদের এই বাঙালী সাহিত্য-বীর• সাহিত্য-সম্বন্ধে এত বড় একটা সত্য একাং লক্ষাং পরিত্যজ্ঞা' এমন ভাবে ঘোষণা করিয়া ফেলিলেন ? রসজ্ঞান না হয় নাই থাকিল— সকলের তাহা থাকে না; কিন্তু এমন বৃদ্ধিনাশ হইবার কারণ কি ? সাহিত্য পড়িতে পড়িতে বুড়া হইয়া গেলাম ; এত কবি, এত ক্রিটিক, এত মনাবী-প্রাচীন ও আধুনিক এত পণ্ডিতের এত কথাই ভনিলাম, কিন্তু এমন মগজভেদী উক্তি আর কোথায়ও শুনি নাই! হোমার-শেক্সপীয়রকে লইয়া এখনও যাহারা খাঁটি সাহিত্যস্প্রটির গবেষণা করে. ব্যাস-বাল্মীকির মধ্যে এখনও যাহারা কাব্যরসের অস্ত পাইল না---তাহারা তো এই "Some progress beyond the literature of the past"-এর কথা কখনও ভাবিল না! সাহিত্যের রসটাই বড় কথা নয়—বড় কথা ওই progress? প্রগতি—প্রগতি—প্রগতি !— Progressive literature বাৰ্টি একটি tautology! 'কোনও সাহিত্যই সাহিত্যপদবাচ্য নয়, যাহা প্রব্ববর্ত্তী সাহিত্যকে ছাড়াইয়া যাইতে পারে নাই'; অস্থার্থ—সাহিত্য ক্রমাগতই সাবালক হইতেছে, ভারিব যতই আগাইয়া যাইতেছে, ততই তাহা শেয়ানা হইয়া . উঠিতেছে। অতএব যত আধুনিক হইতেছে, ততই তাহার দাবি বাড়িতেছে, পূর্ব্বের বইগুলিকে পিঁজরাপোলে অর্থাৎ মিউজিয়মে রাধিয়া দিতে হইবে। এই নব-অভিনবগুপ্তের মাপ-লাঠিতে আজিকার সাহিত্য কালিকার সাহিত্যের কাছে হাত-পা ভাঙিয়া পড়িয়া থাকিবে—কেন না, progress চাই; সাহিত্যরস, ও রামা-ভামার দল বাধিয়া 'হাম্-বড়া'মির হুল্লোড়—এ তুইই যে একই পদার্থ! 'প্রগতি',—অর্থাং আপনাদের কীর্ত্তির ক্রতিত্ব ঘোষণার জন্ম পূর্ব্বযুগের সকল কবি-মহাকবিকে হঠাইয়া দিতে হইবে, যাহারা কবিকুলপুক্ষব তাহারা এই মৃষিকের দলকে প্রণাম করিবে! তার কারণ—

By a long course of evolution we have reached an ampler synth is which embraces equal 'reedom for all and freedom in every aspect of life; and social organisations till yesterday were striving to achieve this freedom in as full measure as possible.

—অতএব পূর্ববন্তী সাহিত্য অপেকা আধুনিক সাহিত্য শ্রেষ্ঠ না হইবে কেন? এ যে কোন রসের সাহিত্য, তাহা ওই 'every aspect of life' এবং 'social organisations' প্রভৃতি বাক্যের দ্বারাই স্পষ্ট হইয়া উঠিয়াছে। এ আর কিছুই নয়—সেই শিশ্লোদরসমস্থারই কথা; সেই জন্ম আর সকল সাহিতা বাতিল হইয়া গিয়াছে। 'Freedom in every aspect of life'—ইহাই যে আধুনিক সাহিত্যের মূলমন্ত্র! আমরাও তাহা হাড়ে হাড়ে বুঝিতেছি, কেবল ইহাই বুঝিতে পারিতেছি না যে, এই মন্ত্রটির সাধনার জন্ম একটা নৃতন পঞ্চবটীর প্রতিষ্ঠা করিলেই তোভাল হইত—পূর্ব্ববন্তীদের সেই আসনটির উপরেই এত লোভ কেন? ঐ সাহিত্য নামটাকেও বৰ্জন করিয়া একটা নৃতন নামে এই 'brave new world'-এর পত্তন করিলে তো আর কোনও হান্সাম হইত না। কিছ তাহা যে ইহাদের মনঃপৃত নয়, তার কারণ, 'সাহিত্য' নামটার একটা বনিয়াদী প্রতিপত্তি আছে, অসাহিত্যিক হইয়াও সেই প্রতিপত্তি-টুকু চাই। শুদ্রের ব্রাহ্মণ-বিদ্বেষের কারণও তাহাই-মাহাকে বলে দারুণ inferiority complex: বান্ধ্বত্বের প্রতি সভয় শ্রদ্ধা আছে, লোভও কম নয়; কিন্তু তাহা যে হইবার উপায় নাই, জন্মক্ষণেই বিধাতা বাদ সাধিয়াছেন—তাই এত আক্রোশ, এত চীৎকার।

এই আক্রোশের বশেই ছোট প্রগতি-মহাশয় এই ভাবিয়া আশ্বন্ত হইতে চান যে, রবীক্রনাথের দিন গিয়াছে, এবং রবীক্রোভর কবি-সাহিত্যিকগণ গড়ালিকাবৃত্তি করিয়া সেই মৃতথুগের মৃতভার বহন করিতেছেন। এ আখাদ যে চাই-ই, নতুবা বাঁচে কেমন করিয়া? কিছু ইহাতেও একটু গোল বহিয়াছে, তাহা বোধ হয় ভাবিয়া দেখিবার অবকার্শ হয় নাই। রবীজ্ঞনাথকে ধাহারা কেবলীমাত্র অন্তর্করণ করিয়াই বাঁচিতে চায়, তাহাদের কথা বলি না: কিন্তু রবীক্স-সাহিত্যে রসের य जामर्न तरियाष्ट्र, जारा य मर्ब्यशात जामर्न-तरीक्षनाथ ख গড়লিকার্ডি করিয়াছেন। তাহা হইলে রবীন্দ্রনাথও ক্থনও বাঁচিয়া থাকেন নাই-খাটি-প্রগতিতত্ত্ব অমুসারে রবীক্রযুগও একটা পুথক যুগ নয়, ষেহেতু তাহাও পূর্বভন যুগের মূল রসপ্রেরণাকে বাতিল করিয়া দিতে পারে নাই, দেও মৃত্যুগের মৃতভার বহন করিয়াছিল। শেষ প্যান্ত এই দাঁড়ায় যে, ইহারা সাহিত্যকেই চায় না, চায়-যাহা খুলি বলিব, যাহা খুশি করিব, এবং যাহা খুশি খাইব; এবং যে সমাজ তাহাতে আপত্তি করিবে, তাহাকে decadent, vicious e putrescent বলিয়া গালি দিব।

8.

বাহ লার প্রগতিবাদী সাহিত্যিক দলের মতি-গতি ও অভিপ্রায় সম্বন্ধে আলোচনা করিলাম; ইহাদের কথার জবাব দিবার চেষ্টা অনর্থক, তার কারণ—প্রথমত, যাহারা সাহিত্য বোঝে না এবং

রিশাসও করে না. আত্মপ্রতিষ্ঠাই স্বাহাদের একমাত্র অভিপ্রায়, তাহারা কোনও জবাব মানিবে না। দ্বিতীয়ত, যে দেশ হইতে এইরূপ সাহিত্য-তত্ত্বের আমদানি হইয়াছে এবং এখানকার জল-মাটির গুণে তাহার এমন বৈজ্ঞানিক ভাষ্য প্রস্তুত হইয়াছে—দেই দেশেই বিষল্তাও যেমন জনিয়াছে, তেমনই বিষয় ভেষজের অভাব ঘটে নাই। সেখানে আচার্য্যকল্প সাহিত্যিকের মুখে সাহিত্যবস্তুর যে অপূর্ব্ব ব্যাখ্যা ও বিশ্লেষণ শোনা যাইতেছে, ইংরেজী-অভিজ্ঞ বাঙালী পাঠকের পক্ষে সে বিষয়ে বিস্তারিত আলোচনার প্রয়োজন নাই অ যে কথট বাকা উদ্ধৃত করিয়াছি, তাহার প্রত্যেকটি বিভিন্ন ব্যক্তির ; পরে আরও কিছু উদ্ধত করিব, তাহা হইতে অতত এইটুকু সপ্রমাণ হইবে যে—প্রকৃত সাহিত্য-জ্ঞান এখনও পৃথিবী হইতে লুপ্ত হয় নাই। একালেও সভ্যতম সমাজের শিক্ষিততম ব্যক্তিরাই সাহিত্যের প্রসঙ্গে অসাহিত্যিক মনোভাবকে প্রশ্রম দিতেছেন না। সমাজে যেমন চোর আপনা হইতেই চোরের দলে আরুষ্ট হয়—সাধু সাধুর দলে, তেমনই সাহিত্যের ক্ষেত্রেও द्रिमक द्रिमिक्द मत्न, এवः বেরসিক বেরসিকের দলে মিশিয়া থাকে। অতএৰ দল গড়িলেই কোন-কিছুর প্রাধান্ত প্রমাণিত হয় না: বরং. সাহিত্যের ক্ষেত্রেও নানা স্থানে শাখা স্থাপন করিয়া একটা 'নিখিল'-রকমের বড় দল গড়িয়া তুলিলেই বুঝিতে হইবে, উদ্দেশ্যটা সাহিত্যের দিক দিয়া সং বা সতা নহে। এই সকল প্রগতিপদ্ধী সাহিত্যিক-বীরকে আকাশে তুলিয়া সংবাদপত্তে পত্রপ্রেরকদিগের যে ছড়াছড়ি नाशिया शियाहि, তাহাতে ইহাই প্রমাণ হয় যে, আমাদের দেশে শিক্ষাবিস্তারের অমুপাতে কাল্চার কত কমিয়া গিয়াছে—সাহিত্য-রসবোধ ফুর্লভ হইয়াছে বলিয়াই যশ এত স্থলভ হইয়াছে।

বাংলার প্রগতি-সাহিত্য যে প্রগতির পরিচয় কিছুকাল যাবৎ দিয়া

আসিতেছে, এতদিনে তাহা কোনও স্বস্থ ও সহাদয় ব্যক্তির অবিদিত নাই। এই সাহিত্য অতিশয় আধুনিক হইলেও ইহার লক্ষণ নৃতন নহে, এবং ইহার সম্ভাবনা কোনও কালেরই অগোচর ছিল না; তাহার প্রমাণ, ১৩১৩ সালে, প্রায় ৩৩ বংসর পূর্বের, রবীক্রনাথ তাঁহার এক প্রবন্ধে লিখিয়াছিলেন—

অনাদের প্রবৃত্তি উপ্স হইয়া উঠিলে বিধাতার জগতের বিরুদ্ধে নিজে বেন হাই করিতে থাকে। তথন চারিদিকের,সঙ্গে তাহার আর মিল থার না। আমাদের ক্রোধ, আমাদের প্রলাভ নিজের চারিদিকে এমন সকল বিকান তাহাই চিরকালের বাহাতে ছোটই বড় হইয়া উঠে, বড়ই ছোট হইয়া যায়, যাহা ক্ষণকালের তাহাই চিরকালের বলিরা মনে হয়, যাহা চিরকালের তাহা চোথেই পড়ে না। যাহার প্রতি আমাদের লোভ জন্মে তাহাকে আমরা এমনি অসত্য করিয়া পড়িয়া তুলি বে, জগতের বড় বড় সত্যকে সে আছের করিয়া গাঁড়ায়, চক্রাহ্র্যতোরাকে সে য়ান করিয়া দেয়। ইহাতে আমাদের হাই বিধাতার সঙ্গে বিরোধ করিতে থাকে।

—পড়িয়া মনে হয় নাকি য়ে, এ য়েন এই প্রগতি-সাহিত্যের সম্বন্ধেই রবীন্দ্রনাথের একটি অতি-আধুনিক উক্তি ? ঐ য়ে 'freedom'-এর অভিযান—সাহিত্যে তাহার এই দলবদ্ধ আফালনই 'বিধাতার জগতের বিরুদ্ধে' আধুনিক মান্ত্রের চীংকার। আমি এই সাহিত্যকে শিল্লোদর-সর্বেস্ব বলিয়াছি—বাক্যটি অল্পাল হইলেও, অর্থটি সত্য অতএব সাধু। সেকালের সত্যদশী ঋষিগণ আধুনিক প্রগতিবাদের অর্থ ব্ঝিতেন—পৃথিবীমন আজ য়ে মান্ত্রের দল "freedom in every aspect of life" বলিয়া মহাকলরব আরম্ভ করিয়াছে, তাহাদের সেই ব্যাধির নিদান এক কথায় নির্দেশ করিবার জন্ম তাঁহারা ঐ অতিশয় সাধুবাক্যটি স্ঠিষ্ট করিয়াছিলেন; অতএব আমাদেরও লক্ষিত হইবার কারণ নাই। রবীক্রনাথ ঋষি নহেন, তিনি কবি; তাই তিনি অতথানি নশ্নতার পক্ষপাতী হইতে পারেন না। কিন্তু তাঁহার বক্তব্য সেই একই, অতিশয়

ভদ্রভাবে তিনি বলিয়াছেন, "য়াহার প্রতি আমাদের লোভ তাহাকে এমনি অসত্য করিয়া গড়িয়া তুলি যে, জগতের বড় বড় সত্যকে সে আছেয় করিয়া দাঁড়ায়।" প্রগতি-সাহিত্য হইতেই ইহার উদাহরণ দিব। বাংলা কাব্যে প্রেমের কবিতা প্রায় নাই বলিলেই হয়—'অত বড় ইংরেজী সাহিত্যেও তেমন প্রেমের কবিতা ঝুড়ি ঝুড়ি নাই'—ইহাই বুঝাইবার জন্ত মহাপণ্ডিত ও মহাসাহিত্যিক ছোট প্রগতি-মহাশম এক স্থানে লিবিয়াছেন—

বৌন অভিজ্ঞতা জাবনে বেশির ভাগ মামুষেরই হয় কিন্তু সেই অভিজ্ঞতা কৰিছের মধ্যেই বা ক'জন বর্ণনা করতে পেরেছেন ?···ব্যাপারটা যদি এতই সহজ হ'ত তা'হলে বে-কোনো মামুবই কি জন্ন 'নৈপ্শ্যের' বারা তার অভিজ্ঞতা নিপিবক করতে পারতো না ?

এই জন্মই প্রেমের কবিতা বাংলায়, এমন কি ইংরেজীতেও, এত তুর্নভ! যৌন অভিজ্ঞতাই ষে-প্রেমের গভীরতম উপলব্ধির মূল, এবং তাহার "যে শারীরিক ও মানসিক প্রতিক্রিয়া" উৎকৃষ্ট প্রেমের কবিতায় নিখুঁত ভাবে অকিত হওয়া চাই, তাহা পশুর মতই মান্নবের পক্ষেও অতিশয় সহজ ও স্বাভাবিক বলিয়া—তেমন কবিতা লেখা বড়ই ত্রহ। সে যে কত ত্রহ, তাহা বুঝে না বলিয়াই সাধারণ মান্ন্যয়ের এইরপ কবিতার কবিকে ভাষ্য সম্মান দান করিতে চাহে না। এইরপ সার্থক রচনার দৃষ্টাস্কম্বরূপ লেখক এই লাইন কয়টি উদ্ধৃত করিয়া বলিতেছেন, এ রকম পংক্তি জগতে খ্ব বেশি লেখা হয় না"—

The moment of desire! the moment of desire! the virgin that pines for the man shall awaken her womb to enormous joys in the secret shadows of her chamber.

হায় বাল্মীকি, হায় কালিদাস! হায় শেক্ষপীয়র, হায় রবীজ্ঞনাধ! বাংলার বৈষ্ণবপদাবলী ভো গোল্লায় গিয়াছে। কারণ, এমন রজকিনী পাইয়াও ছিজ-কবি 'শারীরিক ও মানসিক প্রতিক্রিয়া'র মশলাগুলি কবিতার রসে মিশাইতে পারেন নাই। আমার 'শিল্পোদরপরায়ণ' কথাটা কি মিথ্যা ? না, রবীন্দ্রনাথ ভূলীবলিয়াছেন ?—'যাহার প্রতি আমাদের লোভ তাহাকে এমনি অসত্য করিয়া গাঁড়িয়া তুলি যে, জগতের বড় বড় সত্যকে সে আচ্ছন্ন করিয়া গাঁড়ায়, চক্রস্থ্যতারাকেও সে মান করিয়া দেয়।'

এইরপ মনোবৃত্তি যাহাদের, তাহারাই যদি সাহিত্যিক হয়, তাহা হইলে সাদহিত্যের আদর্শ কি হইবে, তাহা তো জানাই আছে। একজন ইংরেজ সমালোচক আধুনিক সাহিত্যিকদিগকে একটি নাম দিয়াই ছাড়িয়া দিয়াছেন, সে নাম অবশ্য তাহারা গৌরবের সহিত গ্রহণ করিবে; কারণ, কিছুতেই তাহাদের গৌরবহানি হয় না। এই লেখক বলিতেছেন—

If we fasten then, one label on these books, on which is one word materialists, we mean by it that they write of unimportant things; that they spend immense skill and immense industry making the trivial and the transitory appear the true and the enduring.

শেষের বাক্যটি যেন হুবছ রবীক্রনাথেরই অন্থবাদ! লেখক ইহাদিগকে নাম দিয়াছেন—materialists, অর্থাং জড়বাদী; এবং কি অর্থে, তাহাও ব্যাইয়া বলিয়াছেন। সে দেশের আধুনিকদের সম্বন্ধে ইহাই হয়তো যথার্থ; কিন্তু আমাদের এই প্রগতির দল জড়বাদীও নহে, জড়েরও যে ধর্ম আছে, ইহাদের তাহা নাই; কারণ জড়েরও প্রকৃতি-গ্রুণ আছে, ইহারা সম্পূর্ণ অপ্রকৃতিস্থ। ইহাদের এই যে অমাচার, এই যে অসত্যের আরাধনা, ইহাতে immense skill and immense industryর প্রয়োজন হয় না; কারণ, তাহার সাড়ে পনরো আনাই অন্থকরণ, ইহাদের জীবধর্মই ন্তিমিত, জড়ধর্ম বরং ভাল ছিল। উপরি-উক্ত সমালোচকের আর একটি উক্তি এখানে উদ্ধৃত করাঃ বাইতে পারে। আমাদের এই 'শিশুবিছা-গরীয়দী' প্রগতি-প্রতিভার বাহারা শুরু, দেই ইংরেজ ঔপস্থাদিকদের বিখ্যাত কয়েকজনের নাম করিয়া, তাঁহাদের তথাকথিত বাত্তবতার অজ্হাত সম্বন্ধে, এই লেখকই বলিতেচেন—

Let us hazard the opinion that for us at the moment the form of fiction most in vogue more often misses than secures the thing we seek. Whether we call it life or spirit, truth or reality, this, the essential thing has moved off.....we suspect a momentary doubt, a spasm of rebellion, as the pages fill themselves in the customary way. Is life like this? Must novels be like this?

পরিশেষে সার এক আধুনিক মনীষীর একটিমাত্র উক্তি উদ্ধৃত করিয়া এই প্রসন্ধ শেষ করিব। যাহার। অন্তরে ধর্মহীন, আধুনিক যুগের অহং-মদমত্তায় যাহারা প্রাণের স্থৈয় হারাইয়াছে, যাহারা মৃত্যুকেই মোক জানিয়া চিরকালের উপর ক্ষণকালকে আসন দিয়াছে, এবং সর্বদেষে যাহারা বিরুত দেহ-মনের স্নায়-দৌর্বল্যকেই প্রজ্ঞা ও প্রতিভার নিদান বলিয়া স্থির করিয়াছে, ভাহারাই প্রগতির ধুয়া তুলিয়া সাহিত্যকে বিকারগ্রস্ত করিতেছে। যে ধরণের প্রগতিবাদের দম্ভ ইহারা করিয়া থাকে তাহাতে তত্ত্বত প্রগতিও নাই—কালের প্রবহমানভাকেই ইহারা কার্য্যত অস্বীকার করে। নিজের আত্মাভিমানের অমুকুল করিয়া ইহারা কালকে বিচ্ছিন্ন বর্ষসমষ্টিরূপে ধারণা করে, এক একটি বর্ষসমষ্টি আপনাতেই সমাপ্ত। যেন কালের কোনও স্থনিয়ত প্রবাহ নাই. তাহার প্রত্যেক অংশই এক একটি স্বতম্ন ঘূদি। অতীত নাই. ভবিশ্বংও ভাবনার বহিভুত ; প্রেম নাই, বিশাস নাই—আছে কেবল স্বাধিকার, স্বাতন্ত্র্য, ও পাশব স্বার্থের অসং উত্তেজনা। ইহাদের মনন্তত্ত্বে রসতত্ত্বের স্থান নাই-পাকিতে পারে না; তাই ইহারা কাবারুসের চিরনিঝ রকে বিদ্রূপ করে, মাম্লবের জীবনে যে বস্তুর প্রয়োজন সবচেয়ে

বেশি, যাহার অভাবে মাহ্ম্য পূর্ণ মহয়ত্ব লাভ করিতে পারে না, তাহাকে ইহারা মিথ্যা প্রতিপন্ধ করিতে চেষ্টা পায়। তাই যাঁহারা যুগে যুগে মাহ্ম্যের অধ্যাত্মজীবন পুষ্ট করিয়া, সার্ব্যক্তনান মহয়ত্বের গৌরব বৃদ্ধি করিয়া মাহ্ম্যকে অশেষ ঋণে ঋণী করিয়াছেন, সেই অমৃত-সমাজ করিগণের চিরনবীন তাময়ী বাণীকে ইহারা অভীতৈর আবর্জ্জনান্ত্প বিলয়া মনে করে। তাহার কারণ, ইহারা জড়বাদী নান্তিক, প্রেমহীন ও ধর্ম্মহীন। কিন্তু যাঁহাদের আত্মা এখনও হুদ্ধু আছে, যাঁহারা জ্ঞানে ওপ্রেমে সমান বলীয়ান, করিত্বের অমৃত-হুদে অবর্গাহন করিয়া যাঁহাদের কান্তি উজ্জ্বল ও শান্তিহ্মমিগ্ধ হইয়া উঠে, তাঁহাদের কথা অতম্ব্য এমনই একজন জগতের মহাকবিদিগের সম্বন্ধ বলিতেছেন—

To men such as these the debt of humanity is inestimable. They, above all others, keep the souls of men alive; they do not *tell* us of spiritual felicity; they *create* it in us from the substance of our coarser elements....Not that Shakespeare was a Christian, any more than the poet is a mystic. But he was religious, as all great poets must be. For high poetry and high religion are at one in the essential that they demand that a man shall not merely think thoughts, but feel them—that this highest mental act be done with all his heart and with all his mind and with all his soul.

আমাদের যুগন্ধর সাহিত্যিকদিগের যে সকল উক্তি ইতিপূর্বে, উদ্ধৃত করিয়াছি, ভাহার সহিত এই উক্তি তুলনা করিলে, যাহারা মাহ্ম, পশু নয়, তাহারা কি ব্ঝিতে পারে না, কোন্ উক্তিটির মধ্যে, কাহার কংশরে, মাহ্মযের সার্বজনীন মহা্যত্ব মহত্তর ও বৃহত্তর ছন্দে স্পাদিত হইতেছে? মনে হয়, জাতিতে জাতিতে যেমন, মাহ্মযে মাহ্মযেও তেমনই কত তফাং! নহিলে আমাদের দেশে, এই অতি-আধুনিক সাহিত্যিক সমাজে, এমন কথা এ পর্যান্ত কাহারও মূথে শুনিতে পাইলাম না কেন ? প্রগতি তো সে দেশেও আছে।

ধাত্ৰী দেবতা

উনিশ

বণের শেষ, আকাশ আচ্ছন্ন করিয়া মেঘের সমারোহ ভমিয়া উঠিয়াছে। কলেজের মেদের বারান্দায় রেলিঙের উপর ক্তুইয়ের ভর দিয়া দাঁড়াইয়া হাত তুইটির উপরে মুখ রাখিয়া শিবনাথ মেঘের দিকে চাহিয়া ছিল। মাঝে মাঝে বর্ষার বাতাদের এক একটা তুরস্ত প্রবাহের সঙ্গে রিমিঝিমি বুষ্টি নামিয়া আসিতেছে, বুষ্টির মৃত্ ধারায় তাহার মাধার চুল সিক্ত, মুধের উপরেও বিন্দু বিন্দু জল জমিয়া আছে। পাতলা ধোঁয়ার মত ছোট ছোট জলীয় বাম্পের কুণ্ডলী সনসন করিয়া ছুটিয়া চলিয়াছে, একের পর এক মেঘগুলি যেন এদিকের বড বড বাডিগুলির ছাদের আডাল হইতে উঠিয়া ওদিকের বাডিগুলির ছাদের আড়ালে মিলাইয়া যাইতেছে। নীচে জলসিক্ত শীতল কঠিন রাজ্পথ-ছারিসন রোড। পাথরের ইটে বাঁধানো পরিধির মধ্যেও ট্রাম-লাইনগুলি চকচক করিতেছে। একতলার উপরে ট্রামের ভারগুলি স্থানে স্থানে আড়াআড়ি বাঁধনে আবদ্ধ হইয়া বরাবর চলিয়া গিয়াছে। তারের গায়ে অসংখ্য জলবিন্দু জমিয়া জমিয়া ঝরিয়া ঝরিয়া পড়িতেছে। এই তুর্য্যোগেও ট্রামগাড়ি মোটর মাহুষ চলার বিরাম নাই। বিচিত্র কঠিন শব্দে রাজপথ মুখরিত।

কলিকাতাকে দেখিয়া শিবনাথের বিশায়ের এখনও শেষ হয় নাই।
অভুত বিচিত্র ঐশব্যময়ী মহানগরীকে দেখিয়া শিবনাথ বিশায়ে অভিভূত
হইয়া গিয়াছিল। সে বিশায়ের ঘোর আজও সম্পূর্ণ কাটে নাই।
তাহার বিপুল বিশাল বিস্তার পথের জনতা যানবাহনের উদ্ধত

ক্ষিপ্র গাত দেখিয়া শিবনাথ এখনও শক্কিত না হইয়া পারে না। আলোর উচ্ছানতা, দোকানে দোকানে পণ্যসম্ভারের বর্ণ বৈচিত্র্যে বিচ্ছারিত হইয়া আজও তাহার মনে মোহ জাগাইয়া তোলে; স্থান কাল সব সে ভূলিয়া যায়। মধ্যে মধ্যে ভাবে, এত আছে, এত সম্পদ আছে পৃথিবীতে—এত ধন, এত এশ্বর্যা!

পেদিন সে স্থালকে বলিল, কলকাতা দেখে মধ্যে মধ্যে আমার মনে হয় কি জানেন, মনে হয় দেশের যেন হংপিণ্ড এটা : সমস্ত রক্ত-প্রোতের ক্ষেত্রত

স্থাল প্রায়ই শিবনাথের কাছে আসে, শিবনাথও স্থালদের বাড়ি যায়। স্থাল শিবনাথের কথা শুনিয়া ছাসিয়া উত্তর দল, উপমাটা ভূল হ'ল ভাই শিবনাথ। আমাদের চিকিৎসাশান্ত্রের মতে, হংপিও অঞ্ব-প্রত্যক্তের রক্ত সঞ্চালন করে, সঞ্চার করে, শোষণ করে না। কলকাতার কাজ ঠিক উন্টো, কলকাতা করে দেশকে শোষণ। গন্ধার ধারে ডকে গেছ কখনও ? সেই শোষণ-করা রক্ত ভাগীরথীর টিউবে টিউবে ব'য়ে চ'লে যাছে দেশাস্তরে, জাহাজে জাহাজে—ঝলকে ঝলকে। এই বিরাট শহরটা হ'ল একটা শোষণ্যস্ত্র।

এ কথার উত্তর শিবনাথ দিতে পারে নাই। নীরবে কথাটা উপলব্ধি করিবার চেষ্টা করিয়াছিল। স্থশীল আবার বলিল, মনে করুন তো আপনার দেশের কথা, ভাঙা বাড়ি, কখালসার মামুষ, জলহীন পুকুর, সব শুকিয়ে যাচ্ছে এই শোষণে।

তার পশ্ধ ধীরে ধীরে দৃঢ় আবেগময় কঠে কত কথাই সে বলিল, দেশের কত লক্ষ লোক অনাহারে মরে, কত লক্ষ থাকে অর্দ্ধাশনে, কত লক্ষ লোক গৃহহীন, কত লক্ষ লোক বস্ত্রহীন, কত লক্ষ লোক মরে কুকুর-বেড়ালের মত বিনা চিকিৎসায়। দেশের দারিদ্রের ত্র্দশার ইতিহাস আরও বলিল, একদিন নাকি এই দেশের ছেলেরা সোনার ভাঁটা লইয়া খেলা করিত, দেশে বিদেশে আর বিতরণ করিয়া দেশজননী নাম পাইয়াছিলেন অরপূর্ণা। অফুরস্ত অন্নের ভাগুার, অপর্য্যাপ্ত মণিমাণিক্য-স্বর্ণের স্তুপ। শুনিতে শুনিতে শিবনাথের চোখে জল আসিয়া গেল।

স্পাল সীরব হইলে দে প্রশ্ন করিল, এর প্রতিকার ? হাসিয়া স্পাল বলিয়াছিল, কে করবে ? আমবা।

বছবচন ছেড়ে কথা কও ভাই, এবং সেটা পরশৈপদী হ'লে চলবে না।

সে একটা চরম উত্তেজন,ময় আত্মহারা মুহূর্ত্ত। শিবনাথ বলিল, আমি—আমি করব।

স্পীল প্রশ্ন করিল, তোমার পণ কি ?

মৃহুর্ত্তে শিবনাথের মনে হইল, হাজার হাজার আকাশস্পর্শী অট্টালিকা প্রশন্ত রাজপথ কোলাহল-কলরবম্থরিত মহানগরী বিশাল অরণ্যে রূপাস্তরিত হইয়া গিয়াছে। অন্ধকার অরণ্যতলে দূর হইতে যেন অজানিত গন্তীর কণ্ঠে কে তাহাকে প্রশ্ন করিতেছে, তোমার পণ কি? সর্কাক্ষে তাহার শিহরণ বহিয়া গেল, উষ্ণ রক্তন্রোত ক্রতবেগে বহিয়া চলিয়াছিল; সে মৃহুর্ত্তে উত্তর করিল, ভক্তি।

তাহার মনে হইল, চোখের সম্ম্থে এক রহস্থময় আবরণীর অস্তরালে মহিমমণ্ডিত সার্থকতা জ্যোতির্ময় রূপ লইয়া অপেক্ষা করিয়া আছে। তাহার মৃখ-চোথ প্রদীপ্ত হইয়া উঠিল। প্রদীপ্ত দৃষ্টিতে সে স্থশীলের মৃথের দিকে চাহিয়া অপেক্ষা করিয়া রহিল।

স্থালও নীরব হইয়া একদৃট্টে বাহিরের দিকে চাহিয়া বসিয়া ছিল, শিবনাথ অধীর আগ্রহে বলিল, বলুন স্থালদা, উপায় বলুন। বিচিত্র মিষ্ট হাসি হাসিয়া স্থশীল বলিল, ওই ভক্তি নিয়ে দেশের ধসবা কর ভাই, মা পরিভুষ্ট হয়ে উঠবেন।

निवनाथ क्ष इहेशा विनन, जाशनि जागाइ वनतन ना !

বলব, আর একদিন।—বলিয়াই স্থশীল উঠিয়া পড়িল। সিঁড়ির মুখ হইতে ফিরিয়া আবার সে বলিল, আজ আমাদের ওখানে থেও। মা বার বার ক'রে ব'লে দিয়েছেন; দীপা তো আমাকে খেয়ে ফেলজে

দীপা স্থলীলের আট বছরের বোন, ফুটফুটে মেয়েটি, ভাহার সম্মুখে কথনও ফ্রাক পরিয়া বাহির হইবে না। স্থালীল তাহাকে বলিয়াছে, শিবনাথের সঞ্চে তাহার বিবাহ হইবে; সে শাড়িখানি পরিয়া সলজ্জ ভালতে তাহার সম্মুখেই দ্রে দ্রে ঘুরিবে ফিরিবে, কিছুতেই কাছে আসিবে না; ডাকিলেই পলাইয়া যাইবে।

বারান্দায় দাঁড়াইয়া মৃত্ বর্ষাধারায় ভিজিতে ভিজিতে শিবনাথ সেদিনের কথাই ভাবিতেছিল। ভাবিতে ভাবিতে দীপার প্রসঞ্চে আসিয়াই মৃথে হাসি ফুটিয়া উঠিল; এমন একটি অনাবিল কৌতুকের আনন্দে কেছ কি না হাসিয়া পারে!

কি রকম? আকাশের সজল মেঘের দিকে চেয়ে বিরহী যক্ষের মত রয়েছেন যে? মাথার চুল গায়ের জামাটা পর্যস্ত ভিজে গেছে, ব্যাপারটা কি?—একটি ছেলে আসিয়া শিবনাথের পাশে দাঁড়াইল।

তাহার সাড়ায় আত্মন্থ হইয়া শিবনাথ মৃত্ হাসিয়া বলিল, বেশ সাগছে ভিজতে। দেশে থাকতে কত ভিজতাম বর্ষায় !

ছেলেটি হাসিয়া বলিল, আমি ভাবলাম, আপনি বুঝি প্রিয়ার কাছে
লিপি পাঠাচ্ছেন মেঘমালার মারফতে। By the by, এই ফটা তুয়েক

আগে, আড়াইটে হবে তথন—আপনার সম্বন্ধী এসেছিলেন আপনার সন্ধানে—কমলেশ মুখাজি।

চকিত হইয়া শিবনাথ বলিল, কে ?

কমলেশ মুখার্জি। চেনেন না নাকি?

শিবনাথ গন্তীর ইইয়া গেল। কমলেশ ! ছেলেটি হা হা কবিয়া হাসিয়া বিলিল, আমরা সব জেনে ফেলেছি মশায়। বিয়ের কথাটা আপনি শ্রেফ চেপে গেছেন আফাদের কাছে। আমাদের feast দিতে হবে কিন্তু।

শিবনাথ গন্ধীর মুখে নীরব হইয়া রহিল।

সামাগুক্ষণ উত্তরের প্রতিকিশ্ব থাকিয়া ছেলেটি বলিল, আপনি কি রকম লোক মশাই, সর্বাদাই এমন serious attitude নিয়ে থাকেন কেন, বলুন তো?

শিবনাথের জ কুঞ্চিত হইয়া উঠিল। কমলেশের নামে, তাহার এখানে আসার সংবাদে তাহার অন্তর ক্ষ হইয়া উঠিয়াছিল। তব্ও সে আত্মসম্বরণ করিয়া বলিল, কি করব বলুন, মান্ত্ব তো আপনার মভাবকে অতিক্রম করতে পারে না। এমনিই আমার মভাব সঞ্জয়বার ৮

সঞ্চয় বারান্দার রেলিঙের উপর একটা কিল মারিয়া বলিল, You. must mend it, আমাদের সঙ্গে বাস করতে হ'লে দশজনের মত হয়ে চলতে হবে।—কথাটা বলিয়াই সদর্প পদক্ষেপে সে চলিয়া গেল। ঘরের মধ্যে তথন কোন একটা কারণে প্রবল উচ্ছাসের কলরব ধ্বনিত হইতেছিল।

শিবনাথ একটু হাসিল, বেশ লাগে তাহার এই সঞ্চয়কে। তাহারই সমবয়সী স্থলর স্থন্ধ তরুণ, উচ্ছাসে পরিপূর্ণ, যেখানে হৈচৈ সেখানেই সে আছে। কোন রাজার ভাগিনেয় সে; দিনে পাঁচ ছয় বার বেশ-

পরিবর্ত্তন করে, আর সাগর-তরক্ষের ফেনার মত সর্ব্বত্ত সর্বাত্তে উচ্ছুসিত হইয়া ফেরে। ফুটবল থেলিতে পারে না, তব্ও সে forward lined left out এ গিয়া গাঁড়াইবে, চীৎকার করিবে, আছাড় খাইবে; অভিনয় করিতে পারে না, তব্ও সে কলেজের নাটকাভিনয়ে যে কোন ভূমিকায় নামিবে; কিন্তু আশুর্বের কথা, গতি তাহার অতি স্বচ্ছন্দ, কাহাকেও আঘতি করে না, আর সে ভিন্ন কোন কলরব-কোলাহল যেন স্বশোভনও হয় কা।

কিন্ত কমলেশ কি জন্ম এখানে আসিয়াছিল ? যে ভাহার সহিত সম্বন্ধ স্বীকার করিতে পর্যন্ত লজ্জা করে, সে কি কারণে এখানে আসিল ? নৃতন কোন আঘাতের অন্ধ পাইয়াছে নীকি ? তাহার গৌরীকে মনে পড়িয়া গেল। সঙ্গে মাথার উপরের আকাশের হুর্য্যোগ তাহার অন্তরে ঘনাইয়া উঠিল। একটা হুঃখময় আবেগের পীড়নে বুকখানি ভরিয়া উঠিল।

সিঁড়ি ভাঙিয়া ত্পদাপ শব্দে কে উঠিয়া আসিতেছিল, পীড়িত চিত্তে সে সিঁড়ির দিকে চাহিয়া রহিল। উঠিয়া আসিল একটি ছেলে, পরণে নিখুঁত Boys-scoutএর পোষাক, মাথার টুপিটি পর্য্যন্ত ঈবং বাঁকানো; মার্চের কায়দায় পা ফেলিয়া বারান্দা অভিক্রম করিতে করিতেই বলিতেছিল, হ্যালো সঞ্জয়, a cup of hot tea my friend, oh, it is very cold।

ছেলেটিব গলার সাড়া পাইয়া ঘরের মধ্যে সঞ্জয়ের দল ন্তন উচ্ছাসে করের করিয়া উঠিল। ছেলেটির নাম নিত্য, শিবনাথের সঙ্গেই পড়ে। চালে চলনে কায়দায় কথায় একেবারে ষাহাকে বলে নিখুঁত কলিকাতার ছেলে। আজও পর্যাস্ত শিবনাথ তাহার পরিচিত দৃষ্টির বাহিরেই রহিয়া গিয়াছে।

ধীরে ধীরে শিবনাধের উচ্ছুসিত আবেগ শান্ত হইয়া আসিতেছিল; ধ্যম্বমেদ্র আকাশের দিকে চাহিয়া সে উদাস মনে কল্পনা করিতেছিল, একটা মহিমময় নিপীড়িত ভবিশ্বতের কথা। গৌরী তাহাকে মৃক্তিদিয়াছে, সেই মৃক্তির মহিমাতেই সে মহামন্ত্র পাইয়াছে, বন্দে মাতরম্, ধরণীম্ ভরণীম্ মাতরম্'।

পিছনে অনেকগুলি জুতার শব্দ শুনিয়া শিবনাথ বুঝিল, সঞ্চয়ের দল বাহির হইল।—হয় কোনু রেন্ডোর ায় অথবা এই বাদল মাথায় ক্রিয়া ইডেন গার্ডেনে।

Hallo, is, it true you are married? নিজ্যর কঠম্বরে শিবনাথ ঘূরিয়া দাঁড়াইল, সমূথেই দেখিল একদল ছেলে দাঁড়াইয়া মৃত্
মৃত্ হাসিতেছে, দলের পুরোভাগে নিত্য, কেবল সঞ্চয় দলের মধ্যে নাই।
শিবনাথের পায়ের রক্ত যেন মাথার দিকে ছুটিতে আরম্ভ করিল।

সে অসক্চিত ভবিতে সোজা হইয়া দাঁড়াইয়া অকৃষ্ঠিত স্বরে উত্তর দিল, Yes, I am married।

এমন নির্ভীক দপিত স্বীকারোক্তি শুনিয়া সমন্ত দলটাই যেন দমিয়া গেল, এমন কি নিত্য পর্যাস্ত। কয়েক মুহূর্ন্ত পরেই কিন্তু নিত্য মাত্রাতিরিক্ত বাঙ্গভরে বলিয়া উঠিল, Shame!

ছেলের দল হো হো করিয়া হাসিয়া উঠিল।

দলটার পিছনে আপনার ঘরের দরজায় বাহির হইয়া সঞ্চয় ভাকিল, Well boys, tea is ready। বা:, ওকি, শিবনাথবাবুকে নিয়ে আসছ না কেন, he is not an outcaste! একি, শিবনাথবাবুর মুখ এমন কেন? It is you নিত্য, তুমি নিশ্চয় কিছু বলেছ। না না না, শিবনাথবাবু, আপনাকে আসতেই হবে, you must join us।

তারের আসরটা জ্মিয়া উঠিল ভাল। মনের মধ্যে যেটুকু উদ্বাপ জ্মিয়া উঠিয়ছিল, সেটুকু ধুইয়া মৃছিয়া দিল ওই সঞ্জয়। ঘরের মধ্যে বিসয়া স্টোভের শব্দে নিত্য এবং অক্সাক্ত ছেলৈদের কথা হাসি সে শুনিতে পায় নাই। চায়ের জ্লটা নামাইয়া ফুটস্ত জঁলে চা ফেলিয়া দিয়া নিত্যদের ভাকিতে বাহিরে আসিয়াই শিবনাথের মৃথ দেখিয়া ব্যাপারটা অহ্মান্ন করিয়া লইয়াছিল। সমস্ত শুনিয়া সে শিবনাথের পক্ষ লইয়া সপ্রশাশ মুখে বলিল, That's like a hero. বেশ বলেছেন আপনি শিবনাথবাব্! বিয়ে করা সংসারে পাপ নয়। বিয় করা শাপ হ'লে scout হওয়াও সংসারে পাপ।

এমন ভঙ্গিতে সে কথাগুলি বলিল যে, দলের সকলেই এমন কি
নিত্য পর্যস্ত না হাসিয়া পারিল না। সঞ্জয় বলিল, নিত্য, তুমি shame
বলেছ যখন, তখন শিবনাথবাবুর কাছে ভোমাকে apology চাইতে
হবে। You must।

All right! ভূলের সংশোধন করতে আমি বাধ্য, I am a scout, শিবনাথবাব্।

শিবনাথ তাড়াতাড়ি উঠিয়া তাহার হাত ধরিয়া বলিল, না না না, আমি কিছু মনে করি নি। We are friends।

Certainly 1

You must prove it, both of you ।—একজন বলিয়া উঠিল।
নিত্য বলিল, How? প্রমাণ করতে আমরা সর্বদাই প্রস্তত।
বক্তা বলিল, তুমি হুটাকা দাও, আর শিবনাথবাবু হুটাকা—
সঞ্জয় বলিয়া উঠিল, No, not শিবনাথবাবু, say শিবনাথ। নিত্য
হুটাকা, শিবনাথ হুটাকা and my humble self হুটাকা। নিয়ে

নিত্য বলিল, All right, কিন্তু not a copper in my pocket now; any friend to stand for me?

শিবনাথ বলিল, I stand for you my friend। চার টাকা এনে দিচ্ছি আমি।—দে বাহির হইয়া গেল।

সঞ্জয় ইাকিডে, আরম্ভ করিল, গোবিন্দ গোবিন্দ !—গোবিন্দ মেসের চাকর।

শিবনাথ টাকা কয়টি সঞ্জয়ের হাতে দিতেই নিত্য নাটকীয় ভূকিতে উঠিয়া দাঁড়াইয়া বলিং, আমার একটা amendment আছে। We are eight, আটজনে ছূটাকা cinema, একটাকা tram and tea there, আর three rupees এখানে খাবার।

অধিকাংশ ছেলেই কলরব করিয়া সায় দিয়া উঠিল। সঞ্জয় বলিল, All right, তা হ'লে এখানে শুধু চা, খাওয়া-দাওয়া সব cinemaয়। কিন্তু চার আনার সীট বড় nasty, আট আনা না হ'লে বসা যায় না! চাদা বাড়াতে হবে শিবনাথ, তুমি তিন, নিত্য তিন, আমি তিন; ন টাকার পাঁচ টাকা সিনেমা, চার টাকা খাবার।

শিবনাথও অমত করিল না, পরম উৎসাহভরেই সে আবার টাকা আনিতে চলিয়া গেল। এ মেসে আসিয়া অবধি স্থশীল ও পূর্ণের আকর্ষণে সে সকলের নিকট হইতে একটু দূরে দূরেই ছিল। স্থশীল, পূর্ণ ও তাহাদের দলের আলোচনা, এমন কি হাস্থ পরিহাসেরও স্বাদগদ্ধ সবই যেন স্বতম্ব; তাহার ক্রিয়া পর্যান্ত স্বতম্ব। সে রসে জীবনমন গন্ধীর গুরুত্বে থমথমে হইয়া উঠে। এমন কি, মাটির বুক হইতে আকাশের কোল পর্যান্ত যে অসীম শৃগুতা, তাহার মধ্যেও সে রসপুই ননকোন এক পরম রহস্তের সন্ধান পাইয়া অহচ্ছুসিত প্রশান্ত গান্ধীর্য্যে গন্ধার হইয়া উঠে। আর সঞ্চয়ের দলের আলাপ-আলোচনা মনকে

করে হান্ধা রঙিন, বুদ্বুদের মত একের পর এক ফাটিয়া পড়ে, আলোকচ্ছটার বর্ণবিক্যাস মনে একটু রঙের ছাপ রাখিয়া যায় মাত্র। তাই আজ এই আকস্মিক আলাপের ফলে সঞ্জয়ুদের সংস্পর্শে আদিয়া শিবনাধ এই অভিনব আস্থাদে উৎফুল্ল না হইয়া পারিল না।

ত্রবারে আপনার ঘরের মধ্যে আসিয়া সে চকিত হইয়া উঠিল, স্থাল তাহার সীটের উপর বসিয়া আছে। নীরুবে তীক্ষ্ণৃষ্টিতে সে বাহিরের মেঘাচ্ছন্ন আকাশের দিকে চাহিয়া ছিল। শিবনাথ তাহার নিকটে আসিয়া মৃতুষ্বরে বলিল, স্থালদা।

र्गा।

কখন এলেন ? আমি এই তো ওঘরে গেলাম !
আমিও এই আসছি। তোমার সঙ্গে কথা আছে।
বলুন।—শিবনাথ একটু বিব্রত হইয়া পড়িল।
দরজাটা বন্ধ ক'রে দাও।

শিবনাথ দরজা বন্ধ করিয়া দিয়া আবার কাছে আসিয়া কুঠিত স্বরে বলিল, দেরি হবে ? তা হ'লে ওদের ব'লে আসি আমি।

না। তোমার কাছে টাকা আছে ? কত টাকা ?

পঞ্চাশ।

না। আমার কাছে দশ-পনরো টাকা আছে মাত্র।

ভাই দাও, ছুটো টাকা তুমি রেখে দাও়। না, এক টাকা রেখে বাাক সুব দাও।

শিবনাথ আবার বিব্রত হইয়া পড়িল। তাহার নিজের ও নিত্যর দেয় ছই টাকা যে এখনই লাগিবে ! স্থাল জুকুঞ্জিত করিয়া বলিল, তাড়াতাড়ি কর শিবনাথ। আর্জেন্ট, পঞ্চাশ টাকায় ছুটো রিভল্ভার। জাহাজের খালাসী তারা, অপেকা করবে না।

শিবনাথ একমুহুর্ন্ত চিস্তা করিয়া বাক্স খুলিয়া বাহির করিল সোনার চেন। চেনছড়াটি স্থালের হাতে দিয়া বলিল, অস্তত দেড়শো টাকা হওয়া উচিত। বাকি টাকাও কাজে লাগাবেন স্থালদা।

বিনা দ্বিধায় চেনছ্ডাটি হাতে লইয়া স্থশীল উঠিয়া বলিল, আর একটা কথা, এদের সঙ্গৈ যেন বেশিরকম মেলা মেশা ক'র না।—বলিতে বলিতেই সে দরজা খুলিয়া বাহির হইয়া গেল।

পরদিন প্রাত্ত:কাল।

এখনও বাদল সম্পূর্ণ কাটে নাই। শিবনাথ অভ্যাসমত ভোরে উঠিয়া পূর্ব্বদিনের মত বারান্দার রেলিঙের উপর ভর দিয়া দাঁড়াইয়া ছিল। সিক্ত পিচ্ছিল রাজপথে তখনও ভিড় জমিয়া উঠে নাই। শেয়ালদহ স্টেশন হইতে তরি-তরকারি, মাছ, ডিমের ঝুড়ি মাধায় ছোট ছোট দলে বিক্রেতারা বাজার অভিমূখে চলিয়াছে; ত্ই-একখানা গরুর গাড়িও চলিয়াছে। এইবার আরম্ভ হইবে ঘোড়ার গাড়ি রিক্স ট্যাক্সির ভিড। যাত্রীবাহী টেন এতক্ষণ বোধ হয় স্টেশনে আসিয়া গিয়াছে।

শিবনাথের বর্ষার এই ঘনঘটাচ্ছন্ন রূপ বড় ভাল লাগে। সে দেশের কথা ভাবিতেছিল, কালী-মায়ের বাগানখানির রূপ সে কল্পনা ক্রিতেছিল; দূর হইতে প্রগাঢ় সব্জ বর্ণের একটা স্তৃপ বলিয়া মনে হয়। মধ্যের সেই বড় গাছটার ভাল বোধ হয় এবার মাটিতে আসিয়া ঠেকিবে। আমলার গাছে ন্তন চিরল চিরল ছোট ছোট পাতাগুলির উজ্জ্বল কোমল সবুজ্বর্ণের সে রূপ অপরূপ। বাগানের কোলে কোলে

কাঁদড়ের নালায় নালায় জল ছুটিয়াছে কলরোল তুলিয়া। মাঠে এখন অবিরাম ঝরঝর শব্দ, এ জমি হইতে ও জমিতে জল নামিতেছে। প্রীপুকুর এতদিনে জলে থৈথৈ হইয়া ভরিয়া উঠিয়াছে। ঘোড়াটার শরীর এ সময় বেশ ভরিয়া উঠিবে; দফাদার পুকুরে এখন অফুরস্ত দলদাম। পিসীমা এই মেঘ মাধায় করিয়াও মহাপীঠে এতক্ষণ চলিয়া গিয়াছেন; মা নিশ্চয় বাড়িময় ঘ্রিতেছেন, কোথায় কোন্ধানে ছাদ হইতে জল পড়িতেছে তাহারই সন্ধানে।

সিঁটিতে সশব্দে কে উঠিয়া আসিতেছিল, শিবনাথের মনের চিস্তা ব্যাহত হইল। সে সিঁড়ির ত্যারের দিকে চাহিয়া রহিল। একি, স্থানালা! স্থাল আসিতেছিল যেন একটা বিপুল বেগের উত্তেজনায় অন্তির পদক্ষেপে। মুথ চোথ যেন জনিয়া জনিয়া উঠিতেছে।

Great news, শিবনাথ !—সে হাতের ধবরের কাগজটা মেলিয়া ধরিল।

"ইউরোপের ভাগ্যাকাশে যুদ্ধের ঘনঘটা। অব্রিয়ার যুবরাজ প্রিক্ষ ফাডিনাও গুলির আঘাতে নিহত। চবিশে ঘণ্টার মধ্যে অব্রিয়ান গভর্মেণ্টের রুমানিয়ার নিকট কৈফিয়ং দাবি। যুদ্ধসজ্জার বিপুল আয়োজন।"

শিবনাথ স্থশীলের মূথের দিকে চাহিল। স্থশীল যেন অগ্নিশিখার মত প্রদীপ্ত হইয়া উঠিয়াছে।

শিবনাথ বলিল, কমানিয়ার মত ছোট একফোঁটা দেশ—

বাধ শিদিয়া স্থাল বলিল, ক্ষুদ্র শিশিরকণায় স্থ্য আবদ্ধ হয় শিবনাথ, ক্ষুতা দেহে নয়, মনে। তা ছাড়া ইউরোপের রাজনীতির খবর তুমি জান না। যুদ্ধ অনিবার্যা। শুধু অনিবার্যা নয়, সমগ্র ইউরোপ জুড়ে যুদ্ধ। এই আমাদের স্বয়োগ।

কিম্বরকে প্রণাম করিয়া নীরবেই দাঁড়াইয়া রহিল। কমলেশও নত-মুখে অকারণে জুতাটা ফুটপাথের উপর ঘষিতেছিল।

রামকিন্ধর আবার বর্লিলেন, এস, গাড়িতে এস; আমাদের ওখান হয়ে আসবে।

শিবনাথ বলিল, না। আমি এখন একজন বন্ধুর ওথানে যাচছি। বেশ তো, চল, গাড়িতেই দেখান হয়ে আমাদের বাসায় যাব। মা এসেছেন কাশী থেকে, ভারী ব্যস্ত তোমাকে দেখবার জন্তে।

মা ? ,নান্তির দিদিমা ? তবে—! শিবনাথের বুকের র্ভিতরে যেন একটা আলোড়ন উঠিল। নান্তি, নান্তি আসিয়াছে—গোরী!

'ইহার পর কোন ভদ্রক্ষা-ভদ্রমণীর বাস অসম্ভব' এই কথাটা তাহার মনে পড়িয়া গেল। আরও মনে পড়িয়া গেল তাহার মা-পিদীমার সহিত রামকিকরবাব্র রুড়. আচরণের কথা। তাহার সমস্ত অন্তর বিদ্রোহের ঔদ্ধত্যে উদ্ধত হইয়া উঠিতেছিল। কিন্তু সে ঔদ্ধত্যের প্রকাশ হইবার লগ্নন্ধণ আসিবার পূর্বেই তাহার নজরে পড়িল, দ্রে একটা চায়ের দোকানে দাঁড়াইয়া স্থশীল বার বার তাহাকে পূর্ণর নিকট যাইবার জন্ম ইন্দিত করিতেছে। সে আর এক মৃহুর্ত্ত অপেক্ষা করিল না, পথে পা বাড়াইয়া বলিল, না, গাড়িতে সেথানে যাবার নয়; আমি চললাম, সেথানে আমার জন্মরি দরকার।

মুহুর্ব্তে রামকিষরবাব উগ্র হইয়া উঠিলেন, কঠোর উগ্র দৃষ্টিতে তিনি
শিবনাথের দিকে চাহিলেন, কিন্তু ততক্ষণে শিবনাথ তাঁহাদিগকে
অনায়াদে অতিক্রম করিয়া আপন পথে দৃঢ় ক্রত পদক্ষেপে অগ্রসর
হইয়া চলিয়াছে।

কমলেশের ঠোঁট ছুইটি অপমানে অভিমানে ধরথর করিয়া কাঁপিতেছিল।

কুড়ি

🚮 মিকি হরবাবু সামাজিকতা বা আত্মীয়তার ধার কোন দিনই ধারিতেন না। প্রাতঃকাল হইতে রাত্রি দ্বিপ্রহরে নিদ্রাভিত্ত হইবার মুহুর্ত্তটি পর্যান্ত তাঁহার একমাত্র চিন্তা,—বিষয়ের চিন্তা, ব্যবসায়ের চিন্তা, অর্থের আরাধনা। ইহার মধ্যে আত্মীয়তা কুটম্বিতা এমন কি সামাজিক সৌজ্ঞা-প্রাশের পর্যান্ত অবৈকাশ তাঁহার হুইত না। ধনী পিতার मस्रान. रेननव इटेटाउटे जाँदिमाद्वित काँए काँए मारूव इटेग्नाइन. যৌবনের প্রারম্ভ হইতেই তাহাদের মালিক ও প্রতিপালকের আসনে বসিয়া কর্মক্ষেত্রে প্রবেশ করিয়াছেন, ফলে প্রভূত্বের দাবি, মানসিক উগ্রতা তাহার অভ্যাদগত স্বভাব হইয়া দাঁড়াইয়াছে। আর একটি বস্তব— সেটি বোধ হয় তাঁহার জন্মগত, কম্মী পিতার সন্তান তিনি, কর্ম্মের নেশা তাঁহার রক্তের ধারায় বর্ত্তমান। এই কর্শ্বের উন্নত্ত নেশায় তিনি সব কিছু ভূলিয়া থাকেন; আত্মীয়তা কুট্মিতা সামাজিক সৌজন্ত-প্রকাশের অভ্যাস পর্যান্ত এমনই করিয়া ভূলিয়া থাকার ফলে অনভ্যাসে দাঁড়াইয়া গিয়াছে। কিন্তু আদল মাহুষটি এমন নয়। এই কুত্রিম অভ্যাস করা জীবনের মধ্যে সে মাত্রষের দেখা মাঝে মাঝে পাওয়া যায়. যে মাহুষের আপনার জনের জন্ম অফুরস্ত মমতা; অডুত তাঁহার খেয়াল, যে থেয়ালের বশবতী হইয়া স্বর্ণমৃষ্টিও ধুলায় ফেলিয়া দিতে পারেন। কাশীতে অকম্মাৎ প্লেগ দেখা দিতে কমলেশ তাহার দিদিমা ও গৌরীকে লক্ষ্যা কলিকাতায় আসিতেই রামকিষ্করবাবু গৌরীকে দেখিয়া সবিশ্বয়ে विनित्न, नास्ति य ज्ञानक वर्ष रात्र शिन तत्र, वा।

গৌরী মামাকে প্রণাম করিয়া মুথ নীচু করিয়া দাঁড়াইয়া রহিল। এই ছুই মাসের মধ্যেই গৌরীর সর্ব্ব অবয়ব হইতে জীবনের গতির স্বাচ্ছন্য পর্যন্ত ঈবং ক্ষুণ্ণ মান হইয়া গিয়াছে। শিবনাথকে যে পত্ত সে লিখিয়াছিল, সে পত্তের ভাষা তাহার স্বকীয় অভিব্যক্তি নয়, সে ভাষা অপরের, সে ভিরস্কার অন্তের; শিবনাথের প্রতি তাহার নিজের অকথিত সকল কথা ধীরে ধীরে তাহার রূপের মধ্যে এমনই করিয়া ব্যক্ত হইয়া উঠিতেছে। গৌরীর রূপের সেই অভিনব অভিব্যক্তি রামকিন্ধরবাব্র চোথে পড়িল, তিনি পরমূহুর্ত্তেই বলিলেন, কিন্তু এমন শুকনো শুকনো কেন রে তুই ?

নান্তির দিদিমা—রামকিকরবাব্র মা এতক্ষণ পর্যান্ত ব্যন্ত ছিলেন আপনার পূজার ঝোলাটির সন্ধানে; ঝোলাটি লইয়া উপরে উঠিতে উঠিতে তিনি রামকিকরের কথাগুলি শুনিয়া সিঁড়ি হইতেই বলিলেন, তুমিই তো তার কারণ বাবা। মেয়েটাকে হাতে পায়ে বেঁধে জলে দিলে তোমরা। আবার বলছ, এমন শুকনো কেন ?

গোরী দিদিমায়ের কথার ধারা লক্ষ্য করিয়া সেখান হইতে সরিয়া বাড়ির ভিতরের দিকে চলিয়া গেল। রামকিঙ্করবারু চমকিয়া উঠিলেন, তাঁহার সব মনে পড়িয়া গেল, শিবনাথের মায়ের কথা, পিসীমায়ের কথা, সক্ষে সঙ্গে শিবনাথের সেবাকার্য্যের পরম প্রশংসার কথাও মনে পড়িল। আরও মনে পড়িল, শিবনাথের সক্ষে গৌরীর দেখা-সাক্ষাৎ পর্যন্ত নাই। তিনি বলিলেন, দাঁড়াও, আজই খোঁজ করছি শিবনাথ কোন্ কলেজে পড়ে, কোথায় থাকে। আজই নিয়ে আসছি তাকে।

क्यतम वित्रा छित्रन, ना याया।

কেন ?--রামকিষরবাবু আশুর্ধ্যান্বিত হইয়া গেলেন।

রামকিন্বরবাব্র মা ঝন্ধার দিয়া উঠিলেন, না, নিয়ে স্থাসতে হবে না তাকে, সে একটা ছোটলোক, ইতর; একটা ডোমেদের মেয়ের মোহে— বাধা দিয়া রামকিঙ্কর বলিলেন, ছি ছি, কি বলছ মা তুমি ? কে, কার কংশ বলছ তুমি ?

কোধ হইলে নান্তির দিদিমায়ের আরু দিখিদিক জ্ঞান থাকে না, তিনি দারুল কোধে আত্মহারা হইয়া ডোমবধুর সমৃদ্য ইতিবৃত্তটি উচ্চ-কণ্ঠে বিবৃত করিয়া কহিলেন, তুই করেছিস এ সম্মাণ, তোকেই এর দায় পুরোতে হবে। কি বিধান তুই করছিস বল আমাকে, তবে আমি জল-গ্রহণ করব।

রামকিন্ধর বলিলেন, কথাটা একেবারে বার্ট্রে কথা এ'লেই মনে হচ্ছে মা। আমি আজই আমাদের ম্যানেজারকে লিখছি, সঠিক খবর জেনে সে লিখবে। আমার কিন্তু একেবারেই বিশাস হয় না মা।

চিঠি সেইদিনই লেখা হইল; কয়দিন পরে উত্তরও আসিল।

ম্যানেজার লিখিয়াছেন, "খবর আমি যথাসাধ্য ভালরকমই লইয়াছি;

এমন কি এখানকার দারোগাবাব্র কাছেও জানিয়াছি, ওটা নিতাস্ত
গুজবই। দারোগা বলিলেন, ও সব ছেলের নাম পাপের খাতায়
থাকে না। ওদের জন্ম আলাদা থাতা আছে। কথাটা ভাঙিয়া বলিতে
বলায় ভিনি বলিলেন, সে ভাঙিয়া বলা যায় না, ভবে এইটুকু জানাই যে,
ও রটনাটা রটাইয়াছে ওই বউটার শান্তড়ী এবং ভাহ্মর; মেয়েটা
আসলে পলাইয়াছে তাহার বাপের বাড়ির গ্রামের একজন স্বজাতীয়ের
সঙ্গে। সে লোকটা কলিকাভায় থাকে, সেখানে মেধ্র বা ঝাড়ুদারের
কাজ করে। এখানে সর্ব্বসাধারণের মধ্যেও কোন ব্যক্তিই কথাটা
বিশাস করেন নাই। বরং শিবনাথবাব্র এই সেবাকার্য্যের জন্ম এতদঞ্চল
ভাঁহার প্রশংসায় পঞ্চমুখ।"

চিঠিখানা পড়িয়া কমলেশকে ডাকিয়া রামকিষ্করবাবু হাসিয়া বলিলেন, পড। ম্যানেক্সার সেখান থেকে পত্ত দিয়েছেন। চিঠিখানা পড়িতে পড়িতে কান্নার আবেগে কমলেশের কণ্ঠ রুজ হইয়া আদিতেছিল। শিবনাথ তাহার বাল্যবন্ধু, তাহার উপর গৌরীর বিবাহের ফলে সে তাহার পরম প্রিয়জন, তাহার প্রতি অবিচার করার অপরাধবােধ অন্তরের মধ্যে এমনই একটা পীড়াদায়ক আবেগের স্বষ্টি করিল। কমলেশ শিবনাথকে থুব ভাল করিয়া জানিত, উলন্ধ শৈশব ইইতে তাহারা ত্ইজনে খেলার সাথী, বাল্যকাল হইতে তাহাদের মধ্যে প্রগাঢ় অন্তরন্ধতা দরেও শ্রেষ্ঠত্বের প্রতিযোগিতা জাগিনাছে, কৈশোরের প্রারম্ভে তাহারা কর্মের সহযোগিতার মধ্যে পরস্পরের প্রবল প্রতিঘন্দীরূপে মৌবন-জীবনে প্রবেশ করিয়াছে; একের শক্তি ত্র্কলতা দােষ গুণ অন্তে যত জানে, সে নিজেও আপনাকে তেমন ভাল করিয়া জানে না। তাই কমলেশের অপরাধবােধ এত তীক্ষ হইয়া আপনার মর্ম্মকে বিদ্ধ করিল। সে যেন কত ছােট হইয়া গেল শিবনাথের নিকট, গৌরার নিকট সে মুখ দেখাইবে কি করিয়া।

রামকিঙ্কর বলিলেন, যাও, মাকে চিঠিখানা প'ড়ে শুনিয়ে এস। আর দেখ, নাস্তিকে চিঠিখানা পড়তে দিও।

ভিঠিখানা শুনিয়া নান্তির দিদিমা থুব খুশি হইয়া উঠিলেন, তিনি সঙ্গে সঙ্গে হাঁকডাক হুরু করিয়া বলিলেন, নান্তি, নান্তি, অ নান্তি।

নাস্তি তাহার সমবয়সী মামাতো মাসতৃত বোনদের সহিত গল্প করিতেছিল, দিনিমার হাঁকডাক শুনিয়া সে তাড়াতাড়ি আসিয়া দাঁড়াইতেই তিনি বলিলেন, এই নে হারামজাদী, এই পড়। চিলে কান নিয়ে গেল ব'লে সেই কে চিলের পেছনে পেছনে ছুটেছিল, তোর হ'ল সেই বিস্তান্ত। কে কোথা থেকে কি লিখলে, আর তাই তুই বিশ্বেস ক'রে কেঁদে-কেটে—বাবাঃ, এ কালের মেয়েদের চরণে দগুবং মা!

গৌরী কন্ধশাসে চিঠিখানা হাতে লইয়া পড়িতে আরম্ভ করিল। দিদিমায়ের মনের আবেগ তথনও শেষ হয় নাই, তিনি তাঁহার অপরাধটুকু গৌরীর স্কন্ধে আরোপিত করিয়া কহিলেন, তা একাল অনেক ভাল মা, তাই পরিবার এখন স্বামীর ওপর রাগ করতে পারছে। সেকালে বাবুদের তো ওসব ছিল কুকুর-বেড়াল পোষার সামিল। ওই কি বলে স্থামাদাসবাবুর ভালবাসার লোক ছিল—কাদম্বিনী, সে বলেছিল, বাবু, তোমার পরিবারের গোবরের ছাঁচ তুলে এনে আমাকে দেখাও, সে কেম্নু স্কন্বী। তোরা হ'লে তো তা হ'লে গলায় দড়ি দিতিস, না হয় বিষ্ক্থিতিস।

গৌরীর চোধ তৃইটি জলে ভরিয়া উঠিয়াছিল। চোধের জলের লজ্জা গোপন করিতেই সে চিঠিখানা ফেলিয়া দিয়া ক্রুক্ত সেখান হইতে চলিয়া গিয়া আপনার বিছানায় মুখ লুকাহয়া শুইয়া পড়িল।

কমলেশ নতমুখেই বলিল, দিদিমা!

দিদিমা ঝন্ধার দিয়া বলিলেন, তুই ছোঁড়াই হচ্ছিদ ভারী হেপো। একেবারে রেগে আগুন হয়ে লেক্চার-মেক্চার ঝেড়ে এই কাণ্ড ক'রে ব'দে থাকলি। যা এখন, যা, থোঁজখবর ক'রে নিয়ে আয় তাকে।

সে যদি না আসে ?

আসবে না ? কান ধ'রে নিয়ে আসবি। গৌরী কি আমার ফেলনা নাকি ? সে বিয়ে করেছে কেন আমার গৌরীকে ?

ভারপর তাঁহার ক্রোধ পড়িল কলিকাভার বাসায় যাঁহারা থাকেন তাঁহাদের উপর। কেন তাঁহারা এতদিন শিবনাথের সংবাদ লন নাই। তাঁহাদের নিজের জামাই হইলে কি তাঁহারা এমন করিয়া সংবাদ লইতে ভূলিয়া বিদিয়া থাকিতেন ? শেষ পর্যান্ত ভিনি মৃতা ক্যা—গৌরীর মায়ের জ্ঞা কাঁদিয়া ফেলিলেন। একি দারুণ বোঝা সে তাঁহার বুকের উপর চাপাইয়া দিয়া গেল!

ইহারই ফলে কমলেশ ও রামকিন্ধরবাব শিবনাথের নিকট আসিয়া-ছিলেন সমাদর করিয়া শিবনাথকে লইয়া যাইবার জন্ত, কিন্তু শিবনাথ একটা তন্ময় শক্তির আবেগে তাঁহাদিগকে পিছনে ফেলিয়া মেঘ মাথায় করিয়া ভিজিতে ভিজিতে আপন পথে চলিয়া পেল, তাঁহারা যেন তাহারং নাগাল পর্যান্ত ধরিতে পারিলেন না।

কাষির দিদিমায়ের নির্বাপিত কোধবহি আবার জলিয়া উঠিল।
তাঁহার কোধ পড়িল শিবনাথের পিদীমা ও মায়ের উপর। শিবনাথ যে
তাঁহাদিগকে এমন করিয়া লজ্মন করিয়া গেল, এ শিক্ষা যে তাঁহাদেরই,
তাহাতে আর তাঁহার বিন্দুমাত্র সন্দেহ রহিল না। তিনি অত্যন্ত দৃঢ়
ভিক্তি বার্দ্ধকানত দেহধানিকে সোজা করিয়া তুলিয়া বলিলেন, আমি
আমার নাস্তিকে রাণী ক'রে দিয়ে যাব। আসতে হয় কি না হয় আমার
নাস্তির কাছে, আমি ম'লেও যেখানে থাকি সেইখান থেকে দেখব।

রামকিকরবাব্ থ মনে মনে অৃত্যন্ত আহত হইয়াছিলেন, তিনি মায়ের কথার প্রতিবাদ করিলেন না, গন্তীরভাবে নীচে নামিয়া গেলেন। কমলেশ চুপ করিয়া বারান্দায় ভর দিয়া দাঁড়াইয়া রহিল। গৌরী ঘরের মধ্যে জানালার ধারে বসিয়া উল বুনিতেছিল; জানালাটা দিয়া পথের উপরটা বেশ দেখা যায়, তাহার হাতের আঙুল রচনা করিতেছিল উল দিয়া ছাদের পর ছাদ, দেখিতেছিল সে পথের জনতা। সমস্ত শুনিয়া তাহার হাতের কাজটি থামিয়া গেল, পথের দিকে চাহিয়া সে শুধুবসিয়াই রহিল।

সেদিন সন্ধ্যায় সমগ্র পরিবারটিকেই রামকিন্ধরবার থিয়েটার দেখিবার জন্ম পাঠাইয়া দিলেন।

তিক মাসপানেক পর।

বিতাৎ-তরক্ষে তরকে সংবাদ আসিয়া পৌছিল, বৃটেন জার্মানি ও অন্ট্রিয়া-হান্দেরির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিয়া ক্রান্স রাশিয়া বেল্জিয়াম ক্রমানিয়ার সহিত মিলিত হইয়াছে। সমগ্র কলিকাতা যেন চঞ্চল সমুদ্রের মত বিক্ষ্ হইয়া উঠিল। হাজার হাজার মাইল পশ্চিমের মাহ্নবের অস্তরের বিক্ষোভ আকাশ-তরকে আসিয়া এথানকার মাহ্নবক্ষেও ছোয়াচ লাগাইয়া দিল শেয়ার-মার্কেটে সেদিনের সে ভিড়, ব্যবসায়ী-মহলে সেদিনের ছোটাছুটি দেখিয়া ক্রমলেশের মন বিপুল উত্তেজনায় ভরিয়া উঠিল। প্রত্যেক মামুষটি যেন উত্তেজনার স্পর্শে দৃঢ় ক্ষত পদক্ষেপে সোজা হইয়া চলিয়াছে।

কয়লার বাজার নাকি ছ-ছ করিয়া চাউয়া যাইবে, প্রচুর ধন, অতুল ঐশর্বো বাড়িঘর ভরিয়া উঠিবে। স্প্রতিষ্ঠিত ব্যবসায়ীর আসনে নিজেকে প্রতিষ্ঠিত করিবার করনা করিতে করিতে অকস্মাৎ তাহার শিবনাপকে মনে পড়িয়া গেল; তাহার মনে হইল, আর একবার খোঁজ করিতে দোষ কি? সেদিন সতাই হয়তো তাহার কোন কাজ ছিল। আর ভাহার সহিত একবার মুখোমুখী সকল কথা পরিষ্কার করিয়া বলিয়া লওয়ারও তা প্রয়োজন আছে। মোট কথা, যুক্তি তাহার সাহাই হউক না কেন, যাওয়ার উত্তেজিত প্রবৃত্তিই হইল আসল কথা। তাহাদের ভাবী সৌভাগ্যের সম্ভাবনার কথাটাও শিবনাথকে জানানো হইবে।

শিবনাথ ঘরে বসিয়া আপন মনে কি । শিবিতেছিল। কমলেশ ঘরে চুকিয়া বলিল, এই যে!

মুখ তুলিয়া শিবনাথ াহাকে দেখিয়া লেখা কাগজখানা বাল্লের মধ্যে পুরিয়া অতি মৃত্ হাসিয়া বলিল, এস।

তাহার মুখের দিকে চাহিয়া কমলেশ সবিস্ময়ে বলিল, একি, এমন উদ্ধোখুন্ধো চেহারা কেন তোমার ? অন্তথ করেছে নাকি? সতাই শিবনাথের রুক্ষ চুল, মার্জ্জনাহীন শুদ্ধ মুখ্ঞী, দেহও যেন ঈষং শীর্ণ বলিয়া মনে হইতেছিল।

হাসিয়া শিবনাথ বলিল, না, অহুথ কিছু না। আজ নাওয়া-খাওয়াটা হয়ে ওঠে নি।

এই সামান্ত বিশ্বয়ের হেতুটুকু লইয়া কমলেশ বেশ স্বচ্ছল হইয়া উঠিল, সে বলিল, কেন ? নাওয়া-খাওয়া হ'ল না কেন ?

কাজ-ছিল একটু, সকালে বেরিয়ে এই মিনিট পনরো ফিরেছি। কলেজ যাও নি ?

शक रा रा कथा। जातानत राम करव शांद वन।

দেশৈ এখন যাব না, এইখানেই পড়ব ঠিক হয়েছে। কিন্তু তোমার খবর কি বল তো? সেদিন মামা নিজে এলেন, আর ত্মি অমন ক'রে-চ'লে গেলে যে?

বলেছিলাম তো, কাজ ছিল।

কি এমন কান্ধ যে, তুটো কথা বলবার জন্মে তুমি দাঁড়াতে পারলে না?

এবার শিবনাথ হাসিয়া বলিল, যদি বলি কোন নতুন love affair, যার মোহে মান্তব আপনাকে একেবারে হারিয়ে ফেলে!

কমলেশ একটু চুপ করিয়া থাকিয়া বলিল, যাক, বুঝলাম, বলতে বাধা আছে।

শিবনাথ এ কথার কোন জবাব না দিয়া একটা পেপার-ওয়েট লুফিতে লুফিতে বলিল, চা খাবে একটু ?—বলিতে বলিতেই সে বারান্দায় বাহির হইয়া হাঁকিল, গোবিন্দ, তু পেয়ালা চা !

কমলেশ থবরের কাগজটা টানিয়া লইরা বলিল, আজকের news একটা great news!

হাসিয়া শিবনাথ বলিল, নতুন ইতিহাসের সন তারিথ বন্ধু,— Ninteen Fourteen—Fourth August!

আজই business market-এ অভুত ব্যাপার হয়ে গেল। কয়লার দর তো হু-হু ক'রে বেড়ে যাবে। মামা বলচিলেন, প'ড়ে কি হবে, এবার business-এ ঢুকে পড়। ভোমার কথাও বলচিলেন। অবশ্য ভোমার যদি পছনদ হয়।

Business অবশ্য খুবই ভাল জিনিস।

হাসিয়া কমলেশ বলিল, কিন্তু কবিতা লেখা ছাড়তে হবে তা হ'লে।
আমাকে দেখে লুকোলে, ওটা কি লিখছিলে । কবিতা নিশ্চয়।

ना।

তবে ? কি, দেখিই না ওটা কি ?

এবার শিবনাথ হাসিয়া বলিল, ওটা নতুন love affair—প্রেমপত্র একথানা; স্বতরাং ওটা দেখানো যায় না।

কমলেশ আবার নীরব হইয়া গেল। চাকরটা আসিয়া চা নামাইশ্ন দিল, কমলেশ নীরবে চায়ের কাপ তুলিয়া লইয়া তাহাতে চুমুক দিল। তাহার নীরবতার মধ্যে শিবনাথও অন্তমনম্ব হইয়া জানালার দিকে নীরবেই চাহিয়া রহিল। এ অশোভন নীরবতা ভঙ্গ করিয়া সেই প্রথম বলিল, তোমরা কি কাশীর বাসা তুলে দিয়েছ ?

र्गा ।

ष ।

কমলেশ বলিল, দিদিমা, নাস্তি এপানেই চ'লে এসেছে আমার সঙ্গে। শিবনাথ নীরব হইয়া গেল।

कंगतनम এবার বলিল, আমাদের বাসায় চল একদিন।

হুঁটুর উপর মৃথ রাখিয়া বাহিরের দিকে চাহিয়া শিবনাথ যেন তন্ময় হইয়া গিলাছে।

কমলেশ বলিল, গৌরী দিন দিন যেন কেমন হয়ে যাচ্ছে। তার মুখ দেখলে আমাদের কালা আদে।

একটা দীর্ঘনিশাস ফেলিয়া শিবনাই বলিল, আজ ও আমার কলঙ্ক-মোচন হয় নি কমলেশ, আমি যেতে পারি না।

কমলেশ যেন উচ্ছুসিত হইয়া উঠিল; মিথ্যে কথা, মিথ্যে কথা। Mischievous লোকের রটনা ওসব—আমরা থবর নিয়ে জেনেছি।

শিবনাথের মৃথ চোথ অকস্মাৎ তীক্ষ দীপ্তিতে প্রথর হইয়া উঠিল। সে বলিল, কিন্তু আমায় তো বিশ্বাস করতে পার নি। যেদিন নিজেকে তেমনই বিশ্বাসের পাত্র ব'লে প্রমাণ করতে পারব, সেইদিন আমার সভাকার কলকমোচন হবে।

কমলেশের মাথাটা আপনা হইতেই লজ্জায় নত হইয়া পড়িল। সে নীরবে ঘরের মেঝের দিকে চাহিয়া বসিয়া রহিল। শিবনাথ মৃছ্ হাসিয়া আবার বলিল, 'সময় যেদিন হইবে, আপনি ঘাইব তোমার কুঞ্জে।'

একটি ছেলে দরজার সম্মুখেই বারান্দায় রেলিঙে ঠেস দিয়া নিতান্ত উদাসীনভাবেই দাঁড়াইয়া ছিল; তাহাকে দেখিয়াই শিবনাথ ঈষৎ চঞ্চল ইইয়া বলিল, এখানেই ষ্থন থাকবে, মাঝে মাঝে এস ষেন। একদিনে সকল কথা ফুরিয়ে দিলে চলবে কেন?

উঠিতে বলার এমন স্থম্পট ইঙ্গিত কমলেশ ব্রিতে ভূল করিল না। সে উঠিয়া একটা দীর্ঘনিশাস ফেলিয়া নীরবেই বাহির হইয়া গেল। কমলেশ বাহির হইয়া যাইতেই ছেলেটি শিবনাথের ঘরে আসিয়া বলিল, হয়ে গেছে সেটা ?

শিবনাথ বাক্স খুলিয়া সেই কাগজখানা তাহার হাতে দিয়া বলিল, স্থানিদাকে একটু দেখে দিতে বলবেন।

কাগজ্ঞখানা একটা বৈপ্লবিক ইন্ডাহারের খসড়া।

কাগজখানি স্বত্থে মুড়িয়া প্রনের কাপড়ের মধ্যে লুকাইয়া ছেলেটি বলিল, পূর্ণদার সঙ্গে একবার দেখা করবেন আপনি। জরুরি দরকার।

করব।

ছেলেটি আর কথা কহিল না, বাহির হইয়া চলিয়া গেল।

পূর্ণ যেমন মৃত্ভাষী, কথাবার্ত্তাও তাহার তেমনই সংক্ষিপ্ত প্রয়োজনের অধিক একটি কথাও সে বলে না। শিবনাথের জন্মই সে অধীর আগ্রহে অপেক্ষা করিতেছিল। শিবনাথ আসিতেই ঘরের দরজাটি বন্ধ করিয়া দিয়া সে বলিল, আপনাকে এইবার একটা বিপদের সমুখীন হতে হবে শিবনাথবার।

শिवनाथ প्रশास्त्रভाবে विने, कि वनून ।

পূর্ণ বলিল, অরুণের ওপর পুলিসের বড় বেশি নদর পড়েছে। তার কাছে কিছু আর্ম্ সাছে আমাদের। সেগুলো এখন সরাবার উপায় পাছি না। আপনি মেস বদল ক'রে অরুণের মেসে যান। আর্ম্গুলো আপনার কাছে থেকে যাবে, অরুণ অন্ত মেসে চ'লে যাক। তা হ'লে অরুণের জিনিসপত্র সার্চ করলে তার আর ধরা পড়বার ভয় থাকবে না। পরে আপনার কাছ থেকে ওগুলো আমরা সরিয়ে ফেলব।

শিবনাথের বৃক যেন মুহুর্ত্তের জন্ম কাঁপিয়া উঠিল। ওই মুহুর্ত্তির মধ্যে তাহার মাকে, পিসীমাকে মনে পড়িয়া গেল। মানমুখী গৌরীও একবার উকি মারিয়া চলিয়া গেল।

পূর্ণ বলিল, আপনি তা হ'লে ছ'তিন দিনের মধ্যেই চ'লে যান। সম্ভব হ'লে কালই। এই হ'ল অরুণের মেসের ঠিকানা। ততক্ষণে শিবনাথ নিজেকে সামলাইয়া লইয়াছে। সে এবার বলিল, বেশ।

পূর্ণ তাহার হাতথানি ধরিয়া বলিল, good luck !

🔫 মন্ত রাজিটা শিবনাথের জাগরণের মধ্যেহ কাটিয়া গেল।

নানা উত্তেজিত কল্পনার মধ্যেও বার বার তাহান্ত প্রিয়জনদের মনে পড়িতেছিল। সহসা এক সময় তাহার মনে হইল, যদি ধরাই পড়িতে হয়, তবে প্র্বাহ্নে মা-পিদীমার চরণে প্রণাম জানাইয়া বিদায় লইয়া রাঝিবৈ রাং গৌরী, আর্জিকার দিনেও কি লৌরীকে সে বঞ্চনা করিয়া রাঝিবে ? না, সে কর্ত্তব্য তাহাকে স্থশেষ করিতেই হইরে। মাকে ও পিদীমাকে খুলিয়া না লিথিয়াও ইন্ধিতে সে বিদায় জানাইয়া মার্জনা ভিক্ষা করিয়া পত্র লিখিল। তারপর পত্র লিথিতে আরম্ভ করিল গৌরীকে। লিথিতে লিখিতে ব্কের ভিতরটা একটা উন্মন্ত আবেগে যেন ভোলপাড় করিয়া উঠিল। এত নিকটে গৌরী, দশ মিনিটের পথ, একবার তাহার সহিত দেখা করিয়া আসিলে কি হয়, হয়তো জীবনে আর ঘটিবে না! অর্জনমাপ্ত পত্রধানা ছিঁড়িয়া ফেলিয়া সে জামাটা টানিয়া লইয়া গায়ে দিতে দিতেই নীচে নামিয়া গেল।

গেট বন্ধ। রাজি এগারোটায় গেট বন্ধ হইয়া গিয়াছে। মেসটি
নামে মেস হইলেও কলেজ-কর্তৃপক্ষের তত্ত্বাবধানে পরিচালিত; মেসস্থপারিন্টেণ্ডেন্টের কাছে চাবি থাকে। ক্ষম ত্য়ারের সম্মুখে কিছুক্ষণ
দাঁড়াইয়া থাকিয়া শিবনাথ উপরে আসিয়া আবার চিঠি লিখিতে বসিল।
চিঠিখানি শেষ করিয়া বিছানায় সে গড়াইয়া পড়িল শ্রাস্ত-ক্লাস্তের মত।
কিছুক্ষণ বিশ্রামের পর তাহার মনে হইল, সে করিয়াছে কি! ছি, এত
ত্ব্বল সে! এই বিদায় লওয়ার কি কোন প্রয়োজন আছে? কিসের
বিদায়, ব্যার কেন এ বিদায় লওয়া? আবার সে উঠিয়া বসিয়া দেশলাই
ক্রালিয়া পত্রগুলি নিঃশেষে পুড়াইয়া ফেলিল।

ক্লোপায় কোন্ দ্রের টাওয়ার-ক্লকে চং চং করিয়া তিনটা বাজিয়া গেল। মনকে দৃঢ় করিয়া সে আবার শুইয়া পড়িল। অভ্যাসমভ ভোরেই তাহার ঘম ভাঙিয়া যাইতেই সে অমুভব করিল, সমস্ত শরীর যেন অবসাদে ভাঙিয়া পড়িতেছে। তবুও সে আর বিছানায় থাকিল না, মন এই অল বিশ্রামেই বেশ স্থির হইয়াছে, সমুখের গুরু দায়িছের কথা শ্বরণ করিয়া উঠিয়া পড়িল। মনের মধ্যে আর কোন চিন্তা নাই, আছে শুধু ওই কর্মের চিন্তা। কেমন করিয়া কোন্ অজুহাতে কলেজের মেস পরিত্যাগ করিয়া অগ্র যাইবে ?

একে একে হেলেরা উঠিতেছিল। সঞ্জয়ও উঠিয়া বাহিরে আসিল; সঞ্জয় তাহার অন্তরন্ধ হইয়া উঠে নাই, কিন্তু অতি দূরত্বের ব্যবধানও আর নাই। সঞ্জয় তাহাকে দেখিয়াই বৃলিল, হালো শিবনাথ, তোমার ব্যাপার কি বল তো ? কলেজেও যাচ্ছ না, এখানেও প্রায় পাক না। একি, তোনার চেহারা এমন কেন হে ? অন্থ নাকি ? ঠাণ্ডা লাগিও না, ঘলে চল, ঘরে চল।

শিবনাথ সঞ্জয়ের সঙ্গে াহারই ঘরে আসিয়া চুকিল। সন্মুখেই দেওয়ালে একথানা প্রকাণ্ড বড় আয়না। পূর্কাদিন হইতে অস্নাত অভুক্ত রাত্রিজাগরণক্লিপ্ত শিবনাথ আপন প্রতিবিদ্ধ দেথিয়া অবাক হইয়া গেল। সতাই তো একি চেহারা হইয়াছে তাহার, কিন্তু সে তো কোন অস্থতা অযুভ্ব করে না।

সঞ্ম বলিল, অনিম্ম ক'রে শরীরটা ধারাপ ক'রে ফেললে তুমি শিবনাথ। কি যে কর তুমি, তুমিই জান। সভ্যি বলত কি, তুমি রীতিমত একটা mystery হয়ে উঠেছ। প্রত্যেকের notice attracted হয়েছে ডোমার ওপর।

শিবনাথ হাসিয়া বলিল, জান, জীবনে এই আমি প্রথম কলকাতায় এসেছি। কলকাতা যেন একটা নেশার মত পেয়ে বসেছে আমাকে। সোজা কথায়, পাড়াগাঁয়ের ছেলে কলকাত্তাই হয়ে উঠছি আর কি ।

ঘাড় নাড়িয়া সঞ্জয় বলিল, not at all; বিশাস হ'ল না আমার।
However আমি তোমার secret জানতে চাই না। কিন্তু আমার
একটা কথা তুমি শোন, তুমি বাড়ি চ'লে যাও, you require rest,
শরীরটা ক্ষয় করা প্রয়োজন হয়েছে।

শিবনাথের মন মৃহুর্ত্তে উল্লিসিত হইয়া উঠিল, শরীর-অস্তুস্থতার অজুহাতে বাড়ি চলিয়া যাওয়ার ছলেই তো মেস ত্যাগ করা যায়। সক্ষে সক্ষে তাহার স্থির হইয়া গেল। সে হাতের আঙুল দিয়া মাধার রুক্ষ চুলগুলি পিছনের দিকে ঠেলিয়া দিতে দিতে বলিল, তাই ঠিক করেছি ভাই, শরীর যেন খুব তুর্বল হয়ে গেছে; আজই আমি বাড়ি চ'লে যাব। দেখি, আবার স্থপার্মশায় কিঁবলেন!

বলবে ? কি বলবে ? চল, আমি যাচ্ছি তোমার সঙ্গে। আমাদের দেশটাই এমনই, healthএর দাম এখানে কিছু নয়, degree is everything here; nonsense । জান, আমি এই জন্তে ঠিক ক'রে ফেলেছি and it is certain, এই I.A. examination এর পরেই আমি বিলেত যাব। মামা warএর জন্তে আপত্তি করছিলেন, কিন্তু time is money, পড়ার বয়স চ'লে গেলে বিলেত গিয়ে কি হবে ?

শিবনাথ সঞ্জয়কে শত ধন্তবাদ দিল তাহার স্থারামর্শের জন্ত, তাহার সাহায্যের জন্ত। সঞ্জয় নিজেই তাহার জিনিসপত্র গুছাইয়া দিল, বিদায়ের সময় বলিল, বেশিদিন বাড়িতে থেকো না যেন। percentage কোন রকমে তু বছরে কুলিয়ে যাবে।

শিবনাথ হাসিয়া বলিল, যত শিগগির পারি ফিরব।

হাসিয়া সঞ্জয় বলিল, তোমার better halfকে আমার নমস্কার জানিও।

জানাব।

শিবনাথ সেটিকে তাহার নিজের ট্রাঙ্কের মধ্যে বন্ধ করিয়া ফেলিয় নিশ্চিস্ত হইয়া আপনার জিনিসপত্র গুছাইতে মনোনিবেশ করিল।

জ্বিসপত্ত গুছাইয়া সে চাকরকে ডাকিয়া বলিল, ঘর-দোরটা একবার পরিষ্কার ক'রে দাও দেখি। বড়ুড নোংরা হয়ে রয়েছে।

চাকর বলিল, অরুণবাবু—ওই যে বাবৃটি এ ঘরে ছিলেন, তাঁর মশাই ওই এক ধরণ ছিল। কিছুতেই ঘর ভাল ক'রে পরিষ্কার করতে দিতেন না। তা দিচ্ছি পরিষ্কার ক'রে।

কিছুকণ পর ে মেসের ঝাড়ুদারণীকে সঙ্গে করিয়া ঘর্রৈ আসিয়া তাহাকে বলিল, এক টুকরো কাগজ যেন না প'ড়ে থাকে। ভাল ক'রে পরিষার ক'রে দাও।

শিবনাথ শুস্তিত বিশ্বয়ে নেয়েটির দিকে চাহিয়া ছিল। একে? এ যে সেই নিক্দিটা ডোমবউ! শরীর তাহার স্কু সবল, শহরের জল-হাওয়য় বর্ণশ্রী উজ্জ্ল, কলিকাতার জমাদারণীদের মত তাহার গায়ে পরিকার জামা, সৌর্চবযুক্ত শাড়িখানি ফের দিয়া আঁটদাট করিয়া পরা, তাহাকে আর সেই ডোমবধু বলিয়া চেনা যায় না, তব্ও শিবনাথের ভূল হইল না, প্রথম দৃষ্টিতেই তাহাকে চিনিয়া ফেলিল।

মেয়েটিও তাহার মুখের দিকে চাহিয়া প্রথমটা বিশ্বয়ে যেন হতবাক হইয়া গিয়াছিল। কিন্তু সে মূহুর্ত্তের জন্ত, পরমূহুর্ত্তেই তাহার মুখখানি যেন দীপালোকের মত উদ্ভাসিত হইয়া উঠিল, মুখ ভরিয়া হাসিয়া সে পরম ব্যগ্রতাভরে সম্ভাষণ করিল, বাব্! জামাইবাব্! সঙ্গে হাতের ঝাঁটাটা সেইখানে ফেলিয়া দিয়া সে ভূমিষ্ট হইয়া প্রণাম করিল।

ক্ৰমশ

শ্রীতারাশন্বর বন্দ্যোপাধ্যায়

রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের 'বাঙ্গালা কবিতাবিষয়ক প্রবন্ধ'

(পর্কামুর্ত্তি)

সে যাহা হউক, আমরা এই স্থলে উভয় কবির নির্লজ্জতার কিঞ্চিৎ২ তুলনা করি, যথা।

স্থন্দরের উক্তি।

- ফুন্দরীর করে ধরি, স্থানর বিনয় করি.

কহে গুন গুন প্রাণেশবি ।

আজি দিনে তুপ্রহরে,

দেখিলাম সরোবরে.

কমলিনী বাঁধিয়াছে করী।

[२७]

গিরি অধোমুধে কাঁদে, এ কথা কহিতে চাঁদে,

क्रमुमिनी छेठिन व्याकारन ।

সে রস দেখিতে শশী, ভূতলে পড়িল খনি,

পঞ্চন চকোর মিলে হাসে।"

অস্ত মর্ম।

"রার বলে আমি করী, তুমি কমলিনীখরী,

वीधर मृगान जुज्ञभारम ।

আমি চান পড়ি ভূমি, ফুল কুম্দিনী তুমি,

উঠ যোর সদয় আকাশে।

নয়ন পঞ্জন মোর, নয়ন চকোর তোর,

ছুহে भिल हामित्व এथनि।

चाम ছলে कूछ शित्रि, कैं। शित्र थीति थीति,

করি দেখ বুরিবে তথনি।

বীনসের উদ্ধি।

"Fondling," she saith, "since I have hemm'd thee here
[39] Within the circuit of this ivory pale,
I'll be a park, and thou shalt be my deer;
Feed where thou wilt, on mountain or in dale:
Graze on my lips; and if those hills be dry,
Stray lower, where the pleasant fountains lie.

"Within this "imit is relief enough,

Sweet bottom-grass, and high delightful plain,

Round rising hi locks, brakes obscure and rough,

To shelter thee frem tempest and from rain:

Then be my deer, since I am such a park;

No dog shall rouse the, though a thousand bark."

[२४]

অস্থার্থ।

নাকদন্ত সম, ভাতি অনুপম, ছই বাহ বেড়া প্রার।
আগেরে ভোনারে, চাক মৃগাগারে, বন্ধ করিরাছি তার।
আগি মৃগালয়, তুমি রসময়, কুরক বর্মপ ধর।
শেবরে গহুবে, যথা ইচ্ছা করে, ওঠ গিরিপরে চর।
যদি ওঠাগর, বৃগা গিরিবর, রসগৃক্ত হর তার।
তবে অনুরাগে, গেলে নিয়ভাগে, পাবে মুখ কুহারার।
এই সীমা মাজ, ওহে রসরাজ, বিভামের দ্রবা ভান।
আহরে প্রচুর, তুণ কুমধুর, কুথপ্রদ উচ্চ স্থান।
ভরত বর্জ্ব, গিরি স্থুল স্থুল, কুসল ভিমিরাবৃত।
ধারা বরিবণে, ঝড় প্রবহনে, ববে তুগা লুরাজিত।
প্রির বাকা ধর, হও মৃগদর, আমা সম সুগাগারে।
সহত্র কুকুরে, যদি বা কুকুরে, তব কি করিতে পারে।

রসভৃষ্ণাত্র মত্ত মাতঙ্গবং স্থলরের আকর্ষণে অবিকচ পদ্ধজনী বিশ্বা কহিয়াছিলেন,

[2=1

শ্কিম হে পতি হে বঁধু হে প্রিয় হে।

নব বৌধন বিক্রম * বোগা নহে।

রস লাভ হবে রহিয়া ফুটলে।

বল কি হইবে কলিকা দলিলে।

রস না ফুইবে করিলে রগড়া।

অলি নাহি করে মুকুলে বাগড়া।

ইউরোপীয়দিগের কাম দেবতার জননী প্রফুল ্চির যৌবনবতী লীলারসবিহ্বলা বীনসের দারা অজ্ঞান্ত-যৌবন এডোনিস্ আলিঞ্চিত হইয়া কহিতেছেন, যথা।

"Who wears a garment shapeless and unfinish'd?
Who plucks the bud before one leaf cut forth?
If springing things be any jot diminish'd,

They wither in their prime, prove nothing worth:

The colt that's back'd and lunder' loing young
Loseth his pride, and never waxeth strong."

And again,-

"No fisher but the ungrown fry forbears:

The mellow plum doth fall, the green sticks fast,
Or being early pluck'd is sour to the taste."

অস্থার্থ।

অঙ্গহীন অপ্রস্তুত বস্তু কেবা পরে অকুট কুমুম বলী কে চয়ন করে।

মূল গ্রন্থে "কোরের" ইতি শব্দ আছে, কিন্তু তাহাতে ছন্দপতন দোব হয় এই জক্ষ আমি,"বিক্রম" শব্দ প্রয়োগ করিলাম। 990 o

শনিবারের চিঠি, ফান্ধন ১৩৪৫ কোন এবা পার যদি অঙ্কুরে আঘাত। গুপার কোমল কালে, জাশার ব্যাঘাত। শিশুকালে যেখ যদি বহে গুরু ভার। বল বীধ্যবান্ কভু নাহি হয় আর।

[60]

[92]

অগ্রচ্চ।

শিশু মীন ধরে নাকো ধীবর স্কলে। পাক! কুল আপনি থসিরা পড়ে ভলে। দৃঢ়রূপে লগ্ন ভালে অপক বদরী। আবাদনে অর লাগে যদি ছিল্ল করি।

আমারদিগের অসভ্য কবি ভারতচক্র লিখিয়াছেন।

ভয় না টুটিবে ভয় না তুড়িলে। রস ইকু কি দেই দরা করিলে। বলিয়া ছলিয়া সহলে সহলে। বসিয়া পশিল ভ্রমরা কমলে।

ইংরাজদিগের স্থসভ্য কবি শেক্সপিয়র কহিতেছেন।

What wax so frozen but dissolves with tempering, And yields at last to every light impression? Things out of hope are compass'd oft with venturing, Chiefly in love, whose leave exceeds commission:

অস্থার্থ।

কঠিন জমাট মোম গলালে গলিবে। ছোবামাত্র তাই হবে বেরূপ গঠিবে। অসাধ্য সাধন হয় করিলে সাহস। বিশেষতঃ প্রেমে, বার বিদায়েতে রস। এই ক্ষণে ভারতচন্দ্রের একটি প্রভাতী এবং শেক্সপিয়রের একটি সাঁজাই গাইয়া এই নির্গজ্জতার প্রস্তাব সান্ধ করি, যথা।

বিছাম্বনরের প্রভাতী।

আদি বলি বাসার বিদার হৈল রার
কুম্দ মৃদিল আঁখি চক্র জন্ত বায় ।
বিদ্যা বলে কেমনে বলিব বাহ প্রাণ।
পলকে পলকে মোর প্রলর সমান
ও নান চকোর ও মৃথ সুথাকর।
না দেখে কেমনে রব এ চারি প্রহর।
বিরহদহনদাহে যদি রহে প্রাণ।
রক্তনীতে করিব ও মথ সুথাপান।

বীনস এবং এডোনিসের সাঁজাই।

এডোনিসের উক্তি।

"Look, the world's comforter, with weary gait,
His day's hot task hath ended in the west;
The owl, night's herald, shricks, 't is very late;
The sheep are gone to fold, birds to their nest;
The coal-black clouds that shadow heaven's light
Do summon us to part, and bid good night."

অস্তার্থ।

দেখ, জগতের স্থদাতা দিনপতি। প্রাপ্ত হরে পশ্চিমেতে করিতেছে গতি। নিশাচর নিশাচর ডাকে, দিবা শেষ। বিহুন্ত বাসার বার, গোঠ তেজে মেষ।

[oo

আকাশের আলো চাকে ঘনাসিত হন। বিলার হইতে তারা কহিছে বচন।

বীনসের উক্তি।

"Sweet boy," she says, "this night I 'll waste in sorrow,. For my sick heart commands mine eyes to watch.
Tell me, Love's master, shall we meet to-morrow?
Say, shall we? shall we? wilt thou make the match?

অস্থার্থ।

প্রিয় কিশোর, এ বামিনী মোর, বাতনার গত হবে। রোগী মম মন, প্রহরা নরন, কাবেই জাগিরে রবে। বল প্রাণনাধ, হইলে প্রভাত, দেখা হবে পুনরার। হবে সম্পর্নন, মুখদ মিলন, কিখা বাবে মুগরার।

এই ক্ষণে আমি আপনারদিগের সম্মুখে এক বাক্স [৩৫] রিয়েল লগুন বেকেড্ স্থইট্মীট্ এবং এক খুঞ্চে আসল রুফ্তনগুরে সরভাজা উপস্থিত করিলাম, আপনারদিগের অভিকৃতি, যাঁহার যাহাতে ইচ্ছা, তিনি তাহাই গ্রহণ করুন, কিন্তু এই কথা যেন মনে থাকে, বিলাতী মেঠাই হল্পম করিতে ভাল কাষ্টিলিয়ন লাল জলের আবশ্রক, সরভাজা পাকে নির্মাল খড়িয়া নদীর এক পাত্র জলই যথেষ্ট হইবেক।

প্রিয় প্রতিযোগী ষ্মপি কহেন, ইংলণ্ডীয় কবিতা বৃদ্ধাকালে ডণিশ্বিনী অর্থাৎ সদাচারশালিনী হইয়াছেন, কিন্তু এ কথা সপ্রমাণ হইবার নহে; আমরা যেমন ব্যাস বাল্মীকির পর কালিদাসকে মহাকবি বলিয়া মানি, ইংরাজেরাও সেইরপ শেক্ষপিয়র মিন্টনের পর লার্ড বাইরণকে মাস্ত করিয়া থাকেন, কিন্তু লার্ড বাহাছরের লিখিত ভন্ কুয়ান্ কাব্যের

কিয়দংশ পাঠ করিলেই ইংরাজী কবিতার বিলক্ষণ সাধনীছের প্রমাণ প্রাপ্ত হওয়া যায়,—কৈলাস বাবু কহিতে পারেন, ইংরাজী কবিতায় যেমন অধমতা আছে, তেমন উত্তমতাও সীমধিক আছে, সত্য কথা, এ কথা লক্ষন [৩৬] করিতে কে পারে ? ফলে বাসালা কবিতায় অপকৃষ্টতা ব্যতীত উৎকৃষ্টতার অভাব বলিয়াই কি তাহা কোন কালে উত্তমাবস্থা প্রাপ্ত হইবেক না ? যদি বালুকানিমিত সেতু ছারা প্রোতস্থাতীর প্রোতঃ কদ্ধ হয়, যদি নবীন নিবিদ্ধ নীরদ কর্তৃক দিনকরের পরতর কর প্রচন্তর হয়, যদি মণিময় পেটিকায় বদ্ধ বিধায়য়য়ৢয়ৢয়নাভীর মনোহর সৌরভ স্থগিত হয়; তবেই জানিব এবং মানির, দৈবায়্পগ্রহরূপ কবিতাশক্তি পরাধীনতাশৃদ্ধলে জড়িতা হইয়া স্বীয় প্রভা প্রকাশে অক্ষম হইবেক।

বস্থ বাব্ বিভার রূপ বর্ণনের কিয়দংশ পাঠ ও তদ্মবাদ করিয়া গত সভার অতীব রহন্ত রসোদীপন করিয়াছিলেন, অতএব এই স্থলে তিবিয়ের কিঞ্চিত্রেথ করা কর্ত্তবা; প্রতিযোগী অঙ্গহীনা বঙ্গভাষার যথার্থ ভঙ্গী অবগত আছেন কি না, সন্দেহস্থল; কিন্তু অনায়াসে বীর-সিংহবালা বিভা বিনোদিনীর রূপ বর্ণনা পাঠ করিয়া তাঁহাকে ভয়য়রী নিশাচরী ভাবিয়া থর থর কম্পিত কলেবর হইয়াছিলেন,—এই [৩৭] ক্ষণে উক্ত নিন্দিত বর্ণনার আমি কিয়দংশ উদ্ধৃত করিতেছি, যথা "নব নাগরী নাগর মোহিনী। রূপ নিরুপম সোহিনী ॥ শারদ পার্কণ, শীধু ধরানন, পঙ্কজ কানন মোদিনী। কুঞ্জরগামিনী, কুঞ্জবিলাসিনী, লোচন অঞ্জনগঞ্জনী ॥ কোকিলনাদিনী, গীঃপরিবাদিনী, ত্রীপরিবাদবিধায়িনী। ভারতমানস, মানস সারস, রাসবিনোদবিনোদিনী ॥"—কৈলাস বাব্ এই কতিপয় পংক্তির দোষ ধরিবেন, যদি ধরিতে পারেন, তবে আমি তদপেকা ইংরাজ কবিদিগের অধিক দোষ দেখাইয়া দিব। অপিচ

'বিনাইয়া বিনোদিয়া বেণীর শোভায়। সাপিনী তাপিনী তাপে বিবরে লুকায়॥" বিপক্ষ মহাশয় কহিয়াছিলেন, কেশের সহিত সর্পের তুলনা ष्वि ভয়ানক, তবেই বলিপে হইল, তিনি বেণী শন্ধের অর্থাবগত নহেন. হিন্দু কামিনীগণ কালসর্পাকারে বিনোদ বেণী বিনাইয়া থাকেন, প্রিয় স্থা কি তাহা দেখের নাই, অহো দেখিয়াছেন বই কি? তবে বুঝি ইংরাজী [৩৮] বিদ্যাপ্রভাবে তেঁহ খাট খাট রাকা চলের প্রিয় হইয়া থাকিবেন। "কে বলে শারদ শশী সে মুখের তুলা। পদনখে পড়ি তার আছে কতগুলা।" কৈলাস বাবু এই অত্যুক্তি ধরিয়া বিশুর উপহাস করিয়াছিলেন, এবং শেক্সপিয়রের রোমীয় নায়কের জুলিয়েট্ নায়িকার রূপ বর্ণনায় অত্যক্তি বিধানকল্পে কহিয়াছিলেন, প্রেমিকের মুখে প্রিয়তমার রূপ বর্ণনায় অত্যক্তিপ্রযোগ দোষাবহ না হইয়া গুণভাক্ষন হয়, কিন্তু জিজ্ঞাদা করি, উক্ত মহাকবি স্বীয় উক্তিতে লুক্রিশিয়ার পয়োধরের সহিত দস্ভিদন্তনির্মিত যুগল ভূগোলের তুলনা করিয়া যন্তপি নিস্তার পান, তবে অভাগা ভারতচন্দ্র কি জন্ম এত গালাগালি খান ? প্রেমিকের মুথে অত্যুক্তি রসদায়িকা বটে, কিন্তু নায়ক নায়িকাদিগের সহায়স্থলীস্বরূপা দৃতীর মুখে তত্ত্ত্যের রূপ গুণ বর্ণনায় অত্যুক্তি প্রয়োগ কোন মতেই অসমত নহে। সে যাহা হউক, ধরান্থিত বিবিধ জাতির রপাত্মভাবকতা শক্তি বিভিন্ন প্রকার, ভারতবর্ষে কটা চক্ষু, কটা কেশ ·এবং বরফের ন্থায় শেতবর্ণ নিন্দনীয়, কিন্ধ ি৯ টিউরোপীয়দিগের নিকট তত্তাবং আদরণীয়, চীনদেশীয় লোকেরা অঙ্গুলের ভায় পদ এবং কুঁচের ক্যায় চক্ষ্ স্থদুন্ত জ্ঞান করে বলিয়া তাহারদিগের সৌন্দ্র্যান্ত্রীবকতা শক্তি অপক্ষটতর বলা যুক্তিসিদ্ধ বোধ হয় না। ইউরোপীয় পণ্ডিতেরা বায়বেলের কবিত্ব অতি ফুলর অলঙার এবং যথার্থ মানসিক ভাবসমন্থিত বলিয়া নিরূপণ করিয়াছেন, কিন্তু তদগ্রন্থের উপমা সকল অধিকাংশই

আমারদিগের নিকটে অতি জঘন্ততর বোধ হয়; সলোমন অর্থাৎ যাহাকে मुननमात्नत्रां ऋत्नमान करह, रमरे महाशूक्रसत्र देशा शीजावनी याहारक জ্রীষ্টিয়ানেরা গ্রীষ্ট ও মণ্ডলীর পরস্পর প্রেক্স প্রকাশ বলিয়া উল্লেখ করেন. ফলে চোর কবি-রচিত পঞ্চাশৎ শ্লোকের মধ্যে যেরূপ দ্বার্থ অর্থাৎ একার্থ ক'লী পক্ষে. অক্তার্থ বিদ্যা পক্ষে হয়, স্থলেমানের টগ্লাতে তদ্রূপ দ্বর্থ অংখ্যণ করা বার্থ, এবং যদিও কোনং স্থলে তাহা ঘটাইতে পারা যায়, তাহা কটকল্পনা মাত্র; ইংরাজী উদ্ধৃত করা বাহুল্য হয়, এজন্ত আমি বান্ধালা অন্থবাদ কিঞ্চিৎ গ্রহণ [৮০] করিলাম, শ্রোত্বর্গ বিবেচনা করুন, প্রীষ্টিয়ানদিগের ধর্মপুস্তকে কিরূপ কবিতাশক্তি মূর্ত্তিমতী আছেন, যথা।-

"হে আমার প্রিয়ে, তুমি স্থন্দরী ও তুমি পরম স্থন্দরী; ঘোমটার মধ্যে তোমার চক্ষ কপোতের চক্ষর ন্থায়, এবং গিলিয়দের পার্ষে চরে এমত ছাগপালের স্থায় তোমার কেশ। এবং যে২ মেধী পুষ্করিণী হইতে ধৌতা হইয়া আগতা ও যমজবৎসবিশিষ্টা হয় এবং যাহাদের মধ্যে একও বন্ধ্যা নাই. এমত ছিল্লোম মেষপালের ক্রায় তোমার দস্ত। এবং সিন্দুরবর্ণ স্থত্তের ক্যায় তোমার ওষ্টাধর, ও তোমার বাক্য অতি মনোহর, ও তোমার ঘোমটার মধ্যস্থিত গণ্ডদেশ দাড়িম্বথণ্ডের ন্যায়। এবং অস্ত্রাগারের নিমিত্তে নির্মিত এক সহস্র বলবানের ঢালবিশিষ্ট দায়দের তুর্গের স্থায় তোমার গলদেশ। এবং শোশন পুষ্পের মধ্যে ভক্ষণকারী মূগের ছই যমজ বংসের স্থায় তোমার তুই স্থন। * * * *

"হে রাজকন্তে, তোমার চরণপাত্কাদ্বারা কিবা শোভা [৪১] পাইতেছে ! তোমার কটিমগুল নিপুণ কর্মকারদারা নির্মিত মণিময় হারস্বরূপ। এবং তোমার নাভিদেশ মিশ্রিত দ্রাক্ষারসে পরিপূর্ণ এক গোল পাত্তের ভায়, এবং তোমার উদর শোশন্পুস্পবেষ্টিত গোধ্মরাশির স্থায়। এবং তোমার স্তনদ্বয় যুগলহরিণবংসের ন্যায়। এবং তোমার গলদেশ হন্তিদন্তময় উচ্চগৃহের স্থায়। এবং তোমার চক্ষু বৈৎরব্ধীমের দারের নিকটন্থ হিশ্বোণের স্রোবরের ন্যায়, এবং তোমার নাসিকা দম্মেবকের সম্মুপস্থ লিবানোনের উচ্চগৃহের ন্যায়। এবং তোমার মন্তক কর্মিল্ পর্বতের স্থায়, ও তোমার মন্তকের বেণী বাগুণীয়া রঙ্গের কেশবন্ধনীর স্থায়। তোমার কেশবেশেতে রাজা বদ্ধ আছে।

"হে প্রিয়ে, তুমি প্রেমদারা সন্তোষ দিবার জন্তে কেমন স্করী ও মনোহারিণী! তোমার দীর্ঘতা তালবুক্ষের ন্থায়, ও তোমার স্থন তাহার ফলস্বরপ। আমি কহিলাম, আমি তালবুক্ষে আরোহণ করিব ও তাহার বাগুড়া ধরিব; এখন তোমার স্থন স্রাক্ষাফলের গুচ্ছস্বরূপ ও তোমার নাসিকার গন্ধ তপুহ [৪২] ফলের ন্থায়। যে উত্তম ক্রাক্ষারস পান করা প্রিয়ের স্থানায়ক হয় ও তক্রাযুক্ত লোককে কথা কহায়, তাহার ন্থায় তোমার কথা"—এই পর্যান্তই ভাল, আর কায় নাই।

অনেকে কহেন, রায় গুণাকর অনেক স্থানে ভাব চুরি করিয়াছেন, কিছ ভিন্ন ছাতীয় আদি কবিগণ ব্যতীত এই দোষ কোন কবিতে দৃশ্যমান না হয়, মহাকবি বারজিলের এবং মিণ্টনের কি এই দোষ নাই ? ভারতচন্দ্র রায় মূর্থ কবি ছিলেন না, তিনি আপনিই স্থানে২ পরিচয় দিয়াছেন, সংস্কৃত এবং পারশ্য শাস্ত্রে ব্যুংপর ছিলেন, ফলতঃ সামান্ত ধনচোরদিগের ত্যায় ভাবচোরদিগেরও সতর্কতা এবং কৌশলের আবশ্যকতা আছে, অপিচ এমত সকল প্রমাণও প্রাপ্ত হওয়া গিয়াছে যে, মূল অপেক্ষা অন্থবাদে অধিকতর সৌন্দর্য্য মাধুর্য্যের প্রাবল্য হইয়াছে, অন্তে পরে কা কথা, ভারতচন্দ্র রায় কাশীদাসের মহাভারত হইতেও অনেক ললিত পদাবলী অবিকল গ্রহণ করিয়াছেন। সে যাহা হউক, আমি ভারত[৪০] চিক্রের দোষের কথাই কহিয়া যাইতেছি, কিছ তিনি

বে প্রকৃত দৈবশক্তিমান কবি ছিলেন, তংপ্রমাণে আমরা কিছুই কহিলাম না; অতএব তাঁঘষয়ে কিঞ্চিত্তব্য আছে, যথার্থ কবির চিহ্ন যথার্থ বর্ণন অর্থাৎ কবি যে বিষয়ে বর্ণনা করিবেন; সে বিষয় পাঠ করিতেং বোধ হইবেক, যেন তাহা ইন্দ্রিয়-প্রতাক হইতেছৈ, "Thoughts that breathe and words that burn" ভারতচন্দ্র, রায়ের গাখায় খাস প্রবহন এবং ভাবজালে অনল প্রভবন হইয়াছে কি না, তাহা রতিবিলাপ এবং বিত্যাস্থলরের পূর্বরোগ অর্থাৎ প্রথম মিলনের পূর্ববাবস্থা পাঠ क्तित्नरें श्रमांगीक्रा हरेत्क, आमात्रमिरात रेंद्रः त्वभान वावृता यमि বিলাডীয় বিজ্ঞাতীয় কুসংস্থার এবং ছেম মংদরতা পরিত্যাগপূর্বক উক্ত বর্ণনা সকল পাঠ করেন, তবে তত্ত:বতে লার্ড বাইরণের ফ্রায় প্রথর ভাবসমূহ দেখিতে পাইবেন। কবিকমণের ক্রায় ভাবতচন্দ্র রায় যে সময়ে বর্ত্তমান ছিলেন, সেই সময়ের প্রচলিত দেশাচার প্রভৃতি যথার্থ-রূপে বর্ণনা করিয়া গিয়াছেন, তাঁহার [98] কাব্য সকলের বয়:ক্রম অভ্য একশত বংদর পূর্ণ হয় নাই, তথাচ এই শতাব্দের মধ্যে অম্মন্দেশের আচার ব্যবহার কিরূপ পরিবর্ত্তন হইয়াছে, ভাহা মনে করিলে নয়ন-পথে অঞ্ধারার শেষ হয় না! ভারতের শব্দসৌন্দর্য্য ভাবের মাধুর্য্য এবং রসের প্রাচ্র্য্য ও প্রাথর্য্যের কথা অধিক কি বর্ণনা করিব, বাঞ্চালা ভাষায় এরূপ স্থমিষ্ট রচনা অভাবধি আর দ্বিতীয় হয় নাই, ভারতের পত পংক্তি পাঠकानौन বোধ হয়, যেন মধুকরনিকরের ঝন্ধার হইতেছে, রায় গুণাকর বাকালা ছন্দে সম্ভুষ্ট না হইয়া স্থানে২ ভুজকপ্রয়াত, তুনক, তোটক প্রভৃতি সংস্কৃত ছন্দ ঋণ করিয়া লইয়াছেন, কিন্তু অপার্যামানে शास्तर इन्मण्डन माय रहेबाह, मः इंड इन्मावनीत ये अर्थार वर्णत লঘুষ্ গুৰুত্ব রাধিয়া অন্ত ভাষায় কবিতা রচনা করা অতি কঠিন কর্ম,— ভারতচন্দ্রের বিষয়ে এতাবন্মাত্র উক্তি করিয়া অন্যান্ত কবিদিগের প্রতি কিমছক্তি করিয়া প্রস্তাব সাঙ্গ করি।

উল্লেখিত প্ৰসিদ্ধং বান্ধালি কবি ব্যতীত বান্ধালা [৪৫] দেশে শতাবধি ব্যক্তি কবিত্বপ্রকাশে চেষ্টা করিয়াছেন, এতাবন্মধ্যে রামপ্রসাদ, ত্র্যাপ্রদাদ, রামচন্দ্র, রাদ্মশ্বর, এবং দেওয়ান রঘুনাথ রায়, রাজা রামমোহন রায়, নিধুবারু, রামবস্থ ও রাধামোহন সেন, তথা ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় প্রভৃতি অমুরাগ পাইয়াছেন, রামপ্রসাদ প্রকৃত কবির অনেক চিহ্ন দর্শাইয়াছেন, তৎকুত গীতাবলীতে পৌতুলিক তান্ত্রিক কল্পনা সকল কল্পিড হইয়াছে, তথাপি ভাহা কবিত্বশৃত্য নহে, শেহেতু কল্পনাই কবিভার জীবনস্বরূপ হইয়াছে, তন্ত্রের কোনং কল্পনা স্থচারুতর রূপক ব্যতীত আর কিছুই নহে, বিশেষত: রামপ্রসাদী পদের স্থানেং এরপ বলবতী ভাষায় মনের কথা সকল কথিত হইয়াছে, কোথায় এপ্রকার সতুপদেশ সকল প্রদত্ত হইয়াছে যে, তদ্দারা তাঁহার দৈবশক্তির প্রতি কোন সন্দেহই থাকে না, রামপ্রসাদের বিভাস্কন্দর যদিও ভারতের বিজ্ঞাস্থন্দরের ক্রায় স্থন্দরতর না হউক, ফলতঃ পঠনীয় বটে, তদ্বাতীত কালীকীর্ন্তনে তিনি বিশেষ ক্ষমতা প্রকাশ করিয়াছেন। তুর্গাপ্রসাদের গঙ্গাভক্তিতরঙ্গিণী কবিতারদের তরঙ্গিণী বটেন, কিন্তু সে [৪৬] তর্কিণী স্থরতর্ধিণীর ভাষ প্রবলা না হইয়া কুদ এক নিম্রিপ্রভূতা স্থনিশ্বলজ্বধারিণী কুলু২ শব্দকারিণী তটিনীর ন্যায় প্রবাহিত আছে: রামচন্দ্র এবং রামেশ্বরের কবিতা তেজস্বী জাঙ্গল লতার ন্যায়। দেওয়ান রঘুনাথ রায় অর্থাৎ যিনি অকিঞ্চন নামে বিখ্যাত হইয়াছেন, তাঁহার গীভাবলীর মধ্যে কোনং গীত এরপ অমুতাপ ভাবোদীপক এবং ঔদাশু-জনক যে, কালী এবং তারা শব্দের পরিবর্ত্তে খ্রীষ্ট কিছা খোদা শব্দ প্রয়োগ করিয়া প্রীষ্টানেরা ও মুসলমানেরা স্বচ্ছন্দে গান করিতে পারেন. দেওয়ান মহাশয় স্বয়ং গায়ক এবং গীতশান্ত্রে পরিপক ছিলেন, স্বতরাং বরাম্নেলকভাগুণে স্থনিপুণ ছিলেন। রাজা রামমোহন রায়ের ক্লড

কতিপয় পরমার্থদংগীতে কবিছলক্ষণ ঈক্ষণ করা যায়, রাজা মহাত্মা কবিতার প্রতি মনোযোগ করিলে বান্ধালা ভাষার জনেক গণ্য কবি হইতেন, কিন্তু তিনি পতলেথক হইলে আমরা জাহার নিকটে যে উপকার প্রাপ্ত হইতাম, তিনি গৌড়ীয় ভাষার আদি গভলেথক এবং স্বদেশীয় লোকের চরিত্রসংশোধক হওয়াতে আমরা তদপেকা সহপ্রগুণ উপকার প্রাপ্ত [৪৭] হইয়াছি। রামনিধি গুপ্ত অর্থাৎ নিধুবাবুর প্রেমরদের সংগীত সকল অধিকাংশই অপস্বতভাবে সংকলিত হইয়াছে, বিশেষতঃ ব্যাকরণ-দোষও আছে, কিন্তু কোনং টগ্লা এরপ স্থভাবপূর্ণ যে, তাহাতে বিশেষ কবিত্ব প্রকাশও পাইয়াছে, নিধুবাবুর ভাষা, সহজ প্রকার হওয়াতে তিনি অধিকাংশ লোকের প্রিয় হইয়াছিলেন, কিছু বিভা দেবী প্রকীর্ণ প্রভায় উদিতা হইলে তাঁহার আদর সমভাবে থাকা কঠিন হইয়া উঠিবেক; রামবস্থর বিরহ কবিতায় এরূপ স্থরস আছে যে, অনবরত অবণপথে তাহা পান করিলেও ত্যা ক্রশা হয় না। রাধা-মোহন সেন স্থপণ্ডিত ছিলেন, এবং তাঁহার কবিতা অথবা গাঁতে ছন্দ অলংকার অথবা ব্যাকরণের দোষ দৃষ্ট হয় না, তাহার সঙ্গীত সকল অধিকাংশই সংস্কৃত শ্লোক বা কবিতার অমুবাদ মাত্র। ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় কুকবি নহেন, স্থকবিও নহেন, তদিরচিত বাবুবিলাস বিবিবিলাস দৃতীবিলাস গ্রন্থে ইয়ং বেন্ধাল ওল্ড বেন্ধালের যথার্থ চিত্র বিচিত্রিত হইয়াছে, কিন্তু তাঁহার লেখাও প্রাচীন হইয়া পড়িল, [৪৮] যেহেতু, তাঁহার জীবদশাতেই কলিকাতার ভাব পরিবর্ত্তন হইয়া আসিয়াছে, ধর্মসভার গয়া গন্ধা লাভ হইয়াছে, সভ্যতা এবং স্বাধীনতার পথ পুরিমুক্ত হইয়া আসিতেছে, এই ক্ষণে আর গোবর ভক্ষণ, হ'ক। বারণ, বিষ্ণু স্মরণ প্রভৃতি প্রায়শ্চিত্তের প্রথা প্রসিদ্ধ নহে, হিন্দু সম্ভানগণ এবং স্বধর্মত্যাগী খ্রীষ্টানেরা একাসনে উপবেশনপ্রথক

দেশের মঙ্গলামঙ্গল বিষয় বিবেচনা করিতেছেন; অতএব কি আহলাদ। কি আহলাদ! এরূপ কাহার মনে ছিল যে, কলিকাতার স্বদেশীয় বিদেশীয় বিদ্বান লোকেরা একত্রে বসিয়া বান্দালা কবিতার বিষয়ে বকুতা করিবেন ? অতএব হে সভাস্থ মহোদয়গণ, হে দেশীয় ভ্রাতবর্গ, হে বান্ধালা ভাষার ও বান্ধালা কবিতার বন্ধবর্গ, আপনারা আর कानविनम कतिरवन ना, वामाना कविछा-हात याहार् महाकर्छ मान প্রাপ্ত হয়েন, এমত উল্লোগ করুন, উর্বাল ভূমি আছে, বীজ আছে, উপায় আছে, কেবল ক্লমকের আবশ্যক, অতএব গাজোখান করুন, উৎসাহসলিল সেচন করুন, পরিশ্রমরপ হল চালনা করুন, [৪৯] ছেয প্রভতি জান্দল কণ্টকরক উংপাটা করুন, তবে প্রায় স্থশস্তলাভ হইবেক, কিন্তু কি তঃখের বিষয়! আপনারদিগের মধ্যে অনেকে অনায়াদে প্রাপ্য স্বদেশীয় শস্তুকে ঘুণা করিয়া বিলাভী ফসল ফলাইতে যান, অথচ বিবেচনা করেন না, যেরপ বকুলবুকে আত্মকুল উদয় হয় না, সেইরপ বাঙ্গালি কর্ত্তক ইংরাজী কবিতা অথবা ইংরাজ কর্ত্তক বাঙ্গালা কবিতা রচনা অসম্ভব হয়, যদি বলেন—বাব কাশীপ্রসাদ ঘোষ, গোবিন্দচক্র দত্ত এবং রাজনারায়ণ দত্ত প্রভৃতি বাবুরা যে সকল ইংরাজী কবিতা রচনা করিয়াছেন, সে সকল কবিতা কি কবিতা হয় নাই ? উত্তর-হইয়াছে, হইবেক না কেন, অশ্বতর শব্দের অগ্রে কি অশ্ব শব্দ যোজিত নাই ? উক্ত বাবুরা ইংরাজী কবিতা রচনা কল্পে যেরূপ আয়াদ, যেরূপ পরিভ্রম এবং যেরূপ আকুঞ্নের দাস্ত করিয়াছেন, বাঙ্গালা কবিতা রচনায় যভাপি সেইরপ আয়াস, সেরপ পরিভাম এবং সেইরপ আকুধন অথবা ভাহার কিয়দংশের অমুবর্তী হইতেন, তবে তাঁহারা গণ্যমান্ত বাঙ্গালি কবি হইতে পারি-[৫০]তেন, এবং তাহা হইলে কত বড় আম্পর্দার বিষয় চইত ? অগতনী সভায় আমার এই এক পরম কোভের বিষয়

যে, প্রতিযোগীদিগের প্রত্নত্তর প্রদান করিতে প্রভাববাছলা হইল, অতএব বালালা কবিতার শ্বরূপ বর্ণনা এবং ছন্দ প্রভৃতি বিষয়ে কোন উক্তি করিতে পারিলাম না, পৃত্তকান্তরে এই ক্ষোভ নিবারণ করণের ইচ্ছা আছে। বাবু নবীনচন্দ্র পালিত গ্রুছ সভায় বর্ত্তমান বালালি কবিদিগের কিষয়ে যাহা উল্লেখ করিয়াছিলেন, তুঁছিবয়ে আমার অধিক বক্তব্য নাই, যেহেতু যথার্থ কথা কহিলে বন্ধুবিচ্ছেদ হওনের সম্ভাবনা আছে, কিন্তু একথা অবশুই বলিব, মহুশু বড় বিদান্ হইলেই যগুপি বড় কবি হইতেন, তবে শেক্সপিয়র অপেক্ষা বেন্ জন্সন এবং কালিদাস অপেক্ষা,বরক্ষচি শ্রেষ্ঠ কবি বলিয়া গণ্য হইতেন; পণ্ডিত মদনমোহন তর্কালকার কাব্যশান্তের পয়োধিবিশেষ এবং প্রকৃত কবিবু অনেক লক্ষণ প্রদর্শন করিয়াছেন বটে, কিন্তু অম্মদ্ ক্ষুদ্র বিবেচনায় বাবু ঈশ্বরচন্দ্র গুপ্ত তদপেক্ষা অধিকতর কবিতাশক্তি ধাবন, করেন. [৫১ বাধ করি ঈশ্বর বাবু বিছা বিষয়ে মহামহোপাধায় হইলে নবীন বাবু উল্লেক্ত অগ্রগণ্য করিতেন। অক্ষয় বাবুর কাব্যগ্রন্থ আমি দেখি নাই, কিন্দ্র শুনিয়াছি, তেঁহ উক্ত কাব্যের জনকত্ব হীকারে অধুনা লক্ষিত্ত হয়েন।

আমরা অন্ত যে মহায়ার নামে প্রতিষ্ঠিত সভার অধিষ্ঠিত রহিয়াছি, সেই মহায়া বাঞ্চালা কবিতাব একজন বিশেষ বাদ্ধব ছিলেন, তিনি মৃত্যুর কিয়ং মাস পূর্ণে এ অকিঞ্নের প্রতি এবং অন্ত এক বন্ধুকে এই বিষয় সম্পাদনার্থ স্বতহং রূপে আজ্ঞা প্রদান করিয়াছিলেন, কিন্তু তিনি আমারদিগকে পরিত্যাগ করিয়া গিলাছেন, এই ক্ষণে কে আমারদিগকে উৎসাহ দিবেক ? অতএব যে মহাশয় বাঞ্চালা দেশের, বাঞ্চালা ভাষার এবং বাঞ্চালা কবিতার প্রকৃত বন্ধু ছিলেন, সেই মহায়া জন, এলিয়েট, জিয়প্রাটর বীটন ঈশরস্মীপে অনস্ত নির্মালানন্দ সন্ভোগ করুন, এবং তাঁহার নাম ঘোষক, তাহার মত পোষক, সজ্জনমনতোষক এই বীটন সমাজ চন্দ্রাদিত্যের স্থিতিকাল পর্যান্ত বর্ত্তমান থাকুক, ইহাই আমারদিগের ঐকান্ডিকী প্রার্থনা।

শ্রীতারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের উদ্দেশে

হে বন্ধু, বন্ধনা করি, শিশুরুষ্ণ যশোদার কোলে, বিগলিত স্নেহরস মার বৃক্তে স্বতঃ উপলায়; ত্যারে প্রতীক্ষা করে ক্রীড়াসন্ধী গোপবালকেরা, প্রান্ধণেতে ব্রজধেম হানে ক্র অধীর আগ্রহে, গোঠের সময় হ'ল—প্রভাতেই গোধুলি-বিভ্রম!

বিমুদ্ধা আননী হেরে অকস্মাৎ শকিত বিস্বয়ে—
কোনের সন্তান তাঁর সঞ্জীবিত নিধিলের প্রেমে,
লক্ষ বাহু তার পানে স্বেহভরে নিত্যপ্রসারিত।
হর্ষে মুদে আসে আঁখি, আনন্দাশ্রু ঝরে অবিরাম,
জননী কুতার্থা—তাঁর একাস্কই বুকের ঘূলাল—
তার মুধ চেয়ে আছে চরাচর পরম আগ্রহে।

তোমারে বক্ষেতে পেয়ে ভাগ্যবতী মাতা বীরভ্মি
নিভ্তে লালন করি হুগভীর সন্তান-সোহাগে—
অরণ্য কাস্তার আর শহুকেত দিগস্তপ্রসারী
গুল্ম-ছড়ি-কন্ধরের লালমাটি ভাঙায় ডাঙায়
থোয়াই রচিয়া চলে ঝিরিঝিরি গিরি-নিঝরিণী,
উঠানে মরাই বাধা, লাউমাচা পালঙের ক্ষেত,
থড়ো কুটিরের গ্রাম—পুরাতন ইষ্টক-পঞ্চর,
ডোবায় বিশ্বত-স্থতি অভীতের দীর্ঘিকা বিশাল,

শিবেব দেউল কোথা, শ্মণানেব দিগম্ববী দেবী,
শৃগালদেবতা আসে স্কনিদিন্ত পূজার প্রহরে,
গ্রামশেষে হবিধ্বনি জেগে বহে চাব্রণ প্রহর,
বৈষ্ণবেব আর্থভায় গ্রামানের বাউলেবা আরে।

পাবে নি বাধিকে মাতা এবই মাঝে তোমাবে ভ্লায়ে,
দুবেব ইসাবা জাগে চোপে চোপে বাহক্ষলেব,
টানিল সজানা পথ—ঘণ্টান্দনি বল্লমেব শিবে
গ্রাম হতে গামাপ্তবে জুটে চলে ফাকং বকবা,
নিশাথে পেচক ভাকে, হাকে কীব টংলদাবেব।
এদেবই ইপিত বন্ধু, তোমশেব টানিঘা নিল দবে,
মুছে গেল বসকলি, বাদেদেব জলসা-আসবে
ঘনায় ভীবনবস বাইতাব নপুব নিক্ষে

মানবী-যামিনী শেষ, ভেঙে গেল সথেব মাসব,
চৈ তালীব ঘণি জাগে অটুহাসি কালবৈশাপীব,
ভাঙিল পাষাণপুনী—হে বন্ধু, সে বঞ্চাব প্রহাবে
তুমি বাহিবিলে পথে, পথ ও পথিক চিবন্ধন,
আজ আছে বাল নাই, অপরপ বেদেব ছাউনি,
গৈবিক স্বণি শেষ সাপুডেব নাশী বাণে দূবে।
তে বন্ধু, দেখেছ তুমি আগুন লেগেছে লোকাল্যে,
জ্বলিভেছে দাউ লাউ—দেবতা হাসিছে শাস্ত হাসি,
নিক্দেশ যাত্রা তব, মাতৃভ্যি প্রতীক্ষা-নাকুল।

পরিব্রাজকের ডায়েরি

किटिनाम दम्भ

তাহারই কুলে নাকি এক অভি প্রাচীন কালে মানব বাস করিত।
তথনও পাতৃর আবিদ্ধার হয় নাই, পাধরের অস্ত্রশস্ত্র দিয়াই নাত্রষ নিজের
সব কাজ চালাইত। সেই যুগের কিছু অস্ত্র এ অঞ্লে আবিষ্কৃত হইয়াছে
ভানিয়া এখানে অফুসন্ধানের জন্তু আসিয়াছি। সকাল হইতে মাঠে
মাঠে ঘুরিয়া জইপানি চমংকার কুঠার খ্জিয়া পাইয়াছি, নীল কঠিন
পাথরে তৈয়ারি, কি তাহার ধার, কি ফ্লর গড়ন!

সেই যুগের মান্থবের কথা ভাবিতেছি। শুধু কুঠার কেন ? ইহারা কি থেবল যুদ্ধই করিত ? পরস্পরের প্রতি ভালবাসা ইহাদের ছিল না? না, তাহা হয় না। হয়তে। চাযবাদের বন্ধগুলি তাহারা কাঠের দ্বারা নিশাণ করিত, এখনও পৃথিবীর কোন কোন জাতি তাহা করিয়া থাকে। হয়তো পাথরের কুঠারগুলি অন্ত কোনও উপায়ে বাবহার হইত, যাহা আমাদের এখন জানা নাই। যাক, রুথা কল্পনা করিয়া লাভ নাই। এই রক্ম পাথরের অন্ত নিশাণ করিতে কত পরিশ্রম লাগে, তাহা পরীক্ষা করিয়া দেখা যাক।

নিকটে নদীর জল কলকলস্রোতে বহিয়া যাইতেছিল। দ্রে অনার্ত দেহে কয়েকজন কোল-রমণী স্নান করিতেছিল, কেহ বা পিতলের কলস মাটি দিয়া মাজিতে বসিয়াছিল। যাহারা স্নান করিতেছিল, তাহারা অনার্ত দেহের আনন্দে হাসিতেছিল। আর তুইজন পরণের কাপড় পাথরের উপরে শুকাইতে দিয়াছিল। তাহাদের গায়ে শুণু ক্ষু কটিবস্ত ছিল বলিয়া পিছন ফিরিয়া কতক্ষণে কাপড় শুকায়, তাহারই অপেকায় দাঁড়াইয়া বহিল। জলে নামিয়া ঘৃইখানি ভাল পাথর কুড়াইয়া ভাঙিতে বদিলাম। ঠক ঠক শকে ঠুকিয়া ঠুকিয়া যাহা গড়ি, ভাহাকে কল্পনার সাহায়েই বলিতে হয়, ইহা কুঠার, ইহা কোদাল। দেখিয়া বলে কাহার সাধ্য প্রত্ব ছাড়িলাম না, ঠুকিতে ঠুকিতে মোটাম্টি যখন একখানি অজ্ঞের মত পদার্থ গড়িয়া আনিঘাছি, তখন হঠাৎ শেষের আঘাতে ভাহার অগ্রভাগ দিখণ্ডিত হইয়া গেল। ছঃপ হইল বটে, কিন্তু প্রাচীন মানবের প্রতি আমার ভক্তি সহসা বাড়িয়া গেল। ভাহাদের পরিপূর্ব সর্কাপ্তক্রর কুঠার ভো আমার পাশেই ছহিয়াছে! কতথানি পরিশ্রম, কত কৌশল এবং অভিজ্ঞতাই নাইহার পিছনে লুকাইয়া আছে! পাথরের অস্ব ব্যবহার করিত বলিটোই কি ভাহারা অসভা প্রাত্ব ব্যবহার তখনও মাত্র শিখেনটে। কিন্তু গাড়ানিত, ভাহার ক্ত্রতা কম বৃদ্ধি, কম অধ্যবদায় বায় করে নাই।

অলম মধ্যাকে এই সকল কথা ভাবিতে লাগিলান । দুৱে মাঠ বু মু
করিতেছিল। মাঘ মাসের শেষ, মাঠে আর বান নাই, সব কাটা
হইয়া গিয়াছে। কেবল ননার পরপারে ক্ষুদ্র ক্ষেতে পেসারি ও
ছোলার গাছ হইয়াছিল, সেধানে ধড়ের সামাক্ত নীড় বাধিয়া একজন
লোক পাহারা দিতেছিল। রাধাল-বালকেরা গঞ্চ-মহিষের পাল লইয়া
জলের ধারে নামিয়া আসিতেছিল। ভাহার মধ্যে একজন বানের
কাশীতে অতি সাধারণ একটি হার বার বার সাধিতেছিল, গুরটির
মিইতার ফেন আর শেষ নাই। নদীর ধারে কোখাও বা এক-আগ্রটি
ক্লগাছ। কোল-রমণীগণ ইত্যত জালানি-কাঠ সংগ্রহ করিতে
আসিয়া কুল পাড়িতে লাগিয়াছিল। একজন গাছ ধরিয়া নাড়া দেয়,
পাচজনে ভাহা কুড়াইয়া খার। ইহার; বনের মধ্যে একা চলে না,
তুই চারি জন একসকে যায়। বোধ হয়, একা ঘাইতে ভয় করে।

ওপারে যে কুজ গ্রামধানি দেখা যাইতেছিল, তাহার প্রাম্থে গভর্মেন্টের পাকা সড়ক চলিয়া গিয়াছে। একদল কোল-রমণী সেই পথে মজুরি করিয়া ফিনিতেছিল। রৌজতপ্ত অপরাত্নে তাহারা এক বক্ষের ছায়ায় বসিল। আমি পাথরের উপর বসিয়াই তাহাদের দেখিতে পাইতেছিলাম। সিংহভূমের অধিকাংশ অধিবাসী কোল হইলেও অনেক সময়ে বাংলা গান গাহিয়া থাকে। রমণীগণ ছায়ায় বসিয়া গান ধরিল। কি গান, ভাল ব্ঝিতে পারিলাম,না; তবে হুই তিনটি প্রিচিত শব্দ কানে, ভাসিয়া আসিল—পিরীতি, কালা, রমণী। এই খোলা মাঠের দেশে, যেগানে দ্রে বনে ভরা খ্যামল পাহাড়ের মালা দিগন্ত দিরিয়া আছে, স্বরটি যেন সেখানে চারিপাশের সক্ষে মিশিয়া যায়। অনেকক্ষণ তাহাদের টানিয়া টানিয়া গান গাওয়া শুনিলাম। পথ দিয়া একখানি মোটর-লরি যাত্রীর দল লইয়া ধূলা উড়াইয়া ছুটিয়া গেল। বোধ হয় কেহ রসিকতা করিয়া থাকিবে, রমণীগণের কলহাস্থে চকিত হইয়া উঠিলাম। তাহারা হাসিয়া উঠিয়া পড়িল এবং আবার পথ বাহিয়া চলিয়া গেল।

অলস দিবস পার হইয়া স্থা পশ্চিমে ঢলিয়া পড়িয়াছে। জলের প্রান্তে নামিয়া আসিলাম। কত বিচিত্র রঙের পাণরের উপর দিয়া স্বচ্ছ জলধারা বহিয়া যাইতেছিল, তাহা নিরীক্ষণ করিতে লাগিলাম। কোনটি লাল, কোনটির গায়ে সমান্তরাল রুক্ষরেখার মালা, জলের তরকে লীলায়িত হইয়া উঠিয়াছে। কোনটি বা নীলাভ, চতুক্ষোণ, তরকের আঘাতে তাহার নীল আভা যেন নৃত্য করিতেছে। পাণরগুলিকে কুড়াইয়া লইলাম। কিন্তু কি আশ্র্যা, হাতে লইতেই তাহাদের শোভা নিমেষে অন্তহিত হইল। তাহারা প্রাচীন স্থানু পাণরের খণ্ডে পরিণত হইয়া গেল। কোধায় বা ভাহাদের রূপ, কোধায় বা নেই রঙ!

কোলেদের জীবননাট্যের কথা ভাবিতে লাগিলাম। ভাহারা আমাদের দেশের লোকের মতই পরিশ্রম করে, লজ্জা পায়, ভয় করে, গান গায়, বাঁশী বাজায়। সবই করে, কিন্তু জ্ঞাবনের কলরবে তাহাদের সবই বেন স্থলার। সেই একই মাছুবের মন, এখানেও যেমন, আমাদের দেশেও তেমনই, প্রভেদ কেবল প্রকাশের দ্বীতিতে। আমরা লচ্জা পাই, ভয় শ্রম সকলই করি, কিন্তু স্পষ্টভাবে যেন সব কথা প্রকাশ করিতে পারি না ৷ কোলেরা প্রশাশ করিতে ভয় পায় ना। जानम इटेरन दम भान भाव, रथनाव रेक्टा ट्वेरन रथरन। আবার স্থার নাচগান পছন্দ না হইলে চেলা-কাঠ লইফ তাহাকে তাড়া করে, স্ত্রী ভয়ে পনাইয়া যায়। কিন্তু তাহার প্রতি স্বানীর অভুরাগের আভাদ পাইয়া পুলকিত মনে হাসে, ইহাও দেখিয়াছি: এই স্বচ্ছ প্রকাশেই ইহাদের জীবনকে আমাদের অপেকা লীলাঘিত করিয়া তুলিয়াছে। তাহাদের জীবনের উপর দিয়া যেন স্বল্পতোয়া পার্বতা नमी मुथत भरक वश्या हिन्धारह, आभारमत कीवरनत अख्यन रथन সভাতার গভার জলে ভারাক্রাম্ব হইয়া আছে। তাহার না আছে গতি, না আছে স্বচ্ছতা। আবরণের ভারে আমর। নিম্পেষিত হইয়া আছি, জীবনের অন্তরে যাহা ঘটতেছে, তাহা ঋজু সরল ভাবে ভাবিতে বা করিতে আমাদের হৃদ্য সঙ্কৃচিত হইয়া যায়।

মধ্যবিত্ত বাঙালীর জীবনের কথা ভাবিতে আর ভাল লাগিল না।
নদী পার হইয়া মাঠ ভাঙিয়া প্রবাদের ঘরের দিকে ফিরিতে লাগিলায়।
ওগারে গ্রামের প্রান্তে, নদীর কুলে দেখিলায়, কাহার একখানি নৃতন
সমাধি রচিত হইয়াছে। বোধ হয় কোনও নারী হইবে, তাহাকে উত্তর
শিয়রে সমাধিস্থ করা হইয়াছে। মাটি একান্ত কাঁচা রহিয়াছে,
সমাধির উপরে কতকগুলি পাধর চাপানো, যেন শেয়াল-কুকুরে শবদেহ

লইয়া না যায়। আর তাহার উপরে একখানি দড়ির থাটিয়া পায়া ভাঙিয়া রাখা হইয়াছে। এই থাটেই নারীর দেহ শেষ প্রবাসের যাত্রায় আসিয়াছিল। কাছে একথানি কুলার উপরে লালপাড় শাড়ির ছিন্ন অংশ এবং কয়েকখানি হরিদ্বর্ণ পত্র সমত্বে সক্ষিত ছিল। আত্মীয়েরা হয়তো স্থৃতির উদ্বেশে বসন ও ভ্ষণের এই সামান্ত আয়োজন নিবেদন করিয়া গিয়াছে।

মনটা ভারী হইয়া গেল। পথের উপ্র দিয়া ধীরে ধীরে ফ্লারতে লাগিলাম। দ্রে প্টে ছয় জন লোক একটি বাঁশে এক মৃত্ত গাভীর চারি পা একত্র বাধিয়া লইয়া আদিতেছিল। আশ্চর্য্য হইবার কিছুইছিল না। গাভীর মাথাটি নেডাইয়া পড়িয়াছিল এবং বাহকগণের অসমান গতির জক্ত ছলিতেছিল। হয়তো অরক্ষণ আগেই ইহার মৃত্যু ঘটিয়া থাকিবে। কিছু কাছে আদিতে হঠাৎ চমক লাগিল। গাভীটির পশ্চাদ্ভাগে অর্ক্পস্ত বংসের দেহার্দ্ধ প্রলম্বিত হইয়া ছিল, তাহার মাথা ও একটি পা যেন বাহির হইবার বিপুল চেষ্টায় টান হইয়া হঠাৎ তব্ব হইয়া গিয়াছে। ব্রিলাম, এই অনাগত বংসই মাতার মৃত্যুর কারণ হইয়াছে। বাহকগণের পশ্চাতে এক ব্যক্তি আদিতেছিল, তাহাকে জিজ্ঞানা করিলাম, মর গয়া? সে আমার দিকে না চাহিয়া নিয়ক্ষরে বলিল, হা বাবু, মর গয়া।

হায় রে ! জন্ম এবং মৃত্যুর এই ছজ্জের পটভূমির সন্মুখে আমরাই বা কি, আর এই অবোধ জীবই বা কোথায় ? ছইজনের মধ্যে প্রভেদ তো কোথাও নাই, ব্যথা তো ছইজনেই সমান পায় । মাছুষে মাছুষেই বা প্রভেদ কোথায় ? কেহু বা ক্ষণেকের আনন্দে কলরব করিয়া উঠে, কেহু বা করে না । কিছু ছইজনের পিছনেই সেই একই অজ্ঞের পটভূমি, যাহার সন্মুখে জীবনের সকল লীলা আকাশের অক্ষলারের পটভূমি, ঘাহার সন্মুখে জীবনের সকল লীলা আকাশের অক্ষলারের পটভূমি, হাহার মৃত্যু জীবনের সকল লীলা আকাশের অক্ষলারের পটভূমি, হাহার মৃত্যু জীবনের সকল লীলা আকাশের অক্ষলারের মধ্যেই মান শীতল হইয়া যায় । প্রাচীন যুগের প্রাচীন মানব যেমন নিশিক্ত ইয়া গায়র গাইব ।

ভোলার স্ববিধা

পকার করি ভূলিবে পত্রগাঠ,
নতুবা নিত্য লেগে রবে ঝঞ্চাট।
মান্থর চায় না খাটো হতে কারো,
লইবে নে তুমি যত দাও শালে,
ফিরিঘার পথে ও তরী দেয় না আঁট।

₹

ক্রীতদাস ছিল মৃক্তি দিয়েছ যার,
সেও চিনিবে না, তুমিও চিনো না আর

যাহারে যা দিবে দেওয়া শেষ হ'লে

বালিতে লিখিয়া মৃছে ফেল জলে,
উস্থল না হ'ক, হবে না উস্থল ছাট।

৩

উপকার করি ভূলিলে তাহার কথা,
দিতে পারিবে না বেদনা রুডমতা।
সেটাও একটা কত বড় লাভ
বোঝ নাকো তুমি সরলম্বভাব,
চেনা ঘোড়া হ'লে অধিক বাজিবে চাট

٥

বে শর বি ধিবে না চেনাই সেটা ভাল,
ভাকাতের হাতে রুঢ়তর গৃহ আলো,
ভাধাই তোমারে ওহে স্থাবর,
ৃপড়ে যদি হবে সে কি প্রীতিকর,
ভোমারি পৃঠে তোমারি চেলানো কাঠ?

æ

ভূলিগ। ধাবার বিশেষ স্থবিধা এই,
পাবে না যেটারে আগেই ভাবিবে নেই।
নতুবা হৃদয় করিতে শাস্ত
পড়িতে হইবে গোটা বেদাস্ত,
ভোলানাথ হ'ল বিষেৱ সম্রাট।

শ্ৰীকুমুদরঞ্জন মল্লিক

When the peoples of the earth had decided what gifts they would ask of God, they gathered before His throne and made their requests.

The Latins said: "we want wisdom."

The English said: "we want the sea."
The Turks said: "Allah, give us the fields."

The Russians said: "Give us the mountains and the iron mines,"

The Franch said: "Give us gold,"

The Germans said: "Give us weapons."

"National Zeitung," Basel.

The Indians said: "Give us—er—what?

Give us non-violence."

কেন আমি লেখক নহি

প্রিটিত মহল হইতে

ক্রিটিত মহল হইতে

ক্রেটিত মহল হাত্তি

ক্রিটিত মান্টিত মান্ট অহুরোধ আসে তাঁহাদের জীবনী হইতে উপীকরণ সংগ্রহ করিয়া গল্প দিবিবার জন্ম। হয়তো তাঁহারা নিজেদের সম্বন্ধে সত্য কথা শুনিতে চাহেনু না, বা সভা কথা মহু করিবার সাহুস তাঁহাদের নাই, তাই গল্পের মধ্য দিয়া আত্মজীবনের থানিকটা মনোর্ম অংশ ও মনোহর कीर्डि-कार्रिनी अभिनात वामना छाराएत मतन श्रवन रहेशा छेर्छ। তাঁহার। প্রায় প্রত্যেকেই বলেন, দোষে-গুণৈ মাহুষ। তৃর্বুভতম মাহুষের মধ্যেও এমন অনেক সদ্গুণ আছে যাহা ঋষি-তুল্য প্রাদ্ধেয়ের মধ্যে বিরল, আবার ঋষি-তুল্য ব্যক্তির অবচেতন মনের মালিগু অসতক মুহুর্ত্তে প্রকাশ হইয়া পড়িলে জঘতা চরিত্রের ব্যক্তিকেও লচ্ছায় অধোবদন হইতে হয়। মনতংক্র অনেক জটিল ও ছ্রহ তথা ইহাদের ম্থে প্রায়ই শোনা যায়; ক্রয়েড ও ফাভেলক এলিসের কোটেশনে ইহারা ত্রন্ত; কিন্তু হায়, সত্য কথা যে প্রিয় কথা নহে, এই সামান্ত প্রবচনটুকু ইহারা মনে রাথেন না! অপরের সম্বন্ধে যে নিশ্মম সত্যের প্রকাশ মনকে পুলক-বিহরল করিয়া তুলে, নিজের সম্বন্ধে সেই প্রকাশকেই অত্যস্ত অন্যায় বলিয়া মনে হয় এবং লেপককে অফুরোধ করিয়া যাহা 'লিখাইয়া থাকেন, তাহার মধ্যে রুঢ় সত্যের ছায়া কিছু পড়িলে অভিমান বা ,ক্রোধের সঞ্চার হয়। অভিমান সব ক্ষেত্রে ততটা মারাস্মক নহে; কেন না, তাহা অহিংস। হিংসামূলক ক্রোধ অভি ভয়ানক। ইহা অগ্নির ভায় দাহ বস্তকে পুড়াইয়া নিঃশেষ না করা পর্যাস্ত সমান তেজমান ধাকে। আসল কথা, অহুরোধে পড়িয়া বন্ধু-বান্ধব, আত্মীয়-স্বজন বা পরিচিতের চরিত্র চিত্রণ করিতে যাওয়ায় অনেকথানি বিপদ আছে। তাঁহাদের লইয়া শুবমালা রচনা চলে, সত্যভাষণ চলে না। গল্পের মোড়কে মৃড়িলে কি হয়; গল্পকে মিধ্যা ভাবিয়া কৌতুক উপভোগ করিবার মত সবল মন কোথায় ? লেখককে জব্দ করিবার জন্য আইনের থড়া উচানোই **আঁছে**; তাই সাবধানী লেখক ভূমিকায় প্রায়ই লিখিয়া দেন, এই পুস্তকের সমস্ত চরিত্রই কল্পনাপ্রস্থত। সাধারণ পাঠক किन वनीक कन्ननात शक्कभाजी नरहन। किन वास्त्रव नहेगा वात्रवात করার অনেক অস্থবিধা। একে তো আমাদের সঙ্কীর্ণতম জীবন, পরিধিতে বৃহত্তর জগতের স্বাদ বড় একটা মিলে না, ভাই-বন্ধু আত্মীয়-স্বজন লইয়া কারবার। পদ্ধী-বর্ণনায় অভিশয়োক্তি ও শহর-বর্ণনায় প্রশংসা-কুঠতার দোষ প্রায়ই লেখনী আশ্রয় করে। যে যুদ্ধ-মহিমায় জীবনের বিস্তীর্ণ ক্ষেত্রের দর্শন মিলে, আমরা সেই রণক্ষেত্রকে বছযুগ অতীতের কুরুক্তেত্র বা সমূদ্রতীরবন্তী লন্ধার বিস্তীর্ণ প্রান্তরে স্থললিত পয়ার ছন্দের মধ্যে মাত্র প্রত্যক্ষ করিতে পারি; হিন্দু-মুসলমান রাজতে যে সব যুদ্ধ হইয়া গিয়াছে, তাহার মধ্যেও বহু অদ্ধন্তা ও পূর্ণমিখ্যার গৌরব-কাহিনী ছানিয়া ঐতিহাসিক উপন্তাস লিখিয়া পাঠকের মনোরঞ্জনে প্রায়াস পাইতে পারি, কিন্তু অতি-আধুনিক যুগের পাঠককে সেই 'না ঘরের, না ঘাটের' মোদকথণ্ড তুলিয়া দিলে তৎক্ষণাৎ মূথবিকৃতি করিয়া মাটিতেই নামাইয়া রাখিবেন। অথচ স্ষ্টির প্রেরণায় আমাদের হাত প্রতিনিয়ত . উস্থুস করিতেছে। ঝরণা-কলম কালিতে ভরা, সাদা কাগজ আকণ্ঠ পিপাসায় নিবের স্চ্যগ্রভাগে লক্ষ্য স্থির রাখিগছে, আকাশে বর্ণের বিকাশ, ঋতুতে ঋতুতে সমারোহ এবং মনস্তত্ত্ব-রসায়নে অন্তর মন শক্তিশালী ও সক্রিয়, না লিখিয়া উপায় কি ?

किन्ह निश्चित कि ? लिश्चात्र विश्वमश्चनि ভाविया प्रिश्चित वात्रशा-कन्म

দিয়া কালির প্রবাহ বহিতে চাহে না। যাহাদের লইয়া মনস্তত্ত্বের কারবার ফাঁদিবার বাসনা, ভাহাদের মন আছে এবং নিঃসন্দেহে তাহা সক্রিয়, কিন্তু প্রত্যক্ষ জগতে সেই ক্রিয়া-ক্লাচপর নমুনা আমার জীবন-ধারণের সমস্থাকে যদি প্রতিনিয়তই আঘাত করিয়া চলে তো ঝরণা-কলম বারণার জলে (কিমা পুরুরের জলে) ভীসাইয়া দেওয়া ছাড়া গভান্তর কি ? একটি প্রশ্ন উঠিতে পারে, লেখক নিভীক না হইলে তাঁহার লেখনীধারণ অসার্থক। অত্যন্ত থাঁটি কথা এবং সতা কথা। কাপুরুষতা লেথকের সাজে না। কিন্তু সতা কথা বলিতে গেলে সমাজ আত্মীয়-স্বজন এমন কি প্রিয়ার সঙ্গে বিচ্ছেদ প্রয়ন্ত অপরিহাধ্য। লেখকের জীবন হয়তো সাধকের জীবন, কিন্তু লেখকের সাধনা নির্জ্জন অরণ্যে সীমাবদ্ধ রাখিলে চলে না। লেখকের মন্তিষ্ক ও হৃদয় চুইই প্রথর হওয়া আবশ্যক: সংসার-আস্ক্রির সন্ধাতিসন্ধ বিশ্লেষণ-প্রমতার পরিচয় না দিলে, বাস্তব জগতে ভাহার মূল্য নির্দারণ করিতে কেইই যত্নবান হইবেন না। অথচ বাস্তব জগতের বিপদগুলি ওছন। জ্ঞানোক্মেষের সঙ্গে যাঁহাদের সহিত পরিচয়, তাঁহারা চিরকাল দোমগুণের অতীত। তাঁহারা প্রতিপালক; বাকা, অন্ন, জ্ঞান, বিছা ইত্যাদি ষত কিছু পাথিব দানে মাফুষকে শক্তিশালী ও সচেতন করার দরকার, তাহা শৈশব হইতেই স্নেহ ও কর্তব্যের খাতিরে সামর্থ্যামুঘায়ী অকাতরে (?) দিয়া আসিতেছেন। স্থতরাং, তাঁহাদের ঋণভার মাথায় তুলিয়া তাঁহাদের পায়ের পানে না ঝুঁকিয়া আমাদের গত্যস্তর নাই। বাস্তর কেত্রে কলম ধলিয়া যদি তঃসাহসীর মত তাঁহাদের ঘণায়থ চিত্র অন্ধন করিতেই হুর তো তাঁহারা বিস্তুশালী হইলে আমার ত্যাত্মপুত্র হওয়া বিণাতাও রোধ করিতে পারিবেন না, মধ্যবিত্ত হইলে দৈহিক উৎপীড়ন কিছু ঘটিবেই এবং নি:স্ব হইলে অভিশাপের অগ্নি প্রতিনিয়ত ব্যবিত হইতে

थाकित्व। এই সমস্তেও তত ভয়ের কারণ নাই, নির্বাক বেদনার ভাষাকে আমার বড় ভয়। তাই তথাক্থিত শ্রন্থের জনের চরিত্র লইয়া আলোচনা প্রথম হইড়েই পরিত্যাগ করিয়াছি। বাবা-মায়ের পরই याहारमञ् প্रভाব জीवन अजास প্রবল, তাঁহারা বন্ধ। अन्न हरेएड মৃত্যু পর্যান্ত তাঁহাদের লইয়াই জীবনের যত কিছু সম্পূর্ণতা। তাঁহাদের বাক্য, হাসি, বৃদ্ধি ও হাদয়ের সঙ্গে প্রতিনিয়ত বিনিময় চলিতেছে; ञ्ख्ताः षञ्चक ना इट्टेग्लं छाँशामत कीयन य उपकर्व दिमार्य আমার লেখার অত্যন্ত লোভের সামগ্রী, এ কথা অস্বীকার করি কি করিয়া ৷ অথচ অন্তরকতার স্থযোগ লইয়া যেই মাত্র অন্তরতম স্থহদের গোপন কথাট প্রকাশ করিবার চেষ্টা করিয়াছি, তিনি মূপে আযাঢ়ের মেঘ নামাইয়া অস্তর-কপাট নির্মম করেই রুদ্ধ করিয়া দিয়াছেন। বন্ধর ভালবাসায় যেখানে স্বার্থের সন্ধান মিলিয়াছে—সেইখানে আমি কপট, ষেধানে ত্যাগের পরিচয় লেখা—সেইখানে আমি শক্তিমান। বৃদ্ধি জিনিসটা মোটামুটি শুনিতে কর্ণরোচক, প্রতিভামণ্ডিত ইইলে তো কথাই নাই, কিন্তু বিশ্লেষণে মুর্যাদাহানিকর। চাতুরি, পাটোয়ারি, ধুর্তামি ইত্যাদি নিম্নতবের জিনিসে মৌলিকত্ব থাকিলেও সে বর্ণনায় বন্ধুর মন বর্ষাকালের অমাবস্থা রাত্রির মতই হয়তো নিদারুণ হইয়া উঠিবে। স্নেহের ক্ষেত্রে বন্ধুকে যদি নির্কোধ বলা যায়, অত্যন্ত উদারমনা হইলে অধুশি হয়তো তিনি নাও হইতে পারেন, কিন্তু পূর্ববৎ প্রাণগোলা ম্বেহ-রস উপভোগ করিতে পাইব কিনা সন্দেহ, অন্তত বৃদ্ধিপ্রকাশের থাতিরেও তিনি সন্ধৃচিত হইতে বাধা। বিদ্যার ক্ষেত্রে ইহাদের উপরে উঠিনার চেষ্টা করা বৃদ্ধির পরিচায়ক নহে; বন্ধুত্বের পলকা স্তার তো কথাই नारे, मक काहिए भेठ कतिया हिँ जिया याय। व्याम्हर्या, देशास्त्र मत्य যত খুশি মনপ্রাণ বিনিময়ের মৃহুর্ত্তে নিজের তুর্বলতা প্রকাশ কর বা তাঁহাদের তুর্বলতা লইয়া পরিহাস কর, বৃদ্ধিকে ধিকার দাও, বিদ্যাকে সঙ্কৃতিত কর, স্নেহে স্বার্থের প্রকাশ দেখ, তর্কের খাতিরে হাতাহাতি কর, কিছুই স্থায়ী ফল প্রসব করিবে না; কিন্তু তুর্বলতম মৃহুর্ত্তের সামাগ্রতর পরিচয় যদি কাগজে কালির টানে রেখাপাত করিতে চাও তো বিপদের সীমা-পরিসীমা থাকিবে না। পরম বন্ধুতিবিগড়াইলে যে চরম শক্রকেও হার মানায়, এ কথা তো সর্বকালে স্বর্গদেশের প্রবাদবাক্য।

ুশতংপর আত্মীয়-স্বজন,। যেবার ভীমকলের চাকে খোঁচা দিয়া ক্রুড স্থানত্যাগ করিতে পারি নাই, ফল নবশা হাতে হাতেই মিলিয়াছিল আত্মীয়-স্বজনকে তেমন হুলবিশিষ্ট ভীমকলের সঙ্গে তুলনা করিবার সাহস আমার নাই, বরং খমীমাছির সঙ্গে তুলনা করিলে কতকটা মানায়; কিন্তু মধুর লোভ একেবারে ত্যাগ না করিতে পারিলে হুলের ভয় কাটানো তুলর।

উহাদের পাশ কাটাইতে গেলে প্রতিবেশীদের সাক্ষাৎ মেলে। ইহারা আত্মীয়ও বটে, অনাত্মীয়ও বটে। ইহাদের সম্বন্ধে রুশ লেগকের উক্তিটুকু স্বতই মনে পড়ে।—

One can love one's neighbours in the abstract, or even at a distance, but at close quarters it's almost impossible.

কিন্তু আমার মতে প্রতিবেশীরা আসলে ভাল, তাঁহাদের সঙ্গে আয়নার তুলনা চলে। মাজিয়া ঘবিয়া যত্ন করিয়া রাখ, সে তোমার প্রতিমৃত্তিকে কোখাও অস্পষ্ট বা আবিল করিয়া তুলিবে না, হাই দিয়া মলিন করিলে তোমারই কতি।

তবৈ ইহাদের মধ্যে বাছিয়া বাছিয়া মধুরসম্পর্কীয়দের লইয়া কিছু লিখিতে বাধা নাই। যেমন ঠানদিদি, বউদিদি। একবার জনৈকা ঠানদিদির হরিনামের ঝুলি ও পরচর্চ্চা-কীর্ত্তন লইয়া কিঞ্চিৎ চর্চা করিয়া-ছিলাম, ফলে তিনি সম্পর্ক বজায় রাখিতে পারেন নাই। তাঁহার প্রথর রসনা-চালনার কলে সাহিত্যের আবর্জ্জনা আমার মন্তিম্ব হইতে প্রায় দ্রীভূত হইবার উপ্ক্রম হইয়াছিল, ভাগ্যে শহরে তৃই দশ দিন বাস করিবার স্থান ছিল, তাই রক্ষা।

বউদিদি আমার আধুনিকা নহেন, সাহিত্যের সংবাদ রাধার চেয়ে গৃহস্থালীর শৃঞ্জা-বিধানকে বহু মূল্যবান জ্ঞান করেন। গল্প-উপদ্যাস না পড়িয়াও তিনি যে সব স্থুল রসিকত। করেন, তাহ। লিপিবদ্ধ করিলে অধুনাবিলুপ্ত বাঙালো সমাজের স্থানর চিত্র পাঠকের পক্ষে হুতু ইইবে বলিয়াই একদা ঐরপ বাক্তপির অমুকরণে মনোনিবেশ করিয়াছিলাম। কিন্তু হায়, এক মাস যাইতে না যাইতে সবিশ্বয়ে লক্ষ্য করিলাম, বউদিদি আমার সাহিত্য-ভক্ত হইয়া উঠিলেন। আমার পাতে সমজে রন্ধিত স্ভোজ্য আর তেমন সমাদরে পরিবেশিত হয় না। আমাকে দেখিয়া রসিকতা করা দ্রে থাকুক, পাশ কাটাইতে ব্যতিব্যক্ত হন। আমি যদি রসিক হইবার চেষ্টা করি, তিনি মূখ ভার করিয়া বলেন, থাক, আর কাজ নেই। আমরা মূখ্য মাস্ক্য লেখাপড়া জানি না, আমরা কি কথা কইবার মূগ্যি!

অনেক অমুসন্ধানের ফলে বউদিনির আলমারি হইতে কয়েকখানি পুরানো মাসিকপত্র উদ্ধার করিয়া সমস্তার সমাধান করিয়াছিলাম। উনি সাহিত্যের সঙ্গে পরিচয় স্থাপন করিয়াছেন, আমাকে বুঝি বা সে পরিচয় ভূলিয়া যাইতে হয়। এমন স্থানিদারক দৃশ্য জগজে কোথাও ঘটিয়াছে কি গ

ভাবিলাম, দ্র ছাই, বাড়ির লোক ও পাড়ার লোক ধরিয়া আর মনস্তত্ব বিশ্লেষণ করিব না। কর্মক্ষেত্রে সহক্ষীর উপর কটাক্ষপাত

করাটা মন্দ কি? তাহাদের সঙ্গে দশটা পাঁচটার সম্পর্ক। তাহারা क्क श्रेटल कीवन श्राटा क्क्ट श्रेया छेठिट ना। ताश करत, चरत्रत অন্ন বেশি খাইয়া মুদির দেনা বৃদ্ধি করিতেব - বড় জ্বোর কথা কহিবে না, তাহাতে নির্বিবাদে অফিসের কাজটুকু স্থসম্পন্ন করিতে পারিব। তীক্ষ দৃষ্টিতে পর্যাবেক্ষণ করিতে লাগিলাম। যে • দিকেই তাকাই— लिथाई मननात खाउँ खाउँ पार्व । इंशापित खीवन नवनदीन বাঞ্জনের মত, পাতে সাজাইয়া রাখ, মন্দ দেখাইবে না, কিন্তু মুখে দিয়াছ কি পরিপূর্ণ এক মাস জলের প্রয়োজন। Merry-go-round থেলার মত একটি সরলরেথাকে কেন্দ্র করিয়া বৃত্ত রচনা করিয়া ঘুরিতেছে। দেই সাংসারিক অসচ্ছলতা, ছেলের অমুথ, ক্লাদায়, স্ত্রীর थिटिथिटि स्मञ्जाक, निर्देशित टिक्टि, वानू-किनत पत्र-वर्गमा, हिहेनात-মুসোলিনির মুগুপাত ইত্যাদি ইত্যাদি। উহারই মধ্যে একজনের একট্ বিশেষত্ব লক্ষ্য করিয়া মনে আনন্দ হইল। ইনি বড়বাবু, কেরানিকুলের প্রত্যক ফলপ্রদ দেবতা। ব্যক্তিবিশেষের প্রতি ইহার আচরণের অসামগ্রস্থ—মনন্তত্ত্বের একটি অলিখিত দিক অপূর্ব্ব হইয়া সারা মনের मृद्ध अत्रुग-कन्मिटिक भगान्य नाहारेग्रा जुनिन। है।, हिज्रुग्निप्राशी চরিত্র বটে। ইহার মৃলে মেঘ-রৌছের ধেলা তো প্রতিনিয়তই দেখিতেছি,-এই হাসি, এই হুৱার। কাহাকেও সপুম স্বর্গে তুলিয়া সভা মোক্ষ দিতেছেন, কাহাকেও নরকন্থ করিতে ছিধা বোধ করিতেছেন না। বিনা প্রয়োজনে অনেকে আসিয়া প্রত্যক্ষে লছা কুর্নিশের সঙ্গে স্তুতি নিবেদন ক্রিতেছে, আবার পরোকে অভিধান-বহিভূতি ভাষায় অভিনন্দিত করিতেও ছাড়িতেছে না। স্বন্ধর চরিত্র, স্বতরাং রঙের পোঁচ দেওয়া গেল। রঙের পোঁচ হয়তো বা গাঢ়তরই হইয়াছিল, সে মুখ অতঃপর sphinx-এর বলিয়াই মনে হইল ; এবং সাহিত্যের ফব্ধারা

এধানেও যে প্রবহমান, সে কথা বুঝিলাম বেতন-বৃদ্ধির সময়। সে বাহা হউক, প্রভূদম্পর্কীয়দের লইয়া খেলা করিবার প্রতিফল হাতে হাতেই মিলিল। টাদ সদাগরকে দেবী মনসা ইহার কত গুণ বেশি নাকাল করিয়া সম্মান আদায় করিয়াছিলেন জানি না, আমার তো মনে হয়, সে যুগে খানিকটা নিষ্ঠরতা ও জিদের সঙ্গে থানিকটা দ্যার নম্নাও ছিল, এ যুগে যাহা বিরল হইয়া উঠিতেছে।

বড়বাবু যে আকেল-সেলামি দিয়াছেন, তাহাতে বড়তম কর্তাদের লইয়া নাড়াচাড়া করিতে সাহস হয় না। অক্ত দেশ হইলে রাষ্ট্রের সঙ্গে বোঝাপড়া চলিন্ড, এখানে লালপাগড়িকে সভয়ে সম্মান না দিয়া উপায় কি ? প্রেমের সঙ্গে রাজনীতির অহি নকুল সম্বন্ধ বলিয়াই শ্রেষ্ঠ কথা-সাহিত্যিক হইবার কামনায় শ্রেষ্ঠ সাংবাদিক হইবার অভিলাষ পোষণ করি নাই। সাহিত্যের বাগানে ফুল ফুটাইবার কাজ লইয়াছি: বড় জোর ফলের আস্বাদন লইতে পারি, কিন্তু গাছের গোড়ায় সার দেওয়া, মাটি কোপানো এ সব আমাদের সাজে কি ? স্বাধীন দেশের কথা স্বতন্ত। তাঁহাদের উভান-রচনার উভ্তম আছে; শক্তি, সাহস, নিভীকতা-কোন্টা নাই ্ তাঁহারা গাছটাকে শুধু জীয়াইয়া রাখিয়া নিরুগুম আকাজমার সবে ক্ষুদ্র এবং বিবর্ণ ফুলের ফসল দেখিয়া তৃপ্তিলাভ করেন না। তাঁহাদের সাহিত্য রাষ্ট্রকে নৃতন করিয়া গড়িতেছে, আমাদের রাষ্ট্র সাহিত্যকে একটি কোণে কুণ্ডলীকৃত করিতেছে। সেই কুণ্ডলায়িত রুদ্তে নিরত্বশভাবে যে চর্চ্চা সোৎসাহে ও সবেগে চালানো যায়, তাহা প্রেম। ভূমির প্রতি নহে, ভুমার প্রতিও নহে, স্বকীয়া বা পরকীয়া প্রীতি, যাহাতে সমাজকে নিষ্কা-ভাবে আঘাত দেওয়া চলে, শক্তিমান প্রাচীনদের মূল্যবান লেখাকে অনায়াদে অবজ্ঞা করা যায়, যত কিছু ভাল তাহার বিক্লমে অভিযান করিয়া প্রগতিবাদের মহিমার ধ্বজা সগর্ব্বে শৃন্তে ঠেলিয়া ভোলা য়য়য়।

কিছ পরকীয়া-প্রীতি ছাড়া আর একটি বিষয় যেন আছে বলিয়া মনে হইতেছে। যাহাদের কোভে আমার হয়তো কোন কভিই হইবে ना. त्मरे পতिতাদের नरेया यपि किছু निश्र यात्र ३ मन्त्र कि। कि এ বিষয়ে আমার পূর্বগামী বহু সাহিত্যরথী আলোকপাত কবিয়া গিয়াছেন। তাঁহারা আলোকপাত কবিয়াছেন বটে, ক্লে আমার মনে হয়, সে আলোক যেমন অম্পষ্ট, তাহার তুলায় বা চাবিদিকে তেমনই গাঢ তর্ভেম্ব অন্ধুবার। তাঁহারা কলমেব থোঁচায় শিলল পরিবেশটিকে জানাইবার চেষ্টা কবিয়াছেন. কিন্তু পোষাক-পরিচ্ছদে, হারভাবে ও কথাবার্ত্তার যথেই পরিমাণে ক্রত্তিমতা আনিযাছেন। স্থান-বণনা বা বুত্তি-বৰ্ণনা ছাড়া সেই মান কুৰিত পতিত আত্মাণ্ডলিকে সদি আমাদেব সংসাবের মধ্যে বেশ-পবিবর্ত্তন কবিয়া সাজাইয়া বাখা যায় তো. ১ গুলিকে আত্মীয়া বলিতে এতটুকু বিধা আমাদের জাগিবে না। ইহাদেব ক্ষধাব পরিমানটা জানাইয়াছেন, হেড় নিদেশ কবেন নাই। ফলে, সভাকাবের গোলাপে ও কাগজেব গোলাপে যে ভকাং, ভাতাই স্পষ্ট হইয়া উঠিয়াছে। বৰ্ণ টুকুর মাত্র হুবছ নকল হইয়াছে, আব কিছুই হয় নাই। এই বিষয়ে আর একজন বিখ্যাত ক্ল লেখকের কথা মনে পড়িতেছে।---

One must grow accustomed to this life, without being cunningly wise, without any ulterior thoughts of writing. Then a terrific book will result.

স্তরাং এ পথও আমাব পক্ষে চিবরুদ্ধ। এবং এই কারণেই চাষা ও শ্রমিক আন্দোলনকে পাশ কাটাইয়াছি।

কি কবা ষার ? ঘরের চেয়ে বাহিবের বিবাদ অধিক বৃঝিষা পুনবার ঘরেই দৃষ্টিপাত করিলাম। আছে, আছে, লিখিবাব বিষয় আছে। ঐ বে গৃহকোণে আবদ্ধ একটি প্রাণী নিঃশব্দে ছায়াব মত ছঃগ-দৈত্তের বোঝা হাসিমুখে মাধায় তুলিয়া শান্তড়ী-ননদের গঞ্জনা সহিয়া উদয়ান্ত থাটিয়া মরিভেছে; বাহিরে অপমানিত হইয়া বাহার উপর তর্জন করিয়া প্রেকৃষ কলাইভেছি; বাহাকে ভাল জিনিস কিনিয়া দিবার অক্ষমতায় ভ্যাগধর্ম শিখাইভেছি; সন্তানের বোঝা মাখার তুলিয়া দিয়া মাতৃত্ব-মহিমায় মণ্ডিত করিয়া দেবী বানাইয়া পরম ছঃখেও চরম স্থ্য উপভোগ করিভেছি, সেই সর্ব্ব কর্ম ও ধর্মের অংশভাগিনী বে বিছমান। ছাই কেলিভে এমন ভার কুলা আর কোথায় মিলিবে ?

ছঃখে না পড়িলে দে কি হইতে পারিত, স্ত্রী না হইলে, ভাহার মধ্যে পরকীয়া-রস কিরুপে উবেল হইয়া উঠিতে পারিত, এক কথায় কল্পনার পুষ্পকরথে চাপাইয়া তাহাকে আমার মানস-লোকে উত্তীর্ণ করিয়া দিলাম। ্ছবি যা আঁকিলাম, নিজেরই বয়স অস্তত কুড়ি বৎসর কমাইয়া আনিলাম। कलक, कक्टिन, निर्धिं, त्राख्रां, निर्मा, क्षिक्रिम, कन्नानिय्रान्धे भारतक. ताक, राक्षवी, विवि अण्डिन, वानिश्व हेजािन वाधूनिक छ তরুণ হইবার যত কিছু উপকরণ হাতের কাছে পাইলাম, স্যত্মে আঁকড়াইয়া ধরিলাম। কিন্তু একচকু হরিণের মত দিক্নির্ণয়ে আমার इन इहेन। श्रृहत्कालय नियोह लागेि अमहत्यां कविया विमालन। তিনিও কি সাহিত্য-রসিকা হইয়া উঠিলেন দু সর্বনাশ ! পাড়া-প্রতিবেশীরা কি ভয়ানক বস্তু এতদিনে বুঝিলাম। আমার কল্পনার পক্ষজেদে তাহার। সাংখাতিকভাবে পরামর্শ দিয়াছে। স্ত্রীকে বুঝাইয়াছে, এতদিনে তাহার কপাল ভাঙিয়াছে। একাস্ত অমুগত ও পরম বিখাসী জন বুঝি বা এমন বিখাস্ঘাতকে পরিণত ত্ইয়া গেল, बाहात जुलनाम हेजिहारमन मव कमि भूक्यपतिन नाम मान हहेना बाहरत । হতাশ হইয়া চারিদিকে চাহিলাম। তবে কি মক্ষমান ব্যক্তির কোন व्यवनश्रमहे माहे ? बद्रशा-कन्म कि यद्रशाद (व्यक्ताद पूर्दाद) क्रांनहे ভাসাইয়া দিব ?

করজোড়ে উর্দ্ধপানে চাহিয়া মনে মনে আকুল কঠে আর্ত্তি করিলাম হে ঈশ্বর তবে কি কোন উপায় নাই ?

সহসা গম্ভীর কর্ষ্টে ধ্বনিত হইল, আছে। স্পন্দিত বক্ষে ও কম্পিত কঠে প্রশ্ন করিলাম, কি উপায় ? গম্ভীর কঠের ধ্বনি উঠিল, উপায়—আমি।

মুঁঢ়ের মত ফাঁকা আকাশের পানে চাহিয়াই রহিলাম, অর্থ বৃঝিলাম না।

গন্ধীর মৃত্ব কঠে ধ্বনিত হইল, উপায়—আমি। আমাকৈ লইয়া যে তর্ক অনাদিকাল হইতে চলিতেছে, সেই অমামাংক্ষিত তর্ক-সভায় যোগদান কর। ধর্মকে লইয়া (অবশু পরধর্ম নহে, তাহাতে জাবনহানির স্বযোগ যথেষ্ট) যাহা খুশি লেখ, প্রতিবাদ করিবার কেছ নাই।

গ্রীক দার্শনিকের মত উলল হইয়া 'ইউরেকা' শব্দে আর্দ্রনাদ তুলিয়া রাজপথে না ছুটিলেও কলমটি দৃঢ়মুষ্টেতে চাপিয়া ধরিতেছিলাম, কিছ ধর্মকে পরমূহুর্ত্তে ততথানি বে-ওয়ারিস ভাবিতে পারিলাম না। ধর্ম—
যাহা ধারণ করেন, তাহা হয়তো নিরাপদ, কিছ ধর্মকে বাহারা বহন
করিয়া ফিরিতেছেন, তাঁহাদের ক্রিয়াকলাপের অহিংসত্ব সম্বন্ধে আনার
সন্দেহ যথেষ্টই আছে।

ভাল ধরিদার পাইলে ঝরণা-কলমটি বিক্রয় করিয়া দিব, স্থির করিয়াছি।

প্রীঝটকেশ্বর শর্মা

The reasonable man adapts himself to the world; the unreasonable one persists in trying to adapt the world to himself. Therefore all progress depends on the unreasonable man.

G. Bernard Shaw

রিক্শ

জ্বল কলিকাতার তো কথাই নাই, ছোট ছোট শহরেও রিক্শ দেখিতে পাওয়া যায়। এক কলিকাতাতেই ৪৫৬৭খানি রিক্শ ও ৮৯৫৬ জন রিক্শ-টানা কুলী আছে। যদি বলেন, মহাশয়, রিক্শ তো একজন লোকেই ট্রামে, তবে ৪৫৬৭খানি রিক্শর জন্ত ৮৯৫৬ জন **কু**লী হইল কি করিয়া? তবে আমরা উত্তরে বলিব যে, আপনি রিক্শ টানাই দৈথিয়াছেন, বড় জোর চড়িয়াছেন ছই এক বার, কিছ षामन नाभात्र किছूरे कात्मन ना। नुजन तिक्म किनिएज 8००।8¢० টাকা লাগে; তার পুলিস লাইসেন্স, মিউনিসিপ্যাল লাইসেন্স ইত্যাদিতে বছরে বছরে কিছু দক্ষিণা দিতে হয়। আর রিক্শ মেরামতি, রঙইত্যাদি ব্যাপারেও বছরে কিছু যায়। ৬।৭ বংসরে রিকশ একেবারে ব্যবহারের অযোগ্য হইয়া যায়। স্থতরাং যে সে লোকে রিকৃশ কিনিতে পারে না, धनौ तिक्न ध्याना तिक्न किनिया कूनौरक ভाড़ा रमय। मकान शहेरा বেলা ২টা।৩টা প্র্যান্ত একজন কুলা, আর ২টা।৩টা হইতে রাজি ১২টা প্যান্ত আর একজন কুলী রিকৃণ টানে। প্রত্যেক রিকৃণতেই যে ২ জন করিয়া রিক্শ-কুলী আছে তাহা নহে। ২।৪ জন রিক্শ-কুলী টাকা ক্ষমাইয়া নিজেরাই রিকশ কিনিয়াছে।

> দেখি, ভাহা শেষভাগে থেষর মোট নে ১৯১৮ ম শুলাক্ষ

কলিকাভায় আলোকসজ্জা হয়। সেই সময় আমরা সর্বপ্রথম রিক্শ চড়ি ও রিক্শতে করিয়া আলোকসজ্জা দেখিয়া বেড়াই। রিক্শ চড়া কিছুদিন ফ্যাশন ছিল। মিউনিসিপ্যালিটির চেয়ার্ম্যান — বাবু, ওরফে ধববাবু, মিউনিসিপ্যালিটির ওয়ার্ড পরিদর্শন উপলক্ষে মিউনিসিপ্যাল-রিক্শ চড়িয়া যাভায়াত করিতেন। ক্রমে রিক্শর মান কমিতে লাগিল। ইংরেজী ১৯২০।১৯২৬ সালে যথন থার্ড ব্যাট্ল অব গ্যাড়াতলায় গুণ্ডারা হারিয়া গেল, রিক্শ মধ্যমশ্রেণীতে নামিল, আর এখন (অর্থা২ ইং ১৯২৮।১৯৯০ সালে) ইহা নিমশ্রেণীতে নামিল, আর এখন (অর্থা২ ইং ১৯২৮।১৯৯০ সালে) ইহা নিমশ্রেণীতে নামিল, বিক্শ করেয়া রিক্শতে মাছের গাড়ি হইতে জেলেরা পাইকারি দরে মাছ থরিদ করেয়া রিক্শতে মাছের ঝাকা বসাইয়া বরাহনগর কাশীপুরু প্রভৃতি স্থানে ত্য যাভায়াত করেন। ধোপায় কাশড়ের গাঁট লইয়া ভাহার উপর বসিয়া যায়। মা সরস্বতীকে রিক্শ চড়িয়া ১০।১২ মাইল দূর স্থানেও যাইতে দেখিয়াছি। সময়ে সময়ে রিক্শ কেবলমাত্র মাল-টানা রিক্শতে পরিণত হইয়াছে, ইহাও আমরা দেখিয়াছি।

রিকৃশ বড় নিরীহ যান। ইহাতে চাপিলে আ্যাক্সিডেন্ট বা ছুর্ঘটনা হইবার সন্তাবনা খুব কম। এয়ারোপ্লেনের তো কথাই নাই, এই সেদিন মাঝেরহাটের এয়ার ডিস্প্লেডে একথানি এয়ারোপ্লেন উন্টাইয়া ৩য় জন আরোহার 'চড়াই উন্টাইয়া দিল'। আজকাল রেলে যাওয়া আদৌ নিরাপদ নহে। একমাত্র পূর্ব-ভারতীয় রেলপথে এক বৎসর এক মাসের মধ্যে বার বার পাঁচ বাব রেল উন্টাইয়া ৫৫৫ জন হত বা আহতে হংল। মোটরের তো কথাই নাই, শতকরা ১য়টি করিয়া আ্যাকসিডেন্ট হইবেই হইবে। কলিকাভার গাঁডোয়ানের। যেরপ নির্দেষ্ট মুর্বার রবে দিক্মগুল নিনাদিত করিতে করিতে গাড়ি চালায়, ভাহাতে এই অধ্ম লেখকের একবার প্রাণসংশয় হইয়াছিল, তিনি সেই

অবধি ঐ গাড়ি চড়া সভরে ছাড়িয়া দিয়াছেন। লেখক কিন্তু হিন্দুসভায় বছরে সওয়া পাঁচ আনা চাঁদা দেন বলিয়া —প্রেসের আঞ্মানিয়া ইস্লামিয়ার সম্পাদক বাবর মিঞা উহা কম্যুনালিজ্ম বলিয়া অভিহিত করেন।

আর জলবানের তো কথাই নাই। সামাশু নৌকায় চড়িয়া গলা পার হইবার সময় সম্রাট শাজাহানের পুত্র শাহস্তলা—'এক ইঞ্চি ডজ্ঞার নীচে অগাধ জল' বলিয়া নদী পার হন নাই, ফলে আক্মহলের যুদ্ধে মুর্শিদফুলীখার নিকন্দে পরাজিত হন। কেহ কেহ বলিডে পারেন ধে, এ বিষয়ে বৈদিক যুগের গাওয়া গাড়ি, অর্থাৎ বাংলার গরুর গাড়ি বড় নিরাপদ যান। কিন্তু ভাহা নহে। গরুর গাড়ি চাপা পড়িয়া মাহ্র আহত হইলে তাহাকে ১৮৬১ খ্রীঃ অং-এর ৫ আইনের ৩৪ ধারামতে ৫ টাকা জরিমানা দিতে হইবে।

কিন্তু এ যাবং বাংলার সর্ববেশ্রেষ্ঠ সংবাদপত্ত পড়িয়া রিক্শ চাপা পড়িয়া মাহুব মরার কথা জানিতে পারি নাই।

এইবার আমরা রিক্শর ইতিহাস লইয়া কিছু বলিব। রিক্শ চীনাদের আবিষ্কৃত যান নহে। চীনারা রিক্শ আবিষার করিয়াছে এক হাজার বংসর, এ কথা সত্য। কিছু চীনারা ইহা পাইল কোথা হইতে ? আর ইহার নাম রিক্শই বা হইল কেন ? আসলে ইহা ভারতবর্ধের একছে অসমট নছবের আবিষ্কৃত; আর সে কতদিন আগে তা আমরা সঠিক বলিতে পারিব না। তবে 'পুরাণ-প্রবেশ'কার গিরীজ্রশেখরবার্কে একবার জিল্লাসা করিয়াছিলাম, ভাহাতে ডিনি নহবের সময় ঐঃ পুঃ ১৫,০০০ বংসর হইবে বলিয়া মত প্রকাশ করেন। Statistical Laboratory-তে এই সম্বন্ধ গবেষণা হইয়া হিরীকৃত হইয়াছে বে, নক্ষের সময় ১৫,০০০ (১+'০০০০২√-১×8₀—৪₅ ` আর্থাৎ

৯৮৭,৬৫৪,৩২১,০০০,০০০,০০০ দশু পূর্বে। নহুষ যখন অর্গের ইক্সম্ব-পদ পাইলেন, তখন তিনি মৃনিঋষিদের দারা বাহিত যানে চাপিয়া অর্গের এক স্থান হইতে অপর স্থানে যাইতেন। ইহাতে আজামুলম্বিতদাড়ি (কাহারাও আবার আপালম্বিতদাড়ি) ঋষিদের বড়ই কট হইত। এই ঋষি-বাহিত যানই কালক্রমে রিক্শতে পরিণত হইয়াছে (ইহাই ভাষাত্ত্ববিৎ ডাঃ স্থনীতিকুমার চট্টোপাধ্যায়ের মড; মার এ বিষয়ে তাঁহার পূর্বপূক্ষ কাশ্যপের মূখেও তিনি এইরূপই ভনিয়াছেন।) স্বর্গের বিক্শ।কৃত্র একজন ঋষিতে টানিতেন না।

মহাভারত পুরাণাদি পাঠে আমরা যতদ্র ব্রিভে পারিয়াছি, তাহাতে মনে হয়, সাধারণত চারজন ঋষিতে রিক্শ ট্রানিতেন, তবে সময়ে সময়ে ইহার অধিক ঋষিতেও টার্নিতেন। রিক্শ যে একজনের বেশি লোকে টানে, ইহা আমরা স্বচক্ষে, ভারতের ভাগ্যবিধাতারা যেখানে গ্রীমকালে বিচরণ করেন, সেই সিমলা-শৈলে দেখিয়াছি। সেখানে সাধারণত ছুইজনে রিক্শ টানে। আবার সময়ে সময়ে পাহাড় চড়াই-উৎরাইতে চারজনে রিক্শ টানে বা রিক্শ ঠেলে। চারজনের বেশি লোককে রিক্শ টানিতে বা রিক্শ ঠেলিতে আমরা দেখি নাই। যদি সমুদ্রতল হুইতে ৬,৫০০ ফুট উচ্চ সিমলাশহরে চারজনে রিক্শ টানে, তাহা হুইলে স্বর্গে যে সময়ে সময়ে ইহার বেশি লোকে রিক্শ ঠেলবে, ইহাতে বিশ্বিত হুইবার কিছুই নাই।

মোট কথা, রিক্শ আমাদের ভারতের নিজস্ব জিনিস। ভারতেরই একজন রাজা, যিনি মধ্যে স্বর্গের ইব্রুড্ব-পদ পাইয়াছিলেন, ওাহার স্বর্গবাক্তা ইন্স্পেক্শন করিবার জন্মই ইহা আবিদ্ধার করিয়াছিলেন।

[&]quot;ষ্মদত্ত"

তুবড়ি ও ঝরণা

বড়ি বলিছে, আমি আলোকের ঝর্ণা,
অরপের আমি রূপরক,
রিকন মোর গতি রামধন্থ-বর্ণা,
উৎসব যাচে মোর সক।

2

আলোকের হাসি আমি, আলোকের নৃত্য, করি শত তারকার সৃষ্টি, করি রূপ-রসিকের বিমোহন চিত্ত, চলি তার চঞ্চলি দৃষ্টি।

৩

উজ্জল জীবনের ধারা আমি ত্বড়ি, নাই তম: মোর জ্যোতি-বত্মে, উর্বলী রূপদীর প্রদাধন-চ্বড়ি— তুলনা আমার নাই মর্ব্যে।

8

রূপ কোথা ঝর্ণার, কোথা বৈচিত্র্য, শুধু জলো জলসার ছন্দ, শক্তি সে কোথা পাবে ? বল দেখি মিত্র, পলে পলে উপলে যে বন্ধ !

ŧ

কবি বলে, তুমি শুধু আলোকের তুড়ি ড—
দেখিতে দেখিতে লীলা অস্ত ;
তার দান দিকে দিকে হয় বিচ্ছু বিত,
তার ভাণ্ডার অফুরস্ত।

৬

সহজেই ফেটে তৃমি মর মেটে গর্বে, বারুদের ফিন্কুটি বন্দী; মহাকাল জেনো তারে, মাথা পেতে ধরবে,— ধারা চির-স্থানিক্সনী।

विक्युमत्रक्षन यक्तिक

There are few subjects, outside sex, religion, and politics, on which such nauseating nonsense is talked as folk-music. Let us beware of assuming that the traditional airs bawled out by the village idiot in his cups are going to change the whole theory of melody.

Stephen Williams

তরুণায়ন

শার সব-চাইতে ইন্চারেস্টিং কেস ঘটেছিল, ডাজার অর্ধেন্দু বোস বললেন, এই কলকাতাতেই।

বড় ছেলে অন্থপমের দশম জন্মতিথি। রাত দশটার পরে
নিমন্ত্রিতেরা সবাই চ'লে গেলেন, বাকি রইলেন বাঁরা, তাঁরা আজু বাবেন
না। বাড়ির সামনেকার লনে উজিচেয়ার বার ক'রে আড্ডা বসল;
আর্দ্ধেন্দ্, তাঁর স্ত্রী স্থনীতি, স্থনীতির বোন স্থক্ষচি, স্থক্ষচির স্থামী প্রভাত—
পাটনার ব্যারিস্টার, আর বোনেদের ভাই তপেন—মেডিক্যালে ফোর্থ
ইয়ারের ছাত্র।

স্কৃতি বললেন, অর্দ্ধেন্দ্বাব্, একটা গল্প বলুন। ওনেছি, আপনি
খুব ভাল গল্প বলেন।

অর্দ্ধেন্দু বললেন, বলি না। ভোমাকে যে বলেছে, সে লোক ভাল নয়।

ख्कि रिवालन, विकि रालाइ।

অর্দ্ধেন্দু থাড়া হয়ে উঠে বসলেন। চুরুটের ছাই ঝেড়ে বসলেন, বিশাস ক'ব না।

স্থনীতি বললেন, তার মানে ? তুমি স্থামাকে মিথ্যেবাদী বলছ ? অর্জেন্দ্। না, অত্যুক্তিকারিণী বলছি। স্থানি ছি ছি।

অর্থেন্দু। ছি-ছির কিছুই নয়। পতিব্রতা নারীমাত্রেই স্বামীস

গুণশনা ব্যাখ্যা করতে পিয়ে অভ্যুক্তি ক'রে থাকেন। সেটা সর্গুণ। ক্লিন্ত তার সরটা বিখাস করলে ঠকতে হয়। প্রভাত। আপনি তা হ'লে স্বীকার করছেন যে, গল্প ওঁকে আপনি বলেন। শুধু সেগুলো উনি যতটা ভাল বলছেন, আপনার মতে ততটা ভাল হয় না। এই তো ?

অর্দ্ধেন্দু। রাইট। গল্প বলি—বলি বললে ঠিক বলা হ'ল না, বলতাম। তবে সেগুলোভাল হয় না।

হুরুটি। তা হোক, ভালমন্দ আমরা বুরুব। আপনি বলুন।

खार्द्धन्। अं य रननाम्, शज्ञ चात्र चाककान रनि ना ।

ञ्चिति । जाव्हा, मिटे भूरतास्ना ग्रहेटे वनुन ।

অর্দ্ধেন্দু। বলব না। কারণ, প্রথমত, স্থনীজিকে যে সব গল্প তথনকার দিনে শোনাতুম, সে তোমাকে শোনাজে গোলে প্রভাতের চটবার কথা। বিতীয়ত, যে বয়সে সে গল্প বলা যায় ও শোনা চলে, সে বয়স আমার আর নেই, তোমারও সে বয়সটা বোধ করি পেরিয়ে—

প্রভাত। ফোর নাইন্টিনাইন।

অর্দ্ধেন্দু। বাওয়া বারণ। তৃতীয়ত, সে সব এখন ভূলেও গেছি। ক্ষপী আর মড়া ঘেঁটে ঘেঁটে, কাব্যকলা ওগায়রহ যত রকমের রসের ছিটেফোঁটা প্রাণে এককালে ছিল, তার সবটুকু নিঃশেবে উবে গেছে। এখন শয়নে স্থপনে একমাত্র চিক্কা—কেস। তার বাইরে আর কিছু ভাবতেই সময় পাই না ভো গর বলা। চতুর্ঘত, সংসারে যে সব বন্ধ নিয়ে গরা বলা বেতে পারে, ভূত আ্যাড্ভেঞ্চার বা প্রেম, এর কোনটারই স্টক আমার নেই। ভূত দেখি নি, আ্যাড্ভেঞ্চারের মধ্যে হয়েছিল বিলেত যাবার সময় সী-সিকনেন, আর প্রেমের কথা বইয়েই পড়েছি।

হুক্চি। দিদি, সভাি?

আহ্বৈদ্। দিদি? কিছু সে নিষে গল হয় না। ওটা রিলার্ড্ড-রাব্যেক্ট, অপরের অপ্রাব্য ও অপরের সাকাতে অকথ্য অহচার্য। স্ফচি। সে শুনতেও চাই না। বেশ তো, কেসের গল্পই বলুন নাহয়।

অর্দ্ধেন্দু। কেনের গল্প বলতে নেই। ডাজারের ডায়েরি গোপনীয় বস্তু। ব্যারিস্টারের নোট-বইয়ের মত প্রকাশ আদালতে ও খবরের কাগজে সাল্ডারে প্রচারণীয় নয়।

স্থক্চি। বাজে কথা। বলা যায় না এমন কিছু নেই—এ হতেই পারে না।

অর্দ্ধেন্দু। তাজারের গল্পের মজাই তো ওই। যেটা কলা যায়, সেটা শোনবার মত হয় না। আর যেটা শোনবার মত হয়, সেটা বুললে প্রফেশনাল সিক্ষেসি ভাঞ্জাহয়।

স্ফুচি। ধুতোর সিক্রেসি। এত বছর পরে এলাম আমর। কত দূর থেকে, আর উনি খালি সিক্রেসি করছেন।

প্রভাত। ব'লে যান না, কেসে পড়েন আমি সামলাব'। আর আইনে বলে, নিকট-আয়ীয়দের বললে সিক্রেসি-ভাঙার অপরাধ হয় না

অর্দ্ধেন্দ্ । বিশেষত যখন সেই আক্রীয়দের মধ্যে একজন আইনজ্ঞ ব্যক্তি থাকেন এবং যখন সেই সিক্রেসি-ভাঙার দিকে বড় উৎসাহ থাকে তাঁরই স্ত্রীর এবং যখন সেই স্ত্রী আবার হন নিজের স্ত্রীর আত্তরে বোন এবং যখন মহুর আইন অহুসারে নিজের স্ত্রী নিজেরই অঙ্কের সামিল—দেহে আত্মায় ও ডায়েরির অক্তর্মভায়—

স্থনীতি চোধ তুলে চাইলেন, কবে আমি তোমার ডায়েরি পড়েছি, শুনি ?

অর্দ্ধেন্দু। পড়েছ বলি নি, জান বলেছি। লেখবার আগে ওনলেও জানা হয়। প্রভাত। May I remind my learned friend that he is digressing from our original issue?

অর্দ্ধেন্দ্। এই সেরেছে। একটু ডাইগ্রেসও করতে পাব না, তাও আবার নিজের স্থার সঙ্গে কথা কইতে ?

স্ফুচি। না, অতিথিকে অনাদর ক'রে নিজের স্ত্রীকে সম্ভাষণ করতে ব্যস্ত থাকাটা কুচিবহিভূতি।

হিন্টুতি। এবং অতিথির অহুরোধ রক্ষা না করাটা গাইস্থাশ্রমের নীতিবহিত্তি। গল্প ৰলাই ভোমার উচিত।

অর্দ্ধেন্দ্। বাপ, কে বলে প্রপার-নেম্র।নন্কনৌটেটিভ! কিছ ভাহ'লে তো দেখা যাচেছ, গল্প বগতেই হয়।

স্কৃচি। এবং কেদের গল্প, খুব ইন্টারেস্টিং দেখে।

তপেন। এবং খুব ইন্স্টাক্টিভ দেখে, যেন ভনে আমার লাভ হয়।

প্রভাত। এবং আইন বাঁচাবার থাতিরে গল্পের রসভঙ্গ না ক'রে। আর্দ্ধেন্দু। মাভৈ:, আমার গল্পে রস থাকবেই না, সে ভঙ্গ আর হবে কি ক'রে!

স্কৃচি তপেন প্রভাত। আচ্ছা আচ্ছা, আপনি স্কৃক্তন তো এবার।

শোন তবে ৷—অর্দ্ধেন্দু কেনে গলা সাফ করলেন, চ্রুটে একটা দীর্ঘ টান দিয়ে ঈজিচেয়ারে চিৎ হয়ে এলিয়ে প'ড়ে মিনিটখানেক চোষ বুঞ্জে রইলেন, তারপর ধারে ধারে বলতে স্থক করলেন ৷—

শামার সব চাইতে ইণ্টারেফ্লিং কেস মটেছিল এই কলকাতাতেই।
ইউরোপ থেকে ফিরেছি বছর তৃই হবে, প্র্যাক্টিস তথনও বেশি
নয়, মেডিক্যালের চাকরিটি ভরসা। বকুলবাগানে ভাড়াটে বাড়িডে

ভখন থাকি, কলেকে ক্লাস নিই, কাটাছেঁড়া করি আর বাকি দিনটার বেশির ভাগই গুয়ে গুয়ে চুক্ট টেনে কাটাই। সংসারের দায়িত্ব তখন কম ছিল। পুরক্ঞারা তখনও আসতে হুক্ল করেন নি, গুয়ু অহু আসবে ব'লে নোট্রিস দিয়েছে। হুনীতি সারাদিন ব'সে ব'সে লাল উলের জামা বুনতে ব্যন্ত। আর আমি ব্যস্ত সাংসারিক চিস্তায়।

প্রভাত। May I be permitted to point out যে, আপনি এইমাত্র বলেছেন, দায়িত্ব কম ছিল। তবে আবার চিন্তা এল ক্রিসের ?

অর্জেন্দু। জোর ক'রে পর বলাবে তার ওপর আবার জেরা? আমাকে প্লিসকোর্টের সাকী পেরেছ নাকি? গর শুনবে তো চুপ ক'রে ব'সে যা বলি শোন এবং মেনে নিতে থাক। মনে রেখো, বিশাসে মিলয়ে পর, তর্কে বছদ্র। আর কথায় কথায় জেরা করবে তো আমিও এই চুপ করলাম। স্কেপ্টিকদের আমি গর বলি না।

ক্ষাতি। না না, আগনি বলুন। তুমি চুপ কর তো। যত ব্যারিস্টারি বিচ্ছে এইখেনে! আর দেবার যখন সেই ইয়ে ঘোল খাইরে দিয়েছিল—

অর্দ্ধেন্ন । সিভিন্ন কলহেও নালম্। প্রভাতের কথার জ্বাব আমি
দিছি। দায়িত্ব তথনই ছিল না বটে, কিন্তু দায়িত্ব আসর ছিল।
অহু নোটিস দিয়েছে, তথনও এসে পৌছতে ছ মাস দেরি। আ্যারাইভ
করবার আগে তিনি অহুপম হবেন কি অহুপমা হবেন, জানা ছিল না।
সেই এক চিন্তা—হাঁ ক'রে এলেই হয় কল্ঞাদায় । তারপর ছেলেই হোক
আর মেয়েই হোক, হুধ-পেরাগুলেটারের দাম আছে। ওদিকে চুক্লটের
দাম চ'ড়ে গেছে, ওয়ে ওয়ে চুক্লট টানতে টানতে বে চিন্তা করব, সেই বা
আর কদিন করা চলবে কে জানে! মাস অন্তে কুড়িয়ে বাড়িয়ে জার
শ পাঁচেক টাকা তো আয়া এও চিন্তা। কাজেই বিভাত, দেশতে

শাচ্ছ, দায়িত্ব না থাকলেও চিন্তা থাকবার পক্ষে কোন বিশ্ব ঘটে নি।
আর একটা কথা তোমরা—ইয়ংম্যানরা—প্রায়ই ভূল কর, সেটাও এই
সক্ষেই ব'লে দিই। তোমরা মনে কর, দীয়িত্ব না থাকলে লোকের চিন্তা
থাকতে পারে না, কিন্তু কথাটা ভূল। বলং দায়িত্ব আসবার আগেই
লোকের চিন্তা থাকে, মানে চিন্তা
করাটা অবসর সময়ের ব্যাপার, এক রকমের জাক্সারি। দায়িত্ব ঘখন
সাত্য এসে ঘাড়ে পড়ে, তখন আর লোক চিন্তা করবার সময় পায় না,
উপায় উদ্ভাবনের চেক্টায় ব্যতিব্যস্ত হয়ে পড়ে। কার্জেই দায়িত্ব ছিল
না, কিন্তু চিন্তা ছিল বললে ভূল বলা তো হয়ই না, বরং দায়িত্ব ছিল
না ব'লেই চিন্তা ছিল বললে আরও সায়ান্টিফিকালি সত্যি কথা
বলা হয়।

এই সম্বন্ধে আরও কিঞ্চিং জ্ঞানগর্ভ কথা তোমাদের শোনাতে পারত্ম, ভোমাদের জীবনে কাঙ্গে লাগত। কিন্তু স্বন্ধচি এরই মধ্যে ক্রকুটি করছে এবং তপেন চঞ্চল হয়ে উঠেছে। অতএব গল্প বলাই চলুক।

সেদিনটা রবিবার এবং আমার তথন প্রায় রোজই রবিবার। স্টেট্স্ম্যানের বিজ্ঞাপনটা পরের উইক থেকে তুলে দোব ভাবছি। রাত তথন নটা হবে, হঠাং ফোন বেজে উঠল। ফোন ধরতে ওদিক থেকে আওয়াক্ত এল, হালো, ডক্টর বোস আছেন ?

বুললাম, কে আপনি ?
আমি xyz-এর রাজা বাহাছরের বাড়ি,থেকে বলাছ।
,রাজা বাহাছরের নামটা শোনা ছিল না। বললাম, কি দরকার ?
একটা কেনের জন্তে। আপনি যদি কাল সকালে ক্রী থাকেন—
ক্রী আমি সারাক্ষণই। কিন্তু সে কথা স্বীকার ক'রে নিজকে থেলো

করতে নেই। অতএব কটাইলসে বললাম, সকালে সাড়ে সাডটা থেকে আটটার মধ্যে।

ওদিক থেকে জবার এল, তাই হবে। আমরা ওর ভেতরেই আপনার ওধানে যাব।

সেই রাভিরেই স্থির হয়ে গেল, ক্ষম ক'রেও অস্কৃত এক ছড়া চক্রহার আর একটা হীরে বসানো নথের অর্ডার কালই দিয়ে দিতে হবে, নইলে গৃহের শান্তি আর পাকবে না। পরদিন সকালবেলা চান ক র সবে বেরিয়েছি, বেয়ারা এসে কার্ড দিয়ে বললে, বাব্ ব্যয়ঠে হেঁয়। কার্ডে দেখলাম, নাম লেখা Mr P. C. Gosh, Private Secretary to the Raja Bahadur of xyz.

ধীরে-স্থন্থে ড্রেস ক'রে নিয়ে ডুইংরমে এসে গুডমনিঙের অর্দ্ধেকটা ব'লে থেমে গিয়ে দেখলাম, পি. সি. আমাদের প্রস্কুল । আমাদের সঙ্গেই বি. এস. সি. পাস ক'রে মেডিক্যাল কলেকে ঢুকেছিল, থার্ড ইয়ারের মাঝামাঝি হঠাং দেশে চ'লে বায় । তারপর আর দেখা হয় নি ; যদিও কলেকে সে আমার ভয়ানক বরু ছিল । এবং আরও একটি দরকারী কথা হচ্ছে, তার নাম আদপেই প্রস্কুল নয় । বৃঝতেই পারছ, প্রফেশনাল সিক্রেসির খাতিরে আমি সমস্ত নামটাম বদলে বলব । প্রস্কুল আমাকে দেখে প্রস্কুলতর হয়ে উঠল । বোঝা গেল, আমার সকে দেখা হবে বা ডক্টর এ. এস. বোস ষে তাদেরই দলের অর্দ্ধেন্দ্র টো সে কল্পনা করে নি । তারপর ব'সে ছজনে খ্ব খানিক আছো দেওয়া গেল, চা সার্ভ করবার অজুহাতে স্থনীতিও ঘাগ দিলে । তার কেসও শুনলাম । রাজা বাহাত্রক কোনখানের রাজা নন, নর্ধ বেঙ্গলের এক জমিদার মাত্র । রাজা খেতাবটা লক্ক । বাহাত্রর বৃদ্ধবন্ধসে কেঁচে বিয়ে করেছেন, অভএব যৌবন ক্রিরে পাবার ক্রেক্ত বিশেষ ব্যস্ত হয়ে উঠেছেন । মেডিক্সাল কলেকে

থোঁজ নিয়ে জেনেছেন, আমি ইউরোপ থেকে ভরোনফ্স অপারেশনের স্পোলিস্ট হয়ে এসেছি। অথ প্রফুল্লর আগমন। সংবাদের শেষে প্রফুল্ল একটু প্রাইভেট হিন্টও দিলে, বুড়োরু ঢের টাকা এবং ছেলেপুলে নেই, অতএব বুড়ো জোয়ান হবার জন্তে বেজায় ক্ষেপে গেছে। অপারেশনটা যদি ঠিক ক'রে দিতে পারি হাতে বৈশ মোটা টাকা মিলবে। এই থেকে বুড়োর সাকলেও রেকমেণ্ডেড হয়ে যেতে পারি, পারক্লে পয়সা আছে।

নগদ টাকা আয়ের ফাঁক পেলে ছাড়ব এমন সাত্তিক স্থাবস্থা তখন আমার নয়। প্রফুল্লর সঞ্চেই বেরিয়ে পড়লাম। পথে থেকে থেকে প্রফুলর ইতিহাস শুনলাম। সেই যে সে বার্ড়ি চ'লে গিয়েছিল তার বাবার অফ্রথের টেলিগ্রাম পেয়ে, তারপর তিনি মারা গেলেন, ওরধ আর পড়া-শোনা করবার মত সংস্থান রইল না। কিছু দিন এদিক সেদিক ঘুরে শেষে এই চাকরিটি পেয়ে গেছে। এখন ভালহ আছে। রাজা বাহাছরের বাড়ি পৌছতে বেশি দেরি লাগলো না। প্রফুলই সঙ্গে ক'রে নিয়ে গেল। প্রথমেই একটি জিনিদ দেখে আখন্ত হলাম, রাজা বাহাত্র নামে রাজা হ'লেও আদলে বেশ ভদ্রলোক। মোটাদোটা নধর চেহারা, টুকটুকে রঙ, এক সময়ে স্থপুরুষ ছিলেন তার পরিচয় এখনও প্রোপ্রি মিলিয়ে যায় নি। ঈজিচেয়ারে বিরাট দেহভার রেখে চোপ বুজে প'ড়ে ছিলেন, যেতেই শশবাতে উঠে অভার্থনা করনেন। একটু দূরে একটা ্ অবিখ্যি তথনকার হিসেবে, ব'সে ছিল। সেও এগিয়ে এসে কাছে বৰ্দী। কথাবার্ত্তা বেশির ভাগই হ'ল আমাতে আর রাজা বাহাছরে, প্রফুল পরকার মত যোগ দিচ্ছিল, আর মাঝে মাঝে সে ব্যক্তিটি ফোড়ন দিচ্ছিল। লোকটাকে প্রথমে তত লক্ষ্য করি নি, কিন্তু ছচারবার

অ্যাচিত ও অহেতৃক ফোড়ন দেবার পর তাকে চেয়ে দেখতেই হ'ল।
ছিপছিপে চেহারা, এক সময়ে স্থলর ছিল, কিন্তু অকালে কাঠ হয়ে গিরে
সবশুদ্ধ এমন একটা আরুতি দাঁড়িয়েছে যা দেখলেই অপ্রদ্ধা হয়। সাজ্বসজ্জায় বাহারের অভাব নেই, কিন্তু তার চেষ্টা এত থারাপ যে চারপাশের
স্মার্ট সারাউভিংয়ের সঙ্গে মোটেই মানাচ্ছে না। আর সব চাইতে
বিশ্রী হচ্ছে তার কথাবার্ত্তা, যেমন অমার্জ্জিত তেমনই ইমপুডেন্ট।

রাজা বাহাত্রকে বেললাম, আপনার শরীরটা একবার স্থামি এগ্লামিন গেরব।

তিনি ব্যস্ত হয়ে বললেন, এখানে যদি স্থবিধে না হয় বরং ও ঘরটাতে চলুন।

বললাম, ব্যস্ত হবেন না, এখানেই হতে পারবে। তবে তার সঙ্গে সঙ্গে আমি কিছু কিছু কোন্টেনও আপনাকে করব। একা হ'লেই ভাল হ'ত।

কোশ্চেন করব তো ছাই, আসলে আমার মতলব হচ্ছে, সে লোকটাকে সরিয়ে দেওয়া। সে কিন্তু তার ধার দিয়েও গেল না, বেশ নিশ্চিন্তি হয়ে ব'সে রইল। প্রফুল্ল বেরিয়ে গেল। আমি বললাম, আপনিও একট কাইও লি—

সে বেশ অমায়িকভাবে বললে, আমি থাকলে কিছু ক্ষতি হবে না।
আমার গা জ'লে গেল। রাজা বাহাত্র সন্ত্রত হয়ে বললেন, আচ্ছা
আচ্ছা, ও থাকলে আমার কোন অস্থবিধে হবে না।

আমার রাগ চ'ড়ে গেল। বললাম, আমার হবে। এসব ব্যাপারে আমাদের কতকগুলো প্রফেশনাল কন্ডেনশন থাকে।

রাজা বাহাত্র তার দিকে চেয়ে বললেন, তা হ'লে তুমি না হয়— বলতে তিনি বেন ভারী সঙ্কৃচিত হয়ে গেলেন মুদ্ধে হ'ল। ছোক্রা উঠে গটগট ক'রে বেরিয়ে গেল। এবং তারপরই শুনলাম, পাশের ঘরে সে প্রফুলকে বলছে, এসব হাম্বাগ জুটিয়ে আনেন কোণা থেকে? ওঃ, আমরা যেন আর কখনও বড় ডাক্তার দেগ্লিনি।

রাজা বাহাত্র ব্যস্ত হয়ে উঠলেন। দেখলাম, ভদ্লোক বিব্রভ হচ্ছেন। তাই কথাটা যেন আমি শুনতে পাই নি—এমনই ভাব দেখিয়ে তাঁকে °এগ্জামিন করতে লাগলাম। শেষ হ'লে তুচারটে প্রশ্ন ক'রে বললামু, আপাতত আর কিছু আমার দরকার নেই। রাজা বাহাত্র ডেকে বললৈন, প্রফুল্ল, এঁর হাতটা ধূইরে দাও। চাকর জল ম্বাবান আর গামলা নিয়ে এল। ডাক্ডারের প্রফেশনাল কন্ভেন্শম কুগীকে ফোন ক'রে কথা বললেও হাত ধূতে হয়। ফাত ধূয়ে বসলে রাজা বাহাত্র বললেন, বলুন এবারে আপনার মতাযত।

বললাম, দেখুন, আমার অনেস্ট ওপিনিয়ন যদি চান, আপনার বিয়ে করা উচিত হয় নি।

রাজা বাহাত্রের মুখটা কেমন একটু মলিন হয়ে গেল। একটু চূপ ক'রে থেকে বললেন, দেখুন, আপনি সব জানেন না, নেহাং দায়ে প'ড়েই আমাকে এই বয়সে আবার বিয়ে করতে হয়েছে। এ কথা সব বুড়োই বলে। আমি চূপ ক'রে রইলাম। রাজা বাহাত্র আবার একটু চূপ ক'রে থেকে ধীরে ধীরে বললেন, শুনতে চান তো আপনাকে বলতে আমার বাধা নেই। আমার প্রথম স্ত্রী ছিলেন প্যারালিটিক। ছেলেপুলে তাঁর হবার সম্ভাবনা ছিল না, কিন্তু তিনি বেঁচে থাকতে আবার বিয়ে করতেও আমি পারি নি। কাজেই এই বয়সে আমাকে বিয়ে করতেও হয়েছে।

বুঝলাম, লোকটা নেহাৎ অপদার্থ নয়। একট লক্ষাও পেলাম। বললাম, মাপ করবেন রাজা বাহাত্ব, আমার কথাটা হয়তো একটু রচ্ হয়ে পড়েছে। কিন্তু কথাটা সত্যি। আপনার শরীর বাইরে স্কন্থ হ'লেও তার কাঠামো শব্দ নয়।

রাজা বাহাত্র বললেন, অপারেশন তা হ'লে করা যাবে না ?

বললাম, অপারেশনের কথা ব'লেই নয়। অপারেশন মেজর কেস হ'লেও ধুব রিস্কি নম, তার ধাকা সামলাতে হয়তো পারবেন, তাতে ফলও হবার কথা। কিন্তু আপনার জ্বেনারেল হেল্থ যা, তাকে ভুধু অপারেশন ক'রে সারিয়ে তোলা স্ভব নয়। সেইজকুই বলেছিলাম, আপনার এই বয়সে আব্যুর বিশ্বে করা উচিত হয় নি। অবশ্র অন্ত কার্নণ যা আছে আপনি বললেন, সে আলাদা কথা।

রাজা বাহাত্র কিছু বলবার আগেই দোরের কাছ থেকে সেই ছেলেটা ব'লে উঠল, অচ্ছা, আপনার কাজ তো আপনি ক'রে যান, বিষের উচিত্য অন্থচিত্য সম্বন্ধে আপনার ওপিনিয়ন যুখন চাওয়া হবে—

আমি বললাম, মাপ করবেন রাজা বাহাত্র, এর পরে আর আমি এখানে থাকতে পারি না।—ব'লে ঘর থেকে সোজা বেরিয়ে এলাম। প্রফুল্লও সঙ্গে নেমে এল। বাইরে গাড়ি তখনও দাঁড়িয়ে। আমাদের সিঁড়ি বেয়ে নামতে দেখেই সোফার গাড়ি ফার্টি দিলে, কিন্তু আমি গাড়িতে না উঠে পাশ কাটিয়ে চ'লে আসতেই প্রফুল্ল আমার হাত ধ'রে বললে, ছি অর্দ্ধেন্দু, সে হয় না। গাড়ি ক'রে না গেলে রাজা বাহাত্র ভয়ানক তুঃখ পাবেন।

আমি ব্ললাম, let him.। তোমার তিনি মনিব হ'তে পারেন, কিন্তু আমার সঙ্গে তাঁর এমন কোনও অব্লিগেশনের সম্পর্ক নেই, যার জন্মে এর পরেও আমার তাঁকে খুশি করবার জন্মে তাঁর গাড়িতে চঙ্তে হরে।

প্রফুর বললে, সে কথা নয়। ও যাই বলুকু, তুমিও বেশ জান,

কথাটা রাজা বাহাত্রের নয়। তিনি নিজে অতি ভদ্রলোক, সে তৃমি নিজেই দেখেছ। তিনি অত্যস্ত হৃংথিত হবেন ব'লেই বলছি, তাঁকে খুশি কয়মার কথা আমি বলি নি। তা ছাঙা এমনই ক'বে তৃমি হেঁটে বেরিয়ে গেলে সোফার দরোয়ান পর্যস্ত একটা স্ক্যাপ্তালের গন্ধ পাবে: আমার নিজের অস্থরোধ রাধ, চল, ভোমাকে পৌছে দিয়ে আসি।

তেবে দেখলাম, তার কথাটা মিথ্যে নয়। অগত্যা গাড়িতে উঠলাম। গাড়িতে তুজনেই চুপ ক'রে ব'দে রইলাম, সারাট্রা পথ আমাদের একটা কথাও হ'ল না। বাড়ির সামনে এদে নামতে প্রফল্ল আমার পেছন পেছন নেমে পড়ল। বললে, অর্দ্ধেন্দু, কিছু মনে ক'র নী;ভাই, আমি জানতুম না এমন হবে। তোমাকে আমিই টেনে নিয়ে গিয়েছিলাম, তার কল্পে তোমার কাছে মাফ চাইছি।

আমারও তথন রাগের ঝোঁকটা ক'মে এসেছে, তার কথায় লব্দ্ধা পেলাম। বললাম, চল, একটু ব'সে যাবে। ঘরে এসে বললাম, ছেলেটা কে হে?

প্রফুল্ল বললে, আর ব'ল না ভাই। উনি হচ্চেন রাক্সা বাহাত্রের এ পক্ষের শালা, রাণীজীর দাদা। গরিবের ছেলে হঠাৎ বড়লোকের বাড়িতে এসে জেঁকে বসেছে। ঝাঁজে আমরা অস্থির।

দেখলাম, প্রফুল্ল তার ওপর মোটেই প্রসন্ধ নয়। বললে, বাড়িতে
, এক ঝাঁক পোয়া, আর রাজা বাহাত্রের নিজের স্বভাবটি অতি চমংকার।
চাকর ব'লে কথনও মনে করেন না, নিজের খুড়ো-জ্যাচার কাছে এর
চাইতে বেশি স্বেহ পেতাম না। তাই স'য়ে যায়।

শুনলাম, শালাটি সব দিকেতেই চৌকস। বিশ্বে ম্যাট্রিকের এধারে পৌছয় ন, যত রাজ্যের বধামি ইয়ার্কি ক'রেই কাটত। এখন হঠাৎ বোনের কল্যাণে জবরদন্ত হয়ে বসেছে, তার তাড়ায় আর বেয়াড়ামিতে বাড়িস্থন্ধ লোক অস্থির। কিছুদিন আগে এরই একটা কথায় অপমানিত হয়ে রাজা বাহাত্ত্বের বহুকালের বিশ্বাসী ম্যানেজার পর্যান্ত চাকরিতে ইস্তফা দিয়ে চ'লে গেছেন'।

বললাম, রাজা বাহাত্র বরদান্ত করেন কেন?

প্রফুল্ল বললে, বে।ঝ না, তাঁর হয়েছে সাপের ছুঁচো ধরা, গিলতেও পারেন না, ওগরাতেও পারেন না।

বৃদ্ধশু তরুণীর সোদের ভাই, তাকে কিছু বললে ময়্র্ক্রী শাড়ি রাণীর কঠেণ্টঠতে কতক্ষণ।

বললাম, কাঁ হ'লে তো ভদ্রলোকের চটপট ম'রে যাওয়াই উচিত।
আবার অপারেশন ক'রে কেঁচে তাজা হবার সথ কেন? তু ভাই-বোনে
মিলে তাঁর দশা নিশ্চয়ই যা ক'রে তুলেছে, বাদরের পাইরয়েড কেন
কচ্ছপের হার্ট জুড়ে দিলেও ও জান টিকবার নয়।

প্রফুল বললে, এবার ভূল করলে। রাণীজির ভাইয়ের ওপর টান খুবই সতিা, কিন্তু এমনিতে তাঁর মত মিষ্টি স্বভাব দেখা যায় না। ভাইয়ের দক্ষন তিনি যে কি লক্ষায় থাকেন, সে না দেখলে বুকাবে না।

বললাম, কি হে, কাব্য করছ যে !

প্রফুল্ল বললে, কাব্য নয়। ম্যানেজারবাব্ ষেদিন চ'লে যান, রাণীজি
নিজে তাঁর সঙ্গে দেখা ক'রে বললেন, তার হয়ে আমি আপনার পায়ে
ধ'রে মাপ চাইছি, আপনি যাবেন না। আমি যদি আপনার নিজের মেয়ে
হয়ে জন্মাতুম, আপনি কক্ষনো এমন ক'রে পরের অপরাধে আমাকে শান্তি
দিতে পারতেন না। ম্যানেজারবাব্ যাবার সময় কাঁনতে লাগলেন,
বললেন, এর পরে আমার যাওয়া উচিত ছিল না, কিছু আমি তিন
স্বিত্য ক'রে ফেলেছি। তাঁকে কাঁদিয়ে গেলাম, এ ত্বং আমি মরলেও
ভুলতে পারব না। তোমরা আমার হয়ে তাঁকে ক্লেল, আমি মনে কোন

ক্ষোত নিয়ে যাচ্ছি না, বুডো হয়েছি, এখন আমাব কাশীবাসেব সময়, তাই যাচ্ছি। সত্যি, তাব দিন তুই পরেই তিনি কাশী চ'লে গেলেন।

প্রকৃষ্ণৰ চোপ ছলছল ক'বে উঠল। ব্যক্ষাম এই ম্যানেঞ্চাবধাবৃকে সে সন্তিটে ভালবাসে। বাণীজি নেহাৎ প্রস্থা, নইলে ঠাব ওপরেও এব যা টান, ওবে ভাল ক'বে না জানলে ভাব অন্টা সংশ্বিধা মতেব ব্যাপ্যাও দিতে পাবভাম, শুনতে মন হ'ত না।

ইংকচি। আচ্ছা, আপদাব কি চোখে পঢ়তা ব'লে কিছু নেই, এমন স্থলৰ সিচ্বেশ-নটাৰ অমন ব্যাপ্যা কৰতে একট বাধল না ১ঃ

অজিনু। উভ. বাববে বিসেব হলে / প্ৰথমত শিক্তাবদেব চকু লিভা আব সেকিমিণেট হুটোবই দাকণ এভীব। ছিবং

স্কৃতি। চুপ, আপনাব বকুতা আমনা শুনতে চাইন গল্প বনুন। আদ্দেশু। আচ্ছা, গল্পই হোক। কিছ বাাবিস্চাব, দেখে বাধ, আমাকে ক্যাব্য ডিফেন্স নিতে দিলে না।

প্রভাত। নেভাব মাইণ্ড। ওব পাণ্যাব অব জ্যাটনি মফুজ জ্যাক্ট অবাহন্দু মাবেজ অন্সাবে আনাব ওপৰ নাত আছে। ভাব জোবে আমি আপনাকে অভ্যাদচ্ছি, আপনাব বিক্দ্ধে এই আালিগেশন নিয়ে আব বেশি নাডাচাডা কবা হবে না, ফদি আপনি আব তব না ক'বে গল্লটা কণ্টিনিউ কবেন।

অধ্বেন্। অগত্যা। প্রফল্লকে বললাম, এত হ দি স্বাই তাকে নিয়ে অস্থির, তাকে দেশে পাঠিযে দিলেই হয়।

এফুল বললে, হয় না। হ'লে পাঠানো হ'ত। কিছু এব ভো জাম্বজি তাকে চ'লে যেতে বললে একটা যা চেঁচামেচি কোলাহলেব স্প্রিটি হবে, সে দস্তবমতে। স্থাণালাস। বাজা বাহাছবেব ওপরেপ বাভিতে ঘুমুবা বয়েছেন না, বাদেব নাম জ্ঞাতি শবিক। তাঁদের ভয় করতে হয়। আমাদের এমন রাণীজি, হাঁকে মা ছাড়া আর কিছু ব'লে ডাকতে কারও ইচ্ছেই হয় না, তাঁরও উইক স্পটি আছে, তিনি ছোট ঘরের মানে এদের তুলনায় গরিবের ঘরের মেয়ে। এর ওপর একটা স্থাপ্তাল হ'লে ঘরে বাইরে বছ জিভ চঞ্চল হয়ে উঠবে। কাজেই বুঝতে পারছ, ছুঁচোটাকে রাজা বাহাত্ত্র আর রাণীজি তুজনে মিলেই গিলেছেন। বিতীয় কথা হচ্ছে, শ্রীযুত এখানে তবু সবার চোখের প্রপর যা আছেন আছেন, এক রকম মানিয়ে যাচ্ছে। দেশের বাড়িতে তিনি ইবেন একেশর, এবু যা কেলৈছারি ক'রে বেড়াবেন সে অনির্বচনীয়।

বললাম, তার মানে ?

প্রফুল্ল বললে, মানে সরল। তিনি নিজেকে বলেন নবযুগের তরুণ, এবং তারুণাের লক্ষণ সম্বন্ধে তাঁর মতামত অতি আপ-টু-ডেট। কাজেই তাঁর পরকীয়ায় অরুচি নেই এবং কার্যক্ষেত্রে জাত-অজাতের সমীর্ণতাও তিনি মানেন না। জ্ঞাতিরা তাঁর থোঁজ রাথছিলেন ব'লেই একে এখানে এনে রাখা হয়েছে, এক কথায় নজরবন্দী।

বললাম, তা হ'লে সেই বন্দীটা আরও ভাল ক'রে রাখা উচিত, শেকল দিয়ে।

প্রফুল বললে, আমাদের আপত্তি ছিল না, কিন্ধু সেখানেও ওই ভূতের ভয়—স্থাণ্ডাল। জ্ঞাভিদের কান তো ধামার মত পাতাই রয়েছে কিনা। যাক এবারে উঠে পড়ি, অনেক ঘরোয়া কথা ফাঁস ক'রে গেলাম। কিন্ধু ঐ কথাটি মনে রেখো ভাই, আমাদের ওপর রাগ ক'র না। আর বদি কিছু মনে না কর, আজকের ভিঞ্জিট্রের

্বললাম, বাড়াবাড়ি করেছ কি ঘূবি মেরে দোব। আমি পরিব মানি, কিন্তু আজকের টাকা আমি নোব না। প্রফুল সিঁড়ি দিয়ে নামতে নামতে বললে, জোর করবার মত মুখ নেই, কিন্তু তাঁরা শুনে কতটা হঃখ পাবেন, তুমি জান না।

বিকেলে কলেজ থেকে ফিরে ভনলান, প্রুফ্ল ছতিনবার ফোনে আমার থোঁজ করেছে। এবং ব'লে রেথেছে, আমি ফিরলেই যেন তাকে খবর প্রথম হয়, খুব জরুরি দরকার। জরুরি এ কি থাকতে পারে ভেবে নোলাম না। ফোনে তাকে ডাকতেই সে সাড়া দিলে, সেই ছপুর থেকে তোমার ডাকের ভরশায় ব'সে আছি ভাই । তুমি এখন আবার বেরুচ্ছ না তো?

বললাম, অস্তত ঘণ্টাখানেকের মধ্যে নয়। কেন ? সে বললে, খানিক পরে বলছি, ধর মিনিট পনরো।

ব্যাপারটা ব্যুলাম না। কিন্তু ব্যুতে দেরিও হ'ল না, যখন মিনিট দশ-বারোর মধ্যেই প্রফুল্ল সশরীরে এসে আমার ডুইংর্মের দোরে হাজির হ'ল এবং আমি কোন কথা বলবার আগেই ব'লে বসল, একটু রাস্তার ওপর আসতে হচ্ছে ভাই, ওঁরা গাড়িতে ব'সে।

ওঁরা কারা ?

রাজা বাহাতুর আর রাণীদ্ধি।

সেকি! তাড়াতাড়ি নেমে গাড়ির কাছে এগিয়ে যেতেই, রাজা বাহাত্বর রাস্তায় নেমে দাঁড়িয়েছিলেন, তহাত জোড় ক'রে বললেন, সকালবেলার ব্যাপারের জল্ঞে আমরা অত্যক্ত লচ্ছিত হয়ে রয়েছি, তার জল্ফে আপনার কাছে মাপ চাইতে এলাম।

ঃবললাম, ছি ছি, ওকি করছেন, আপনি আমার গুরুজনের সমান!

রাঞ্বা বাহাত্র বললেন, তা হোক, তথন আপনি আমার বাড়িতে অভ্যাগত ছিলেন। বলুন, মাপ করলেন ?

বললাম, মাপ করা-করির কি আছে এতে? তবু বিশাস করুন,

আমার কোন নালিশ আর নেই। সকালবেলাই প্রফুল্লর কাছে আমি সব শুনেছি।

রাজা বাহাত্র বললেন, প্রফুরর ! আপনাদের আগেকার জানা-শোনা ছিল নাকি ?

প্রফুল বললে, আমরা কলেজে একসঙ্গে পড়েছি।

রাজা বাহাত্র বললেন, আর সে কথা তুমি এই সারাদিনের ভেতর আমাকে বল নি ! যাক, ডাক্তার যখন প্রফুল্লর বন্ধ, তখন ভে'—

বললাম, স্বাচ্চনে নাম ধ'বে ডাকতে পারেন, আমি একটুও রাগ করব না। তবে আমারও কিঞ্চিৎ নিবেদন আছে, কট স'য়ে এতদ্র যথন এসেছেন, তথন একবার গরিবের দোরে—

রাজা বাহাতর বললেন, হাতীর পা? নিশ্চয় পড়বে, চার পা এক-সংক্রই পড়বে, চিস্তা কর না। তা হ'লে হতিনীটিকেও তো ডেকে নিতে হয়।—ব'লে তিনি গাড়ির দিকে একটু এগিয়ে গেলেন। সঙ্গে সঙ্কেই গাড়ির দোর খুলে রাণীজি নেমে পড়লেন। বছর একুশ-বাইশ হবে বয়স, পাতলা ছিপছিপে চেহারা। সৌন্দর্য্য-বর্ণনায় আমি দক্ষ নই, কিস্তু এঁর চেহারাটা কবির ভাষায় বর্ণনা করবার মত। স্থনীতি তাঁকে দেখেছে; প্রভাত, তাঁকে দেখে যদি অনেস্টলি বর্ণনা করতে, তা হ'লে স্থক্ষচির চ'টে যাবার কথা হ'ত। স্থন্দর শাস্ত মুখে ভাসা ভাসা বড় ছটি চোখ, কপালের ওপর একটুখানি ঘোমটা টানা। গাড়ি থেকে নামতে নামতে চকিতে রাজা বাহাছরের দিকে চেয়ে, অতি স্থন্দর একটু ক্রভিদ ক'রে ফিন্সফিস ক'রে বললেন, আঃ, যভ বুড়ো হচ্ছ—। তারপর কোনও সঙ্কোচ না ক'রে সামনে এসে নমস্কার ক'রে বললেন, আমাকেও মাপ করলেন তো?

আমি ঠিক কি জবাব দিলাম বলভেশীবারব না, এ কথাটা সভ্যের

খাতিরে স্বীকার করতে বাধ্য হচ্ছি। কারণ সেই মুহূর্প্তটির জন্মে আমার কথা বলবার শক্তি যেন হারিয়ে গেল। আমার সমস্ত অন্তর ভ'রে তথন যার সাড়া পাচ্ছিলাম, সে হচ্ছে একটি অভি এক্কত্রিম ও বিপুল দীর্ঘশাস। মনে মনে বললাম, হায় রে, স্থনীতি যদি আমাকে অমন ক'রে ভুক কুঁচকে বুড়ো বলতে জানত।

হ্বনীতি। তুমি বুড়ো হও, তথন দেখো বলতে জানব।

অন্ধেন্। তেমন ক'রে বলতে পারবে না। এই তো আধ-বুড়ো হয়েছি, ও বেয়াল্লিশও যা পঞ্চারও তাই। কই বল তে। তার অর্দ্ধেকও মিষ্টি ক'রে, কেমন পার একটা টেস্ট হয়ে যাক।

প্রভাত। আ:, digressing again।

অর্দ্ধেন্দ্। অন্থির হয়ো না হে আইনজ্ঞ। শুকনো রেলের ওপর কলের গাড়ি চলতে পারে, গল্প চলে না। রস জ্বমাতে হ'লে তার জল্লে অবসরের ইণ্টারস্পেস চাই। তুমি কোটে স্পীচ দিতে দিতে বারবার চশ্মা মোছ না ?

স্থকটি। আঃ, একটু ফুরসং মিলেছে কি অমনই---

অর্দ্ধেন্দ্। মেরেদের মত খচখচি বাধিয়ে দিয়েছে। যাক, শোন।
গরিবের দোরে হাতার পা বেশ গভীর ক'রেই পড়ল। রাণীজি সোজা
বাড়ির ভেতর চুকে গিয়ে স্থনীভিকে আক্রমণ ও দখল করলেন। এদিকে
রাজা বাহাত্র অনেক বার অনেক রকম ক'রে প্রশ্ন ক'রে আমি যে তাঁদের
ওপর রাগ ক'রে নেই, ভার সম্বন্ধে নিঃসন্দেহ হয়ে নিলেন; এবং ভারপর
জার একবার ধ'রে পড়লেন, তাঁর অপারেশন আমাকেই করতে হবে,
নইলে তাঁর বিশাস হবে না যে, আমার রাগ সভািই ভেঙেছে। শেষ
পর্যান্ধ আমাকেও স্বীকার করতেই হ'ল।

তারা চ'লে যাবার পর স্থনীতি মতপ্রকাশ করলে, ভার বিবেচনায়

প্রফুল্প বললে, চল, প্রতামাকে এগিয়ে দিই।
রাজা বাহাত্র বললেন, বন্ধু ফিরেছে? তাকে ডাক।
বন্ধু আসতেই রাজা বাহাত্র বললেন, এঁর কাছে মাপ চাও।
আমি তাড়াতাড়ি বললাম, না না, সেকি!

রাজা বাহাত্র বললেন, সেকি নয়। চাইতেই হবে। চাও বলছি মাপ।

বঙ্গু ঘাড় গোঁজ ক'রে দাঁড়িয়ে রইল। মাপ সে মুখ ফুটে চাইবে না, জানা কথা। অধি তথন না চাইবার মানে আমার মাধাটা আরও ভাল ক'রে কাটা যাওয়া। কাজেই খুব সাত্ত্বিকভাবে সার্মন দিয়ে বললাম, আপনি মিথ্যে একটা সীন ক্রিয়েট করছেন রাজা বাহাত্র । আমি রাগ ক'রে নেই, আপনাকে বলেছি। তার ওপর, উনি বয়সে আমার চাইতে ঢের ছোট। যদিই কিছু অভায় ক'রে কেলে থাকেন, সে যা হবার হয়ে চুকে-বুকে গেছে, তাকে খুঁচিয়ে ভোলবার দরকার নেই।—ব'লে চট ক'রে বেরিয়ে এলাম।

বাড়ি ফিরে দেখি—অগ্নিকাণ্ড। স্থনীতি রেগে ফুলে যা হয়ে রয়েছে একেবারে পাকা টমাটো। কি বার্তা? নিশ্চয়ই সেই নথের অর্ডার দিতে ভুলে গেছি ব'লে। নিজে থেকেই ঘাট স্বীকার ক'রে বললাম, দেবি, প্রসীদ। এক্ষ্নি অক্ষয় নন্দীকে ফোন করছি। স্থনীতি বললে, নথটখ নয়, আরও গুরুতর ব্যাপার। বললাম, তবে নিশ্চয়ই চক্রহার। কিছে তার অর্ডার তো দেওয়া হয়েই যাচ্ছিল, শুধু যদি না—। স্থনীতি চ'টে:বললে, চুলোয় যাক চক্রহার। এদিকে মানসম্ভম নিয়ে টানাটানি, আর তুমি করছ ইয়াকি।—ব'লে চোথে আঁচল দিলে।

অর্দ্ধেন্দ্ নিবে যাওয়া চুক্লটটা ফের ধরিয়ে নিয়ে চিৎ হ'য়ে শুদ্ধে প্র'ড়ে খুব দমভরে ধোঁয়া ছাড়তে লাগলেন।

স্ফুচি বললেন, তারপরে ?

অর্দ্ধেন্দু চুকটে আর একটা জোর টান দিয়ে বললেন, দাঁড়াও, আগে মন ঠাণ্ডা হোক।

প্রভাত বললেন, হয়েছে, বলুন।

অর্দ্ধেন্ । বাপ রে বাপ, বউয়ের সঐে কথা কইতে দেবে না, চুকট থেতে দেবে না, এ তো আহ্ছা মাস্টার-মাস্টারণীর পালায় পড়লাম দেখছি; এমন জানলে আমি গল্প বলতেই বসতাম না।

প্ৰভাত। If যদি be হয়—পাক। এখন শাকিটা না বললে জীচ অব কণ্টাস্ট।

অর্দ্ধেন্দু। আর এদিকে বীচ অব ক্লণ্ট্যাক্ট হয়ে যাচ্ছিল। শালীর চাইতে চুক্লটের সঞ্চে থাতির বজায় রাখবার তাড়া তুমি কম মনে কর । বিশেষত যখন সেই শালীর বয়স পঁচিশ পেরিয়ে—

স্থক্চি। ফের!

অর্দ্ধেন্দ্। আইজ্ঞা না। যাক, কালাটালা থামতে জনীতিকে জিজ্ঞেন করলাম—

স্নীতি। হাা, কেঁদেছিল বই কি !

অর্দ্ধেন্দ্। আচ্ছা, না কেঁদে থাক, নেই নেই। তারপর কায়া না থামতে স্থনীতিকে—। দেখলে গো, সেরে নিয়েছি কিন্তু। ইা, স্থনাতিকে জিজেদ করলাম, কি হয়েছে। স্থনীতি বললে, সেই কে একটা লোক এসেছিল, মানে বঙ্কু, তাকে ভয়ানক অপমান ক'রে গেছে। তার ঘটি অবিলম্বে তীব্র প্রতিকার না করি, তবে তার সঙ্গে আমার এই জয়ের মত বিচ্ছেদ, জীবনে আর কক্ষনো সে আমার রুমালে ফুল তুলে দেবে না। কি ব্যাপার ? না, বঙ্কু যথন আসে, স্থনীতি তথন ফুইংরুমে ব'সে খুব নিবিষ্টচিত্তে ক্যাটালগ খুলে পেরাম্বলেটারের মডেল পছন্দ

করছে—না না, চ'টো না, আই মীন, লাল উলের ছোট্ট সোয়েটার বোনবার জন্তে উলের ডিজাইন পছন্দ করছে। বহু বোধ হয় বাইরে দরোয়ান বরকন্দাজ কার্মী সাড়া পায় নি, সে এসে সোজা ঘরে চুকেছে এবং তারপর হাঁ ক'রে হ্বনীতির দিকে কি রকম ক'রে তাকিয়ে দাঁড়িয়ে গেছে। কি রকম দক'রে সে তাকিয়েছিল, অবিশ্রি খ্ব ভাল ব্রুলাম না, কারণ আমার দিকে কেউ কখনও কি রকম ক'রে তাকিয়েছে ব'লে মনে পড়ে না। তবে হ্বনীতির কথা থেকে বোঝা গেল, সে তাক্যনোর রকমটা ভাল নয়, মানে হ্বনীতির পছন্দ হয় নি। তারপর যখন হ্বনীতি পেছন ফিরে তাক্তে দেখতে পেয়েছে, তখনও সে একটুমাত্র সহুচিত হয় নি; যতক্ষণ তার সঙ্গে কথা বলেছে, সারাক্ষণই তার মুখের ওপর, গলার ওপর এট্সেট্রা চোখ ফিল্ল ক'রে বলেছে। হ্বনীতির মতে সেটা তার আত্মার ভালত্বের পরিচায়ক নয়। অতএব অবিলম্বে সেই হুরাআর শান্তিবিধান করা চাই।

জালিয়ে তুললে। এদিকে আমার পয়সার অভাব, ওদিকে টাকা আয়ের পথে এসে এই হতভাগাটা বারবার ক'রে জঞ্জাল স্বষ্টি করছে; ওদিকে আবার শাস্ত্রের বিধান, সময়বিশেষে স্ত্রীর সব খেয়াল পূর্ণ করতে হয়, নুইলে ভবিশ্বৎ দেশবাসীর স্বাস্থ্যহানির আশক্ষা। স্থনীতি তো যা কাল্লা স্থক ক'রে দিয়েছে, ঘরে প্লাবন হয় আর কি! প্রভাত সেই ষে গেল বারে সকে টাকা নেই ব'লে বড় হীরে বসানো ব্রোচটা নিতে পারলে না, একটু ছোট সাইক্সের একটা ব্রোচ কিনে নিয়ে গেলে তথনও স্থকচি, অত কাঁদতে পার নি।

স্থঞ্চ বললে, কবে আবার আমি---

অর্দ্ধেন্দু অন্তমনস্কভাবে বা হাতটা একটু তুলে বললেন, আঃ, তর্ক ক'রে বসভঙ্গ ক'র না, আমি এখন ক্রমেই উত্তেজিত হচ্ছি। হতে হডে শেষে একসময় আমি দস্তরমত চ'টে গিয়ে স্থির ক'রে ফেললাম, এর একটা হেন্ডনেন্ড করবই। তাতে যদি রায়েন্ট হাতছাড়া হয়ে গিয়ে নথটা এ যাত্রা কেনা নাও হয়, সোভি আচ্ছা আমি গরম হয়ে উঠতেই তার আঁচে স্থনীতির চোখের জল চট ক'রে বাষ্প হয়ে উবে গেল। বর্ষণশ্রান্ত আবাঢ় রাত্রির অবসানে সছ্ত-ধোওয়া কচি ঘাঁসের ওপরে প্রথম রোদের ঝলকানির মত তার সমস্ত ম্থ খুশিতে এমনই ঝকমক ক'রে উঠল যে, আমার তথনকার মত মনেই রইল না নাক খাদা ব'লে তার হৃত্বার বিয়ে ভেঙে গিয়েছিল।

স্থনীতি। আঃ।

অর্দ্ধেন্দ্। গোল ক'র না। আমি ইদানীং পরিশ্রান্ত, এক
নিশাসে অনেকথানি কাব্য ক'রে ফেলেছি। তারপর চ'টে গিয়ে ত্ম
ক'রে ফোন তুলে নিলাম। লালবাজার নয়, প্রফুল্ল। তাকে বললাম,
শিগশির এস।

প্রফুল এলে তাকে বস্কুর কীর্ত্তি বল্লাম। সে বলবে, আর ব'ল না ভাই। বুঝলে তো কি চীজ। আমরা চব্বিশ ঘণ্টা দেখছি। রাণীজি নিজে তার সামনে গায়ের চাদর খোলেন না।

বললাম, কিন্তু আমি এ স'য়ে যাচ্ছি না, ওর বাদরামো আমি গোটাব।

প্রফুল বললে, সে যদি পার ভাই, তো আমরাও বেচে যাই—রাজ্যু বাহাত্র রাণীজি হন্দু। কিন্তু একটি কথা, মামলা করলে তাঁরো বড় লক্ষায় পড়বেন।

আমি বললাম, সে ইচ্ছে আমারও নেই, থাকলে তোমাকে ভাকতাম না। ঘরের কেচছা নিয়ে কোটে যাওয়া আমার পক্ষেও প্যালেটেব্ল নিয়। দীড়াও, স্থনীতিকে ডাকি। তারপর তিনন্ধনে মিলে আমাদের ঘোরতর ওয়ার-কাউন্সিল বসল প্রায় আধ ঘণ্টা ধ'রে অত্যন্ত গোপন পরামর্শের পরে স্থির হ'ল, বঙ্কুকে কেসে ফেলা চলবে না, রাজা বাহাত্বকেও বলা হবে না। গুণ্ডা লাগানো চলে কি না, তার আলোচনা শেষ হয়ে ভোটে 'না' খাড়া হতে হতে সাড়ে দশটা বেজে গেল। তার পরের প্রস্তাব ছিল, তাকে নিজেই চাবকে দেওয়া। কিন্তু এগারোটায় আমার একটা এয়পেরিমেন্টের ফল জানতে যাবার কথা। প্রফুল্লকে বললাম, আপাতত তা হ'লে ও আলোচনাটা মূলতুবি থাত, বেলা হয়ে গেল। সোফারকে ছেড়ে দিয়েছিলাম, প্রফুল্লই আমাকে ক্লিনিকাল ল্যাবরেটরিতে নামিয়ে দিয়ে গেল।

দেনিটা ছিল ব্ধবার। বিষাৎ গেল, শুকুর গেল, শনিও
যায়, চাবুক আর কেনা হয় না। হ্ননীতি ঝনঝন ক'রে হাতের চুড়িগুলো
খুলে দিয়ে বললে, এই নাও, বিক্রি ক'রে যাও চাবুক নিয়ে এস। আমি
বললাম, একটু র'স, আর একবার ভেবে দেখি, চাবুক আর্মস-আ্রেট্র
পড়ে কি না। হ্ননীতি রেগে বললে, আর্ম তো এমনিই ত্টো তৃপাশে
ঝুলছে, ওগুলোকেও তা হ'লে কেটে ফেলে দিলেই তো হয়, জামা
করতে কাপড়ও কম লাগত। যতই ব্ঝিয়ে বলি কথাটা নেহাৎই
মেয়েমাহ্মষের মত বলা হ'ল, আর্ম কাটা গেলে তথন জানা যাবে
তার সঙ্গে আরও কত কি গেল, এবং সে অভাব শুরু আমিই নয়,
তিনিও আমার চাইতে কম ফীল করবেন না। কে সে কথা কানে
তোলে। সে বলে, হাতে চাবুক না থাকলে পুরুষমাহ্মষের হাত থাকবার
কোন মানেই হয় না, ঠিক যেমন সোনার চুড়ি হাতে না থাকলে মেয়েদের
হাত থাকা না-থাকারই সামিল। এর পরে ব্যুতেই পার, আমার
তরক্ষ থেকে একমাত্র লজিকাল উত্তর হচ্ছে যে, তাই যদি তার ধারণ
হয়, ভবে স্থনীতি খুব ভাল দেখে একটি গাড়োয়ানকে বিয়ে করঃ

উচিত ছিল। কিন্তু ততদ্র এগোবার আগেই একটা ব্যাপার ঘ'টে গেল, যা আশ্চর্য্য এবং অভিনব।

অর্দ্ধেন্দু আর একটা চুক্ট ধরালেন, ধারে ধীরে একম্থ ধোঁয়া ছাড়তে ছাড়তে বললেন, সোমবার খুব ভোরবেলা প্রফল্ল এসে হাজির হ'ল। শেষ রাজির থেকে বন্ধুর হঠাৎ গলাটা ফুলে ব্যথা হয়ে উঠেছে, ভয়ানক পেন, আমাকে এক্ষ্নি একবার যেতে হবে। পুনশ্চ সংবাদ, বন্ধু নিষ্কুল বারবার ক'রে ব'লে দিয়েছে, আমাকে যেতেই হবে, আমাকে না দেখতে পেলে সে আর কিছুতেই বাচবে না হিন্দু করেছে। ভার কোনও অপরাধ যেন আমি মনে না রাখি।

চটপট ওভাব্কোট চড়িয়ে গাড়িতে চেপে বসলাম। শোবার ঘরে টেবিলে দেশলাই ছিল, স্থনীতি তার ওপরকার কালির ছবিটার দিকে খুব ভক্তিভরে থানিক চেয়ে থেকে, তারপুর আশেপাশে কেউ কোথাও নেই দেখে নিয়ে হাঁটু গেড়ে প্রণাম জানিয়ে মনে মনে বললে, ভগবান, তুমি নিশ্চয় আছে।

স্নীতি বললেন, ছঁ। তুমি জানলে কি ক'রে ?

অর্দ্ধেন্দু বললেন, মনে নেই, শালগ্রাম হুড়ি সামনে রেখে বলেছিলে, ধদেতৎ মে হাদয়ং ?

স্থনীতি রেগে বললেন, কক্ষনো বলি নি। আমার ব'লে তথন খুমে ছচোধ ভেঙে আসছে—

আর্দ্ধেন্দ্। আরে চুপ চুপ, রাগের মাথায় বেফাঁদ কথা ব'লে ফেলতে নেই।. ব্যারিস্টারকে জিজেন কর, এক্নি ক'লে দেবে, চাঁটিং কেদ বড় শক্ত মোকদমা।

প্রতাত। আ:, কি স্থক করলেন ত্জনে! ভক্তর, continue please, মানে ঝগভা নয়—গল্লটা।

অর্দ্ধেন্দু। বলি। রাজবাড়িতে গিয়ে দেখি বস্কু শয়ান, গলায়
কক্ষ্টার জড়ানো। কণ্ঠারু ছ পাশ লাল হয়ে ফুলে উঠেছে। বাধা
আছে, একটু জ্বন্ড হয়েছি। বাধাটা তখন পর্যস্ত খুব বেশি ব'লে
মনে হ'ল না; কিন্তু ঘতটুকু হয়েছে এবং আরও ঘতথানি হবে ব'লে
তার ধারণা হয়েছে, এই ছইয়ে মিলে বস্কুকে একেবারে জেন্টলম্যান.
বানিয়ে দিয়েছে। হাউ-মাউ ক'রেন্বললে, ডাক্তারবার্, আমি ম'রে
গেলাম।

ধমক দিয়ে বললাম, সে যধন মরবেন তথনকার কথা। এখন চুপ করুন, দেখতে দিন।

দেখা শেষ হ'লে রাজা বাহাত্ব বললেন, কি দেখলেন ? বললাম, অ্যাকিউট টাইপের টিউমার হয়েছে। কাটাতে হবে। বাজা বাহাত্ব বললেন, টাইপটা কি বকম ?

বললাম, খুব মাইল্ড হঁবার তো কথা নয়, এক রাজের মধ্যে যথন এতটা হয়েছে। কাল কিছু টের পান নি ?

वक्रु (कॅरन छेठेन, किष्कू ना। आमारक वाँहान।

বললাম, এক্নি মরবার আপনার কিছু হয় নি। উঠে রেডি হয়ে নিন। অপারেশন আজই করতে হবে, আরও বাড়বার আগে। প্রফুল্লকে বললাম, দেরি না ক'রে মেডিক্যাল কলেজে পাঠাবার বন্দোবন্ত কু'রে দাও। আমি তাদের ফোন করছি। বন্ধু আবার হাউমাউ ক'রে উঠল। ওরে বাবা রে, গলা কাটলে আমি ম'রে যাব। আমি ওখান থেকেই একটা ট্যাক্সি নিয়ে ছুটলাম।

এগারোটার মধ্যে অপারেশন হয়ে গেল। প্রফুল্লকে তার কাছে রেখে নাস টাসের বন্দোবস্ত ক'রে দিয়ে বারোটা আন্দাক বাড়ি ফিরলাম। স্থনীতিকে বললাম, বেচারী যা কালাকাটি করছিল, তার ৬পর কেমন মায়া প'ড়ে গেল। তায় ডাক্তারের প্রফেশনাল কন্ভেন্শন
আছে, রুগীর ওপর রাগ রাখতে নেই। তাকে একেবারে মাপ ক'রে
ফেলেছি। স্থনীতির মুখটা ঠিক পরের ছু:থে •ছু:খিত হওয়া গোছের
দেখতে হ'ল না।

বিকেলে গিয়ে দেখনাম, বস্থু ভালই আছে। রাজা বাহাত্র, রাণীজি তাকে তথন দেখতে গিয়েছিলেন, তাঁরা খুব একচোট ধন্তবাদ জানালেন। আমি বলনাম, আপনাদের সঙ্গে প্রথা হয়ে গিয়ে ভালই হ'ল। থবর আছে।

রাজা বাহাত্র বললেন, কি, জবাব পুেয়েছেন ?

বললাম, শুধু জবাব নয়, একেবারে জিনিসই পেয়ে গেছি এখানে একজনের কাছে; সকালবেলা ভাড়াভাড়িতে আপনাকে বলা হয় নি। আর এক ভদ্রলোক নিজের দরকারে আনিয়েছিলেন, তার কাজে লাগবেন। তারও হ্বরাহা হয়ে গেল, আনারও।

রাজা বাহাত্র বললেন, তা হ'লে অপারেশনটা কবে করতে চান ? বললাম, কালই। দেরি ক'রে লাভ নেই।

রাণীজির মুথ মলিন হয়ে গেল। বললেন, একসঙ্গে ত্জনই ?

তাকে সাহস দিয়ে বলনাম, তাতে আর কি হরেছে? ওরা শিস্পিরই সেরে উঠবেন তো। আপনি যথন খুশি এসে দেখে যাবেন আমি বন্দোবন্ত ক'রে দোব।

তাই হ'ল, পরদিন রাজা বাহাত্রের অপারেশন করলাম। দিন দুশৈকের ভেতর হজনেই সেরে উঠে বাড়ি চ'লে গেলেন।

্ খুর্দ্ধেন্দু পা হুটো ছড়িয়ে দিয়ে চুকট টানতে লাগলেন।

গ্রুক্তি বললেন, ভারপর ?

অধ্রেন্দু বললেন, তারপর আর নেই। বছর ছ^ট পরে স্নীতিকে

নুক্তে ক'রে গিয়ে অল্প্রাশনের নেমতন্ত্র খেয়ে এসেছি। And they have been blessed with the brightest boy I have ever seen, মানে আমার ছেলেপিলে ছাড়া।

তপেন বললে, আর সেই বঙ্কু ?

অর্দ্ধেন্দু বললেন, বর্ত্তমান থরব জানি না, অন্ধ্রপ্রাশনের সময় শেষ দেখেছি। দাকণ মোটা হয়েছে আর' সভাবটা একদম বদলে গেছে। এখন সে অত্যন্ত শাস্ত্রণিষ্ট লোক। আমাকে যে ভক্তিশ্রদ্ধাটা, দেখালে, স্থনীতি পর্যন্ত ঈর্ষান্থিতা। প্রফুল্লকে বললাম, ভারী বাধ্য হয়ে পড়ছেতো হে, কজ লোকেরই তো হাত পা গলা কাটি, এমন ভক্ত ক্রগী আর কখনও পাই নি।

প্রফুল বললে, শুধু তুমি ব'লে নয়, ওর স্বভাবটাই এখন অমনই হয়ে গেছে। আগের আর কিছু বাকি নেই। রাণীজি কালীঘাটে জোড়া মোষ দিয়েছেন।

অর্দ্ধেন্দু উঠে দাঁড়ালেন, আর নয় রাত ঢের হ'ল।

স্কৃচি বললেন, এটা একটা গল্প হ'ল ? মিথো খানিক বাজে বকুনি শোনালেন।

অর্দ্ধেন্দু বললেন, কি করব, আমি তো ব'লেইছিলাম, গল্প বলতে পারি না। আমার কান্ধ ছুরি ছোরা নিয়ে, আমি কি ব্যারিস্টার ষে, অনর্গল স্থসজ্জিত রোমাঞ্চকর মিথ্যে ব'লে যাব!

স্কৃচি ঠোট ফুলিয়ে বললেন, যান যান, আর ইয়াকি করতে হবে না. যত সব বাজে কথা ব'লে রাত জাগালেন।

অর্দ্ধেন্দু নিঃশব্দে চাদরটা তুলে গলায় ফেললেন। স্ফুচি আপীল করলেন, দেখ তো দিদি, এতে রাগ হয় না ? স্থনীতি স্মিতমুখে বললেন, হয়, কিন্তু হওয়া উচিত নয়। প্রভাত বললেন, আপনি তো ওঁর হয়ে বলবেনই। কেন উচিত নয়, ন্ধনতে পাই »

স্থনীতি বললেন, পান। গল্লটার সবঢা স্থাপনারা শোনেন নি। একট্থানি বাকি আছে।

তুপেন স্থকটি প্রভাত কোরাদে বললেন, কি? কি?

স্নীতি বললেন স্থান্থে প্ৰথম পাও পাওয়া যায় নি। রাজা বাহাতুরের স্পারেশন হয়েছিল বস্তুর থাইরয়েড⁸িলফ।

স্থকচি প্রভাত তপেন। তার মানে

অর্দ্ধেন্দ । স্থনীতি, তুমি ভায়েরি পড় না বলেছ।

স্নীতি। পড়ি না, তুমিই বলেছ। কিন্তু এও বলেছ যে, শুনি এবং কাজেই ইচ্ছে করলে বলতেও পারি, কারণ আমার প্রফেশনাল ভাউ নেই।

তপেন হুফ্চি। দিদি, বল।

প্রভাত। বলুন।

স্নীতি। ওঁর প্লান্মত প্রফুলবাবু বঙ্কে একটা বাাক্টিরিয়া স্থ্যাত্মিনিস্টার ক'রে দেন। তাই তার পাইরয়েড ফুলে উঠেছিল। উনি স্থপারেশন ক'রে তার পাইরয়েড বার ক'রে নেন এবং সেটাকেই প্রিষ্কার ক'রে নিয়ে রাজা বাহাত্রের শ্রীরে বসিয়ে দেন।

স্ফচি উত্তেজিতভাবে বললেন, অর্দ্ধেন্বাব্, সতি৷ ?

অর্থ্যেন্দ্ উদারভাবে বললেন, নিজের মুখে কিছু স্বীকার করা প্রাইম্পনাল কন্ভেন্শনের বহিভূতি। স্ত্রী যা স্থান বলুক, সেটা আদালতে গ্রাহ্মনুষ, কারণ বিজ্ঞ ব্যক্তিমাত্রেই জানেন, মেয়েরা স্বামীর সাঁভিকাহিনী বাভিষে বলতে গিয়ে এমন অনেক কিছু বলে, যা তাদের বোনরা বা ভ্রীপভিরা বিশাস করলেও অন্ত লোকে করবে না।

স্ফচি। হেঁয়ালি নয়, সভ্যি বলুন।

অর্দ্ধেন্। ভত্তে, জকুটি করলেই অমনই ভড়কে গিয়ে একটা যা তা ধারাণ কথা স্বীকার ক'রে ফেলব, সে বয়স আমার আর নেই।

প্রভাত। আচ্ছা, আমি আপনাকে একটা কথা জিজ্ঞেদ করতে পারি ?

अर्थक् । Provided it will be nothing to incriminate me ।

প্রভাত। না, অতি অ্যাকাডেমিক প্রশ্ন। মাম্ববের গ্লাণ্ড নিয়ে অপারেশন হয় ?

অর্দ্ধেন আ্যাকাডেমিকালি বলতে পারি, না হবার কোন কারণ নেই। বরং মান্তবের গ্লাণ্ডই মান্তবের পক্ষে সব-চাইতে স্থটেড। মান্তবের পাওয়া যায় না ব'লেই বাদরের গ্লাণ্ড নিতে হয়। আর সে বাদর জাতে মান্তবের যত কাছাকাছি হয় ততই ভাল।

তপেন। আমি একটা প্রশ্ন করতে পারি ?

অর্থেন্দ। Oh yes, you are a student।

তপেন। কি ব্যাক্টিরিয়া ব্যবহার করেছিলেন ?

স্নীতি। আমি বলছি। Strepto-Staphylococcus।

তপেন। কিন্তু তাকে না জানিয়ে ইন্জেক্ট করলেন কি করে?

অর্দ্ধেন্দু। তুমি কলেজ ছেড়ে দাও। এইটুকু জ্ঞান নেই ং ডিক্লীজ্ড প্লাণ্ড নিয়ে অপারেশন হয় না, তোমার কিছু হবে না।

তপেন। তবে ?

অর্দ্ধেন্দু। ইয়ংম্যান, আরও বয়েস হোক, তথন জানবে, স্ত্রীকে প্রসন্ধ করবার জন্মে মাত্রৰ গণ্ডার মারে, ভাজমহল বানায়, উপস্থিতমত ভূচারটে ক্ষচিকর কথা ব'লে দেওয়া তো সামাক্ত কথা।

স্থনীতি। তার মানে? তুমি আমাকে তথন ঠকিয়েছিলে ?

অর্দ্ধেন্দ্। আহা, ছেলেমাছ্যকে শাস্ত করতে কি বল্লাম, তুমি ভাতে কান দিচ্ছ কেন? তোমায় আমায় কি দেই সম্পর্ক?

প্রভাত। উহঁ, ব্যাপারটা ব্ঝে নিতে হচ্ছে। Where are we standing exactly?

चार्कम् । এই नात्र अभन्र ।

প্রভাত। Hang it, এতক্ষণ ধ'রে আমরাই বোকা বনলাম, না উনিই এতদিন ধ'রে বোকা ব'নে ছিলেন ধ

অর্দ্ধেন্দু। (ঈবং হেনে) ওহে, জগংটা গোলমেলে জায়গা, এর কোথায় কে কথন কি ভাবে বোকা বনে, তার মীমাংসা করা কি সহজ কথা! রাত অনেক হয়েছে, সব ভুতে যাও। সম্বৃদ্ধ

আলোকচিন্ত প্রগতি (১)



দি বাইট মোমেণ্ট

চিনাবাদাম

খিদিক জ্ঞানশৃত্য হইয়া কম্পাস ছাড়াই দিকনির্ণয় করিতে গেলে । যে অবস্থা হয়, পিনাকীলালের অনেকটা সেই অবস্থাই হইল। সে চুপচাপ আসিয়া মহুমেণ্টের তলায় বসিয়া পড়িয়া একটা সিগারেট ধরাইল। না ধরাইলেও হইত, তবু ধরাইল। "নেই কাজ তে থই ভাজ" কথাটাকে বদলাইয়া পিনাকীলাল করিয়া লইয়াছে, "নেই কাজ তো ধরা সিগারেট"। কেন না থই ভাজা অপেক্ষা সিগারেট ধরানোর হাক্ষামা অনেক কম।

আজ পিনাকী যেন হঠাং দার্শনিক হইয়া গিয়াছে। সূব কিছুই সৈ দর্শন করিতেছে চর্মচক্ষ্ দিয়া নহে—দর্শনের চক্ষ্ দিয়া। উপরের দিকে চাহিয়া সে দেখিল, ঠিক যেন মহুমেন্টেরই মাধার উপর দিয়া কয়েক খণ্ড নির্জ্জলা স্বচ্ছ সাদা মেঘ উড়িয়া যাইতেছে। পিনাকীর মনে হইল, মহুমেন্ট সিগারেট বুঝি সাদা ধোঁয়া ছাড়িতেছে।

মালবিকা তাহাকে ইডিয়ট বলিয়াছে, জ্ঞানোয়ার বলিয়াছে, বলিয়াছে আরো অনেক কিছু। তা বৈশ করিয়াছে। আর কয়টা দিন যাক না। তারপর আবার ঠিক ঐ কথাগুলিরই উন্টা কথা অভিধান দেখিয়া দেখিয়াই হয়তো বলিবে। কয়টা দিন কি আর সহু করিয়া থাকা যাইবে না ? কেন যাইবে না ? চেষ্টা করিলে পৃথিবীতে কি না সহা যায় ? পিনাকী মহুমেন্ট দেখিতে লাগিল।

পিনাকী ইতিহাস জানিত। মহুমেণ্ট দেখিয়া তাহার মনে পড়িল সাহেব অক্টার্লোনির কথা। পড়িয়াই তাহার মনটা করুণ মসে ভরিয়া উঠিল, তুঃখ হইল সাহেবের জন্ত। মহুমেণ্ট আছে, অক্টার্লোনি দাই। স্থৃতিস্তম্ভ আছে, স্থৃতি নাই। লক লক লোক মহুমেণ্ট দেখে, তাহাদের মধ্যে ইতিহাস কয়জন জানে? যাহারা জানে, তাহাদের মধ্যেই বা কয়জন মনে করে? বৃদ্ধুদের মত স্থৃতি মিলাইয়া গিয়াছে, খাড়া আছে স্থৃতিস্তম্ভ। স্থৃতির চেয়ে স্থৃতিস্তম্ভই কি বড়ং পিনাকী ভাবিতে লাগিল।

্ ক্রমে অক্টার্লোনি হইতে শিপাহী-বিদ্রোহের কথা মনে হইল।
হায়! ক্রেসব দিন এখন কোথায়? তখনকণর দিনে কোনও রাত্রে
আজিকার রাত্রের মত এই জায়গায় এমন নিশ্চিম্ম হইয়া বিসিবার কথা
কেহ কল্পনাও করিতে পারিত কি? তখন এই সবৃষ্ণ মাঠই হয়তো
নররক্তে ও অধরক্তে লাল হইত। এখন ঐ ওখানে কয়েকটা ফাজিল
চোকরা প্রেমের গল্প করিতে করিতে হো হো করিয়া হাসিতেছে
তখনকার দিনে কত লোক ঠিক ঐখানেই হয়তো ওহো হো করিয়া
কাঁদিয়া আর্ত্রনাদ করিয়াছে। সময়ের কি আশ্চয়া পরিবর্ত্তন ! সময়ব্ছরূপীর অভ্তরূপ পরিবর্ত্তনের কথা ভাবিতে ভাবিতে পিনাকীলাল
নিজের কথা ভ্লিয়া গেল।

এভাবে কভক্ষণ সে নিজেকে ভুলিয়া থাকিত বলা শক্ত, কিন্তু এই সময়ে হঠাৎ "চিনাবাদাম চাই বাবু, গর্মাগরম" কথাটা কানে ঘাইতেই সে আবার নিজের কথা ভাবিতে লাগিল। কারণ, সে-ই চিনাবাদামওয়ালার লক্ষ্য। ভাহার যে চিনাবাদাম দরকার, সে কথা লোকটা যেন কি করিয়া আন্দাক্ষ করিয়াছিল।

লোকটা বাঙালী নহে। জিজ্ঞাসা করিয়া জানা গেল, ভাষার বাড়ি মুক্তর জিলায়। শুনিয়া পিনাকীর মন সহাস্থৃতিতে ভরিয়া উঠিল। স্থৃদ্ধ মুক্তের হইতে আসিয়া বাঙালী বাবুদের জন্ম সে চিনাবাদাম ভাজিয়া ফিরি করিতেছে। খ্রী, পুত্র, কন্মা, স্বাইকে হয়তো সে দেশেই ফেলিয়া আসিয়া এই বিদেশে তাহাদের বিরহ-বাথা মুথ বৃদ্ধিয়া সন্থ করিতেছে। হয়তো বা কথনও কথনও বাথা এত গভীর ইইয়া উঠে যে, সে তাহার ঐ ময়লা কাপড়ের আঁচল দিয়াই চোথের জল মুছিয়া ফেলে। হয়তো কত রঙ্গনীতে বিরহিণী প্রিয়ার কথা ভাবিয়া অক্রজনে বালিশ ভিজাইতে ভিজাইতে সে জাগিয়া থাকে। নির্দাম বিধাতার এই নির্দাম বিধানের রহস্থা বহু চেষ্টাতেও হয়তো সে ভেদ করিতে পারে না। আর ওদিবে হয়তো স্থদ্র মুক্ষেরে জনৈক মুক্রেরী নারী কাতরপ্রাণে স্থদ্র বাংলা হইতে তাহার খামীর প্রত্যাবর্ত্তনের আশায় দিন গুনিতেছে। হয়তো সেও বিধাতার এই স্থদায়ীন বিধানের নিন্দা করিতেছে। হয়তো সামী বাংলার টাকা মাঝে মান-অর্ডার করিয়া পাঠায় এবং সেই টাকাই স্থামীর ম্পর্শমাখানো বলিয়া কত আদরে সে বক্ষে চাপিয়া ধরে। বিধাতা কর্ত্তক বাংলায় নির্কাসিত পিতার জন্ম তাহার কচি কচি ছেলেমেয়েগুলি হয়তো কত কাদে, কিন্তু সে কালা হয়তো বা নির্কাসিত পিতার প্রাণে গিয়া আঘাত করে, তবু বিধাতার পাষাণ প্রাণে আঘাত করে না।

এই রকম কত শত মুঞ্বো দীর্ঘখাসে বাংলার আকাশ-বাতাস ভরিয়া আছে, কে তাহার হিসাব রাথে? শুধু মুঙ্গেরই বা কেন? ভারতের বহু প্রদেশের বহু জিলার এইরূপ কাতর আর্ত্তনাদে বাংলার আকাশ ছাইয়া গেল, বাতাস ভারা হইয়া গেল। হে বাঙালী! ভাহা কি শুনিতে পাও নাই? সে আর্ত্তনাদ শুনিয়া কোনদিন এক ফোটা অশ্রু ঝরাইয়াছ কি? এক মুহুর্ন্ত চিস্তা করিয়াছ কি?

মহুমেন্টের তলায়- বিসিয়া বিসিয়া এভাবে চিস্তা করিতে করিতে পিনাকী আকুল হইয়া উঠিল। মহুমেন্টের উপর দিয়া তথনও ছুই এক থণ্ড সাদা মেঘ উড়িতেছে।


চিনাবাদামওয়ালা কহিল, "গর্মাগরম চিনাবাদাম, বারু।" তাহার কণ্ঠস্বরে একটা অভুত রকমের আকৃতিপূর্ণ করুণ ছলছল ভাব। শুনিয়া পিনাকীলালের তৃইটি নয়ন-শতদলে অঞ্-শিশির টলমল সরিয়া উঠিল।

পকেট হাতড়াইয়া পিনাকী দেখিল, একটি মাত্র পয়সা রহিয়াছে।

তাহাই বাহির করিয়া দে ভাঙা ভাঙা হিন্দীতে কহিল, "দে য়াও এক পইসাকা।"

চিনাবাদাম দিয়া চিনাবাদামওয়ালা চলিয়া গেল। গর্মাগরম চিনাবাদাম মৃহুর্জে কিরপে ঠাণ্ডা হইয়া যাইতে পারে, তাহাই ভাবিতে ভাবিতে মহুমেণ্টের তলায় বসিয়া পিনাকী ঠাণ্ডা চিনাবাদাম থাইতে লাগিল। শ্রীষক্ষব

আলোকচিত্রে প্রগতি (१)



দি রাইট আকেল

'আনন্দমঠে' অনৈতিহাসিকতা

(আলোচনা)

ব মাসের (১৩৪৫) 'শনিবারের চিটি'তে "সোনার বাংলা'র পূলা সংখ্যার প্রকাশিত আমার " 'আনন্দমটে' অনৈতিহাসিকতা" শীর্ষক প্রবন্ধটির একটি "সমালোচনা" পড়িলাম। ইহাকে ঠিক সমালোচনা বলিতে পারি নান্দ কারণ, ইহা গালাগালিতে ভরা; এবং এই গালাগালি মনে হইতেছে যেন ব্যক্তিগত বিষেষ্ঠ আবার কথা লইয়া মিছামিছি এতটা ঘ'টাঘ'টি করিতেন না এবং ব্যক্তিগত বিষেষ্বাতিরেকে এতটা গালেগাহের অস্তু কোন কারণও পু'জিয়া পাওয়া যায় না। গালিবর্গণ ও অভিসন্ধি আরোপের অ্লভ অ্যোগ পাইয়া তিনি তাহার পূর্ণ "সম্বাবহার" করিয়াছেন। কিন্তু তাঁহার বুঝা উচিত ছিল যে, কট্জি যুক্তি নহে। বোধ হয়, ইহা ভদ্রতাও নহে; এবং এই প্রকার সমালোচন। শিইজনাগুমোদিতও নহে।

যদিও একশ্রেণীর লোকের মত সমালোচক মহাণার অনেক আবোলতাবোল বিকরাছেন, তথাপি তিনি আমার মূল প্রতিপাদ্য বিবর্টি এক প্রকার থীকার করিয়া লইয়াছেন। তবে তিনি "বিজ্ঞের" মত মস্তব্য প্রকাশ করিয়াছেন যে "মারজাশরের মত ব্যক্তিকে দশ বিশ বংসর আগে পরে কবর দিলে উপস্থাস তো দুরের কথা ইতিহাসেরও কিছু আসে যায় না।" এই প্রকার মনোবৃত্তি লইয়া ঐতিহাসিক ব্যক্তিদের সম্বন্ধে—যতই ভাঁহারা নিন্দানীর হউক না কেন—কিছু বলিতে যাওয়া, সমালোচক মহাশরের নিজের কথায় বলিতে গেলে, নিতাপ্ত "বৃষ্টতা" ভিন্ন আর কিছুই নহে। তিনি যাহাই বলুন না কেন, আমি এখনও মনে করি যে "বেখানে উপস্থাস রচনা করিতে বাইয়া উপস্থাসিক ইতিহাসের সাহায্য গ্রহণ করিয়াছেন, সেখানে প্রধান প্রধান ঐতিহাসিক ঘটনা বা তথাগুলি সম্বন্ধে তাঁহার পাঠকগণের মনে তাঁহারও ভূল ধারণা উৎপাদন করিবার,কোন অধিকার নাই"। ব্যক্ষিমবার্ নিজেও এই মত পোবণ করিতেন। তাহার প্রমাণ, তাঁহার 'ঝানন্দমঠের' "ভূতীরবারের বিজ্ঞাপন" ও "পঞ্চমবারের বিজ্ঞাপন" পড়িনেই পাওয়া

ৰাইবে। এ সম্বন্ধে আমি আমার প্রবন্ধে পূক্ষেই সবিস্তারে লিধিরাছি। প্রতবাং এখানে আর বেলি কিছু বলিব না। তবে মাত্র এইটুকু বলিতে চাই যে, ইনিহাসেব সহিত উপস্তাসেব সময়ব বন্ধা করিবার জন্ত তাঁহার পরবন্ধী প্রথান বেধিয়া আমি এই দাবি করিতে পাবি বে, আমি আমার আলোচা প্রবন্ধে তাঁহার প্রিয় কাষ্ট্র করিয়াছি।

"ছিবান্তরের' মঘন্তবেৰ জন্ম কে বা কাছাবা দায়ী, বা কেনই বা ঐ মধন্তৰ চইযাছিল, ই মুব বিষয়ে আমি কোনও মত আমাব প্রবন্ধে প্রকাশ কবি নাই। কাবণ ভাচা আমাৰ প্ৰতিপাদ। বিষয় ছিল না। আমাৰ মূল কথাটি বলিকে সাইবা প্ৰসঞ্জ আমি কেবলমাত্র বলিয়াছি যে 'বা লা ১১৭৬ দালে (ই বাভি ১৯-৭ সালে) ম'বজাহব জীবিত ছিলেন না। ঐ সমযেব অনেক খুকে •াহাব মৃত্যু ১০বাছিল ় ৭বং ঐ সম্বৰাৰ বটনাবলীৰ জন্ত তাঁহাকে প্ৰতাক্ষভাৱে দা্যা কৰা বাব নঃ এই মত আমি এগনও পোষণ কবি। ভিষাতাবের মধন্তবের বাবণ সম্বন্ধে সমসাম বর অনেক দলিলপত্ত (records) Imperial Record Office a (New Della) 'एक। कानि ना. ममात्नाहक मशानत्त्व (भन्ने मव मिन्त (प्रियात अध्यात इन्देगार वि मा । (वास इन् না। কাৰণ শহা হহলে এ স্থাৰ যে সৰু মত তিনি প্ৰকাশ কৰিয়াছেন, তাহা তিনি অভ সহতে কবিলেন না। অজ্ঞার একটা মন্ত গুনিবা আছে। সেচা এই বে কোন একটা বিষয়ে অণি সহজে মতামত প্রকাশ করা যায়। কিন্তু একটা ভিনিসের স্ব নিক ভানা পাৰিলে সহকে কোনত মতামত প্ৰকাশ কৰা যায় না। আমি Imperial Recoil Office 9 ছিবান্তাৰৰ মধন্তৰ সম্বন্ধে সমস্ত্ৰ সমসাম্যিক কাপ্তপত্ৰ প্ৰিয়াছি, এবং ভানি, কেন এ মধ্যুর হইবাছিল। ।বঙ্গে কপা এখানে অপাদক্ষিক। ব তেই সে সহক্ষে এপানে কিছ বলিব না। তবে মাত্র এড্ডব বলিতে চাচ ে ৪৬ এবংগানা স্কলপায়, পুন্তক পড়িয়া বা দুই একখানা দণ্যাস পড়িয়া চিযান্তরের নথপ্ত বর কারণ সম্বন্ধে মত প্রকাশ করা ঠিক লংহ।

দিহাঁবত, সমালোচক মহালয় এবটি বৃটনোটে বলিয়াছেন-

"দোৰক্ষবাৰু Forrest, Nalcolm এবং Miller চুক দেখায় বাহৰা লগতে চেষ্টা কৃষ্মিয়াছেন, ভাষাতে তাঁহাদেৰ কোন বভিন্ন কোন পুলা চুল আছে কিছু লিখেন নাই। সম্ভত Forrest সাহেৰ মাৰ্ডাক্ষের মৃত্যু ভাবিধ সম্পন্ধ চুল করেন নাই। 'He (Meer Jafar) fell seriously ill-did at the (his হওয়া উচি চুক্ত)

capital on February 6, 1765. (See Forrest, Life of Lord Clive, Vol. ii, p. 256, line 6 from top) স্বতরাং প্রমাণ ইইতেছে, দেবেক্সবাব্ এই সর্বজনপরিচিত বহিখানা না পড়িরাই Forrest াম্বন্ধে এই মন্তব্য করিরাছেন। বিশ্ববিদ্যালয়ের একজন "রাজনীতি"র অধ্যাপকের পক্ষে ইহা অত্যন্ত লক্ষার কথা"।

এই সম্ভব্যে সমালোচক মহালয়ের মাত্রাজ্ঞানের সম্পূর্ণ অভাব পরিলক্ষিত হয়।

James Mill, Sir John Malcolm বা Sir George Forrest-এর মতের ভূল
দেখানো আমার প্রবন্ধের উদ্দেশ ছিল না। কাজেই সে সম্বন্ধে সবিভারে লিখিবারও
কোন আবিশুক্তা ছিল না। প্রসক্রমে আমি তাহাদের নাম উল্লেখ করিয়াছিলাম।
আমি লিখিয়াছিলাম—

"এ ছলে ইহাও উল্লেখ করা বাইতে পারে বে শুধু বৃদ্ধিবাবু কেন, James Mill, Sir John Malcolm, Sir George Forrest প্রভৃতি অনেক খ্যাতনামা ঐতিহাসিকও মীরজাকরের মৃত্যুর তারিধ সম্বন্ধে ভূল সংবাদ দিয়াছেন। এমন কি, পার্লামেন্টের একটি রিপোর্টেও এই বিষয়ে ভূল সংবাদ রহিয়াছে"।

সমালোচক মহাশরের এতটুকু "সাধারণ বৃদ্ধি" থাকা উচিত ছিল যে, যথন আমি এই এছকারদের সথকে একটি উক্তি করিরাছি, তথন তাঁহাদের লিখিত পৃস্তকগুলি না দেখিরা এ প্রকার উক্তি করি নাই। প্রকারান্তরে তিনি আমাকে তাঁহাদের ভূল দেখাইতে বলিরাছেন। আমি আনন্দের সহিত তাঁহার এই "চ্যালেঞ্জ" এহণ করিতেছি। বাহা ঠিক নহে, তাহাই ভূল। আশা করি, ভূলের এই সংজ্ঞা তিনি গ্রহণ করিতে আপত্তি করিবেন না। সরকারী দপ্তর্থানার রক্ষিত সমসামরিক দলিলের সাহাব্যে আমি আমার আলোচ্য প্রবন্ধে নিঃসংশ্রভাবে দেখাইরাছি বে, নীরজাকরের মৃত্যুর ঠিক তারিখ হইতেছে ১৭৬৫ সালের এই ক্ষেত্রমারী। Forrest সাহেব বলিরাছেন (The Life of Lord Clive, Vol. ii, 1918, p. 256), "He (Mier Jaffier বা Mir Jafar) আলৈ বা his capital on February 6, 1765." Sir John Malcolmও বলিরাছেন (see his Life of Robert, Lord Clive, 1836, Vol. ii, p. 291 & the footnote on the same page) বে, নীরজাকর ১৭৬৫ সালের ৬ই ক্ষেত্রমারী নারা পিরাছিলেন। James Mill বলিরাছেন, (see his History of British India, 4th Edition, by H. H. Wilson, Vol. 3, 1848, p. 356) বে, নীরজাকর "died

াn January, 1765." স্বভরাং দেখা বাইতেছে বে, Forrest, Malcolm বা Mill বীরলাকরের মৃত্যুর ঠিক তারিও দেন নাই। এবং আমি বে Parliamentary Report-র উল্লেখ করিরাছি, তাহার নাম হচ্ছে: &The Third Report of the Select Committee (House of Commons) on the Nature, State, and Condition of the East India Company', dated 8th April, 1773। এই Report-এর এক স্থানে লেখা আছে: "That at the death of Myr Jaffier, which happened in the month of January in the year 1765,..."। আশা ক্ররি, সমালোচক মহানর এখন বীকার করিবেন বে, তাঁর "ইই দেবতারা" নীরলাকক্ষেত্র মৃত্যুর তারিও তুল দিয়াছেন। তবে বদি জিনি বলেন বে, তাঁহারা তুল করিতে পারেন না, যেহেতু তাঁহাদের গায়ের রং কটা, তাহা হইলে অরুগু আমার কিছু বিলয়র নাই। Forrest সাহেব এক সময় ছিলেন ভারত গভানিকৈর Director of Records! স্বভরাং তাঁর পক্ষে তুল তারিও দেওরা কোনও মতেই সমর্থন করা বার না। যাক।

Forrest সাহেবের বইগুলি আমাকে জনেক সময়ই নাড়াচাড়া করিতে হয়। তার একটি প্রমাণ ১৯৩৬ সালে প্রকাশিত আমার Farly Land Revenue System in Bengal and Bihar, Vol. I. 1765-1772, Longmans, p. 213 দেখিলেই সমালোচক মহাশয় ব্রিতে পারিবেন। আরও প্রমাণ আমার আর একথানি বহিতে শীয়ই পাইবেন; আরও প্রমাণ দিতে পারিতার, কিন্তু তাহা দিব না। কারণ, সেটা নিতান্ত ছেলেমান্ত্ররি হইয়া বায়। সমালোচক মহাশয় Forrest সাহেবের বে বইগানির নাম কুটনোটে উল্লেখ করিয়াছেন, সেখানি না পড়িয়া আমি তার সম্বন্ধে মত প্রকাশ করি নাই। স্বতয়াং আমার "লক্ষিত" হইবার কোনও কারণ নাই। বয়ং বে উদ্রান্ত শমালোচক মহাশয় পরের লেখার সমালোচনার নিজের দাহিত্তানহীনতার এবং ভ্রম্পান আলোচক মহাশয় পরের লেখার সমালোচনার নিজের দাহিত্তানহীনতার এবং ভ্রম্পান অত্তাট্টিল্লান্ত না হইলে ব্রিতে পারিতেন বে, Forrest সাহেবের গ্রন্থখানি আমি দেখিয়ান্ত কি লা। বাধ হয় তিনি দেখিয়াও দেখন নাই।

আৰি আমার আলোচ্য প্রবাহর কোনও স্থানেই বলি নাই বে, আমিই সর্ব্যপ্রথম নীর্জাকরের মৃত্যুর ঠিক তারিধ ধিরাছি। স্থতরাং তিনি এইরপ মনে করিরা বে মন্তব্য প্রকাশ করিয়াছেন, তাহা পড়িয়া তাহার বৃদ্ধির প্রশাসা করিতে পারি না।

এখন কথা উঠিতে পারে বে, আমি কেন সরকারী দপ্তরধানার রক্ষিত সমসাময়িক দলিলের সাহায্য লইলাম। তাহার একসাত্র কারণ বে, মীরজাকরের মৃত্যুর তারিব সম্বন্ধে আমি নি:সংশয়ভাবে গ্রহণকাগ্য প্রমাণ দিতে চাহিয়াছিলাম। বধন দেখিলাম বে, Parliamentary Report, James Mill, Sir John Malcolm, Sir George Forrest, Peter Auber (Rise and Progress of the British Power in India, Vol. 1, 1837, p. 98), William Bolts (Considerations on India Affairs, 1772, p. 43, এ वहेशाना वाध रत्र সমালোচক মহাশরের দেখিবার হবোগ रत्र नाहे), Edward Thornton The History of the British Empire in India, 1841. Vol. 1, p. 467). The Cambridge Shorter History of India (edited by Prof. H. H. Dodwell), Part III, 1934 প্রভৃতির মধ্যে মীরজাকরের মৃত্যুর তারিধ সম্বন্ধে মতভেদ * রহিয়াছে, তথন এই সম্বন্ধে সরকারী দপ্তর্থানার রক্ষিত সমসাময়িক দলিলগুলিকেই চূড়ান্ত প্রমাণস্বরূপ দেওয়াটা আমি যুক্তিযুক্ত মনে করিয়া-ছিলাম। ইহাতে ঐতিহাসিক এবং রসজ্ঞ সমালোচকপণের কোনও আপত্তি হইবারু कात्र पश्चिना। है दाख स्नामल खात्र एव वा वालात वर्षार्थ है जिहान कानिए इहेला करब्रकथानि সাহেবের বা এদেশী লোকের লেখা পুস্তকই চূড়ান্ত গ্রন্থ নহে। সমসামরিক হম্বলিখিত দলিলগুলিই (records) এ বিবরে চরম প্রমাণ। সমালোচক মহাশরের বোধ হয় এই সব records দেখিবার কোনও স্বযোগ হয় নাই। তাহা যদি হইত, তাহা হুইলে তিনি কয়েকখানা স্থূল বা কলেজ পাঠা পুস্তককে প্রামাণিক গ্রন্থস্কপ লইতে উপদেশ দিতেন না। এখানে ইহাও বলিতে পারি যে, তিনি যে সমন্ত "প্রামাণিক" গ্রন্থভলির নাম করিরাছেন, সেগুলি সব নিভূলি নহে। তবে সে কথা এখানে অপ্রাসঙ্গিক ইইবে।

ভূতীয়ত, সমালোচক মহালয় বলিয়াছেন বে, "নাজিমুদ্দৌলা" "নামের কোন ব্যক্তি-মুর্লিদাবাদের নবাব-বংশে জন্মগ্রহণ করেন নাই।" ইহাকেই বলে 'জল্লিদাা ভয়ন্তরী' ঃ

Peter Auber, William Bolts, ও Cambridge Shorter History of India-র Part III-র গ্রন্থকার মহানর ঠিক তারেওই দিয়াছেন—১৭৩৫ সালের এই কেবলারী। Thornton সাত্র কেবল February (১৭৩৫) মাসের কথা বঁজিয়াছেন ৯ কোনও নিশিষ্ট তারিও দেন নাই। Mill, Malcolm ও Forrest সাহেবের কথা তেওঁ আনেই ব্লিয়াছি।

Aitchison- Treaties, Engagements and Sanads, etc. (34 Treaties and Sanads নাই), 1909, পুসাক (Volume I) বাঁহাকে Nudjum-ul-Dowlah ও Nudjum ul Dowla वना इहेबाए, সমসামधिक সমকারী দলিলে (records) হাঁহাকেই কথনও Nazim-O-Dowla, Najim-O-Dowla, Nayym al Dowlah, Nadjum ul Dowla, এমন, কি Nezemal Dowlah ব্লিয়া অভিভিত্ত করিয়াছে। ইনিই মীরজাকরের পরবতী ঝুংলার নবাব। আমার যুক্তির ভিত্তি বধন সমসাম্প্রিক দলিলপত্র, তখন দলিলে প্রদন্ত বানান অমুসারে বাংলায় নাড জুম্-উল-দৌলা वा नाज्यरिमोत्तारक नाकिम्प्यांना निश्यत कानल पाव शह भारत नां। बात कनहे বা আমরা বাংলার পারদা বা আরবী নামের উচ্চারণ পারদী বা আরবীর মত করে कत्रिव ? मिछे शांकिश श्रव ना. उत्व pedantry इत्व वर्षे । हैश्त्राक्षित्र स्वतांक আমরা সে রক্ম করি না। Calcutaকে কলিকাতা বলি: Delhico দিলা বলি: Bombayকে বোম্বাই বলি : এবং অনেক খ্যাতনামা গ্রন্থকারও সেন্ধ্রণীয়ারকে সেন্ধ্রপীরর ৰলিয়া অভিহিত করেন। অনেক স্বামান ও করাসী নাম ইংরেজরা ইংরাজির মতন করিয়াই লেখেন ও উচ্চারণ করেন। সমালোচক মহাশয়কে আরও জানাইতে পারি ৰে, তাৰ Forrest সাহেৰ পৰ্যান্ত "Nudjum-ul-Dowlah" বা Najmu-ddaulah"কে ভারার পুরের উল্লিখিত বইল্লের texts (See his Life of Lord Clive Vol. II, p. 261) Najim-ud-Dowla (नाहिन्यक्तीला वा नाहिन-देन-दिनेला) वितर्श **অভিহিত করিয়াছেন। ভাঁকে আ**রও ছানাইতে পারি যে, তাঁর Peter Auber সাহেবও (See his Rise and Progress of the British Power in India, 1837, Vol. I.) এই নবাংৰর নাম দিরাছেন একবার (p. 163) "Nujeem-ool-Dowla" e আর একবার (p. 98) "Nazim-ood-Dowla"; Thornton সাহেব তার নাম [VIICE (See his History of the British Empire in India, 1841, Vol. I. p. 467) Noojum-ad-Dowlah; এবং James Mill তার নাম দিয়াছেন (See his History of British India, 4th Ed., Vol. III, pp. 357-58) "Nujum-addowla" । करे, मनालाहक महानव (अ अंत्वत मन्द्रक किक्ष्ट बलान नाहे ! अ वा मास्व 'बानग' देखि ? इंशाबरे नाम "slave mentality"। Forrest नाइव विन ईरबाजिएक Najim-ud-Dowla লিখিতে পারেন, আমরাও বাংলার নালিমুন্দালা বলিতে পারি।

উপরে বে সৰ কথা বলিলাস, Syef-ul-Dowlaর (Nudjum-ul-Dowlahর পরবর্ত্তী নবাব) বেলারও সে রকষ যুক্তি দিতে পারিতাম। এই উন্তরের কলেবর ক্রমণ বাড়িরা বাইতেছে বলিরা ক্রান্ত হইলাম।

তবে আশা করি, এছলে একধা বলিলে বিশেষ দোব হইবে না বে, আমার প্রবজ্ঞ বাহা "বলাম্বাদ" ভাবে দেওরা হইরাছে, তাহার জন্ত আমি আইনত দারী হইলেও—কারণ আমার নামে বখন বাহির হইরাছে—প্রকৃতপক্ষে আমি তাহার জন্ত দারী নহি। কারণ, ঐ বলাম্বাদ সমরাভাবে আমি নিজে করি নাই। আমি করিলে হয়তো কিছু কিছু তকাং হইত। অমার প্রবজ্ঞ আমি ইংরাজি extractelলি উদ্ধৃত্ত করিরা দিরাছিলাম। তাহাদের বলাম্বাদ কে করিরাছিলেন, আমি জানি না। 'সোনার বাংলা'র সম্পাদক 'মহাশর তাহা জানেন। কিন্তু এইটুকু আমি এখানে না বলিরা থাকিতে পারিতেছি না বে, আমার প্রতিপাদ্য বিষয়টি ছাড়িরা আমাকে শুধু গালাগালি করিবার জন্ত নানা প্রকার অবান্তর প্রস্ক্র প্রস্ক্র ত্রাহাত উত্তর দিলাম। নতুবা এই প্রকার ভাষা আমাদের অব্যবহার্য।

পরিশেবে আমার বক্তব্য এই বে, মীরক্তাকরের কলক ক্ষালন করা আমার প্রবন্ধের উদ্দেশ্য ছিল না। এবং তাহা আমার প্রতিপাদ্য বিষয়ও ছিল না। 'আনন্দমর্চে' বন্ধিমচন্দ্রের একটি উদ্ভির সহিত ইতিহাসের অনৈক্য দেখানই আমার উদ্দেশ্য ছিল। বন্ধিমবার সমালোচক মহাশরের বেমন পূজনীর, সেইরূপ তিনি আমারও পূজনীর। সাহিত্যস্থাইর কথা ছাড়িয়া দিলেও, বতদিন পৃথিবীতে অকৃত্রিম দেশভন্তির আদর বাকিবে, ততদিন তিনি আমাদের পূজ্য হইরা বাকিবেন। বাংলা সাহিত্যের ও বর্তমান বাংলার ইতিহাসে তাঁহার স্থান এত উচ্চে বে, যদি কেছ বলেন বে, তাঁহার লেখার মধ্যে এখানে ওখানে একটু আঘটু অনৈতিহাসিকতার দোব আছে, তাহাতে তাঁর কিছুই বার আসে না। কিন্তু আমার সমালোচক মহাশার তাঁহার সমালোচনার বে মনোবৃত্তির পরিচারক, তাহার তাহা তাহার বিভিম্নতন্তের প্রতি আছ ও নির্বন্ধ জিতাস্থাকক "সোঁড়ানি"র পরিচারক, তাহার প্রতি প্রকৃত ভন্তির পরিচারক নহে। এবং এই প্রকার সমালোচনাও কেবল পরছিন্তাস্থ্যকানের দ্বিত মনোবৃত্তির নিদর্শন। বন্ধত আমি বন্ধিমবানুর প্রির

আমাদের পক্ষে জবাব

মাদের পূর্বব্যকাশিত সমালোচনার উপ্তরে শ্রীষ্ত দেবেল্রনাথ বন্যোগাধার প্রথমেই, আমাদের হন্ত-ভিড উল্লেক করিবার জন্ত, তিনি যে কেই-কেটা নহেন, তাহা ভাল করিবা জানাইরা দিয়াছেন, নামের সঙ্গে উপাধি, পদবী ও উপ-পদবীর প্রধানী সাজাইরাছেন। আরও এক কাজ করিয়াছেন-—এবার তিনি 'শনিবারের চিট্টার' খরচায় বিজ্ঞাপন দিয়াছেন, ১৯৩৬ সালে উন্থোৱ Early Land Revenue Bystem in Bengal, Vol. I, 1765-1772, Longman, p. [?] 213 প্রকাশিত হইরাছে। অতঃপর আসিতেছে তাহার আর একখানি বহি—ইহার এখনও নামকরণ হর নাই। 'সোনার বাংলা'র তাহার মৌলিক, গবেষণা পড়েরা আমাদের যে সম্পেহ হইরাছিল, এবার তিনি স্বয়ং তাহার হাঁড়ি হাটে ভাছিয়াছেন। প্রবদ্ধে দলিলগুলিই বাহা কিছু সারবস্তু; অবশিষ্ট অংশটুর্তে বঙ্কিমচন্দ্রকে ও ফরেইপ্রমুণ ঐতিহাসিকগণকে "হম্ মারা হায়"-বাহবা লইবার চেটা ভিল্ল আর কেছ কিছু পাইরাছেন কিনা জানি না।

দেবেক্সবাব্র সঙ্গে আমানের তর্কের বিবয় ছিল, বছিমকর্জ্ক ছিলান্তরের মন্বপ্তরের সমর মীরজাকরকে বাঁচাইয়া রাখার কারণ কি ?—দেবেক্সবাবু তাহা খুঁজিয়া না পাইয়া সিদ্ধান্ত করিয়াছেন, "বছিমচক্র" ইহা জানিতেন না ; গুরু তিনি কেন, Mill, Forrest প্যান্ত মীরজাকরের মৃত্যুর ঠিক তারিথ জানিতেন না । 'জানক্ষম্ঠ' ও ডাঃ রমেশচক্র মকুমদারের বালকপাঠ্য ইতিহাস পড়িয়া যদি সপ্তম কি অষ্টম মানের কোন ছাত্র জামাদিগকে একই প্যারার বছিমচক্রের তিন তিনটি মারাল্পক ভুল দেখাইয়া দিত,— জামরা তাহার পিঠ চাপড়াইয়া বলিতাম, সে বৃদ্ধিমানের কাল করিয়াছে; তাহার ইতিহাস পাঠ সার্থক হইয়াছে; কেন না, উপজাসকে ইতিহাস বলিয়া ভুল করা বালক্রের পক্ষে বেয়বাহ নহে। 'রাজসিংহে' বছিমচক্র আগতরক্রকের ও উদিপুরী বেগমের প্রতি বঃ ঐতিহাসিক অবিচার করিয়াছেন, এতদিন কোন ইতিহাসবেতা সে সম্বন্ধ কোন টেচবাচ্য করেন নাই , কেন না, বাংলা দেশে দেবেক্সবাবু ছাড়া চকুয়ান আর কেই নাই । চাজার চাকরি করিলেও দেবেক্সবাবু ভ্রমলোক ; স্তরাং তাহার এক কথা—বছিমনক্স ভুল করিয়াছেন ; জানিতেন না বলিয়াই তাহার এ ভুল। মূল প্রবন্ধে দেবেক্সবাবু হক্ষন ভাব বেথাইয়াছেন বে, তাহার প্রবন্ধ প্রকাশের পূর্কে মীরজাকরের সুত্যুর সঠিক

তারিধ এবং ছিরান্তরের মধ্বস্তরের সময় বাংলার নবাব কে ছিলেন—বিশ্বদ্য পুরের কথা, করেই প্রমুখ ঐতিহাসিকেরাও অন্তত মারজাকরের মৃত্যুর তারিধ ঠিক ঠিক জানিতেন না। এটা "সাধারণ জানে"র অভাববশত আমাদের কাছে কেমন কেমন ঠেকিয়াছিল বলিরা আমরা লিথিয়াছিলাম, ঐ সমস্ত ঐতিহাসিকগণের কোন পুস্তকেকোন পৃষ্ঠার ভূল আছে, তাহা দেখানো হর নাই। দেবেক্সবাব্র গবেবণা বে "বে-নজীর", তাহা আমরা জানিতাম না। তাঁহার কাছে গ্যমাণ-স্টা (reference) চাহিরা আমরা বেন সতী-সাধনী বিধবার কাছে অনবধানতাবশত চূণ চাহিবার মত গুরুতর লাগরাধ করিয়া বসিয়াছি। দেবেক্সমার্ এক কাজনিক "চালেপ্র" গ্রহণ করিয়া সন্তোধ্ধনকভাবে প্রমাণ করিয়াছেন বে, ঐ সমস্ত বহি তিনি ভাগ রকম পড়িয়াছেন, যাহা কোন মুর্বও কোন দিন সন্দেহ কারবেনা।

विकारत्मक जुरमक कांत्रन मारवन्त्रवायू वृत्त्रित्ज भारतन नारे विनिधा चामत्रा मिथारेका-ছিলাম, বন্ধিমচন্দ্র ইতেহাস পড়িতেন এবং তাঁহার জন্মের এক বংসর পূর্ব্বে পিটার অবারের वहित्क प्रतिक्ववावुत वह श्रतविशांत क्ल माध्यत मारे वह क्क्यांत्र ১१७० थीः लक्षा साह । পিটার অবারের বহি বভিমচন্ত্রের পক্ষে ফলত না হইলেও মিলের বহিধানা তথন ভারতে অপ্রাণ্য ছিল না। মিল সাহেব ভুল করিরাছেন; রিপোর্ট ভুল করিয়াছে— कि जुलि कि क्वांतित वृत्व कासूनानि वर्षाए ७० पित्नन उकार। विन मार्ट्स्न विद्यु ৰদি এই কেব্ৰুয়ারি ১৭৬০ খ্রী: মীরজাফরের মৃত্যুর তারিথ লেখা থাকিত, তাহা হইলে ঘদ্মিচন্ত্র বে ভুল করিয়াছেন উহা হইতে কি তিনি নিবৃত্ত হইতেন ? স্বতরাং দেখা चारेराज्य, ১१७४ औद्वारम भीत्रकारम मित्रवारक का नवाल व क्रिकेट हैका क्रिका ठाशास्त्र ১.१९ मान भर्गास बीहाईबा बाधिबाह्म ; हेशहे हिन जामात्मत्र कथा। त्कन बिक्रमहन्त्र ইহা করিবাছিলেন, আমরা সাহিত্যের দিক দিয়া তাহারই সংক্ষেপ আলোচনা করিবাছি। কাব্য নাটক ও উপস্থাস সাহিত্যে শিল্পকলার প্রয়োজনে আখ্যানবস্তুর একটা ঐতিহাসিক चारवहेनी माहिज्यिकता रुष्टि कतिता बारकन । अ बारवहेनी टेजिशासत पिक शिता গুৰু ভাৰত সতা হওৱা চাই, সন তারিব নাম হিসাবে সতা হওৱা ওধু অপ্রয়োজনীয় नार, तमशहित शाक कालिकत, मारवातावा किन्नाट है जाहा बीकात कतिरंदम नी. কারণ তাহা হইলে তাঁহার এই 'যৌলিক' গবেবণা মাঠে মারা বার।

বৃদ্ধিসক্তম কেন ভূল করিরাছেন, এইজন্ম মাধা না বামাইরা ঐতিহানিকেরা কেন

-এ ভুগ করিয়াছেন এটা বিচার করিলেও বুবিতাম তাঁহার বুদ্ধির অভাব নাই। কথাটা यथन छेंग्रिवारक, व्यात्माहना कबाई छान। विजारक रव नमल ब्रिटनाई निवारक, यथा स्वरवन्त বাৰ্-ক্ষিত Third Report, 1773—তাহাই দেখিয়া মিল সাহেৰ তাঁহার বহিতে ভুল निश्चिष्ठां हिन । Third Reportes जुनहां त्नथात्र लात्वरे चरित्राह, हैश वनाहे बाहना । ক্রিল এই চীংকার ছাড়ার অর্থ জগংকে জানাইয়া দেওরা, তিনি একটা মারাম্বক রক্ষ ভুল সংশোধন করিয়াছেন। ফরেষ্ট ও মালুকমের বহি হইতে দেবেল্রবাব যে অংশগুলি উদ্ত করিয়া দিয়াছেন, তাহা_হুইতেই পাঠক বুবিতে পারিবেন, তাঁহার গ্লবেষণার পাহাড় অবশেৰে মূৰিক প্ৰদৰ করিয়াছে। এখন এই দাঁড়াইতেছে, মীরজান্তর কি এই ফেব্রুয়ারি (১৭৬¢) মরিয়াছিলেন, না ৬ই ফেব্রুয়ারি ? ভ্যানক কথা প্রায় ই৪ ঘটার ভকাং। अपन अघटेनवटेन कि श्रकाद मस्त्र इंडेन १ व्हें एक ब्रांतित श्रक श्रवक निधिवांत मपत्र দেবেক্রবাব নিতান্ত একা ও অসহার অবস্থার ছিলেন : আমাদের সমালোচনার প্রসক্তে छोरात मानी खुरिबार्टन-निर्देश खरात : हुइस्तित माना ১٠১ वरमदात बावशन। অপর পক্ষে আছেন, মুগ্রসিদ্ধ ঐতিহাসিক করেষ্ট্র ও মালকম—বাহাদিপকে দেবেন্দ্রবার 'সোনার বাংলা'র সেরেন্ডারারী প্রবন্ধ নামাইরা একটা sensation সৃষ্টি করিরাছিলেন। কোন পক্ষে পালা ভারা বিচার করিবার শক্তি ও বিদ্যা আমাদের নাই; তবে দলিল পড়িতে গিয়া দেবেজ্মবাৰু বে "বাশ বনে ডোম কানা" বনিয়াছেন, তাহার আরু একটা প্ৰমাণ আমরা পাইতেছি। Imperial Record Department হইতে প্ৰকাশিত 'Calender of Persian Correspondence'গুলির প্রথম খণ্ডটি (vol. I, 1759-1767) পডিরা লওরা তিনি আবশুক বিবেচনা করেন নাই : কারণ যাহা প্রকাশিত হইরাছে -বেৰেক্সবাৰুর চোবে তাহার কোন মূল্য নাই—উহার চাই খাঁটি কাঁচা মাল। এই কাঁচা মাল উদ্বরম্ব করিরা এবং হলম করিতে না পারিরা পূজার হিড়িকে লাহিত্যের আসরে **ছে কাৰ্যাট ক**রিয়াছেন, আমরা ভক্রসমাজের পক হইতে তাহারই প্রতিবাদ করিয়াছিলাম। बाहा हरेक, खिन कुणुबलनाव भव मीवजाकत मात्रा यान, मिनन जिनि कनिकास अकरीनि किंति निवित्राहितन अवः मकानत्वना बराबाजा नमक्षाद्वत कात्न माथा त्रावित्रा वास)-मःकास त्मव धारासनीत क्या विवाहित्वन । त्मिन हिन मननदात, मूमनमानी শাবান যাসের ১৪ তারিব। ঐ চিঠি এবং যাহারাকা নক্ষমার ও নক্ষটদোলা লিখিত

भीतकाक्ततत मुठ्रा-मरवान अकरे नित्न अर्थार १३ क्ल्याति ১१७६ श्रीहारम कनिकाठाच পৌছিরাছিল (vol. I. পু. ৬৭৭-৬৭৮)। সার ই. ডেনিসন রস পাদটীকার (পু. ৬৭৭) লিবিয়াছেন, "This is the last letter from the Nawab Mir Jafar, as he died on the 6th Feb. 1765"। करबड़े नांट्श्व (मरवन्नवाबुब हाइब एवं विभिन দলিল লইয়া ঘাটাঘাটি করিয়াছেন। তিনি ১৪ই শাবান সকলবার, 6th Feb, 1765 ধরিয়া এ তারিথ দিয়াছেন, অথবা অস্ত ইংরেজা দলিলে ৬ কেব্রুয়ারি পাইয়াছেন, আমরা বলিতে পারিব না। তবে আমরা মোটামুটি জানি, new st;le এবং old styleএর গণনার थाग्रहे এक दिन लामभान है हम। बाब भिनाहेर्ड शिर्म छात्रिक भिर्म में है, छात्रिक মিলাইতে পেলে হার মিলে না। দেবে এবাবুর মি: মিড ল্টন ব্যতীত জর্জ এে, मि: wis ac अंशिक मार्ट्य मोडकाक्टबर मृजात ममत्र मूत्रनिरायाम हिल्लन । করেষ্ট, মাল্কম, সারু ডেনিসন রসকে অপ্রতিভ করিতে হইলে আরও করেকখানা দলিলের প্রয়োজন, 'শনিবারের চিটি'তে এ বিষয়ে আর আলোচিত হইবে না-ৰুলিকাতার একন্ত বহু ঐতিহাসিক পত্রিকা আছে। এক দিনের ভুল হইলেও ভুল তো वटिंहे-हेशहे (मरवन्तवाद "উखरा" উচ্চকঠে ঘোষণা করিয়াছেন, কারণ এইরূপ ভুক দেখাইয়াই তিনি বোধ হয় স্কলে first prize পাইতেন। দেবেজ্রবাবু ঐতিহাসিক না হুইরা দৈবজ্ঞ হইলে অধিক ফুনাম অর্জন করিতেন। তাঁহার ধারণা, ইতিহাস একটা षिन-शक्किका। व्यामारमञ्ज "मरनावृष्टि"रक एमरवन्त्रवाद् विवाहरून, "बृष्टेठा"; किस विक्रिकटलात मञ्चार्विकोत वश्मात निक्र माश्राक्षा श्राह्म कत्रिवात क्रम मिश्राप्रकरिक विमा ও वृद्धित हिन अववन कत्रांक आयता कि नाम निव ?

দেবেক্সবার্ তাঁহার উস্তরে "আমি জানি" "অপ্রাসন্থিক" "বলিব না" ইত্যাদি
মুরজিরানার কথা বলিরাছেন। ভাবখানা অনেকটা সেই "হেলার ল্লিতে পারি শতেক বোজন"-এর মত; কিন্তু কেহ কোন দিন লক্ষ্টা বিতে দেখিল না। আমরা এটা পড়ি নাই, সেটা পড়ি নাই বলিরাছেন। উইলিরম বোল্ট্সের পৃত্তকখানা পড়ি নাই, নামও গুনি নাই, ইহা আমরা অকুটিতিতিত্ত খীকার করিতেছি। কিন্তু বেখানে ১৭৬৫ খ্রীঃ ৫ কি ৬ই কেক্সমারি—ইহাই নির্ণির করিবার বিবর, সেক্ষেত্রে ১৭৭২ খ্রীষ্টালের কোনও দলিল আবেটা ক্রেরাজনীর হইতে পারে,—এমন সন্দেহ দেবেক্সবাব্র মত গণ্ডিতেরা বোধ হয় অবন্ধি বোধ করেন।

ইহার পর ছিরান্তরের সম্বস্তরের কথা। এ সম্বন্ধে দেবেল্রবাৰু আক্ষেপ করিরাছেন, আমাদের অক্ততার একটা মন্ত পুবিধা আছে—বাহা তিনি "সমসাম্বিক" অনেক দলিল-পত্র পড়িয়া হারাইরাছেন। পাছে সে সমুদর পড়িবার ছুরাকাজ্পা আমাদের হয়, সেজ্জ हेशां बानाहेबाह्न या, अक्षान नुजन विलेख हिना शिवाह । चवतहां कि यात्रास्क ब्रक्म नृष्ठन ! हेशांक्हे वरण, "चवबनाव" ! योबकाक्त मधरक छिनि स्मात शनाब বলিরাছেন "ঐ সময়ের ঘটনাবলার জন্ত তাঁহাকে প্রত্যক্ষভাবে দায়া করা বায় না"; त्कन वा, जिनि अमान कतिमारकन •नीठ वरमत नृदर्श मीतूमागरतत मृत्रा इहेन्नाकि व अवः ভাহা বৃদ্ধিচন্দ্র জানিতেন না। অভি সভ্য কথা। মীরলীফর দেশের বে হর্দশা চোখে দেখিয়া বাইতে পারিলেন না, সেজজ কৈমন করিয়া তাঁহাকে "প্রত্যক্ষ" দায়ী করা বার ? "প্রত্যক্ষ" শব্দের অর্থ দেবেক্সবারু 'চলম্ভিকা' দ্রেখিয়া ঠিক করিয়াটেন ; স্থতরাং ডাহার ভূল হইতে পারে না। সম্বররের জন্ম "প্রত্যক" শব্দের এ অ'র্থ দারী সারজাকর কিয়া क्राहेष्ठ नरह : दायी इटेस्टिइन शब्देशाया । वृष्टि ना इटेस इंडिंग इस, मासूर मरत---এ कथा नकत्वरे कारन । अञ्जद प्रथा याहेरङ्ह (प्रावक्तवानु रयमन मरन कविद्रार्हन তাঁহার প্রতি আমাদের "ব্যক্তিগত বিছেষ" আছে, দে রকম বক্ষিমচল্রেরও মীরজাকরের শ্রতি নিশ্চরই একটা "ব্যক্তিগত থিছেব" ছিল, নতুবা হাতের কাছে মিল সাহেবের ৰহিখানা থাকা সক্ষেত্ত তিনি মীরজাফর-চরিত্রকে মধন্তরের কলক্ষকালিমার বিকৃত क्तिलन र्कन ? (मरवज्जवानुद मराठ मीत्रकाकत 'काननमर्राट'त এक्यन अधान (१) ঐতিহাসিক ব্যক্তি ! তাঁহার সম্বন্ধে 'ভূল ধারণা" জন্মাইবার অধিকার বঞ্চিমচক্রের নাই-জামরা বলিয়াছি, বৃদ্ধিমচল্রের এ অধিকার ছিল, তিনি উহার স্থাবহার कविशाद्यन ।

বড়ই আক্ষেপের বিবর, আমাদের "অজতা" দেখিরা দেবেশ্রবাব্র দাকণ অভিমান হইরাছে। তিনি আমাদের সঙ্গে এ বিবরে কথা-কাটাকাটি করিবেদ না; কেন না, ইতিপূর্বেই তিনি একথণ্ড মোটা বহি ছাপাইরাছেন, আর একথানি লেখা শেষ করিরাছেন; অতএব ময়ন্তর সহক্ষে তাঁহার সব-কিছুই জানা আছে। কিন্তু এই ময়ন্তর-গাঁরস্কি অথাপক মহালরের সেই সর্বজ্ঞতা তাঁহার বহিতে কোথারও চোখে পড়িল না, তেখু একটা দিক তিনি দেখিরাছেন—সেটা হইল ভারত গভ্যেটের দপ্তর্থানার দলিল, বাহা এ পর্যন্ত ঐতিহাসিক চকুর অন্তর্গনে রহিয়াছে মনে করিয়া তিনি আয়ুগ্রতারিত

হইরাছেন। এহেন দেবেল্রবাব্র সঙ্গে আমরা কেমন করিরা "মহন্তর" সহছে তর্ক করিব ? অরং বহিমচল্রই বলিয়াছেন—আমাদের সভল "খোলা আর সিটে"; তব্ক আমাদের ছরাশা 'তিতীবু; ছন্তরং মোহাও উভূপেনিল্ম সাগরম্।" কিন্তু দেবেল্রবাব্ই বে মহন্তর সভ্জে মন্ত্রপ্রী হইরাছেন, ইহার "নিংসংশয়" প্রমাণ তিনি কোণার দিরাছেন ? ভাঁহার সভ্জের মধ্যে তো দেখিতেছি, ইংরেজের সরকারী দপ্তরে রক্ষিত দলিল এবং ইংরেজের লেখা কেতাব। স্থীবর্গ বিবেচনা সরিবেন, ইংরেজ রাজত্বের ঘারতর কলছ ছিরান্তরের মহন্তরের জল্প কে দারী—ইংরেজের দপ্তত্তে পক খোঁলা করিরা কি কোন ঐতিহাসিক তাহার সন্ধান পাইবে ? এক-তৃতীরাংশ মরিলেও মহন্তরের সময় এ দেশে লোক কিছু কিছু ছিল। বাণী ও বিবাদী ছ্-পক্ষের সাক্ষ্যবিচার না করিরা একতরকা ডিক্রী দিলে কাজির বিচার হর বটে, কিন্ত ইতিহাস হয় না।

এ সম্বন্ধে প্রসক্তমে দেবেক্সবাৰ্ স্থানীত Early Land Revenue System in Bengal and Bihar, vol I. 1765-1772 প্রকের প্রতি আমাদের দৃষ্টি আকর্বন করিরাছেন; বেহেত্ তিনি বে করেষ্ট সাহেবকে ব'াকুনি দিরা কাব্ করিরাছেন, উহাতে তাহার প্রকৃষ্ট প্রমাণ আছে। ইহা ছাড়া আরও প্রমাণ তাহার কাছে আছে: "ছেলেমামুরি ছইরা বার বলিরা ওইগুলি দিব না"—ইহাই তাহার প্রতিজ্ঞা। কিন্তু তাহার প্রতুক পড়িরা মনে হইল না, তিনি করেষ্ট সাহেবকে কোণাও 'হাঁটুর নীচে ছাড়া' উপরে বিদ্ধ করিতে পারিরাছেন। এ সম্বন্ধে অবশ্য আমাদের মতামতের কোন হারী মূল্য নাই। ঐতিহাসিকেরা উহা বিবেচনা করিবেন। বহিধানিতে আছে কেবল "সঞ্জর উবাচ", "বৈশম্পারন উবাচ" ইত্যাদি, কিন্তু গ্রন্থকার 'কিম্বাচ' ব্রিরা লওরা ছন্তর। গুনিরাছিলাম স্বর্গীর গৌরাসচক্ত্র বন্দোপাধ্যার মহালরের শোচনীর মৃত্যুর পর কলিকাতা বিশ্ববিদ্যালরে তাহার অমূল্য আঠার শিশি ও ধারালো কাঁচিধানার কোন হদিস মিলে নাই। দেবেক্সবাবু সংগাত্রাধিকারস্ত্রে প্রোরালবাবুর জিনিসগুলি পাইরাছেন—কলিকাতা বিশ্ববিদ্যালরকে উহার নোটিস দেওরা উচিত ছিল।

দেবেজবাৰু টিশ্লনী কাটিয়াছেন, আমাদের ইষ্টদেবতারা ভূল করিয়াছেন; ইহা আমরা শীকার করিব। আমাদের ইষ্টদেবতা পিটার অবার ও ডড্ওরেল বে দেবেজবাবুর বহু পূর্বেই এই সতাটুকুরও সন্ধান পাইয়াছিলেন, একখা গলা টিপিয়া ধরার পূর্বে ভয়লোকের মত উচ্চার মূল প্রবন্ধে শীকার করিলে তাঁহাকে এতটা নাকাল হইতে হইত না, ইহা বোধ হয় তিনি ব্ঝিতে পারিয়াছেন, রাজনীতিক্ষেত্রে ইংরেজের সহিত আমাদের বিরোধ পাকিলেও ইংরেজ তথা সমগ্র ইউরোপীয় মনীবিগণকে আমরা ইউদেবতা জ্ঞানে চিরকাল শ্রদ্ধাঞ্জনি অর্পন করিয়া আমিতেছি। এজন্য বংসর বংসর আমাদের ছেলেরা তাঁহাদের কাছে বিদ্ধাশিকার্থ বিলাভ যাত্রা করে। না হয় এবার হইতে ঢাকাতেই বাইবে!

আঁমরা দেবেক্সবাবুর প্রবন্ধেরই সমাক্টোচনা করিয়াছিলাম , কোন সাহেব তো পালার ভিতর আমেন নাই। আমরা বে সমত "প্রামাণিক" গ্রন্থভিনর নামোরেও করিরাছি, দেবেক্রবার্থ বলিরাছেন, সেগুলি সব নিভুলি নহে। দেবেক্রবারুর বিষ্ঠার মাপে নিশ্চরই कान है। निर्जु न नरह-आर्मानिक श्लाम रहा प्रवाद कथा। खाराह व्यवक ७ "छेखन" পড়িয়া সকলেই বুৰিতে পারিবেন "ভূল" অর্থে দেবেঞ্জবার कि दैर्धन-- বড় জোর बहे কি ৬ই ফেব্রেয়ারি। বিষ্কিন্তব্র বংসরটা হয়তে। ফানিতেন, কিঙ ৫ট কি ৬ই তাহা তো জানিতেন না। এতদিন পরে খ্রীদেবেজ্র সেই বর্গত আয়ার প্রীতাবে এই ভুলটি বাহির कतिवाहिन এবং विश्वविक्ष निक्त भनग्यातिहार । अपनाम्याद कैशिक व्यामीकीम করিতেছেন। আমাদের পাদটীকার this (his হওরা উচিত ছিল) এবং অক্সত্র Aitchison- Treaties, Engagements and Sanads, etc. (Treaties and Sanads नरह) ইত্যাদি তুল দেবেক্সবাবুর চোৰে বড লাগিয়াছে—কালেই "নিভূলি" অর্থে দেবেন্দ্রবারু কি ব্রেন, তাহা সহজেই অমুমের। আমাদের দেশে এ রক্ষ Proof-readerএর নিভান্ত অভাব। কি করিব ? আমাদের তো Longman নাই ! দেবেক্সবাৰ ইতিহাসের লোক নছেন বলিয়াই "Treaties and Sanads" লিখিয়া-हिनाम: कोन बैভिशामिकक निधिष्ठ इटेल सुधु "Treaties" निधिष्ठाम-इंशास्त्र মহাভারত অওছ হয় না-মাছি আর কাহাকে বলে ?

তব্, ভূল না হর হইরাছে, মূর্ধ লোকের ভূল হওরাই বাভাবিক; নিজ, ১৭৬০ স্লে মীল্লজাকরের মৃত্যু, ইহা কেহ তাঁহার পূর্বে আবিছার করে নাই, তাঁহার প্রবাজের সেই প্রতিপাঘটি কোনু লাতীর মূর্ধতা ? আমরা মূর্ধ হইলেও হতিমূর্ধ নই।

্দেশেক্সবাৰু বিধিয়াছেন, "আমার বৃক্তির ভিত্তি বখন সমসাময়িক দলিলগত, তখন দলিলে অন্ত বানান অনুসারে বাংলার নাড্জুন্-উল-দৌলা বা নাজ মুদ্দৌলাকে নাজিমুদ্দৌলা বিধিলে কোনও দোৰ ছইতে গারে না।" মুক্তিটি বেমন মৌলিক তেমনই

व्यक्त । (मरवक्षतांत्र जुनित्रा नित्रोह्नन, पनिन His Master's Voice नरह रव. চোলার ভিতরে মুখ চকাইরা দিলে উচ্চারণ গুনিতে পাইবেন। আমরা জিল্ঞাসা করি e কি ৬ই লইয়া বিনি আকাশ-পাতাল তোলপাত করিতে পারেন একটা নাম ens ক্রিবার বেলার তাঁহার পবেষণা এমন হোঁচট খার কেন ? Calender-এর vol. I-বেখানে স্বয়ং ডেনিসন রস মীরজাফরের চিঠি হইতে তাঁহার পুত্রের নামের শুভ উচ্চারণ ইংরেজী করিয়া দিয়াছেন, সেখানে দপ্তরী-বিদাা পৌছিতে পারিল না কেন ? ভাঁহার দাবি—"এনেক জার্মান ও করাসা নাম ইংরেজনা ইংরাজির মত করিরাই লেখেন ও উচ্চারণ করেন", হতরাং তিনি বান্ধণের ছেলে হইয়া "কেনই বা বাংলায় পারসী বা আরবী নামের উচ্চারণ পারসী বা আরবীর মত করে" করিবেন ? ইংরেজের সহিত क्त्रामी किंचा कामानएमत (य मचक, मुमलमार्गन मिट्ठ हिन्नूएमत कि मिट्ट मचक १ ইহাকেই বলে, ঐতিহাসিক উপমা এবং ইতিহাসবেতার কাওজান ! স্বতরাং আশা করি, ঢাকা विवर्तवनालायत थे। बाहाइत नालित छेबीन मास्ट्रवरक म्माद्यक प्रविक्रवाद अथन इटेस्ड नक्षीत् एँ छ्छान् मत्यायन कतिया काञालिमात्नत्र भतिहत्र मिरवन । त्मरवत्याया विमरितहरून, "ইংরাজির বেলাও আমরা সে রকম করি না। Calcuttaকে কলিকাতা বলি: Delhico দিল্লী বলি: Bombayকে বোম্বাই বলি"। এ যুক্তি কোন পক্ষে ? "উভৱ" मिटि इटेंदि विनित्रो **এमनटे मिधिमिकक्कानम्छ इटें**टि इत्र ! य क्रांत्राष्ट्रेत छेलत, eকে ৬ করার দক্ষন, দেবেক্রবাৰু দাক্ষণ থালা হইয়াছেন, তিনিই textএ নাজিম-উদ্দোলা লিখিয়া নীচে পাদটীকায় ঐ নাম গুদ্ধ করিয়া নজুমুদ্দোলা লিখিয়াছেন। माहाई परवस्तवात । देशक छेखत बात बानता हाहि ना ।

পরিশেবে আমাদের বন্ধব্য এই যে, হন্তলিখিত দলিল ভিন্ন আর কিছুতেই বখন দেনেক্রবাব্র আছা নাই; তখন তাঁহার বহি লেখার পূর্বে যে সমস্ত দলিল ছাপা হইরা গিলাছে, ঐগুলি সবই নিশ্চর বাতিল হইরা গিলাছে। তাহা হইলে ভরের কথা এই বে, উাহার সমধ্যী ভবিত্রং গবেষকগণও তাঁহার এই ছাপা দলিলগুলির প্রতি হয়তো নেই রক্মই আহাহীন হইবে। তাহারাও হন্তলিখিত দলিল ভিন্ন আর কিছুই মানিবে না, এবং বেহেতু প্ররূপ দলিল নকল করাই গবেশার পরাকাঠা, অতএব বহং Longmanও তাহাদের ভক্তি উদ্রেক করিতে পারিবেন না—সেই কথা ভাবিরা আমরা দেবেক্রবাব্র প্রতি আমাদের "ব্যক্তিগত বিবেষ" সম্বরণ করিলাম।

নেতার উক্তি

(ডুয়িং-রুমে)

ল্য আমার আছে কি না আছে, কে করিবে বল নির্দারণ ?
মর-মাহুষের মূল্য লইয়া কেনই বা এত শিরঃপীড়া!
জনতার মন করেছি হরণ, মুগ্ধ জনতা মোর চারণ—
বাহাত্ত্বি নাই ? শুক কথায় ভিজাই কেমন, শক্ত চিঁড়া!
মূল্য আমার পাকু না পাক,
চিরকাল ধ'রে রেভিও কাগজে বাজিছে, বাজিবে অশ্নারি ঢাক।

2

যাহা বলি, তার গভীর অর্থ এখনও বন্ধু বোঝ নি নাকি ?
আপেল আঙুরে নিন্দা করিয়া চূম্বন করি কুমড়ো কর্
ব্লব্ল শ্রামা তাড়াইয়া দিয়া প্ষিয়াছিলাম ছাতারে পাখী,
তাহাও তাড়াব, নশা ছারপোকা চাহে আধুনিক রামা ও ষত্।
আসল অর্থ কথার নয়,

আসল অর্থ ব্যাক্ষেতে থাকে, ছনিয়া জুড়িয়া যাহার জয়।

৩

সেকেলে-মার্কা বিবেকের সধা, কি ব'লে এখনও দোহাই দাও ?
নতুন রকম নানান বিবেক ছেয়েছে বান্ধার, ভরেছে গোলা,
নাংসি, জাপানী, খদরি, ফ্যাসিন্ড, লাঙল, কান্ডে—্যা গ্লুলি চাও,
ভোমার বিবেক, আমার বিবেক ? শিকাম সেগুলি থাকুক তোলা
এবার বন্ধু কুন্তীপাক,

.কাকের পালক চুরি ক'রে ক'রে ময়্রেরা দব দাবিছে কাক। "বনফুল"



মীরজাফরীয় বিভাট

তি বিশ্ববিভালয়ের রাজনীতি-বিভাগের প্রধান অধ্যাপক এবং Corresponding Member, India Historical Records শ্রিযুক্ত দেবেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের একটি প্রবন্ধের সমালোচনা আমরা শনিবারের চিঠি'র অগ্রহায়ণ সংখ্যায় "প্রসন্ধ কথা"র অন্তর্ভুক্ত করিয়াছিলাম। বলা বাহুল্য ঐ সমালোচনা আমাদের অন্থমোদিত ছিল বটে, কিন্তু ঐ সমালোচনা আমাদের কৃত নয়; কারণ আমরা পণ্ডিত নহি, কোনও বিভার বিশেষজ্ঞ বলিয়া আমাদের কোনও দাবি নাই। এক্ষণে ঐ সমালোচনার উত্তর এবং তাহারও প্রত্যুত্তর প্রকাশিত করিয়া আমরা যুর্ধান পণ্ডিতয়্বগলের প্রতি আমাদের কর্ত্তব্য শেষ করিলাম; ফলাফল মীমাংসার ভার অবশ্রই 'চিঠি'র পাঠকগণের উপরেই রহিল। কি উদ্দেশ্যে আমরা এইরপ বাদ-প্রতিবাদকে এতথানি স্থান ছাড়িয়া দিতে বাধ্য হইলাম, তাহারই প্রসন্ধে ভূই চারি কথা নিম্নে লিখিতেছি।

বাংলায় একটা প্রবাদ আছে বে, "কেঁচো খুঁড়িতে গেলে অনেক সময়ে সাপ বাহির হইয়া পড়ে"। আমরাও আশুর্বা হইতেছি, বন্ধিমচন্দ্রের 'আনন্দমঠে' কেঁচো খুঁড়িতে গিয়া মূল প্রবন্ধলেথক কির্প সাপের মুখে পড়িয়াছেন! 'শনিবারের চিঠি'র সমালোচনা যে একটু

তাত্র হইয়াছিল, তাহা আমরাও জানি; কিন্তু ইহাও স্বীকার করি যে, সমালোচকের এইরূপ মনোভাবের হেতু ছিল; কারণ কোনও পণ্ডিতম্বন্ত বিছাভিমানী ব্যক্তির পক্ষে এরপ তুচ্ছ বিষয়কে এরপ উচ্চ করিয়া তোলা নিতাস্তই ° বৃিরুক্তিকর। এবার দেবেক্সবাবু छाङ्कात महे पृष्ट প্রবন্ধটিকে গুরুত্ব দিবার জন্ম, আমাদিগকে कानारेग्राह्म त्य, তिनि वर्शर रेनेरे श्रवसामध्य এक्खन विभिष्ठे वास्त्रि, তিনি 🐽 ঢাকা বিশ্ববিত্যালয়ের একজন অধান অধ্যাপক, এবং Corresponding Member ইত্যাদি। শেষোক পদবীটির গুরুত্ব ব্ঝিবার মত জ্ঞান আমাদের নাই কিছু সেই প্রবিদ্ধ ও তাহার সমালোচনার উত্তরে এই পণ্ডিভ-মাহুষাঢর যে পাণ্ডিভ্য ও যুক্তিশীলভার পরিচয় পাইতেছি, তাহাতে আমাদের দেশের বিশ্ববিভালয়গুলিতে প্রধান অধ্যাপক হইতে হইলে মিনিমাম কোয়ালিফিকেশন কি থাকা চাই, তাহাই ভাবিয়া পাইতেছি না। বিশ্ববিষ্ঠালয়ের বিশ্বপঞ্জিগণের গবেষণার নম্না আমরা ইতিপূর্ব্বে অনেক পাইয়াছি, এবং 'চিঠি'র পাঠকবর্গকে তাহার পরিচয়ও দিয়াছি। এবার ঢাকাই গবেষণার ও তথা গবেষকের বিচারবৃদ্ধির একটি মনোরম নমুনা দৈবক্রমে লাভ করিয়া 'চিঠি'র সৌভাগ্য সম্বন্ধে আশত হইয়াছিলাম। কলিকাতার সহিত ঢাকার প্রভেদ এই যে, এখানে বিশপগুতগণ ছোট কথায় কান দেন না-এরপ সমালোচনার উত্তরে কিছুই না বলিয়া অত্রি গড়ীবৃভাবে মৌন অবলম্বন করিয়া চাণক্য পণ্ডিতের উপদেশ পালন করেন। কিন্তু ঢাকা একটি storm-centre, দেখারকার বায়ুমগুলের উভাগে কিছু বেশি, তাই সেখানকার বিশ্বপণ্ডিভগণের কচ্ছ সহচ্ছেই मुकः हहेशा भएए। तिराम भिका । अः मृতिর আদর্শ দিন দিন কোথায় নামিতেছে! প্রধান অধ্যাপকের মতিগতি ও বিভাবুদ্ধি

ষদি এই দরের হয়, তবে সেই অমুপাতে অপ্রধানদের চিত্তপ্রকর্ষ কিরূপ হইতে পারে, তাহা ভাবিয়া আমরা শিহরিয়া উঠিতেছি।

লেখক এীযুক্ত দৈবেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়কে আমরা জানিতাম না, সেটা আমাদেরই হুর্ভাগা; তিনি যে এত বড় একজন পদস্থ ব্যক্তি, এবং শুধু তাহাই নয়, বিলাতী লংম্যান কোম্পানি তাঁহার পুত্তক ছাপাইয়াছে, তাহা না জানিয়া আমরী কি ভুলই করিয়াছি! 'গবর্মেন্ট রেজিপ্তিকত' বলিয়া অনেক বস্তু বাজারে বিজ্ঞাপিত হয়, সেগুলিও নিশ্চয় ঐ লংম্যান কোম্পানির প্রকাশিত পুস্তকের মতই মহামূল্যবান! লেখকের বক্তব্য বস্তু যাহা, তাহা তো এক আঁচড়েই সাফ হইয়া গিয়াছে: কিন্তু তবুও এই অতি তুচ্ছ বিষয়টিকে অবলম্বন করিয়া স্বমহিমা প্রচারের কি প্রাণান্ত প্রয়াস! আমি ঢাকা বিশ্ববিত্যালয়ের প্রবীণ অধ্যাপক, আমি corresponding clerk, আমি মোটা মোটা বহি লিখিয়াছি। অথচ আসল কথাটা যে কোথায় গিয়া ঠেকিল, তাহার আর উদ্দেশ নাই। বহ্মিচন্দ্র তাঁহার 'আনন্দমঠে' ছিয়ান্তরের মন্বন্তরের সম্পর্কে মীরজাফরের নাম করিয়াছেন, ঐ মন্বস্তরের জন্ম তাঁহাকেও দায়ী করিয়াছেন, ইহা তাঁহার ঐতিহাসিক জ্ঞানের অভাববশতই ঘটিয়াছে, কারণ মীরজাফর ঐ ঘটনার প্রায় ৫০ বৎসর পূর্বে মরিয়া গিয়াছিলেন। ইহাই ছিল म्हित्यस्यात्त्र यूगाञ्चकात्री गर्वियभात्र यन। हेहात्र উखरत आमामित्र সমালোচক মহাশয় লিথিয়াছিলেন, বৃক্ষিমচক্র মীরজাফরের মৃত্যু-জারিখ ষে জানিতেন নামুভাহা মনে করিবার কারণ নাই; কারণ ঐ ভাব্রিং ल्यातकार्यात्र व्यापिकात्र नत्र, विकायात्र वह शृद्ध । अभग्यात्र नाना ঐতিহাসিক আলোচনায় তাহা নিপিবদ্ধ হইয়াছিল। এবং আৰু ম'হা দেবেজবাব নিজ আবিষার বলিয়া ঘোষণা করিয়াছেন, তাহা ভগুই বড়

বড় ইতিহাস-গ্রন্থে নয়, স্থলপাঠ্য পুত্তকেও স্থান লাভ করিয়াছে। এই कथांछ। आमारमञ्ज नमार्लाहक विर्मय कविया উল্লেখ कवियाह्न. তাহার কারণ, দেবেজ্রবাবুর লেখাটি পড়িলে কাহারও বুঝিতে বিলম্ব হয় না বে, বহিমচন্দ্রের 'আনন্দমঠ'কে অবলম্বন করিয়া ঐ তারিখটির সঠিক मः तोष निक **भाविकात विवास स्विया कतारे এवः उक्कण** वाराष्ट्रित লওয়াই ছিল লেখকের আসল অভিপ্রায়। আর্মাদের সমালোচক একজম বিশেষজ্ঞ ব্যক্তি, ঐতিহাসিক্র হিসাবেই তাঁহার কিছু প্রতিষ্ঠা আছে ,এবং সে প্রতিষ্ঠা যে স্বুমূলক নহে, তাহা এই বাদাহবাদ বাহারা পড়িবেন, জাহারাও বুঝিতে পারিবেন। দেবেজ্রবাবু স্পুর্ণ পরান্ত হইলেও হাল ছাড়িবার পাত্র নহেন, তিনি একণে পাচ বংসরের 'ব্যাপারটাকে ২৪ ঘণ্টার স্ক্রতায় টানিয়া ধরিয়া মলভূমি কাঁপাইয়া তুলিয়াছেন। অর্থাৎ বঙ্কিমচন্দ্রের 'আনন্দমটে'র কথা যাহাই হউক, তাঁহার বিছা তো নিফল হয় নাই। ঐতিহাসিক সতানিষ্ঠার পক্ষে ৫ বংসরও আবিষ্কারের মাহাত্ম্য যে না স্বীকার করে, তাহার মত ফুর্নীতিপরায়ণ বাজির ঐতিহাসিক বিচারে অবতীর্ণ হওয়া ধুইতা নহে কি ? আমাদের ইতিহাস-নিষ্ঠা যে এতথানি নাই তাহা স্বীকার করি; কিন্তু বহিমবাবুকে লইয়া টানাটানি কেন? উত্তরে দেবেজবাবু সে সম্বন্ধে প্রায় কিছুই वरमन नारे। क्वन रेरारे विद्याद्य ए, हिशाखरतत मस्करतत क्र মীরজাকর দায়ী হইতে পারেন না। কেন, তাহা তিনি অগুত্র বিশদভাবে বঝাইয়া দিবেন।

[ু]ইহাকেই বলে 'অল্পবিদ্যা ভয়হরী'; স্পর্দারও একটা মাত্রা আছে আমরা বীকার করি, তথা এক হইলেও তত্ত্ববিচারে পণ্ডিতগণের মত ভেদ, হইমা থাকে এবং হওয়াও অসকত নহে। বহিম্পার্ যে বৃদ্ধি, বে বিদ্যা, যে দৃষ্টিশক্তির বলে, তথাবিচার করিয়া ছিয়াতরের ময়ন্তরের অন্ধ্য নীর্বাক্ষরকেও দায়ী করিয়াছেন, আমাদের এই নবদপ্তরবিদ্যান্ত্রিক মতে তাহা ঠিক নহে; অর্থাৎ যেহেতু ই ও ৬ই-এর গুরুতর প্রভেদ সম্ভে বহিমবার্র ঐতিহাসিক স্ক্রজান ছিল না এবং যেহেতু

मनिवादात्र हिठि, का**र्ड**न ১७৪৫

এই দপ্তর-মূলারাক্ষ্যের সেইরূপ তথাঘটিত জ্ঞান পরিমাণে জ্বতাধিক হইয়া উঠিয়াছে, অতএব তাঁহার বিচার বৃদ্ধিমবাবুর অপেকা নিভূল হইতে বাধ্য। অর্থাৎ মাছিমারা কেরানির বিভাই একজন মহামনীয়ী লেখকের চেমে বেশি। দেবেক্সবাবুর এই প্রতিবাদটিব মধ্যেই যে যুক্তি-कार्नित शतिहर शाहरणिह, णाहारण भौत्रकारुरतत कनक्यानरन जिनि रय বিচার-বৃদ্ধির পরিচয় দিবেন, সে সম্বন্ধেও আমাদের কোনও কৌতহল नाहे। मित्रक्षवातुत्र श्रीष्ठ षामामित्र व्यक्तिग्छ विषय नाहे, वतः যথেষ্ট হিতৈষণা আছে. সেই কারণেই তাঁহাকে আমরা এই অমুরোধ জানাইতেছি যে, অতঃপর এইরূপ গবেষণার ফল প্রকাশিত করিবার পূর্বের छिनि यन क्वनहे मिना-माहाया छुन्न ना हन जवर मनितन हेक्द्रा উদ্ধৃত করিয়াই যে পণ্ডিত হওয়া যায় না, ইহা মনে করিয়া প্রধান অধ্যক্ষ প্রভৃতির অভিমান ত্যাগ করেন; কারণ তাহাতে বাংলা দেশের বিখ-विकानरात्र भौतवशानिरे हय. आमामिरभत्र नच्या हय। श्रीख्याम লিখিবার কালে তিনি এতই অপ্রকৃতিস্থ হইয়াছেন যে, প্রতিপক্ষকে ইংবেজ পণ্ডিতের অন্ধ স্থাবক বলিয়া বিজ্ঞপ করিয়াছেন। আমরা জিজ্ঞাসা করি. দেক্রেবাবুর বিভা কোথা হইতে ? ইংরেজ পণ্ডিভের আরাধনা না করিলে তাঁহার মত পণ্ডিত আমাদের দেশে এত সন্তা হইতে পারিত ? তিনি কোন দেশীয় বিভার চর্চা করিয়াছেন ? ভারতীয় বিভার কোন বিভাগে তিনি কুতিত অৰ্জন করিয়াছেন ? বাংলাও তো ভাল লিখিতে পারেন না। বরং সেই ইংরেজ পণ্ডিতদের নিকটেই আরও ভাল করিয়া পাঠগ্রহণ করিলে তিনি সমধিক উপকৃত হইবেন। তাঁহাদেরই এক পশুত তাঁহাকে এই উপদেশ দিবেন যে-

He who possesses a sense of values cannot be a Philistine; he will value art and thought and knowledge for their own sakes, not for their possible utility...Knowledge is not a direct means to good: its again is remote. An exact knowledge of the dates of the Kings and Queens of England will put no one into a flutter. Knowledge is a food of infinite potential value which must be assimilated by the intellect and imagination before it can become positively valuable.

ज्रयामर्गन

46

শালবাব্ লোকটিকে আগে অবশ্য চিনিতাম, অল্ল দিন হইতে পরিচয় ঘনিষ্ঠতর হইতেছে। কিছুকাল পূর্বে ভন্তলোক স্থান্ধি কেশ-তৈলের ব্যবসায় করিয়া প্রসিদ্ধ শুইয়াছিলেন। এখনও সে প্রসিদ্ধ আছে, কিছু অধুনা গোপনে 'গোপনে (কেন ব্যু গোপন করিতেছেন, জানি না.) তিনি কেরোসিন তৈলের ব্যবসাতেও লিপ্ত হইয়াছেন তিনিতেছি। চোরাবাজারেও যাতায়াত আছে। রাই কুড়াইয়া একটি নয়, কয়েকটি বেলই তিনি বানাইয়াছেন—এইরপ জনশ্রুতি। কিছু আশ্রুবের বিষয় অর্থবান বলিয়া ভন্তলোকের এতটুকু অর্থমিক। নাই, তাঁহার গর্বা হ্রদয় লইয়া। তাঁহার নিজের হৃদয় তো সর্বাদাই গাল-গাল করিতেছে, তাঁহার সংস্রবে বাহারা আসিয়াছেন, তাঁহারাও নিভার পাননাই, ইহাই তাঁহার বিশাস।

व्यामियारे विनलन, अक्टी मिशादारे पिन।

দিলাম। সিগারেট ধরাইয়া ভূত্রলোক পকেট হইতে একতাড়া নানা রঙের খামের চিঠি টেবিলের উপর কেলিয়া দিয়া ব্যালেন, পচিশ জনের চিঠি; বাড়িতে আরও অনেক আছে।

উন্টাইয়া উন্টাইয়া দেখিতে লাগিলাম।. দেখিতে দেখিতে সহদ্যা বক্তজু দিবার বাসনা প্রবল হইয়া উঠিল। এই বাই আমারু আছে এবং একুরার চাগিলে রোধ করিবার ক্ষমতা নাই। হুড ক্লং সোৎসাহে বলিলামু, একটি বক্তৃতা দিব। শুনিবেন কি?

্রিপারেটে টান মারিয়া যুগলবাব বলিলেন, নিশ্চগ। বলুন বলুন, ক্পাশনার কথা ভনিতে স্থামার রেশ লাগে।

হাঁটু দোলাইতে লাগিলেন। আমিও গলা-খাঁকারি দিয়া হুরু कतिनाम, रम्थून, পুরাকালে ফুলবাগানের সথ ছিল। সথ ছিল, কিন্তু श्विषा हिन ना। य रख शांकितन मानत्वत्र अधिकाः न आधिराजे जिक অস্ববিধাই বিদ্রিত হয়, সেই বস্তুটিরই অভাব ছিল,—টাকা ছিল না। অল্প মাহিনায় সর্বাদিক রক্ষা করিয়া চলিতে হইলে যে সকল কলা-কৌশল কুত্রত্ব-মহন্ত্র-সরলতা-কপটতার চর্চ্চা হারিতে হয়, আমাকেও সে সকল করিতে হইয়াছিল। ুদক্ষেণ ছর্ব্যোগের মধ্যে ফুটা সংসার-তরণীটিকে ময়ুরপন্ধীর মত সাজাইয়া সগৌরবে যে বিভার জোরে সেটি তীরস্থ করিয়াছি, আহাকে ভোজবিতা আখ্যা দিলে অসকত হইবে না। বাক্চতুর বাজিকর অন্তমনস্ক দর্শকৈর মৃঢ়তার স্থযোগ লইয়া যে ভাবে অসম্ভবকে সম্ভবপর করিয়া দেখায়, অধিকাংশ মধ্যবিত্ত গৃহস্থের মত আমিও সম্ভবত ভোজবিতাবলে বলীয়ান হইয়াই সেই ভাবে বাহিরের ভড়ং বজায় রাখিতে দক্ষম হইয়াছিলাম। এই জাতীয় কোন একটা অঘটনঘটনপটিয়সী নিপুণতা না থাকিলে আমার স্বল্প আয় সত্ত্বেও শোভনতার মর্যাদা রক্ষা করিতে পারিতাম কিনা সন্দের। অর্থাৎ কোন নিমন্ত্ৰণ-বাড়িতে অথবা থিয়েটার-সিনেমায় গৃহিণীকে বেশবাস-অলঙ্কার-দৈন্যে কখনও বিন্দুমাত্র লক্ষিত হইতে হয় নাই, বাড়ির ভোজ-কাজে শাকভাজা চচ্চড়ি হইতে হুরু করিয়া লুচি, পোলাও, দইমাচ, মাছের কালিয়া, চিংড়িমাছের মালাইকারি, মাংসের কোর্মা, কাট্লেট্য हुन, दिविध छान ও চাটনি, महे, भारत्रम, त्रमरशाला, मरन्मन, हुर्द्भित्रा, জিলাপি, পুর্তিত্ব কাস্টার্ড প্রভৃতি শালপাতার উপর ধরে ধরে সাজুইয়া হিন্দু, মুদলমান এবং এটান তিনটি সভ্যতারই মান রক্ষা কুরিয়াছি, নিজের দরিত্র আত্মীয় অথবা আত্মীয়াকে অকারণে কখনও কিছু ক্রিনিয়া দিবার সামর্থা হয় নাই বটে, কিন্তু লৌকিকতা-ব্যাপারে ছোট নজরের

পরিচয় দিয়াছি, অতি বড় শক্রও এ কথা বলিতে ছিধা করিবে। সংক্ষেপে চিঠির ভাষা ও ভাব ষেমনই হউক না কেন (তাহা লইয়া কেহ মাথা ঘামায় না), চিঠির কাগজ, বিশেষত চিঠির লেফাপা ছারা সকলকে সম্মোহিত করিতে প্রাণপণ চেঁপ্রা, করিয়াছি। এই অসাধ্যসাধনের ইতিহাস একাধিক কুসীদজীবী মহাজনের থাতায় কড়ায় ক্রান্থিতে বিধিবৃদ্ধ হইয়া আছে।

অভিভৃত যুগলবাবুর হাঁটু-নাচানো বহুক্প পূর্বেই বন্ধ হইয়া গিয়াছিল। এইবার স্থযোগ পাইয়া তিনি কণ্ঠাগত প্রশ্নটিকে বাৰায় করিলেন, সবই বুঝিলাম, কিন্তু যাহা বুলিলেন, তাহার পহিত আমার এই চিঠিগুলির সম্পর্ক কি? সম্পর্ক কিছুমাত্র নাই। বক্তৃতা দিতে হইলে অবাম্বর কথা ছই-চারিটা অনিবার্য ভাবেই আদিবে, উহাতে किছু মনে করিবেন না। আসল কথা, ফুলবাগানের স্থ ছিল। किছ তথন সমাজের যে ভারে বিরাজ করিতাম, সে ভারে এ সথের মূল্য কেহ দিত না, স্বতরাং ইহার জন্ম অর্থ ব্যয় করিতে সঙ্কৃচিত হইতাম। দামী জুতা, শাল, গহনা অথবা শাড়ির জন্ম অর্থ জুটাইতে হইত, কারণ দেওলি প্রতিবেশীগণের অন্তরে শ্রদ্ধা সম্ভ্রম এবং হিংসার উদ্রেক করিয়া বিচিত্র পদ্ধতিতে আমাদের স্থােংপাদন করিত। সংক্ষেপে ফুলবাগানের জন্ম উদৃত্ত বিশেষ কিছু থাকিত না, এবং ফলে উঠানের এক কোণে অপরের নিক্ট হইতে চাহিয়া আনা কয়েকটি ফুলগাছ পুঁতিয়া সসঙ্গোচে মনেক স্থু, মিটাইতাম। আমার সেই নগণ্য বাগান কোন লোকের প্রশংসা আঁকর্ণ করিতে সমর্থ হয় নাই বটে, কিন্তু সে যুগের খামার লেফাপা-লাঞ্জি জীবনে উঠানের সেই ছোট বাগানটুকুই আমার প্রাণের সভ্যকার ্মাব্য ছিল। ওইটুকুর মধ্যেই কোন লেফাপা ছিল না। বস্তুত সেই ছোট বাগানটিকে আমও আমি ভূলি নাই। সর্বসমেত বোধ হয় গুট

দশেক গাছ ছিল, কিছ প্রত্যেক গাছের প্রত্যেক পাতাটি আমি
চিনিতাম। প্রতি গাছের প্রতি ফুলটির উরেষ হইতে অবসান পর্যন্ত
লক্ষ্য করিতাম। কোন্ গাছে কথন কুঁড়ি হইল, কুড়িটি কতদিনে
ফুটিয়া ফুল হইল এবং তাহার পর ক্রমে ক্রমে কেমন করিয়া ঝরিয়া
পড়িল—কিছুই আমার দৃষ্টি এড়াইত না। প্রত্যেক গাছের প্রতিটি
আচরণ সাগ্রহে দেখিতাম। মনে হইত, উহাদের ভাষা যেন ক্রামি
বুঝি। প্রথম যেদিন গোলাপ গাছটায় কুঁড়ি হইল, সেদিনের কথা এখনও
আমার বেশ মনে আছে। মনে হইয়াছিল, গোলাপ গাছটার ডালে ডালে
পাতায় পাতায় বেশ যেন একটু অহকার ফুটিয়া উঠিয়াছে, বাতাসে ছলিয়া
ছলিয়া যেন বলিতেছে, কেমন কুঁড়ি হইয়াছে, দেখিতেছ তো!

সেই ফুল ফুটিয়া যখন ঝরিয়া গেল, তখন তাহার নীরব শোকও আমি প্রতাক্ষ করিয়াছিলাম। তাহার পর বিতীয় ফুলটি যখন ফুটিল, তখন তাহারও মুখে আবার হাসি ফুটিল বটে, কিন্তু তাহা বিষণ্ণ সশস্ক। ফুল ফোটে, ফুল ঝরে। প্রতিদিন তুই একটি ফুল ফুটিভ, তুই একটি ঝরিত। প্রতি গাছটির হাসিকায়া আমি শুনিতে পাইভাম। আমার বাগান নগণ্য ছিল বটে, কিন্তু তাহাতেই আমি তন্ময় হইয়া থাকিতাম।

যুগলবাবু জাযুগল কুঞ্চিত করিয়া একবার আমার প্রতি চাহিলেন।
একটু থামিয়া আমি পুনরায় স্থক করিলাম, তাহার পর অনেকদিন
ফাটিয়া গিয়াছে। আমার প্রথম জীবনের অর্থকছুতা আর নাই
বাগান বড় করিবার মত আথিক সক্তি হইয়াছে এবং সত্য সূত্রই
বাগানকে বিস্তৃত করিয়াছি। এখন আমার বাগানখানা ভাল করিয়
পর্যাবেক্ষণ করিতে হইলে অন্ততপক্ষে একবেলা কাটিয়া যায়। অনেক্থানি
জমি, অনেক রকম সার, অনেক রকম যন্ত্র, অনেক রকম গাছ, অনেক্ওটি
মালী জুটাইয়া বাগানের খ্যাতি বাড়াইয়াছি। আভিজাত্যগক্ষিত বর

ফুর্লভ ফুল আমার বাগান আলো করিতেছে, কিন্তু আমার সেকালের সেই ছোট বাগানের শীর্ণ গাঁদা, কীটদষ্ট গোলাপ, অপরিপুষ্ট মল্লিকা, আলোক-বঞ্চিত রজনীগন্ধাকে আত্তপ ভূলি নাই। তাহাদের বত ভালবাদিতাম, रेशाएक छछ ভानवामि ना। रेशाएक चामि हिनिट्रे ना। এरे ভিড়ের সঙ্গিত আমার প্রাণের পরিচয় নাই। সহস্র সহস্র ফুল রোজ ফুটিতেছে ও ঝরিতেছে, খবর রাখা আরু সম্ভবপর নহে। ইহাদের সকলের কুল, ्राख, व्याप्त क्षेत्र আপনিও পারিবেন, কারণ যে কোন ভাল ক্যাটালগে তাহা আছে। अधु कून त्कन, वहेरम्रत कथाहे धक्रन ना। সেকালে यथम वहे किनिवात ক্ষমতা ছিল না, অপরের বই চাহিয়া অথবা চুরি করিয়া যথন পড়িতে হইত, তথন কি আগ্রহেই না পড়িতাম ! প্রত্যেকটি পুত্রকের সহিত, প্রতি পুস্তকের প্রতি পাতাটির সহিত ঘনিষ্ঠ পরিচয় ঘটিয়াছিল। এখন নিজের লাইব্রেরি প্রকাণ্ড, প্রতি মাসে নানা দেশের বিখ্যাত লেখকদের বই কেনা হইতেছে, কিন্তু সে আগ্রহ তো আর নাই। আলমারিতে সারি সারি বই জমিতেছে, অধিকাংশ পুস্তকেরই বাহিরের সৌর্চব দেখিয়া দেখিয়া তৃপ্ত হইতেছি, হয়তো হুই-একথানা খুলিয়া হুই-চারিপাতা উন্টাইতেছি, উহাদের সম্বন্ধে ছুই-চারিটা ধার করা জ্ঞানগর্ড বুলিও হয়তো चा अपनिरुट भाति, किन्तु मठा कथा वनिए इहेरन वनिए इम्र, हेहारमत काराकि आमि हिनि ना। याशामत्रं हिनि, वह्रभूर्व्सरे छांशामत्र চিনিরীছি। নৃতন করিয়া চিনিবার আগ্রহ আর নাই। এখন যাহা चাঁছে, তাহা সংগ্রহ করিবার আগ্রহ।

শ্ব্যাবার্ অধীর হইয়া উঠিয়াছিলেন। বলিলেন, এ চিঠিগুলোর সম্বন্ধ বলিতে চান ?

विनिष्ठ हारे, वाननात्र वानान व्यथवा नारेखिति यन नम्र।

ইংরেজী ভাষায় যাহাকে বলে, এ গুড কালেকশন! শত বাধাসত্ত্বেও কথনও লুকাইয়া কাহাকেও যদি ভালবাসিয়া থাকেন (বাসিয়াছেন কি না জানি না), তাহা হইলে সেই একমাত্র ভালবাসা যাহা সত্য, এবং ভাহাকে যদি আপনি সত্য-ম্থ্যাদা না দিয়া থাকেন ঠকিয়া গিয়াছেন।

বাকিগুলি?

বাকিগুলি আপনার অর্থ, খ্যাতি অথবা রূপের টানে স্বতই জুটিয়াছে অথবা আপনি জুটাইয়াছেন। বলিলাম তো, গুড কালেকুলন। কিন্তু উহারা আমার বর্তমান বাগানের ফুলের মত। আয়তের মধ্যে থাকিয়াও অনায়ত।

क्न?

আসল কথা কি জানেন, আমরা যতই বড়াই করি না কেন, আমাদের প্রাণ সত্যই এত বড় অথবা মজবৃত নহে যে, একাধিক নিবিড় পরিচয়ের ধাকা সামলাইতে পারে। সত্যকার প্রেম বড় সঙ্গীন বস্তু। অধিকাংশ লোকের জীবনে তাহা আসেই না। কিন্তু মজা এই যে, অধিকাংশ লোকেই একাধিক রমণীর সংস্পর্শে আসিয়া মনে করেন, তাহাদের প্রত্যেকেরই আদিঅস্ত তিনি নথদর্পণে দেখিতে পাইয়াছেন। আসলে আমরা প্রায় সকলেই দরিদ্র দ্রোণপুত্র অখ্থামা, পিটুলিগোলা পান করিয়া উদ্বাহু হইয়া নৃত্য করিতেছি।

এই পর্যান্ত বলিয়া সহসা অত্যন্ত দমিয়া গেলাম। সহসা মনে পড়িয়া গেল, প্রাণকান্তের নির্বন্ধাতিশয়ে সন্ধ্যাবেলায় এক গ্লাস সিদ্ধি পান্ করিয়াছি। বিবেকের ধমুকে কণ্ঠরোধ হইয়া গেল। বার তুই ঢোঁক গিলিলাম। যুগলবাবু বলিলেন, দিন মশাই, আর একটা সিগারেট

मिनाम।

যুগলবার সিশারেটটি ধরাইয়া সন্দিশ্ধভাবে আমার প্রতি চাহিতে লাগিলেন। আমার মনে হইতে লাগিল, আহা, লোকটি মাহুর্য না হইয়া ধদি গাছ হইড, বাগানে পুঁডিয়া রাখিতাম।



46 ক্লিবিতা একরকমের ব্যাধি, জীবাণু তার অগ্রদূত

—'জীবাণু' মাসিক পত্তিকার লেরোনামা, পৌষ ১৩৪৫

অর্থাৎ 'কবিতা' যদি ম্যালেরিয়া-খাতার ব্যাধি হয়, 'ক্রীবাণু' তাহার আ্যানোফিলিস-মশক-বাহন; 'কবিতা' তিন মাসে একবার প্রকাশ পায়, 'জ্রীবাণু'র সাক্ষাৎ পাই মাসে মাসে; 'জ্রীবাণু' কামড়ায়, কিন্তু 'কবিতা' ভোগায়।

এমন অর্থপরিপূর্ণ অত্যুক্তিহীন "মটো" কদাচিং দেখা যায়।

গত পৌষে তুইটিরই প্রকাশ দেখা গিয়াছে, স্থতরাং দৃষ্টাস্ত দিতে পারিব।

-- 'কবিতা', পৌৰ, পু. ২৫-২৬

ম্যালেরিরা: — দেখানে এখন
পদসঞ্চরণ
বন-ভোজন
কাপন
শিহরণ
গোধূলি-রক্তিম জাঁচে
সভাতার ছাঁচে
সভাবের তাড়নার নাচে
শতাকীর
কৃষ্টির
দৃষ্টির
দেখান মিলন।

ম্যালেরিয়ার কাঁপুনির সহিত তাল রাখিয়া ইহা রচিত। বিকারের বোরে প্রলাপেরও অভাব নাই। যথা—

ইনাক, সৈনিক হও
 ওঠো কৰা কও।
 পূর কর মন্থর মন্থরা—
 এ হলার্থ দিন-রাত্রি প্রেত পদক্ষেপে
 শুভিরে করেছে পিরামিড।
 আর মূব উদ্মিমর আরক্ত প্রহর্গ
মিনরের মাম, হার, শিশিরে ধ্সর।
 মনাক, সৈনিক হও
 ওঠো কথা কও।

---ই, পু. ২২

২। সন্ধার ভিড়াক্লান্ত মন্দিরে কাঁসর ঘণ্টা দেবতারো চোখে অনিক্রা আনে; প্রভার পচা কলে কুলে পিচ্ছিল পথে রক্তচকু পুরোহিত হাঁকে, হাঁকে জগদল বুবস্ত।

-3. 9. 00

মশক-গুল্পনও কম চিতাকর্ষক নয়! যথা---

-)। তে পুরানো পাওর ফ্রুর !
 তোমার বেহায়াপণা , ফ্লুর ছেনালী—
 —'জীবাবু', পৌব, পু. ৮
- নিরালা খরেতে নিরাপদ দোর আক্রমণ,
 মালতী, তোমার ছই ঠোট ভরো নীল বিবে,—
 মালতী, তোমার ছ'ছোথে বাদ্ধাও আল বোমা

—ঐ, পৃ. ১৭ অমিতার ওঠপ্রাস্তে জাবিকার রবে না তিমিত

পৃথিবী মক্তম্ হলে ক্ষীণকঠে কাঁদিবে বারস ?
— এ, পু. ২৬

ভার এই পৃথিবীর কঠিন নীল ছালে
 ক্রোনাকি বোলির আলোর বিচরণ।
 ক্রুণ, ৩১

কুইনিন-তিক্ত ও মশারি-কঠোর হইয়া উঠিয়া যে এই কম্পন ও গুঞ্চন রোধ করিব, তাহারও দেখিতেছি উপায়ু নাই—মশা ও ম্যালেরিয়া ক্রমশই চারিদিক আছের করিয়া ফেলিতেছে।

বাংলা দেশের মন্ত্রীমগুলী হে কত অসহায়, তাহা তাহাদের রক্ষা-কবচের বহর দেখিয়াই প্রতীয়মান ছইতেছে। চারিদিকেই শক্র, স্নতরাং খারবানু ও গুপ্তচরের প্রয়োগবাহল্য স্বাভাবিক বিশেষত তাহাদিগকে বশে রাখিবার যাবতীয় উপক্রণ যখন অপরে যোগাইতেছে, তখন তাহাদের সাহায্য না नওয়াটাই অসমীচীন। মন্ত্রীদের আক্ষেপ ছিল. তাঁহাদের গুণগ্রামের কথা কেহ প্রচার করে না, মিথ্যা দোষকীর্ত্তন করিয়া তাঁহাদিগকে হেয় করা হয়; স্থতরাং সপ্তাহে সপ্তাহে প্রচুর অর্থ-वाग्र कतिया 'वाःनात कथा' ७ 'नि विक्न छेरेकनि' वारित कता रहेन, किन्ह তাহাতেই কি নিশ্চিম্ব হওয়া যায় ? 'দি স্টার অব ইপ্তিয়া' ও 'আজাদ' •এই শত্রুবাহমধ্যে বাদশ (১৬ই পর্যাস্ক) অভিমন্থ্য সম্প্রদায়কে রক্ষা করিবার যে সংসাহস এতাবংকাল দেখাইয়া আসিতেছিলেন, নিন্দুকে সে मश्रक नाना निन्ना उठाँटेए हिन। किन्ह याहात्रा एमश्रान याहासम আকরম থাঁ সাহেবকে চেনেন, তাঁহারা জানেন, কি নিদারুণ নির্ঘাতনের মধ্য দিয়া তিনি ভারতের স্বাধীনতাযক্তে এই 'আজাদ'রূপী দ্রৌপদীকে পাভ করিয়াছেন। আজ যাঁহারা কৌরবরাজসভায় এই একবল্কা त्योग्लीत वज्रहत्रनमाञ्चना व्यथिया नव्याय ७ महास्कृष्ठिक व्यथावनुनं হুইয়া আছেন, তাহারা ওনিয়া আখন্ত হুইবেন, ১৯৩৯-৪০ শালের বাজেটে বিপদবারণ মধুসদন ভৌপদীর অন্ত (জিশ হাজার টাকা বরাদ করিয়াছেন, ক্ষমন্ত্রীস্থাহের এমন প্রভাক, এমন চমকপ্রদ নিদর্শন দেখিলে অভি বড় नाचिक्छ विश्वानी हहेशा छेडित्व।

'আজাদে'র প্রসক্ষ অবাস্তর, আমাদের কথা লান্থিত মন্ত্রীমগুলীকে লইয়া। তাঁহাদের অত্যধিক উদার্যাই তাঁহাদের কাল হইয়াছে। যেখানে অতি সহজে তাঁহারা চোর ধরিয়া কয়েদে দিতে পারিতেন (জেলখানার অভাব বাংলা দেশে এখনও হয় নাই), সেধানে সহজ্বভা স্থ্বভ পয়্যসার বিনিময়ে আরও কতকগুলা চোর নিযুক্ত করিয়া চোর ঠেকাইবার এই পছা আমাদের ভাল ঠেকিতেছে না। আশা করি, পরবর্ত্তী বাজেটে আমাদের এই কথা বিবেচিত হইবে।

হঠান্ধনের 'ভারতবর্ষে' "শুকাচার্য্যের স্বপ্ন" চিত্রটি কোন্ স্টুডিয়োর গৃহীত তাহা লিখিতে ভূল হইয়াছে। ভূমিকায় কাহারা অভিনয় করিয়াছেন, তাহা জানিতে পারিলে আমরা অধিক উৎসাহিত হইতাম। শুক্র কবে মঙ্গল হইবে ?

"আন্দিরা'য় (ফাল্কন, ১৩৪৫) এ (মতী ?) পরিমল দাসের "ভাঙ্গনের গান" বাক্-অর্থ সকল দিক দিয়াই সার্থক হইয়াছে। এরূপ হরগৌরী-সম্মিলন এমুগে কচিং দেখা যায়।

(इ धनिक)

মামুবেরে তুমি বস্ত্র করেছ, অস্তরে তুমি করনি স্বীকার, তাই বত আৰু বিদ্রোহী আন্ধা করে দাবী অধিকার।

[শোষিত-মানব,]

ধরিতে হইবে ক্লের বেশ, পুরাতন জর।জীর্ণ লা,খ মারি তোমা প্রবল আঘাতে করিতে হইবে দীর্ণ।

ভাঙ্গনের গানও বাধা ছন্দে লিখিলে ভাল শোনায়, এইটাই আশ্চর্য।

আদির 'ভারতবর্বে' একটি "শিকার-কাহিনী" বাহির্ হইয়াছে। আলিপুর ছয়ারের প্রবীণ শিকারী শ্রীপুলিনক্ষণ বন্দ্যোপাধ্যায় মহাশয় জানাইয়াছেন, লেখাটির কাহিনী-অংশ সম্ভবত ঠিক আছে, কিন্তু শিকার-অংশ নিজুলি বলিয়া তিনি স্বীকার করিতে পারেন না।

লেখাট পড়িয়া দেখিলাম। কাহিনী-অংশও সমর্থনযোগ্য নয়।
এমন পঙ্গু ভাষায় লেখা রচনা 'ভারতবর্ধে' যে ষ্টান পাইতেছে, তাহার
কারণ সম্ভবত সম্পাদকীয় শৈথিলা বিবাসবের তভান্ধবাছলা প্রবণ
এবং দৃষ্টি তুইই গিয়াছে, দ্রাণের সাহায্যে রচনা নির্বাচিত হইতেছে।

শিকার সম্বন্ধে বাঁহাদের সূথ আছে, অঞ্চ বাঁহাদের বিক্ষা এই জাতীয় প্রবন্ধ হইতে আহ্নত, তাঁহারা হাতে-বন্দুকে শিকার করিট্টুত গিয়া পাছে বিপন্ন হইয়া পড়েন, এই আশকায় পুঁলিনবার প্রতিবাদ করিয়াছেন। হাতুড়ে ডাক্তারের শান্তির ব্যবস্থা আছে, হাতুড়ে শিকারীর শান্তি হওয়া উচিত কি না, আইনকর্তারা বিবেচনা করিবেন। গাঁজাখুরির একটি মাত্র দৃষ্টাস্ত দিতেছি।

জঙ্গলে ছুটা বাঘের বাচচা খেলা করছিল। বাচচা ছুটি ছোট—বেশ ফুলর—খুব পৃষ্ট। মেঘু নামে আমাদের এক সঙ্গী গিয়ে একটা বাচচা ধরে কোলে তুলে নিল এবং গারের মোটা চালর দিয়ে তাকে চেকে কেলল।

ছম্কু চীৎকার করে উঠল—মেঘা, ও মেঘা, ও পাজী, দর্কনাশ হবে রে—এখনই এটার চেঁচা-মেচিতে বাঘিনী এসে উপস্থিত হবে। উপায় থাক্বে না রে পাজী, শীগ্ধির ছাড়—ছাড়—এ গহিন জলল—ছাড়—

মেখা বলে বসল—হ:, হাতে দোনালা কন্দুক, উঠব গিয়ে ঐ ভেঁতুল গাছে—বাখের বৃদ্ধ ভর কাশুছে।

হীরামজাদা পাজী, সবাইর জীবন শেষ কর্বি নাকি। বাণিলীর কোপে আজ আর রুক্ত খাক্বে না।

্রিন্দুরে বাঘিনীর ভীবণ সর্জ্জন শোন গেল। মেঘার কোলে বাচ্চাটাও চীৎকার কর্মেছিল। অনজোপার হয়ে আমরা গাছে উঠে পড়লাম। আমাদের দলের 'চার্গ ঠাকুর' গাছে উঠতে পারেন না জানালেন। তাঁকে বে ভাবে উপরে তোলা হ'ল—তা বলবাঃ নয়। ছন্তুর মত শক্তিমান লোক ছিল বলেই আমরা টাদকে বুকে চাদর বেঁধে গাছে প্রঠাতে পেরেছিলাম।

ততক্ষণ বাখিনীর গর্জনে বন তোলপাড়। রক্তচকু বাখিনী রাছের দিকে চেরে থে রক্ষ খে'। খে'। করেছিল, তাতেই আমাদের আত্মপুরুষ তুলারাম খেলারাম করতে লেগে রেল। মেঘা বলল—গুলি লাগাও, একবারে পাঁচটা সাতটা।

हम्कू वनन-गावशान, विष कथन्छ नमन इन्न छनि ह्रिपान-वाभिटे वनव ।

ক্রমে তিনটা বাঘ সেই গাছ তলার এসে চীংকার আরম্ভ করল। চাদ-ঠাকুরকে কাপড় দিরা গাছে বেঁথে না রাখলে বে কি দশা হ'ত, তা বলাই বাছল্য। আমি শী কিার ফুর্বক বুবক, কোন মতে গাছ ধরে বেঁচে আছি মাত্র।

বেকা পশ্চিমে হেলে পড়ল। ছম্কু বলল—শীত্ৰ জন্মল খেকে বার হতে না পারলে আন্ত এখানেই রাতিবাপন করতে হবে।

व्यापि প্রস্তাব দিলাম-বাবের বাচ্চাটা ফেলে দাও-পোলমাল চুকে বাক।

ছম্কু বলল,—তবু বাঘ এখান থেকে সরবে না। এখন সনে হর, কাছে আর বাঘ নেই—বারা ছিল, এসেছে; এখন ঠিক নিশান-সই করে গুলি ছৌড়। ঐ বে একটা খাল দেখা বার—ওটা পার হরে না গেলে বাঘকে বিবাস নাই।

পরামর্শমত ছজনে বাখিনীটাকে, ছজনে বাখটাকে 'রাম, এক, দো' বলে গুলি ছুড়লাম। বাখিনী ঠার পড়ে গিরে লখা দিল—বাখা নাখা বাঁকতে বাঁকতে গোঁ গোঁ করে ছুটতে লাগল। অপর বাখ পালিরে গেল। ছম্কু গুলী-লাগা বাখটাকে তাক্ করে আর একটা গুলি ছুড়ল—বাখা লক্ষ্ দিরে খালের জলে'গিরে পড়ল—তারপর চুপ।

(১) বাবের বাচন মারের কাছ হইতে দুরে ধেলা করে এবং বিড়ালের ছানার মত অবলীলাক্রমে তাহাকে তুলিয়া লইয়া যাওয়া বায়; (২) বাচনবতী বাবিনীর আশেপাশে ছলো-মেনি অক্সাক্ত বাবেরা এমন ভাবে অবস্থান করে যে এক ডাকেই কাছে আসিয়া পড়ে; (৩) ধৃতবাচন বাবিনীর গর্জন শোনার পরেও বৃদ্ধ ও চুর্মল শিকারীরা সদশবলে তেঁতুলগাছে চড়িয়া বসিবার এবং একজনকে বুকে চাদর বাধিয়া টানিয়া তুলিবার অবকাশ পায়—এগুলি মারাত্মক সংবাদ।

'ভারতবর্ব' যাহা শিকার করিতেছেনু, তাহাই করিতে থাকুন বাষীয় 'পরিস্থিতি'র মধ্যে তাঁহারা নাই গেলেন

ব্দুষ নানা প্রকারের হইতে পারে; প্রণয়াত্মক, প্রেমাত্মক, ঋণাত্মক, ধনাত্মক, অবসুর-বিনোদনাত্মক ইত্যাদি। কিন্তু শ্রিযুক্ত স্থীক্রলাপ দত্তের সহিত শ্রীযুক্ত বিষ্ণু দের য বন্ধুত্ব সম্প্রতি দেখা যাইতেছে, তাহা ৬পরোক্ত কোন পর্য্যায়েই পড়ে না; ইহা সম্পূর্ণ অভিনব বন্ধুত্ব—ধ্বন্তাত্মক বন্ধুত্ব। ফাল্কনের 'পরিচ্টের্য'র ১৬৮ পৃষ্ঠায় শ্রীবিষ্ণু দের তুই নম্বর প্রার্থনা দেখন—

ব্ৰক্ষকে সূৰ্য স্থিৱ, বৃষ্টিহীন গ্ৰীখ্যের মড়কে বৰ্যভোগ্য ক্ষক্ষ শাপ চৈতালির গড্ডলচড়কে আজো দেখি বস্তি বৰ্ষে। বৈশাখের অন্তবন্ধু মেবে কক্টিক্রান্তির পাপ ক্লান্তিহীন তুর্বাসার প্লেবে তাপমানে আজো লাতিম্মর। বক্সপানি উদাসীন, বর্মদ অমরার শীতক্তর ফরাসে স্থাসীন! দরাহীন ইরম্মর।

গোপালদা বলিলেন, থাম। সমূথেই টেবিলের উপর 'শব্দক্ষক্রম' ছিল, তিনি তাহাতে মাথা ঠেকাইয়া প্রণাম ক্রিলেন এবং তুড়ি দেওয়ার ভূবিতে মুধে ওধু বলিলেন, অজ বন্ধু মেব!

আমিরাও বলি, সময় ও ক্ষবোম পেলে এবং ধীর-স্থিপ-চিত্তে কাব্যসাধনার নিয়েক্তিত বাকলে ডি. এনানংসিও, রবীজ্য-নজরল তিনি (জনীম-উদীন) না হ'তে গান্ত্রী-ক্রানিদাস, ক্ষেব্যামী বা মাইকেল হ'তে পারেন।"

-- बज्जूब ब्रह्मान, 'मानिक माहान्त्रमी,' माप ১৩৪৫, पू. २৮৪

গোপালদা এবারে বাহা বলিলেন, তাহা ছাপা বায় না। কিছু
কটুজি তো আর যুজি নয়! ডেনান্ৎসিও-রবীন্দ্র-নজকলে আমাদের
প্রয়োজন নাই, কিছ কালিদাস-মাইকেলকে আমরা চাই। ডজ্জ্জ্জ্জসীম-উদ্দিন সাহেবকে সম্পূর্ণ সময় ও হ্রেয়াগ দিতে বাঙালীমাত্রেই
প্রস্তুত আছে; সভ্রপ্তেত বাজেটে একটা সংশোধনী প্রস্তাব দিতেও কেছ
আপত্তি করিবে না। কিছ এমনিত্রেই ব্যক্তিগত এবং সম্প্রদায়গত
নানা কারণে তিনি যেরপ অধীর এবং অন্থির আছেন, উপরোক্ত মন্তব্যের
পর যদি সম্পূর্ণ অধীর-অন্থিব হইয়া উঠেন, তাহার জন্ম 'মাসিক
মোহামদী'র সম্পাদক মহাশয় কি দামী হইবেন ? বাঙালী বড় তুর্ভাগ্য
ভাতি, তাই ভয় হয়।

আধুনিক "Last Ride Together"-পড়া চালাক মেয়েদের ট্র্যান্ডেডি সত্যই ভয়ানক। ললিভার অবস্থা কি করুণ নয় ? ক্ল্যাট-বাড়ির কত তাজা তরুণীর প্রাণ যে এই বেদনায় জীর্ণ হইয়া গেল, সিটি-ফাদাররা তার কি থবর রাথেন ?

পাশাপাশি তিনটি স্লাট। একটিতে পরেশরা থাকে, দে কলেজে পড়ে, বয়স বাইশ বছর। একটিতে থাকে ললিভারা। তৃতীয়টিতে থাকেন ধীরেনবাব্। তাঁহার বোন লীলা ললিভার কাছে তৃপুরে পড়িতে আন্দেশ

উচ্ছ সিত বে'বনের কেনাকে শীতল করা ললিতার সাব্য নর। পরেশকে ও ভালবাসে—হাঁ ভালই বাসে বলা বার। কিন্তু পরেশ ভালবাসার সব ইলিত বাবে না। মেরেনের সলে নেশে নাই বলিয়াই হয়ত'। খালি ভালবাসার উপর করনার মুক্ত হৈছিই। একটা সাক্ষকতা অভুতব করিতে চার, ভালবাসার আকুসলিক্তকো হাঁটিয়াই কৈ ডে পারিলেই বেন ও বাঁচে। পরেশ কি বোকে না ললিতার আর-বঞ্জ ইলিতকলো হ কিন্ত ধীরেনবাবু বোঝেন। ভগিনী বীণার মারফৎ তিনি চিঠিও পাঠাইয়া থাকেন। কিন্তু ললিতা চায় পরেশকে জাগাইয়া তুলিতে। সেদিন তুপুরে ললিতার তুঃধ খুব গভীর হইমা উঠিয়াছিল। পরেশ

আজকের ছপুরটা থাকিলেও পারিত। আজকে তাহ'লে পরেশকেও জোর করির।
এ ঘরে আনিতে পারিত। কিংবা নিজেই হ্রত ওদিকে বাইতে পারিত। বাওরা ভো
আর কঠিন কিছু নর—বাধকমের পাশের ঐ ছোট্ট দরজাটা খুলিরা কেলিলেই ভো
পরেশদের রারাঘর। পরেশটা বোকা।•

•স্থতরাং দি আদার ফ্রাট—ধীরেনবাবুর চিঠি—

পারেশের মত কাঁকা এবং কলনাসর্বস্থ নয়—এর পিঁছনে ৰাস্তরতার একটা উগ্র, রিমঝিমে [?] পদ্ম আছে। চিঠির শেষে একটা অনুগ্রহ চাহিয়াছেন—ভাঁহার সহিত নির্জ্জনে দেখা করিবার স্থবিধা ললিতার হইবে কি ? ছপুরে তিনি মাড়ীই থাকেন।

তা' হইবে না কেন ? তুপুরে তো ললিতাও পাকে; আর যদি নির্জ্জনতার কথা বল, দলিতার বাড়ীর মত পাড়ায় আর একটিও নির্জ্জন বাড়ী আছে কি না সন্দেহ। বুড়ো পিসী কানে শোনেন না—তুপুরে আপাদমন্তক লেপ মুড়ি দিরা ঘুমান। বাপ আকিসে দান, ফিরিবেন তো সেই সাতটায়। অফুরস্ত নির্জ্জনতা! ধীরেনবাবু বে কোনওদিন আসিতে পারেন; ইচ্ছা করিলেই কাল্কেই।

একটি অতি-আধুনিক পত্রিকায় গরটি মাঘ মাসে প্রকাশিত হইয়াছে।

নমর্থা কঞাদের লইয়া কলিকাতায় বাঁহাদের ঘর করিতে হয় এবং
অর্থাভাবে বাঁহাদিগকে স্ল্যাটের আশ্রয় গ্রহণ করিতে হয়, তাঁহাদের
অবগতির জন্ম গল্লের মোদাকথাগুলি উদ্ধৃত করিলাম। পরেশদের
ভয় নাই, কিন্তু ধীরেনবাব্রা যে সর্বাদাই প্রস্তুত হইয়া আছেন, দৈনিক
সংবাদপত্রের আইন-আদালতের পৃষ্ঠায় তাহার প্রমাণ মিলিবে।
বীরেনবাব্দের উগ্র বাস্তবতার রিমঝিমে গদ্ধ হইতে চুপুরে বেকার
ললিতাদের উদ্ধার করাটা প্রতিদিনই একটা সম্প্রার মধ্যে দাড়াইতেছে।
এই সমস্তার একমাত্র সমাধান পরেশদের হাতে, তাহাদিগকেই আর
একট্রবাস্থ্য করিয়া তুলিবার জন্ম অতি-আধুনিক সাহিত্যিকেরা চেটা
ক্রিভেছেন, স্বতরাং তাঁহাদের উদ্দেশ্ব সাধু।

প্রাপ্তি স্বীকার

নিম্নলিখিত প্রতিষ্ঠানগুলি হইতে আমরা ন্তন বংসরের স্থালুক্ত ক্যালেগুার এবং ভায়েরি পাইশা আন্তরিক ধন্যবাদ জানাইতেছি।

বেদ্বল কেমিক্যাল

ক্যালকাটা বিল্ডার্স স্টোর্স লিমিটেড

দৈটান টাইপ ফাউণ্ড্রি

रानिका টाইপ ফাউণ্ডি

বেশ্বল ড্রাগ স্টোর্স

ভোলানাথ দ্বত এণ্ড সন্স লিমিটেড

হুগলি ইৰ কম্পানি লিমিটেড মাৰ্টিন এও কোং

ইসাভি ইণ্ডিয়া ম্যাচ ফ্যাক্টরি ও ইণ্ডিয়ান সিদ্ধ উইভিং কম্পানি

DWARKIN'S HARMONIUMS



হারমোনিয়ম কিনিতে হইলে ভোয়ার্কিনের হারমোনিয়মই আপনার কেনা উচিত। ভোয়ার্কিনই হাত-হারমোনিয়মের আবিষ্কারক এবং এই ষল্লের বাহা কিছু উন্নতি এ বাবং হইয়াছে তাহা ভোয়ার্কিনের বাড়ী থেকেই উদ্ভত।

বাজারের জিনিষ ২।৪ টাকা কম দামে অবশ্র পাইতে পারেন কিছ ভাহা ভোয়ার্কিনের জিনিষের মত নির্ভরযোগ্য কথনই হইতে পারে না।

সচিত্র মূল্য ভালিকার জন্ম লিপুন।

DWARKIN & SON, 11, Esplanade, Calcutta.

ৰীসৰনীকান্ত বাস কৰ্ত্বক সম্পাদিত ও শনিবঞ্জন প্ৰেস, ২০৷২ মোহনবাধান ক্ষি ক্লিকাতা হইতে শ্ৰীপ্ৰবোধ নান কৰ্ত্বক মুক্তিত ও প্ৰকাশিত

জন-প্রতিযোগিতা

নির্মাণকর্তা-একাদশ ধর

রণ ব্যতিরেকে কার্যণ হয় না, 'শনিবারের চিঠি'তে জব্ধ-প্রতিযোগিতা দিবার কারণ ঘটিয়াছে। উত্ত ক হিমালয় আজ্ব যেখানে মাথা খাড়া করিয়া আছে, একদিন সেখানে উত্তাল সমুদ্র ছিল বিশ্বাস করিতে পারেন? 'ইলাস্ট্রেড উইক্লি' গুকদিন ক্রস-ওয়ার্ড পারল ছাড়া বাহির হইত বিশ্বাস হয়? ভবিগ্যতের আশা প্রকাশ করিয়া বলিতে নাই; তবে অবস্থা যেরপ দেখিতেছি, তাহাতে অদ্রভবিগ্যতে জলে জাহাজ, স্থলে ট্রেন, আকাশে এরোপ্নেন, হোটেলে মদ, রাষ্ট্রে শাসন, কর্পোরেশনে ঘূষ এবং গোপনে প্রেম যথাবিধি চালাইবার জন্মও যে ক্রস-ওয়ার্ড বা শব্ধ-প্রতিযোগিতার সাহায্য লইতে হইবে, তাহাতে সন্দেহ নাই। বাধ্য হইয়া জাত দিবার পূর্ব্বে সাধ করিয়া গলায় কণ্ডিধারণ বৃদ্ধিমানের কাজ। 'প্রবাসী'-দিদি ও 'ভারতবর্ধ'-দাদাকেও বেশি দিন কোলীন্থ-পর্ব বজায় রাখিতে হইবে না—অক্টোপাদের বাহু সর্ব্বে প্রসারিত হইতেছে। ইহাই আমাদের কৈফিয়ং। নিয়মাবনী অত্যন্ত সহজ।

- ় ১। প্রতিষোগিতায় বাহারা বোগদান করিবেন, তাঁহালা আমাদিগকে লজ্জা দিতে পারিবেন না, আমরাও তাঁহাদিগকে লজ্জা দিব না।
 - হ। কুপনে জবাব পাঠাইলে আমাদের লাভ হয়, কিন্তু আমাদের হলৈ সকলে খুলি না হইতেও পারেন; স্থতরাং কুপন বাদ দিয়াও ব্যাব কিয়াও

- ৩। জন-প্রতিযোগিতা জবাবের অপেকা রাখিবে না।
- ৪। আমাদের জবাবই শিরোধার্য করিতে হইবে।
- ৫। উকিলে মানহানির ভন্ন দেখাইয়াছে, স্থতরাং কোনও সমাধানই পত্রিকায় প্রকাশিত হইবে না, বিবিধ পত্রিকা-সংশ্লিষ্ট গাঙ্গুলী-উপাধিধারীদের মুখে মুখে সমাধান প্রচারিত হইবে। ইহা অপেশা সহজ্ঞ উপায় কেহ নির্দ্ধেশ করিলে তাহা গৃহীত হইবে।
- পুরস্কারের পারিমাণ সমাধানের মধ্যেই দেওয়া থাকিবে—
 পুরস্কৃত ব্যক্তি যে কোন উপায়ে তাহা লইতে পারিবেন।
 - १। আমাদের উদ্দেশ্য বর্ত্তমানে সাধু।
 - ৮। চিঠিপত্র জন্ধ-প্রতিযোগিতা সম্পাদকের নামে প্রেরিতব্য।

| ٥ | | | ***** | | 2 | | |
|-----|-----|------|-------|----------------------|----|-----------|------|
| | *** | 9 | | **** **** **** | 8 | | |
| | *** | **** | æ | 9 | | | **** |
| ## | 9 | 4 | *** | ۵ | | ## | ٥٥ |
| 22 | | | | | | | |
| *** | 25 | | | | | | *** |
| 70 | | | | | 78 | | |
| | 26 | | | ১৬ | | | |

मद्दाङ

পাশাপাশি•

- ১। এঁর পরিচয় ইনি দিয়েছেন নিজে।
 স্থবির লেখনী চালে চটুল গতি যে॥
 সাহিত্য-সীমানা হ'ল জীবনবীমায়।
 বিদেশী বাত্যের সাথে গ্রুপদ ঝিমায়॥
- মৃল্য এঁর নেই কিছু বিছা ঘোরে পিছু পিছু
 ভূষণে জড়িত দেহ নির্মোষিত তাই।.
 কোষ-অগ্রে মহা-মারী
 ধারে ভারে কাটে তবু আঁতৃপ্তি সদাই।
- **। প্রতিভাবান্ কবি।**
- ৪। বিবেকানন্দের খণ্ডর।
- প্রথমে রয়েছে দেখ আধশিশি মাল।
 প্রথমে বিতীয়ে তার শুভ চিরকাল।
 বিপরীত শব্দ রাশি প্রথমে তৃতীয়ে।
 প্রথম চতুর্বে রাঁধ ব্যঞ্জনেতে দিয়ে।
 আর্দ্ধেক দেবতা তার আধবানা নর।
 তৃইটি পুরুষে জোড় লেগেছে স্থলর।
- १। कानिमान नानिन कर्त्राष्ट्र।
- ১। অনস্থ নঞ্জির।
- ১১। বর্ত্তমান বাংলার অর্থসচিব .ও বন্ধীয়-সাহিত্য-পরিষদেশ্ব ভূত্পূর্ব্ব অনর্থসচিব।
- ১২। এই শব্দসন্ধানের নিভূলি সমাধান াষনি করতে পাববেদ, তিনি । গাবেন "--"।
 - ১০। অ-চতুর নিরাকার সাহিত্যিক। বিরাম লভিয়া মন তাঁহারেই বন্দে— মোহনে দোহন করি আছেন আনন্দে।
 - भँর নামটি শুনলেই মনিব্যাগটির কথা মনে পড়ে।

১৬। আধধানা অনামুধ আদি তৃতীয়ে।

বিতীয়ে চতুর্পে কুড়ি আছে থিতিয়ে॥
বান ডাকে মাঝে তায় তৃক্ল ছেপে।

শরতের কালে শুনি গিয়েছে ক্ষেপে॥

পিছনে সাঁতার কাটে গোণনে ধাসা।

ঘোলের ভিতরে ডুবে অনাদি চাবা॥

উপর থেকে নীচে

- ১। রবিরে দেখাতে ইনি জালেন লগ্ন।
 তক্ষণে করেন কভু প্রগতি বণ্টন॥
 নহে পিকপুছ্—গায়ে বাউনিঙ-জামা।
 মরে গেল ভাগিনেয়, বেঁচে গেল মামা॥
- ২। জনৈক মহিলা-কবি। ডুম্রের ফুলের মত ইনি। হ'ল,—একটিবার ঔপত্যাসিক বিভৃতি বন্দ্যোপাধ্যায়কে এর জিজ্ঞাসা করবেন, মনস্কামনা পূর্ণ হবে।
- ৬। এঁর নামটি তো আপনাদের কাছে বলাই আছে। তবু সাহিত্যক্ষেত্রে তাঁর এ নামের বিশেষ কোন মূল্য নেই।
- ৭। জগতের সাহিত্যিকদের সাধনার উপাদান। এবং ব: তরুণ সাহিত্যিকদের অক্তম সাধনকেত্র ছিল।
 - ৮। চুণিশ ধনী হয়ে বেসামাল।
 - ১০। রাণীত তাজিলে ইনি নৃপতি বৈষ্ট্র।
 কৃষ্ণনাম জুড়ে নিত্য করে যার গুব ।
 ক্লিকালে ভালোবাসা স্থলভ তো নয়।
 ভাগ্যগুণে হইয়াছে ইহার আশ্রম।

রঞ্জ পাব্লিশিং হাউস

| ছিল্পাপ্য গ্ৰন্থমালা— শ্ৰীসজনাকান্ত দাস ১। কলিকাতা কমলালয়— শ্ৰন্থ (উপন্তাস) ভবানীচরণ বন্দ্যোপাধ্যার ১, পথ চলতে বাসের কুল (কাব্য) ২। মহারাক কুক্চক্র রায়ন্ত চরিত্রং— মৃধু ও হল (বাস পল্প) | عر بر عر |
|--|----------------|
| ১। ক্লিকাভা ক্ষলালয়— অঞ্জ (উপভাস) ভ্ৰানীচৰণ বন্ধোপাধ্যায় > পথ চলতে যাসের কুল (কাব্য) | * |
| | • |
| ২। মহাৰাজ ক্ষচন্দ্ৰ হাব্যস্ত চবিত্ৰং— সম্ভ ও এল (আছ এল ১ | 8, |
| | |
| রাজীবলোচন মুখোপাখ্যার ১, , রাজহুংস (কবিভা) | >[• |
| া রাজা প্রতাপাদিত্য চরিত্র— | >1• |
| রামরীম বহু ১, ' অসুষ্ঠ (ব্যঞ্জ কবিতা) | >1• |
| । 'বেদান্ত চল্রিকা— | 3/ |
| মনোদৰ্শণ (বাস কবিতা) মুহ্যুপ্তার বিস্থানকার | 3/ |
| क्षा अविद्वाना क्षा क्षा क्षा क्षा क्षा क्षा क्षा क्ष | |
| জাৰিনীচৰৰ মিৰে : ত মাৰা (উপক্লাস) | 2 |
| वर्षः कृषः (नाहिक) | * |
| । ত্রীপিকাবিধারক— যুক্তং পিবেং (নীউক) | 3 |
| বৌরমোহন বিস্তালভার ২ বিস্তাহন্দর (কবিতা) | Ņo |
| ৭। নবৰাৰ্বিলাস— প্ৰাচীন আসামী হটতে (কৰিডা | |
| ভবানীচরণ বন্দ্যোপাধ্যার ১ মৌচাকে চিল (নাটক) | >1• |
| । পাষওপীড়ন— জীপ্রবোধেন্দুনাথ ঠাকুর | |
| কানীনাথ ভর্কণঞ্চানন 🔪 কাদম্বরী (১ম ও ২য় ভাগ) | ٠, |
| । হতোম পাঁচার নক্শা ২।• শ্রীঅশোক চট্টোপাধ্যায় | |
| বিছাসাগর গ্রন্থাবলী (সাহিত্য-খণ্ড) ১ আনন্দ-বাজার (সচিত্র গল) | स• |
| | |
| প্রার্থত্নাথ সরকার প্রীক্রুমার সেন বার্টি জাতীয় বিকাশ (ইভিচার) ১০ বাজালা সাহিত্যে গছ | |
| | 24 |
| ইমাহিতলাল মহুমদার ত্রীপরিমল গোস্বামী | |
| সর-সরল (কবিতা) 🔍 বুৰু দ (ব্যক্ত সল্ল) | ંગ |
| ৰ্ববিহারী মুখোপাধ্যায় শ্রীবিভূতিভূষণ মুখোপাধাায় | |
| | |
| with the same of t | |
| विभूत विश्वास विभिन्न । विभूति विभूति विभूति । | >10- |
| ন্ত্ৰত্ম কৰিতা (কৰিতা) 🚁 🔭 শ্ৰীস্থীর রায় ও শ্রীঅপণা দেবী | Ì |
| ज्ञार प्राप्ता (कावात) किन्नु (कावात) किन्नु (ज्ञान) | • |
| ं रादल (कर्मकार्थ) | |

২০৷২ মোহনবাগান রো, কলিকাভা

রঞ্জন পাব লিপিং হাউস

| এ ভারাশহর বন্যোপাধ্যায় | | ব্ৰীৰজেজনাথ বন্দ্যোপাধ্যায় |
|----------------------------------|--------------|--|
| রাইক্ষল (উপভাস) | 3 | দেশীর সাময়িক পত্রের ইভিহাস ১৭ |
| চৈডালী ঘূৰ্ণী (উপভাস) | > | বলীয় নাট্যশালার ইতিহাস |
| क्रमाचन (भन्न) | . 3 | বিভাসাগর-এসক |
| আছন (উপভাস) | 24. | মোগল বুগে ব্রী শিকা |
| রসকলি (গঞ্জ) | >M• | (क्रांक्ट (क्रांक्ट्स , इ.) |
| ভাঃ স্থীলকুমার দে | | দোগল-বিছ্বী |
| Treatment of Love in | | े विषयुक्ष्य निःश |
| Sanskrit Literature | > | শেব সাদ্ধ (ব্যঙ্গ উপভাস |
| প্ৰাক্তনী (কাব্য) | 2, | শ্ৰীনিখিলর্শ্বন দাসগুপ্ত |
| লীলারিভা (কাব্য) | 3 | र्गानिकम्-अद च चा क च |
| ৰবীজনাথ মৈত্ৰ | | बैन्तकीयन साव |
| | _ | আনারস (হেলেদের কবিভা) |
| ৰান্তবিকা (ব্যক্ত পদ্ম) | 31 | শ্ৰীকপিলপ্ৰসাদ ভট্টাচাৰ্য্য |
| विभव्रवृगाम वस | | वरमञ्जाल अंदिशानी (ब्रह्म) |
| স্থক (গল) | > | শীপ্রভাতকিরণ বস্থ |
| মতী হুগাবতী ঘোষ | | • |
| পশ্চিম্যাত্রিকী (সচিত্র অসণ) | ₹ N • | শতকুর তীর (উপস্থাস) শতি ২০ সমী (সম্মান |
| এথবোধকুমার মজুমদার | | অসি ও সসী (বাল কবিভা) |
| শুভবাত্রা (নাটক) | 1. | আ ওয়েন্ জ্বান্সিস্ ডাড্লে ছায়াক্র ধর্ণী |
| বিবোজকুমার রায় চৌধুরী | | 41 44. 14. |
| সুখন (উপস্থাস) | 21. | শ্ৰীশান্তি পাল |
| | • | সম্ভৰণ-বিজ্ঞান (সচিত্ৰ) |
| অপরবিন্দ দত্ত | | इन्त-वीनं (कविन्ना) |
| s ভার দীন (উপভাস) | >M• | হায়া (কবিতা) |
| नित्रक्रायां इस तम | | প্ৰচারী (কবিভা) |
| | . श• | শ্ৰীম্মতা মিজ |
| বি-কাভ (থিতী, ১৫) (উপভাস) | 41. | গীডাংডক (গান) |
| वैत्यवनान गुर्श | | ব্রীরামপদ মুখোপাখ্যায় |
| विचातांत्र (कांचा) | 31 | আবর্ত্ত (পল্প) |
| विनावनार्ज्यसम्बद्धाः (ठोशुत्री— | | ® म र्शः पुत्रस्थाभाषाम् |
| ्रवास्त्र विदेशिकान) | >1• | ডিটেকট্ড (নাটক) |
| 2012 (2) | जो को | ন রো, কলিকাডা |